আমরা যারা সমুদ্রের তীরভূমি থেকে অনেক দূরে বসবাস করি তাদের নিডারিয়া পর্বের প্রাণীগুলো সম্পর্কে পরিচিত হওয়ার সুযোগ খুব কম থাকে। কারণ এই পর্বের স্বাদুজলের উদাহরণ যেমন—হাইড্রা, প্রোটোহাইড্রা ইত্যাদি প্রজাতি আণুবীক্ষণিক আকারের হয়। গঠন বৈশিষ্ট্যের জন্য কিছু নিডারিয়া প্রাণীর নাম আমরা ইতিমধ্যেই জেনেছি যেমন—জেলিফিস, সাগর কুসুম, প্রবাল ইত্যাদি। আগে এই প্রাণীদের পর্ব সিলেনটারেটার অন্তর্ভুক্ত করা হয়েছিল। এর কারণ হল এদের প্রত্যেকের একটি কেন্দ্রীয় গহ্বর বা সিলেনটেরন আছে। যদিও গহ্বরটি প্রকৃত দেহ গহ্বর বা পৌষ্টিক নালী কারও সঙ্গেই তুলনীয় নয়। পরবর্তীকালে যাবতীয় দ্বি-স্তরীয় বা ডিপ্লোব্লাস্টিক বৈশিষ্ট্যপূর্ণ অন্তঃ-কোষীয় গঠনযুক্ত এবং নিমাটোসিস্ট সমেত প্রাণীগুলিকে পর্ব নিডারিয়া রূপে চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে ত্রি-স্তরীয় ও নিমাটোসিস্ট নেই এমন প্রাণীগুলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে পর্ব টিনোফোরার মধ্যে। নিডারিয়া প্রাণীগুলি অত্যন্ত নিম্ন অমেরুদণ্ডী গোষ্ঠীভুক্ত এবং প্রাথমিকভাবে অরীয় সাম্যতা দেখায়। এই পর্বের প্রাণীগুলি আজও সাফল্যজনকভাবে বসবাস করছে। কারণ প্রায় 10,000 প্রজাতি এই পর্বের অন্তর্ভুক্ত। অধিকাংশ প্রজাতি পৃথিবীর প্রায় সব সমুদ্রে পাওয়া যায় এবং অল্প সংখ্যক প্রজাতি স্বাদু জলে থাকে।

উদ্দেশ্য ঃ

এই একক পাঠ করে আপনি

- যে সব প্রাণী নিডারিয়া পর্বের অন্তর্ভুক্ত তাদের চিহ্নিত করতে পারবেন।
- নিডারিয়া প্রাণীদের বৈশিষ্ট্যগুলি নির্দেশ করতে পারবেন।
- উদাহরণসহ এই প্রাণীদের শ্রেণিবিন্যাস করতে পারবেন।
- ওবেলিয়া (*Obelia*), অরেলিয়া (*Aruelia*) এবং সী-অ্যানিমোন (sea-anemone) সম্পর্কে সুসম্বন্ধ বিবরণ দিতে পারেন।

5.2 নিডারিয়া প্রাণীদের গুরুত্ব

অর্থনৈতিক গুরুত্ব সম্পন্ন নিডারিয়া প্রাণীর সংখ্যা খুব কমই আছে। একমাত্র কিছু প্রবাল যাদের সচরাচর আমরা "পলা" বলি, এদের আলঙ্কারিক গুরুত্বের কথা আপনারা জানেন। কয়েকটি প্রজাতির প্রবাল গৃহসজ্জার দ্রব্য হিসাবে ব্যবহৃত হয়। বেশ কয়েকটি প্রজাতির নিডারিয়া প্রাণী যেমন ফাইসেলিয়া (*Physalia*), জেলিফিস (*Cyanea*), সী-অ্যানিমোন (*Actinia*) এর নিমাটোসিস্টের ক্ষরণরস বিষপূর্ণ হয়। এই প্রাণীগুলি মানুষের পক্ষেও মারাত্মক হতে পারে। কিছু নিডারিয়া প্রাণী সমুদ্রে প্রবালদ্বীপ সৃষ্টি করে।

5.3 নিডারিয়া প্রাণীদের সাধারণ বৈশিষ্ট্য

1. অরীয়, দ্বি অরীয় প্রতিসাম্যতা যুক্ত প্রাণী যাদের মৌখিক-পরমৌখিক অক্ষ আছে। মস্তক ও দেহখণ্ডকহীন প্রাণী।
2. দেহ দুটি স্তর যুক্ত বহিঃস্থ এপিডারমিস এবং অন্তঃস্থ গ্যাস্ট্রোডারমিস। উভয় স্তরের মধ্যে অকোষীয় মেসোগ্লিয়া আছে।
3. একটি মাত্র দেহগহ্বর বা সিলেনটেরন আছে। এর ছিদ্রটি ব্লাস্টোপোর জাত অর্থাৎ মুখছিদ্র। আলাদা পায়ুছিদ্র নেই।
4. আণুবীক্ষণিক নিমাটোসিস্ট আছে। এগুলি সাধারণত এপিডারমিসে থাকে।
5. মুখছিদ্রকে ঘিরে এক বা একাধিক আবর্তে অসংখ্য কর্ষিকা থাকে।
6. চূর্ণকময় অথবা জৈববস্তু দিয়ে তৈরি হর্নি (horny) অন্তঃকঙ্কাল থাকতে পারে।
7. সংবহন, শ্বসন এবং রেচন সম্পর্কিত কোনও অঙ্গ নেই।
8. অসংখ্য মেরুহীন স্নায়ুকোষ দ্বারা গঠিত স্নায়ুজালিকা আছে। কয়েকটি প্রাণীর চক্ষু বিন্দু অথবা স্ট্যাটোসিস্ট নামে সংবেদী অঙ্গ আছে।
9. অযৌন ও যৌন উভয় প্রকার জনন হতে পারে। হাইড্রাকৃতি পলিপ অযৌন জনুর এবং ঘন্টাকৃতি মেডুসা যৌন জনুর প্রতিভূ প্রাণী। জীবনচক্রে প্ল্যানুলা লার্ভা আছে।

10. কিছু প্রজাতিতে বহুরূপতা এবং মেটাজেনেসিস নামে জনুক্রম দেখা যায়।
11. দেহ দলবদ্ধ বা একক গঠনযুক্ত হয়।
12. জলীয় প্রাণী-অধিকাংশ সামুদ্রিক এবং কয়েকটি প্রজাতি স্বাদুজলে বসবাস করে।

5.4 শ্রেণিবিন্যাস ছক

আলোচ্য ছকটি পার্কার ও হ্যাসওয়েল (Parker & Haswell) প্রণীত এবং মারশাল ও উইলিয়ামস্ (Marshall & Williams) কর্তৃক সম্পাদিত (1972) Text Books of Zoology, Invertibrates, Vol. I থেকে নেওয়া হয়েছে।



5.5 উপশ্রেণী পর্যন্ত বৈশিষ্ট্য ও উদাহরণসহ শ্রেণী বিন্যাস

5. 5.1 শ্রেণী হাইড্রোজোয়া

1. দলবদ্ধ বা এককভাবে বাস করে।
2. অধিকাংশ হাইড্রয়েড বা পলিপরূপী, যদিও কিছু মেডুসারুপী হয়।
3. সিলেনটেরনের অগ্রস্থ এক্টোডার্ম দ্বারা ঘেরা স্টোমোডিয়াম অংশ নেই।
4. সিলেনটেরনের ব্যবধায়ক পর্দা নেই।
5. মেসোগ্লিয়া অকোষীয়।
6. মেডুসা ক্ষুদ্রাকৃতির এবং পরিধি বরাবর অর্ন্তভাজ যুক্ত থাকে যাকে ভেলাম বলে।
7. মুখছিদ্রকে ঘিরে কর্ষিকা আছে।
8. কিছু প্রজাতি স্বাদু জলে পাওয়া যায়।

উদা ঃ *Hydra Vulgaris*
Obelia geniculata

5.5.2 শ্রেণী স্কাইফোজোয়া

1. একক অবস্থায় বাস করে।
2. প্রধানতঃ মেডুসারূপী প্রাণী যেগুলি জলে ভেসে বেড়ায়।
3. সিলেনটেরনে স্টোমোডিয়াম নেই কিন্তু গ্যাস্ট্রিক উপবৃদ্ধি আছে।
4. জেলির মতো মেসোগ্লিয়ায় কিছু অ্যামিবোসাইট আছে।
5. মেডুসায় প্রকৃত ভেলাম নেই।
6. মেডুসার পরিধি বরাবর কর্ষিকা আছে।
7. সরাসরি অথবা অণুপ্রস্থ বিভাজন দ্বারা মেডুসা উৎপাদন ঘটে।
8. সকলেই সামুদ্রিক প্রাণী।

উদা ঃ *Aurelia aurita*
pilema pulmo

5.5.3 শ্রেণী অ্যান্থোজোয়া

1. অধিকাংশ দলবদ্ধ প্রাণী, কিছু একক অবস্থায় বাস করে।
2. সকলেই পলিপরূপী প্রাণী।
3. মুখ প্রান্ত চ্যাপ্টা এবং ফাঁপা কর্ষিকাগুলি মুখছিদ্রকে ঘিরে থাকে।
4. মুখছিদ্র স্টোমোডিয়াম বা গালেটে মুক্ত হয়। গ্যালেটে সিলিয়াযুক্ত খাঁজ বা সাইফনোগ্লিক আছে।
5. সিলেনটেরনে উল্লম্ব ব্যবধায়ক বা সেপ্টা আছে। সেপ্টা নিমাটোসিস্ট যুক্ত।
6. মেসোগ্লিয়া সংযোজক কলার মতো এবং অন্তঃ কঙ্কাল থাকতে পারে।
7. সকলেই সামুদ্রিক প্রাণী।

উপশ্রেণি হেক্সাকোরালিয়া বা জোঅ্যান্থারিয়া

1. কর্ষিকা এবং মেসেনটেরি সংখ্যায় বেশী এবং ছয়ের গুণিতক সংখ্যায় থাকে।
2. কর্ষিকা সরল, অশাখ এবং ফাঁপা।
3. সাধারণতঃ দুটি সাইফনোগ্লিফ আছে।
4. অন্তঃকঙ্কালে কখনও স্পিকিউল থাকে না।

উদা ঃ *Adamsia palliata*
Astramgia danae

উপশ্রেণি অক্টোকোরালিয়া বা অ্যালসায়োনারিয়া

1. কর্ষিকা এবং মেসেনটেরি সংখ্যায় কম এবং সাধারণতঃ আটটি থাকে।

2. কর্ষিকা শাখাযুক্ত এবং শাখাগুলি সাম্যতা দেখায়।
3. কখনও একটির বেশী সাইফনোগ্লিফ থাকে না।
4. অন্তঃকঙ্কালে মেসোগ্লিয়াজাত স্পিকিউল থাকে।

উদা ঃ *Tubipora musica*
Corallium rubrum

5.6 ওবেলিয়ার কার্যগত শারীরস্থান

সামুদ্রিক প্রাণী ও ওবেলিয়ার গঠন বৈশিষ্ট্য দেখতে হলে একটা অণুবীক্ষণ যন্ত্রের প্রয়োজন। কারণ প্রাণীটি খুব ছোট। স্বল্প গভীর জলের নিচে পাথরের গায়ে এই প্রাণীটি মূলের মত অংশ দিয়ে আটকে থাকে। ওবেলিয়া প্রাণীটি সংঘবদ্ধ। কারণ বিভিন্ন আকার ও কাজে সক্ষম সভ্যগুলি (Zooid) একই জৈবিক কাঠামোয় থেকে শ্রমবন্টন দ্বারা যাবতীয় কাজ সম্পাদন করে বেঁচে থাকে। এই জন্য ওবেলিয়া সংঘ বা কলোনীতে বহুরূপতা বা পলিমরফিজম (Polymorphism) দেখা যায়। ওবেলিয়া কলোনীর একটি সভ্য *পলিপ* (Polyp) বা ***হাইড্রান্থ*** (Hydranth) খাদ্য সংগ্রহের জন্য বিশেষ গঠনযুক্ত হয়। ব্লাস্টোস্টাইল (Blastostyle সভ্য কোরকোদ্‌গমের জন্য রূপান্তরিত হয়। কোরক থেকে তৃতীয় প্রকার সভ্য মেডুসার (Medusa) আবির্ভাব হয়। মেডুসা যৌন জননের জন্য নিয়োজিত হয়। এই প্রাণীতে তিনপ্রকার সভ্য বা জুঅয়েডর অপস্থিতির জন্য ওবেলিয়াকে ***ট্রাইমরফিক*** কলোনী বলে।

5.6.1 প্রাণীজগতে ওবেলিয়ার অবস্থান

পর্ব	ঃ	নিডারিয়া
শ্রেণি	ঃ	হাইড্রোজোয়া
বিজ্ঞান সম্মত নাম	ঃ	ওবেলিয়া জেনিকুলাটা (Obelia geniculata)

5.6.2 ওবেলিয়ার গঠনগত বৈশিষ্ট্য

ওবেলিয়ার হাল্কা সাদা রঙের দেহটি শাখাযুক্ত মূলের মতো হাইড্রোরাইজা দ্বারা আবদ্ধ থাকে। দেহের ঋজু বা সোজা অংশকে *হাইড্রোকলাস* বলে। এই অংশটি বিভিন্ন জুঅয়েড বহন করে। হাইড্রোরাইজা ও হাইড্রোকলাসের গঠন নলের মত। সজীব কোষ দ্বারা গঠিত এই নলটিকে *সিনোসার্ক* বলে। সিনোসার্কের বাইরের আবরণ কাইটিন নামে অজীবীয় বস্তু দ্বারা গঠিত। একে পেরিডার্ম বা পেরিসার্ক বলে। পেরিসার্ক দেহের বিভিন্ন অংশে আংটির মতো পেরিডার্মাল অ্যানুলি গঠন করে। সিনোসার্কের ভিতরে *গ্যাস্ট্রোভাস্কুলার* গহ্বর অবস্থিত। গহ্বরটি সমস্ত দেহে অবিচ্ছিন্নভাবে থাকে। ওবেলিয়ার বিভিন্ন সভ্য বা জুঅয়েডগুলির বৈশিষ্ট্য হল নিম্নরূপ—

পলিপ বা হাইড্রান্থ বা গ্যাস্ট্রোজুঅয়েডের বৈশিষ্ট্য ঃ

1. এর গঠন ক্ষুদ্রাকৃতি হাইড্রার মত।

2. মুক্ত প্রান্তের ক্রিকোণাকৃতি উপবৃদ্ধিকে হাইপোস্টোম বলে যার কেন্দ্রে মুখছিদ্রটি অবস্থিত।
3. প্রায় ত্রিশটি কর্ষিকা হাইপোস্টোমকে বৃত্তাকারে ঘিরে অবস্থান করে
4. কর্ষিকাগুলি নিরেট এবং নিডোব্লাস্ট নামে বিশেষ একপ্রকার কোষ সমৃদ্ধ।
5. পলিপের গোড়ায় পেরিডার্মাল অ্যানুনিকে হাড্রোথিকা বলে।
6. পলিপের দেহের ভিতরের গহ্বরটিকে গ্যাস্ট্রোভাস্কুলার গহ্বর বা সিলেনটেরন বলে।
7. লম্বচ্ছেদে পলিপের বহিঃস্থ এক্টোডার্ম, অন্তঃস্থ এন্ডোডার্ম বা গ্যাস্ট্রোডার্মিস দেখা যায়। উভয় স্তরের মধ্যে মেসোগ্লিয়া থাকে।

কাজ ঃ (i) খাদ্যবস্তু সংগ্রহ করে।
(ii) পাচিত খাদ্যবস্তুকে কলোনীর বিভিন্ন অংশে সরবরাহ করে।
(iii) নিডোব্লাস্টা কোষ সমৃদ্ধ কর্ষিকা আত্মরক্ষার্থেও ব্যবহৃত হয়।

গোনোজুয়েড বা ব্লাস্টোস্টাইলের বৈশিষ্ট্য ঃ

1. এর গঠন লম্বাকৃতি এবং গদার মত।
2. দেহটি গোনোথিকা নামে আবরণ দ্বারা আবৃত থাকে।
3. এই জুঅয়েডের সিনোসার্কের প্রাচীর থেকে ক্ষুদ্র ক্ষুদ্র মেডুসা কোরক উৎপন্ন হয়। কোরকগুলি সিলেনটেরনের সঙ্গে যুক্ত থাকায় পুষ্টিবস্তু সহজেই পেয়ে থাকে।
4. কোষ বিভাজন দ্বারা মেডুসা ক্রমে বৃদ্ধি পায়।
5. পরিণত মেডুসাগুলি গোনোজুঅয়েডের শীর্ষের দিকে থাকে।
6. মেডুসাগুলি গোনোথিকার অগ্রপ্রান্তের গোনোপোর ছিদ্র দিয়ে বাইরে মুক্ত হয়।
7. গোনোজু অয়েডের গোড়ায় পেরিডার্মাল অঙ্গুরী থাকে।

কাজ ঃ (i) অযৌন জনন প্রক্রিয়ায় মেডুসাকোরক উৎপন্ন করে।

মডুসার বৈশিষ্ট্য ঃ

1. পূর্ণাঙ্গ মেডুসা ক্ষুদ্রাকৃতি (3 মিলিমিটার ব্যাস) ব্যাসযুক্ত ছাতার মত।
2. দেহের উত্তল অংশকে এক্সআম্ব্রেলার পৃষ্ঠ এবং অবতল অংশকে সাব আম্ব্রেলার পৃষ্ঠ বলে।
3. অবতল অংশের কেন্দ্র থেকে ঝুলন্ত, নলাকার ম্যানুব্রিয়াম অবস্থান করে। ম্যানুব্রিয়ামের শীর্ষে চতুষ্কোন মুখছিদ্র থাকে।
4. মুখছিদ্র গ্যাস্ট্রোভাস্কুলার গহ্বরে মুক্ত হয়।
5. গ্যাস্ট্রোভাস্কুলার গহ্বর দেহের চারটি অরীয়নালী উৎপন্ন করে।
6. অরীয়নালী দেহের কিনারায় বৃত্তাকার নালীতে মিলিত হয়।
7. দেহের কিনারায় সাব আম্ব্রেব্রেলার তলের ভিতরে কিছু অংশ ভিতরে ঢুকে তাকের মত গঠন সৃষ্টি করে। একে ভেলাম বলে।

8. বহু সংখ্যক নিরেট কর্ষিকা মেডুসার পরিধি বরাবর অবস্থিত। কর্ষিকায় গোড়ায় স্ফীত অংশকে বাল্ব বলে এবং এখানে আলোক সুবেদী কোষ অসেল্লাস আছে। প্রতি একান্তর কর্ষিকার গোড়ায় স্ট্যাটোসিস্ট নামে ভারসাম্য রক্ষাকারী সংবেদী অঙ্গ আছে।
9. মেডুসা স্ত্রী ও পুরুষ প্রাণীতে বিভেদ্য। অর্থাৎ এটি একলিঙ্গ। জননাঙ্গের সংখ্যা চারটি। যেগুলি সাব আম্ব্রেলার পৃষ্ঠে অবস্থিত।

কাজ ঃ (i) মেডুসা যৌনজনন প্রক্রিয়ায় অংশ গ্রহণ করে।

(ii) ভাসমান মেডুসা একস্থান থেকে অন্যস্থানে পরিবাহিত হলে ওবেলিয়া কলোনীর বিস্তার ঘটায়।

5.6.3 ওবেলিয়ার দেহপ্রাকারের বিভিন্ন কোষ সমূহ

ওবেলিয়া কোষীয় দেহপ্রাকার বা সিনোসার্ক দুটি কোষ দ্বারা গঠিত। বাইরের স্তরটিকে এক্টোডার্ম এবং ভিতরের স্তরটিকে এন্ডোডার্ম বা গ্যাস্ট্রোডারমিস বলে। দুই কোষস্তরের মধ্যে মেসোগ্লিয়া নামে অকোষীয় জেলির মত বস্তু আছে। এক্টোডার্মে নিম্নলিখিত কোষ অবস্থান করে যেমন, আবরক পেশী কোষ বা এপিথেলিও মাস্কুলার কোষ, আন্তঃ কোষ বা ইন্টারস্টিশিয়াল কোষ, নিডোব্লাস্ট কোষ; মিউকাস ক্ষরণকারী কোষ এবং স্নায়ুকোষ। এদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হল নিডোব্লাস্ট কোষ। এই কোষগুলো প্রচুর পরিমাণে এক্টোডার্মে বিশেষতঃ কর্ষিকাতে থাকে। কোষগুলি গোলাকৃতি বা ডিম্বাকৃতির হয়। নিউক্লিয়াসটি ভূমির দিকে অবস্থিত। কোষের বাইরের প্রান্তে নিডোসিল নামে সুঁচের মত অংশ আছে। নিডোব্লাস্ট কোষের ভেতরে একটি প্যাঁচানো দংশক সূত্র সমেত একটি নিমাটোসিস্ট থলি আছে। থলি বিষাক্ত তরল পদার্থে (কোলিনেস্টারেজ এবং ফসফোটেজ) পূর্ণ থাকে। শিকারের সংস্পর্শে এল সূত্রটি প্রসারিত হয় এবং বিষ বেরিয়ে আসে। কিছুক্ষণের মধ্যে শিকার প্রাণীটি অসাড় হয়ে যায়। এন্ডোডার্মে প্রধানত ঃ দু'প্রকারের কোষ যেমন, পুষ্টিপেশী কোষ এবং গ্রন্থিকোষ আছে।

5.6.4 ওবেলিয়ার শিকার সংগ্রহ ও পুষ্টি পদ্ধতি

হাইড্রান্থ ও পরিণত মেডুসা মাংসাশী প্রাণী। কর্ষিকার দ্বারা প্রাণীটি ক্ষুদ্র ক্রাস্টোসিয়া ও বিভিন্ন লার্ভা শিকার করে। নিমাটোসিস্ট নিঃসৃত বিষাক্ত তরলবস্তু শিকার প্রাণীকে অসাড় করে দেয়। এরপর হাইড্রান্থ কর্ষিকার সাহায্যে খাদ্যবস্তুকে সিলেনটেরনে প্রবেশ করায় এবং প্রথমে বহিঃকোষীয় পরিপাক ঘটে। গ্রন্থিকোষ থেকে উৎসেচক খাদ্যবস্তুকে পাচিত করে। পুষ্টিপেশীকোষগুলিতে খাদ্যবস্তুর অন্তঃকোষীয় পরিপাক ঘটে। পাচিত খাদ্যবস্তু গ্যাস্ট্রোডারমিস থেকে ব্যাপন প্রক্রিয়ায় মেসোগ্লিয়া এবং এরপর এক্টোডার্মের কোষগুলিতে ছড়িয়ে পড়ে।

5.6.5 ওবেলিয়ার শ্বসন প্রক্রিয়া

ওবেলিয়া প্রাণীর নির্দ্দিষ্ট কোন অঙ্গ নেই যার দ্বারা শ্বসন প্রক্রিয়া সম্পন্ন হতে পারে। জলে দ্রবীভুত অক্সিজেন ব্যাপন প্রক্রিয়ায় দেহের এক্টোডার্ম স্তরে প্রবেশ করে। এছাড়া সিলেনটেরন জল দ্বারা পূর্ণ থাকে।

এর ফলে গ্যাস্ট্রোডারমিসের কোষগুলোও ব্যাপন প্রক্রিয়ায় অক্সিজেন পেয়ে থাকে। একই প্রক্রিয়া কার্বনডাইঅক্সাইড দেহ থেকে পরিত্যক্ত হয়।

5.6.6 ওবেলিয়ার দেহে স্নায়ুর বিন্যাস

ওবেলিয়া প্রাণীতে কোনও সুগঠিত স্নায়ুতন্ত্র নেই। বহুমেরু যুক্ত স্নায়ুকোষগুলি এক্টোডার্মে থাকে। এগুলি যে কোনও দিকে উত্তেজনা বহন করতে পারে। এদের অনেকে প্রোটোনিউরোন বলে থাকেন। এক্টোডার্মে এই কোষগুলো স্নায়ুজালিকা বা প্লেক্সাস গঠন করে। মেডুসার কিনারায় স্নায়ুকোষ এবং তন্তুগুলি বৃত্তাকার স্নায়ুঅঙ্গুরী গঠন করে। স্নায়ু অঙ্গুরী থেকে উৎপন্ন তন্তুগুলি সংবেদী অঙ্গে এবং সাব আম্ব্রেলার পৃষ্ঠে ছড়িয়ে পড়ে। অসেল্লাস এবং স্ট্যাটোসিস্ট ওবেলিয়ার সংবেদী অঙ্গরূপে কাজ করে।

5.6.7 ওবেলিয়ার জনন কাজ সম্পর্কিত অঙ্গ ও কাজ

ওবেলিয়ার ব্লাস্টোস্টাইল অযৌন জনন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। কারণ এই জুঅয়েড কোরগোদ্‌গম প্রক্রিয়ায় মেডুসা উৎপন্ন করে। মেডুসাতে যৌন জনন অঙ্গ আছে। মেডুসার সাব-আম্ব্রেলার অংশে অরীয়নালীর সঙ্গে যুক্ত চারটি শুক্রাশয় পুরুষ মেডুসাতে এবং চারটি ডিম্বাশয়স্ত্রী মেডুসাতে থাকে। প্রতিটি জনন অঙ্গ এক্টোডার্ম দ্বারা আবৃত থাকে। জননকোষগুলি এক্টোডার্ম অথবা গ্যাস্ট্রোডার্মের ইন্টারস্টিশিয়াল কোষ থেকে সৃষ্টি হয়। পূর্ণতাপ্রাপ্ত জননাঙ্গের এক্টোডার্ম বিদীর্ণ হয় এবং ফ্লাজেলাযুক্ত শুক্রাণু সমুদ্রজলে নিক্ষিপ্ত হয়। ডিম্বাণুগুলিও একইভাবে সমুদ্রজলে মুক্ত হয়। সমুদ্রজলে শুক্রাণু ও ডিম্বাণু মিলিত হয়ে বহিঃনিষেক অনুষ্ঠিত হয়।

5.6.8 ওবেলিয়ার পরিস্ফূরণ

ওবেলিয়ার বহিঃনিষেকের ফলে জাইগোট উৎপন্ন হয়। জাইগোট পূর্ণ ক্লীভেজ প্রক্রিয়ায় বিভাজিত হয়ে বহুকোষী ব্লাস্টুলাতে পরিণত হয়। এরপর কোষীয় অন্তঃচলনের মাধ্যমে এক্টোডার্ম ও এণ্ডোডার্ম সৃষ্টি হয়। এই অবস্থাকে স্টিরিওগ্যাস্ট্রুলা বলে। কারণ এই গ্যাস্ট্রুলাতে ব্লাস্টোপোর বা গ্যাস্ট্রোসিল উৎপন্ন হয় না। স্টিরিওগ্যাস্টুলা ক্রমে লম্বাটে হতে থাকে এবং সামনের ও পেছনের অংশ চিহ্নিত করা সম্ভব হয়। একে প্ল্যানুলা লার্ভা বলে। এই লার্ভাটি ডিম্বাকৃতি ও এক্টোডার্ম সিলিয়াযুক্ত হয়। এর মুখছিদ্র ও গ্যাস্ট্রোভাস্কুলার গহ্বর থাকে না। লার্ভাটি কয়েকঘন্টা সাঁতার দেওয়ার পর সমুদ্রের নিচে কোনো কঠিন বস্তুর গায়ে আটকে থাকে। দূরবর্ত্তী মুক্তপ্রান্তে মুখছিদ্র ও কর্ষিকার উৎপত্তি হয়। হাইড্রার সঙ্গে সাদৃশ্যযুক্ত এই অপরিণত দশাটিকে হাইড্রুলা বলে। হাইড্রুলা ক্রমশঃ কোরগোদগম পদ্ধতিতে বৃদ্ধি পায় এবং নতুন ওবেলিয়া কলোনী উৎপন্ন হয়।

5.6.9 ওবেলিয়ার জীবনচক্রে মেটাজেনেসিস

বিজ্ঞানী হেকেল 1866 সালে সর্বপ্রথম মেটাজেনেসিস শব্দটি ব্যবহার করেন। বিজ্ঞানী হার্টম্যান (1939) বিভিন্ন প্রকার জনুক্রম পদ্ধতির মধ্যে মেটাজেনেসিসকেও অন্তর্ভুক্ত করেন। গ্যামেট উৎপাদনক্ষম জনু (যৌন

জনু) এবং অঙ্গজ প্রক্রিয়ায় (অযৌন জনু) অংশগ্রহণকারী জনুর আবর্তনকে মেটাজেনেসিস বলে। নিচের ছকে ওবেলিয়ার জীবনচক্রে যৌন জনু অযৌন জনুর আবর্ত্তন দেখানো হল ঃ



5.6.10 পলিপ ও মেডুসার পার্থক্য

পলিপ	মেডুসা
1. দেহনলাকার এবং অনড়ভাবে কলোনীর সঙ্গে আবদ্ধ থাকে।	1. দেহ ছাতার মতো এবং স্বাধীনভাবে সন্তরণক্ষম।
2. একটি বৃন্ত দ্বারা কলোনীর সঙ্গে যুক্ত।	2. অবৃন্তক ও স্বাধীনজীবী।
3. মুখছিদ্র গোলাকার।	3. মুখছিদ্র চতুষ্কোণাকার।
4. কর্ষিকার সংখ্যা বেশী থাকে।	4. কর্ষিকার সংখ্যা তুলনামূলকভাবে কম থাকে।
5. সংবেদী অঙ্গ থাকে না।	5. কর্ষিকার গোড়ায় আলোক সংবেদী অঙ্গ ও প্রতি একান্তর কর্ষিকার গোড়ায় স্ট্যাটোসিস্ট থাকে।
6. মেসোগ্লিয়া সুগঠিত নয়।	6. মেসোগ্লিয়া সুগঠিত।
7. পুষ্টি কাজে সহায়ক সভ্য।	7. যৌন জননকারী সভ্য।
8. জননাঙ্গ নেই।	8. জননাঙ্গ আছে।

5.7 অরেলিয়ার কার্যগত শারীরস্থান

নিডারিয়া প্রাণীগুলির মধ্যে 'জেলি ফিশ' আমাদের প্রত্যেকেরই একটি পরিচিত প্রাণী। পৃথিবীর প্রায় সব সমুদ্রতটে এই প্রাণীটিকে পাওয়া যায়। যদি আপনি দীঘার সমুদ্র তটে গিয়ে থাকেন তবে অবশ্যই কোনওনা কোনও সময়ে প্রাণীটিকে দেখে থাকবেন। সমুদ্রের ঢেউএ প্রাণীগুলি ভেসে তীরের কাছাকাছি আসে এবং ভাঁটার সময়ে বালুকাময় তটে আটকে পড়ে। পূর্ণাঙ্গ প্রাণীগুলো জীবনচক্রের মেডুসা দশার প্রতিভু। পলিপদশা শুধু মাত্র ক্ষুদ্র লার্ভাগুলোতে সীমাবদ্ধ থাকে। মেডুসাগুলো বিরাট আকৃতির হতে পারে। মেডুসাটি প্রায় দুইমিটার পর্যন্ত ব্যাস হতে পারে। এই প্রাণীর মেসোগ্লিয়া স্তরটি অত্যন্ত সুগঠিত হয় এবং এর ফলে এদের দেহটি থক্‌থকে জেলির মত মনে হয়। বিভিন্ন ধরণের জেলিফিসের মধ্যে অরেলিয়া অরিতা *(Aurelia aurita)* প্রজাতিটি অত্যন্ত পরিচিত প্রাণী। স্কাইফোজোয়া শ্রেণির প্রতীক প্রাণী হিসাবে এদের বর্ণনা দেওয়া হল।

5.7.1 প্রাণীজগতে অরেলিয়ার অবস্থান

পর্ব	ঃ	নিডারিয়া
শ্রেণি	ঃ	স্কাইফোজোয়া
বিজ্ঞানসম্মত নাম	ঃ	অরেলিয়া অরিতা *(Aurelia aurita)*

5.7.2 অরেলিয়ার গঠনগত বৈশিষ্ট্য

অরেলিয়ার দেহটি ছাতার মত। অরেলিয়া অরিতার দেহটি 7 সেন্টিমিটার থেকে 10 সেন্টিমিটার ব্যাসযুক্ত হয়। প্রাণীটি সাদা অথবা হাল্কা নীলাভ রঙের হতে পারে। দেহটি অত্যন্ত স্বচ্ছ হওয়ার জন্য অন্তঃস্থ প্রজনন অঙ্গাগুলি বাইরে থেকে স্পষ্টভাবে বোঝা যায়। দেহের উত্তলাকার অংশটিকে এক্সআম্ব্রেলার পৃষ্ঠ এবং অবতলাকার অংশটিকে সাব আম্ব্রেলার পৃষ্ঠ বলে। দেহের পরিধি বরাবর আটটি খাঁজ এবং অসংখ্য কর্ষিকা থাকে। খাঁজটি চারটি পাররেডিয়াল এবং অন্য চারটি ইন্টাররেডিয়াল অঞ্চলে অবস্থিত। প্রতিটি ইন্টার ও পাররেডিয়াল খাঁজের দু পাশে প্রান্তীয় বা মার্জিনাল ল্যাপেট নামে উপবৃদ্ধি আছে। প্রতিটি মার্জিনাল ল্যাপেটের গোড়ায় মোট আটটি সংবেদী অঙ্গ রোপালিয়াম আছে। এখানে আলোক সুবেদী চক্ষুবিন্দু ও ভারসাম্যরক্ষাকারী স্ট্যাটোসিস্ট থাকে। অরেলিয়ার ছাতার মতো দেহটির পরিধির প্রান্ত বরাবর ভেলারিয়াম থাকে যে এণ্ডোডার্ম কোষদ্বারা গঠিত এবং পৌষ্টিকনালীর কিছুটা অংশ এখানে ঢোকানো থাকে। সাব আম্ব্রেলার পৃষ্ঠের মধ্যভাগ থেকে একটি ঝুলন্ত ম্যানুব্রিয়াম আছে। মুখছিদ্রটি ম্যানুব্রিয়ামের শীর্ষে অবস্থিত। মুখছিদ্রটি চারকোণ বিশিষ্ট এবং প্রতিটি কোন থেকে একটি করে মৌখিক বাহু উৎপন্ন হয়েছে। এটি পাররেডিয়াল অঞ্চল বরাবর ছড়িয়ে থাকে। বাহুর কিনারাগুলো ভাঁজযুক্ত এবং বহু নিমাটোসিস্ট দ্বারা সমৃদ্ধ। এছাড়া সাব আম্ব্রেলার পৃষ্ঠে ইন্টাররেডিয়াল অঞ্চলে চারটি জননাঙ্গ ও অধঃজননাঙ্গীয় বা সাবজেনিটাল পিট আছে।

5.7.3 অরেলিয়ার দেহ প্রাকারের বিভিন্ন কোষ সমূহ

অরেলিয়ার দেহপ্রাকারে সুস্পষ্ট বহিঃস্থ এক্টোডার্ম এবং অন্তঃস্থ এন্ডোডার্ম কোষস্তর দেখা যায়। এর মধ্যবর্ত্তী অঞ্চলে জেলিসদৃশ মেসোগ্লিয়া আছে। এই স্তরটি অরেলিয়ার ক্ষেত্রে অত্যন্ত সুগঠিত। এই অংশে এক্টোডার্ম উদ্ভুত অ্যামিবয়েড কোষ এবং তন্তু থাকে। এক্টোডার্মে পেশীকোষ, স্নায়ুকোষ থাকে। পাকস্থলী ও অরীয় নালীর অন্তঃ-প্রাচীর সিলিয়াযুক্ত যাকে গ্যাস্ট্রোডারমিস বলে।

5.7.4 অরেলিয়ার শিকার সংগ্রহ ও পুষ্টি পদ্ধতি

অরেলিয়া মাংসাশী প্রাণী। সমুদ্রে ভাসমান ক্ষুদ্র ক্রাস্টেশিয়া (সন্ধিপদ প্রাণী)। বিভিন্ন লার্ভা, ছোট মাছ ইত্যাদি অরেলিয়ার খাদ্যবস্তু। ক্ষুদ্র বস্তুগুলি প্রায়শই এক্স আম্ব্রেলার পৃষ্ঠ থেকে নিঃসৃত মিউকাস দ্বারা আবদ্ধ হয় এবং প্রান্তীয় ল্যাপেট হয়ে মৌখিক বাহুতে পৌঁছায়। এরপর খাদ্যবস্তু মৌখিক বাহুর কিনারায় অবস্থিত সিলিয়ার সঞ্চালন দ্বারা মুখছিদ্রে গৃহীত হয়। বড় আকারের খাদ্য বস্তু মৌখিক বাহুর সংস্পর্শে আসে ও নিমাটোসিস্ট নিঃসৃত তরল পদার্থ দ্বারা অসাড় হয়ে পড়ে। এই অসাড় খাদ্যবস্তু পরবর্তী পর্যায়ে মুখছিদ্রে ও গালেট অংশে পৌঁছায়। গালেট এরপর গ্যাস্ট্রিক গহ্বর বা পাকস্থলীতে মিলিত হয়। গ্যাস্ট্রিক গহ্বর ইন্টাররেডিয়াল অঞ্চলে অবস্থিত চারটি গ্যাস্ট্রিক থলি উৎপন্ন করে। প্রতিটি থলি থেকে সুতোর মত উপবৃদ্ধিরূপে তিনটি অরীয় নালী বের হয়ে অরেলিয়ার ছাতার মত দেহের পরিধি বরাবর বৃত্তাকার নালীতে মিলিত হয়। অরীয় নালী ও তার শাখা প্রশাখা সিলিয়াযুক্ত গ্যাস্ট্রোডারমিস কোষস্তর দ্বারা বেষ্টিত থাকে।

খাদ্যবস্তু গালেট অতিক্রম করে গ্যাস্ট্রি ক গহ্বরে পৌঁছালে বিভিন্ন প্রকার উৎসেচকের সংস্পর্শে আসে। এই পর্যায়ে বহিঃকোষীয় পরিপাক ঘটে। এরপর অর্ধপাচিত খাদ্য গ্যাস্ট্রিক থলি থেকে উৎপন্ন বিভিন্ন নালী পথে যায়। এই সময়ে গ্যাস্ট্রোডারমিসের কোষস্তর অর্ধপাচিত খাদ্যকণা শোষণ করে নেয় এবং অনঃকোষীয় ভাবে পরিপাক করে। অপাচিত খাদ্যবস্তু একই নালী পথে সিলিয়ার সঞ্চালন দ্বারা গ্যাস্ট্রিক গহ্বরে ফিরে আসে এবং মুখছিদ্র দিয়ে বহিঃপরিবেশে মুক্ত হয়।

5.7.5 অরেলিয়ার শ্বসন প্রক্রিয়া

অরেলিয়ার কোন সুনির্দ্দিষ্ট শ্বসন অঙ্গ নেই। সমস্ত দেহতল দিয়ে ব্যাপন প্রক্রিয়ার শ্বসন সম্পন্ন হয়। এক্টোডার্মের কোষগুলো এই প্রক্রিয়ায় সাহায্য করে। এন্ডোডার্ম কোষগুলোও বিভিন্ন নালীপথে পরিভ্রমণরত তরল পদার্থ থেকে অক্সিজেন গ্রহণ করে এবং কার্বন ডাইঅক্সাইড পরিত্যাগ করে। পরীক্ষার দ্বারা প্রমাণিত হয়েছে যে অরেলিয়ার অক্সিজেন চাহিদাও অত্যন্ত কম হয়।

5.7.6 অরেলিয়ার দেহে স্নায়ুর বিন্যাস

অরেলিয়ার দেহে স্নায়ুর বিন্যাস অত্যন্ত সরল প্রকৃতির হয়। স্নায়ুগুলো জালিকার মতো প্লেক্সাস গঠন করে। প্লেক্সাগুলো সাব আম্ব্রেলার তলের এক্টোডার্ম ও পেশীকোষের অন্তবর্তী স্থানে বেশী পরিমাণে দেখা যায়। এছাড়া অরেলিয়ার আটটি অরীয় নালী বরাবর প্লেক্সাসগুলো স্থূল প্রকৃতির হয়। অরেলিয়ার ছাতার

মতো দেহের পরিধি বরাবর একটি স্নায়ুঅঙ্গুরী থাকে। এছাড়া প্রতিটি রোপালিয়ামের কাছে একটি স্নায়ুগ্রন্থি বা গ্যাংলিয়নের মতো গঠন দেখা যায়।

অরেলিয়ার দেহে সংবদী অঙ্গগুলি আটটি গুচ্ছে থাকে। মার্জিনাল বা প্রান্তীয় ল্যাপেটের খাঁজে রোপালিয়াম অবস্থিত। এখানে ভারসাম্যরক্ষাকারী স্ট্যাটোসিস্ট এবং আলোকসংবেদী অসেল্লাস বা চক্ষুবিন্দু পাওয়া যায়।

5.7.7 অরেলিয়ার জনন কাজ সম্পর্কিত অঙ্গ ও কাজ

অরেলিয়া একলিঙ্গ প্রাণী। কিন্তু প্রাণীটিতে যৌনদ্বিরূপতা দেখা যায় না। অর্থাৎ পুরুষ ও স্ত্রী প্রাণীকে বর্হিবৈশিষ্ট্যের ভিত্তিতে পার্থক্য করা সম্ভব নয়। পরিণত প্রাণীর লালচে রঙের অশ্বক্ষুরাকৃতি শুক্রাশয় ও ডিম্বাশয়কে আপাতদৃষ্টিতে একই প্রকারের মনে হয়। উভয়ের সংখ্যা চারটি এবং গ্যাস্ট্রিক থলির গোড়ার দিকে থাকে। জননাঙ্গ গ্যাস্ট্রোডারমিস থেকে উৎপন্ন হয়।

পরিণত প্রাণীতে শুক্রাশয় ও ডিম্বাশয় ফেটে যায় এবং যথাক্রমে শুক্রাণু ও ডিম্বাণু গ্যাস্ট্রিক গহ্বরে পরিত্যক্ত হয়। এরপর গ্যামেটগুলি মুখছিদ্র দিয়ে জলীয় পরিবেশে মুক্ত হয়। এখানে উল্লেখ্য যে অধঃজনন অঙ্গীয় ছিদ্র বা সাবজেনিটাল পিটের গ্যামেট নিঃসরণে কোনও ভূমিকা নেই। সামুদ্রিক পরিবেশে ডিম্বাণুগুলি নিষিক্ত হয়। অনেকক্ষেত্রে শুক্রাণু মুখছিদ্র দ্বারা গ্যাস্ট্রিক গহ্বরে প্রবেশ করে এবং ডিম্বাশয় মধ্যস্থ ডিম্বাণু নিষিক্ত হয়। নিষিক্ত ডিম্বাণু মুখছিদ্র দিয়ে বাইরে আসে। ডিম্বাণু মৌখিক বাহুর খাঁজে পরিস্ফুরিত হয়। জাইগোট হোটোব্লাস্টিক ক্লিভেজ প্রক্রিয়ায় নিরেট বলের মত মরুলা এবং পরবর্তিকালে ফাঁপা ব্লাস্টুলায় পরিণত হয়। এরপর কোষীয় অন্তঃচলন দ্বারা দ্বি-স্তরযুক্ত গ্যাস্ট্রুলার আবির্ভাব ঘটে। ক্রমে ভ্রূণটি দীর্ঘায়িত হয়ে সিলিয়াযুক্ত প্ল্যানুলা লার্ভাতে পরিণত হয়। প্ল্যানুলা লার্ভাটি চার পাঁচদিন জলে সাঁতার কেটে স্বাধীন জীবনযাপন করে। ক্রমশঃ প্ল্যানুলা লার্ভা কোনও শক্ত স্থানে আবদ্ধ হয় এবং পলিপদশা প্রাপ্ত হয়। একে স্কাইফিস্টোমা বা হাইড্রাটিউবা বলে। স্কাইফিস্টোমা এরপর অনুপ্রস্থ বিভাজন বা স্ট্রবিলেশন প্রক্রিয়ার সাহায্যে অসংখ্য চাকতির মত ইফাইরা লার্ভা উৎপন্ন করে। এগুলি পরস্পরের উপর পেশী দ্বারা যুক্ত থাকে। এরপর পেশী স্তর বিচ্ছিন্ন হয়ে ইফাইরা লার্ভা সামুদ্রিক পরিবেশে ছড়িয়ে পড়ে। ইফাইরা কিছুদিন পর পূর্ণাঙ্গ অরেলিয়াতে পরিণত হয়।

5.7.8 অরেলিয়ার জীবনচক্রে মেটাজেনেসিস

অরেলিয়ার জীবনচক্রেও মেটাজেনেসিস চিহ্নিত করা যায়। অর্থাৎ যৌন জননক্ষম মেডুসা দশা (পরিণত অরেলিয়া) এবং অঙ্গ বা জননক্ষম পলিপদশার (স্কাইফিস্টোমা লার্ভা) নিয়মিত আবর্তন ঘটে থাকে। পরিণত অরেলিয়া প্রাণীতে শুক্রাশয় ও ডিম্বাশয় যুক্ত এবং যৌন জনন প্রক্রিয়ায় বংশ বিস্তার করে। নিষেক প্রক্রিয়ায় উৎপন্ন জাইগোটের পরিস্ফূরণ ঘটে এবং প্ল্যানুলা লার্ভার মাধ্যমে স্কাইফিস্টোমা লার্ভা তৈরি হয়। এই লার্ভা পলিপ দশার সঙ্গে তুলনীয়। স্কাইফিস্টোমা কোরকোদ্‌গম নামে অযৌন জনন প্রক্রিয়ায় ইফাইরা লার্ভায় পরিণত হয়। ইফাইয়া লার্ভা ক্রমশঃ পরিণত হয়ে পূর্ণাঙ্গ অরেলিয়া প্রাণীতে পরিবর্তিত হয়।

5.7.9 ওবেলিয়া মেডুসা এবং অরেলিয়ার তুলনামূলক আলোচনা

ওবেলিয়া মেডুসা	অরেলিয়া
1. আকারে ছোট।	1. আকারে বড়।
2. ভেলাম আছে। কিন্তু এতে এণ্ডোডার্মাল নালিকা নেই।	2. ভেলারিয়াম আছে। এতে এণ্ডোডার্মাল নালিকা আছে।
3. মৌখিক বাহু নেই।	3. চারটি মৌখিক বাহু আছে।
4. গ্যাস্ট্রোভাস্কুলার গহ্বর সরল ও উপবৃদ্ধি নেই।	4. গ্যাস্ট্রোভাস্কুলার গহ্বরটি পাকস্থলী, গ্যাস্ট্রিক থলি এবং সূতোর মতো উপবৃদ্ধি নিয়ে গঠিত।
5. মেসোগ্লিয়া কোষ বিহীন।	5. মেসোগ্লিয়ায় অ্যামিবয়েড কোষ এবং তন্তু থাকে।
6. সংবেদী অঙ্গটিকে স্ট্যাস্টোসিস্ট বলে।	6. সংবেদী অঙ্গকে রোপালিয়াম বলে।
7. জননাঙ্গ অরীয় নালিকায় থাকে।	7. জননাঙ্গ পাকস্থলীর সঙ্গে যুক্ত থাকে।
8. জননকোষ এক্টোডার্ম থেকে উৎপন্ন হয়।	8. জননকোষ এণ্ডোডার্ম থেকে উৎপন্ন হয়।

5.8 সী-অ্যানিমোনের কার্যগত শারীরস্থান

শ্রেণি অ্যান্থোজোয়ার অন্তর্গত হেক্সাকোরালিয়া বা জোঅ্যান্থারিয়ার সদস্যগুলোর মধ্যে প্রায় এক হাজার প্রজাতির সী-অ্যানিমোন ফুলের মতো গঠন বিশিষ্ট। এর বিভিন্ন প্রজাতির বর্ণবৈচিত্র্য সহজেই দৃষ্টি আকর্ষণ করে। প্রচুর সী-অ্যানিমোন যখন পাশাপাশি থাকে তখন সমুদ্রতটকে ফুলের বাগানের মত মনে হয়। সী-অ্যানিমোন প্রাণীগুলো হল পলিপ দশার প্রতিনিধি। কিন্তু নিডারিয়ার অন্যান্য গোষ্ঠীর পলিপ থেকে সী-অ্যানিমোনরূপী পলিপগুলো আকারে অনেক বড় হয়। মেট্রিডিয়াম সেনাইল প্রজাতির সী-অ্যানিমোন একটি পরিচিত প্রতীক প্রাণী। যদিও সী-অ্যানিমোনের এই প্রজাতিটির বর্ণবৈচিত্র্য উল্লেখযোগ্য নয়। মেট্রিডিয়াম সাধারণতঃ হাল্কা বাদামী রঙের হয়।

5.8.1 প্রাণীজগতে সী-অ্যানিমোনের অবস্থান

পর্ব	ঃ	নিডারিয়া
শ্রেণি	ঃ	অ্যান্থোজোয়া
উপশ্রেণি	ঃ	হেক্সাকোরালিয়া বা জোঅ্যান্থারিয়া
বিজ্ঞান সম্মত নাম	ঃ	মেট্রিডিয়াম সেনাইল (*Netridium senile*)

5.8.2 সী-অ্যানিমোনের গঠন বৈশিষ্ট্য

মেট্রিডিয়াম প্রজাতিটি সমুদ্রের অগভীর জলে সাধারণতঃ বালিতে আবদ্ধ অবস্থায় থাকে। প্রাণীটি জল থেকে খাদ্যগ্রহণের সময় কর্ষিকাগুলিকে প্রসারিত করে রাখে এবং তখন একে ফোটা ফুলের মত মনে হয়। এদের দেহটিকে তিনটি অংশে বিভক্ত করা যায়—পাদচক্র, দেহস্তম্ভ এবং মৌখিক চক্র।

(a) **পাদচক্র**—এটি দেহের সবচেয়ে নিচের অংশ এবং দেহটিকে আটকে রাখতে সাহায্য করে। এই অঞ্চলটি অত্যন্ত পেশীবহুল ও এক ধরণের আঠালো বস্তু (মিউকাস) ক্ষরণের ফলে পিচ্ছিল হয়।

(b) **দেহস্তম্ভ**—দেহের নলাকৃতি অংশকে দেহস্তম্ভ বলে। এর দূরবর্তী ও সংক্ষিপ্ত অংশকে ক্যাপিটুলাম এবং নিচের পুরু প্রাচীর বিশিষ্ট অংশকে স্ক্যাপাস বলে। এই দুটি অংশ একটি ভাঁজ বা কলার এবং একটি অগভীর খাঁজ বা ফসে দিয়ে পার্থক্য করা থাকে। স্কাপাসের প্রাচীরে ছোট ছোট ছিদ্র সিনক্লাইডস্ আছে। দেহস্তম্ভটিকে লম্বচ্ছেদ করলে দেখা যায় যে মুখছিদ্রটি একটি সংক্ষিপ্ত নালীতে উন্মুক্ত হয়। একে গালেট বা স্টোমোডিয়াম বলে। স্টোমোডিয়ামের গায়ে সিলিয়াযুক্ত দুটি অণুদৈর্ঘ্য খাঁজ সাইফনোগ্লিফ আছে। গালেট এর নিচে অবস্থিত সিলেনটেরন গহ্বরে মিলিত হয়। গালেট ও সিলেনটেরনের পরিধি বরাবর উল্লম্বভাবে অবস্থিত মেসেনটারী নামে বিভেদক পর্দা আছে। দৈর্ঘ্য অনুযায়ী এগুলো আবার প্রাইমারী (সবচেয়ে বড়), সেকেণ্ডারী (মাঝারি দৈর্ঘ্যের) এবং টারশিয়ারী (খুব কম দৈর্ঘ্যের) প্রকারের হতে পারে। সেমেনটারী দ্বারা বিভেদিত প্রকোষ্ঠগুলো অস্টিয়া নামে ছিদ্র দ্বারা পরস্পর যুক্ত থাকে। মেসেনটারীর মুক্ত প্রান্তগুলো সুতোর মত অংশ অ্যাকনসিয়াম উৎপন্ন করে।

(c) **মৌখিক চক্র** —একে পেরিস্টোমও বলা হয়। এটি সী-অ্যানিমোনের দেহের সবচেয়ে উপরের অংশ গঠন করে। এর ঠিক মধ্য অংশে সামান্য উঁচুতে মুখছিদ্রটি অবস্থিত। অনেকগুলো ফাঁপা কর্ষিকা মুখছিদ্রটিকে ঘিরে অবস্থান করে। আপাতদৃষ্টিতে কর্ষিকার বিন্যাস অনিয়মিত মনে হলেও এরা নিয়মিতভাবে বৃত্তাকার সারিতে সজ্জিত থাকে। কর্ষিকাগুলো নিডোব্লাস্ট কোষ সমৃদ্ধ। প্রচুর সংখ্যক আঠালো গ্রন্থিও কর্ষিকাগুলোতে থাকে।

5.8.3 সী-অ্যানিমোনের দেহ প্রাকারের বিভিন্ন কোষসমূহ

প্রাণীটির দেহত্বক অন্যান্য নিডারিয়া প্রাণীর মত এক্টোডার্ম ও এণ্ডোডার্ম কোষস্তর দিয়ে গঠিত। এই দুই স্তরের মধ্যে মেসোগ্লিয়া থাকে। কর্ষিকাগুলোও একই রকম গঠনযুক্ত হয়। সী-অ্যানিমোনের মেসোগ্লিয়া স্তরটি সুগঠিত হয়। এতে স্নায়ুকোষ, বিক্ষিপ্ত অ্যামিবয়েড কোষ দেখা যায়। প্রাণীটির কর্ষিকার এক্টোডার্ম ও মেসেনটারীর মুক্ত প্রান্তে অসংখ্য নিমাটোসিস্ট থাকে। এই দংশক অঙ্গটি একপ্রকার পরিবর্তিত ইন্টারস্টিশিয়াল কোষ নিডোব্লাস্টের ভিতরে অবস্থিত। অসমোটিক চাপজনিত কারণে নিমাটোসিস্ট সুতোটি বাইরে বেরিয়ে আসে। নিডারিয়া প্রজাতিতে কমপক্ষে 18 প্রকারের নিমাটোসিস্টের সন্ধান পাওয়া গেছে। মেট্রিডিয়াম প্রজাতিতে চার প্রকারের নিমাটোসিস্ট পাওয়া যায়।

5.8.4 সী-অ্যানিমোনের শিকার সংগ্রহ ও পুষ্টি পদ্ধতি

সী-অ্যানিমোন মাংসাশী প্রাণী। সাধারণত ছোট ছোট ক্রাস্টোশিয়া যেমন চিংড়ি, ছোট মাছ খাদ্য হিসাবে সী-অ্যানিমোনের বেশী পছন্দ। এগুলি কর্ষিকা দিয়ে সংগ্রহ করে প্রাণীটি মুখগহ্বরের দিকে ঠেলে দেয়। গালেট ও সাহফনোগ্লিফের সিলিয়াগুলি খাদ্যবস্তুকে সিলেনটেরনের দিকে পরিচালিত করে। মেসেনটারীতে অবস্থিত নিমাটোসিস্ট সংগৃহীত খাদ্যবস্তুকে অসাড় করে ফেলে। এরপর সিলেনটেরনের গ্রন্থিকোষ থেকে উৎসেচক ক্ষরিত হয়ে খাদ্যবস্তুকে পাচিত করে। পরিপাকক্রিয়ার অধিকাংশই বহিঃকোষীয়। তবে

গ্যাস্ট্রোডারমিসের কিছু কোষে অন্তঃ কোষীয় পাচনও হয়ে থাকে। পাচিত খাদ্য বস্তু মেসেনটারী কোষগুলি দ্বারা শোষিত হয়।

5.8.5 সী-অ্যানিমোনের শ্বসন প্রক্রিয়া

সী-অ্যানিমোনের এক্টোডার্ম এবং এণ্ডোডার্ম কোষগুলি জলের সংস্পর্শেই থাকে। ফলে ব্যাপন প্রক্রিয়ায় জলে দ্রবীভূত অক্সিজেন কোষে প্রবেশ করে এবং কার্বনডাইঅক্সাইড দেহকোষ থেকে ব্যাপন প্রক্রিয়ায় বাইরে বেরিয়ে যায়। এখানে মনে রাখা প্রয়োজন যে সী-অ্যানিমোনের কোনও শ্বসন অঙ্গ নেই।

5.8.6 সী-অ্যানিমোনের দেহে স্নায়ুর বিন্যাস

সী-অ্যানিমোনের স্নায়ুর বিন্যাস অত্যন্ত সরল এবং অন্যান্য নিডারিয়া প্রাণীর অনুরূপ। স্নায়ুগুলির এক্টোডার্মের বিভিন্ন স্থানে স্নায়ুজালিকা গঠন করে। এছাড়া গ্যাস্ট্রোডারমিসেও স্নায়ুজালিকা দেখা যায়। মৌখিক চক্রে এবং কর্ষিকাতে স্নায়ু সংখ্যা বেশী পরিমাণে আছে।

সী-অ্যানিমোনের কোনও সুনির্দিষ্ট সংবেদী অঙ্গ নেই। এপিডারমিসের সর্বত্র বিশেষতঃ কর্ষিকা, মৌখিক চক্র এবং পদচাকতি নিউরোসংবেদী কোষ সমৃদ্ধ হয়। এই দেহাংশগুলো উত্তেজনা গ্রহণ করতে সক্ষম হয়।

5.8.7 সী-অ্যানিমোনের জননকাজ সম্পর্কিত অঙ্গ ও কাজ

সী-অ্যানিমোন অযৌন ও যৌন উভয় প্রকার জননে সক্ষম।

অযৌন জনন প্রক্রিয়ায় এই প্রাণীটি পদ-ছেদন বা খণ্ডীভবন প্রক্রিয়ায় বিভক্ত হয়ে পড়ে। এক একটি খণ্ড পুনরুৎপাদন পদ্ধতিতে নতুন অপত্য সৃষ্টি করে। মেট্রিডিয়াম প্রাণীটিতে অনেক সময়ে পাদচক্র থেকে কোরক উৎপন্ন হতেও দেখা যায়। এছাড়া অণুদৈর্ঘ্য বা অণুপ্রস্থদ্বিবিভাজন পদ্ধতির দ্বারাও সী-অ্যানিমোন বংশ বিস্তার করতে পারে।

যৌন জনন প্রক্রিয়ার দ্বারা সী-অ্যানিমোন বংশবিস্তার করে। মেট্রিডিয়াম সেনাইল একলিঙ্গা হয়। অর্থাৎ এদের স্ত্রী ও পুরুষ প্রাণী আলাদা থাকে। প্রজনন অঙ্গ গ্যাস্ট্রোডারমিস থেকে সৃষ্টি হয় এবং মেসেনটারীর পরিধি প্রাচীরে অণুদৈর্ঘ্য ফিতার মতো থাকে। পুরুষ প্রাণীতে শুক্রাণুগুলো মুখছিদ্র দিয়ে বাইরে বেরিয়ে আসে। অনুরূপ ভাবে স্ত্রী প্রাণী থেকেও একইভাবে ডিম্বাণুগুলো বাইরে বের হয়। অর্থাৎ এক্ষেত্রে বহিঃনিষেক ঘটে। কিছু প্রজাতির সী-অ্যানিমোনে শুক্রাণুগুলো স্ত্রী প্রাণীর মুখছিদ্র দিয়ে ভিতরে প্রবেশ করে এবং অন্তঃনিষেক অনুষ্ঠিত হয়।

নিষেক প্রক্রিয়ায় জাইগোট উৎপন্ন হয়। এরপর ব্লাস্টুলা, গ্যাস্ট্রুলা ভ্রুণের মাধ্যমে প্ল্যানুলা লার্ভা গঠিত হয়। এই লার্ভাটি প্রথমে কিছুকাল সমুদ্র জলে স্বাধীনভাবে সাঁতার কাটে এবং পরে কোনও কঠিন বস্তুর সঙ্গে আবদ্ধ হয়ে পড়ে। ক্রমশঃ স্টোমোডিয়াম, মেসেনটারী ও অন্যান্য অঙ্গগুলো গঠিত হতে থাকে এবং পূর্ণাঙ্গ প্রাণীতে পরিণত হয়। মেট্রিডিয়ামের জীবনচক্রে মেটাজেনেসিস প্রক্রিয়াটি বোঝা যায় না।

অনুশীলনী

নীচের তালিকা থেকে উপযুক্ত শব্দ বা শব্দগুচ্ছ নিয়ে শূন্যস্থান পূরণ করুন ঃ

(1) আলঙ্কারিক গুরুত্ব আছে এমন একটি নিডারিয়া প্রাণীর নাম ——।

(2) নিডারিয়ার এপিডারমিস ও গ্যাস্ট্রোডারমিসের মধ্যে —— আছে।

(3) —— হল নিডারিয়া প্রাণীর একটি ছিদ্রযুক্ত দেহগহ্বর।
(4) নিডারিয়া প্রাণীর —— অঙ্গ নেই।
(5) নিডারিয়া প্রাণীদের —— হল একটি সংবেদী অঙ্গ।
(6) ওবেলিয়া প্রাণীর অজীবীয় দেহস্তরটিকে —— বলে।
(7) ওবেলিয়া প্রাণীর দেহচ্ছত্র বরাবর —— আছে।
(8) —— হল অরেলিয়ার সংবেদী অঙ্গ।
(9) অরেলিয়া অণুপ্রস্থ বিভাজনের দ্বারা —— লার্ভা উৎপন্ন করে।
(10) সী-অ্যানিমোনের স্টোমোডিয়ামের গায়ে সিলিয়াযুক্ত অণুদৈর্ঘ্য খাঁজকে —— বলে।
(11) —— কোনও নির্দিষ্ট সংবেদী অঙ্গ নেই।
(12) সী-অ্যানিমোন —— দ্বারা অযৌন পদ্ধতিতে বংশ বিস্তার করতে পারে।

(স্ট্যাটোসিস্ট, রেচন, সিলেনটেরন, মেসোগ্লিয়া, প্রবাল, পেরিসার্ক, ইফাইরা, সাইফনোগ্লিফ, রোপালিয়াম, ভেলাম, অণুদৈর্ঘ্য বিভাজন, সী-অ্যানিমোনের।)

5.9 সারাংশ

এই এককটি পাঠ করে আপনারা শিখতে পেরেছেন যে,

- নিডারিয়া প্রাণীগুলো অরীয় প্রতিসাম্যতাযুক্ত, দ্বি-স্তরীয় মূল গঠনের উপর প্রতিষ্ঠিত হলেও এদের আকার ও বর্ণবৈচিত্র্য উল্লেখ করার মত। নিডারিয়া প্রাণী মাত্রই মুখছিদ্রটি কর্ষিকা পরিবৃত থাকে এবং পৌষ্টিক নালীটি একটি ছিদ্রযুক্ত হয়। সব নিডারিয়া সভ্যদের দেহে নিমাটোসিস্ট থাকে।
- নিডারিয়ার সভ্যগুলি প্রাথমিকভাবে মাংসাশী প্রাণী। শিকার ধরার কাজে নিমাটোসিস্ট সমৃদ্ধ কর্ষিকাগুলো বিশেষভাবে সাহায্য করে।
- বহুকোষী পরিফেরা প্রাণীদের তুলনায় নিডারিয়া প্রাণীতেই প্রথম স্নায়ু ও পেশীর উপস্থিতি চিহ্নিত হয়। কিন্তু কোনও সভ্যের মধ্যেই কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের উদ্ভব ঘটেনি। স্নায়ুগুলো সুনির্দিষ্ট স্নায়ুজালিকা তৈরি করে। স্নায়ুগুলো দ্বিমেরু বা বাহুমেরু প্রকারের হয়।
- নিডারিয়া পর্বের কোনও সভ্যের সুনির্দিষ্ট সংবহন অঙ্গ, শ্বসন অঙ্গ রেচন অঙ্গ নেই।
- জীবনচক্রে পলিপ ও মেডুসা দশা দেখা যায়। হাইড্রা আকৃতির পলিপ দশা অযৌন ও যৌন জনন করে। হাইড্রোজোয়া ও অ্যান্থোজোয়া গোষ্ঠীর পূর্ণাঙ্গ পলিপরূপী। ঘন্টা বা ছাতার মতো গোলাকার মেডুসা দশার যৌন জননের ক্ষমতা আছে। মেডুসা স্ত্রী ও পুরুষ হতে পারে। স্কাইফোজোয়া গোষ্ঠীর পূর্ণাঙ্গ প্রাণীরা মেডুসারূপী। জীবনচক্রে মেটাজেনেসিস প্রক্রিয়া কিছু প্রাণীতে খুব ভালোভাবে অনুধাবন করা যায়।

5.10 সর্বশেষ প্রশ্নাবলী

1. হাইড্রা প্রাণীটিকে কি কি বৈশিষ্ট্যের ভিত্তিতে আপনি পর্ব নিডারিয়াতে অন্তর্ভুক্ত করতে পারেন?

2. পূর্ববর্ত্তী প্রাণী পর্বগুলোর তুলনায় পর্ব নিডারিয়ার পাঁচটি উন্নত বৈশিষ্ট্য লিপিবদ্ধ করুন।

3. বাঁ দিকে লিপিবদ্ধ অঙ্গগুলো ডানদিকের উপযুক্ত নিডারিয়া প্রাণীর সভ্যগুলোর সঙ্গে মিলিয়ে লিখুন।

অঙ্ক		প্রাণী
(a) হাইড্রোথিকা	—	অরেলিয়া
(b) ভেলাম	—	সী-অ্যানিমোন
(c) মৌখিন বাহু	—	অ্যাডামসিয়া
(d) শাখাযুক্ত কর্ষিকা	—	টিউবিপোরা
(e) কর্ষিকা দ্বয়ের গুণিতক সংখ্যা	—	ওবেলিয়ার পলিপ
(f) কোরদ্‌গম	—	স্কাইফিস্টোমা
(g) সাইফনোগ্লিফ	—	ওবেলিয়ার মেডুসা

4. নিচের নিডারিয়া পর্বের প্রাণীরা কোন বিভিন্ন শ্রেণিভুক্ত উল্লেখ করুন ঃ

প্রাণী		শ্রেণি
(a) হাইড্রা	—	
(b) অরেলিয়া	—	
(c) সাগর কুসুম	—	
(d) প্রবাল	—	

5. নিম্নলিখিত অঙ্গগুলি কোন নিডারিয়া প্রাণীতে পাওয়া যায়?

(i) অকোষীয় মেসোগ্লিয়া (ii) স্টোমোডিয়ামহীন সিলেনটেরন (iii) সাইফনোগ্লিফ যুক্ত গালেট (iv) মেসোগ্লিয়াজাত স্পিকিউল।

6. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন ঃ

(i) শ্রেণি হাইড্রোজোয়ার প্রধান বৈশিষ্ট্যগুলো কি কি?

(ii) পর্ব নিডারিয়ার তিনটি শ্রেণির সিলেনটেরনের বৈশিষ্ট্য কি?

(iii) পর্ব নিডারিয়ার তিনটি শ্রেণির মেসোগ্লিয়ার বৈশিষ্ট্য কি?

5.11 উত্তরমালা

অনুশীলনী ঃ

(1) প্রবাল (2) মেসোগ্লিয়া (3) সিলেনটেরন (4) রেচন (5) স্ট্যাটোসিস্ট (6) পেরিসার্ক (7) ভেলাম (8) রোপালিয়াম (9) ইফাইরা (10) সাইফনোগ্লিফ (11) সী-অ্যানিমোনের (12) অনুদৈর্ঘ্য বিভাজন।

সর্বশেষে প্রশ্নাবলী ঃ

1. নিম্নলিখিত বৈশিষ্ট্যের ভিত্তিতে হাইড্রাকে পর্ব নিডারিয়ার অন্তর্ভুক্ত করা যেতে পারে।
   (a) দেহ বহিঃস্থ এপিডারমিস এবং অন্তঃস্থ গ্যাস্ট্রোডারমিসে বিভক্ত। মধ্যে অকোষীয় মেসোগ্লিয়া আছে।
   (b) একটি মাত্র ছিদ্রযুক্ত সিলেনটেরন আছে।
   (c) আণুবীক্ষণিক নিমাটোসিস্ট আছে।
   (d) মুখছিদ্রকে ঘিরে কর্ষিকা আছে।
2. পর্বনিডারিয়ার পাঁচটি উন্নত বৈশিষ্ট্য আছে—
   (a) দেহে দুটি স্তর ও মধ্যে অকোষীয় মেসোগ্লিয়া আছে।
   (b) সিলেনটেরন আছে।
   (c) খাদ্যবস্তু সংগ্রহের জন্য মুখছিদ্রকে ঘিরে কর্ষিকা আছে।
   (d) স্নায়ুকোষ আছে।
   (e) বহুরূপতা বা পলিমরফিজম্ আছে।
3. (a) ওবেলিয়ার পলিপ, (b) ওবেলিয়ার মেডুসা, (c) অরেলিয়া, (d) টিউবিপোরা, (e) অ্যাডামসিয়া, (f) স্কাইফিস্টোমা, (g) সী-অ্যানিমোন
4. (a) হাইড্রোজোয়া (b) স্কাইফোজোয়া (c) অ্যান্থোজোয়া (d) অ্যান্থোজোয়া
5. (i) হাইড্রা (ii) অরেলিয়া (iii) সাগরকুসুম (iv) কোরালিয়াম
6. (i) শ্রেণি হাইড্রোজোয়ার প্রধান বৈশিষ্ট্যগুলো হল ঃ
   (1) অধিকাংশই হাইড্রয়েড বা পলিপরুপী
   (2) সিলেনটেরনের স্টোমোডিয়াম অংশ নেই
   (3) মেসোগ্লিয়া অকোষীয়
   (4) মুখছিদ্রকে ঘিরে কর্ষিকা আছে।
   (ii) পর্ব নিডারিয়ার তিনটি শ্রেণির সিলেনটেরনের বৈশিষ্ট্য হল ঃ

শ্রেণি হাইড্রোজোয়া	**শ্রেণি স্কাইফোজোয়া**	**শ্রেণি অ্যান্থোজোয়া**
1. স্টোমোডিয়াম অংশ নেই।	1. স্টোমোডিয়াম নেই কিন্তু গ্যাস্ট্রিক উপবৃদ্ধি আছে।	1. স্টোমোডিয়াম আছে।
2. এতে ব্যবধায়ক পর্দা থাকে না।	2. ব্যবধায়ক পর্দা নেই।	2. ব্যবধায়ক পর্দা বা সেপ্টা আছে।

(iii) পর্ব নিডারিয়ার তিনটি শ্রেণির মেসোগ্লিয়ার বৈশিষ্ট্য হল ঃ

শ্রেণি হাইড্রোজোয়া	শ্রেণি স্কাইফোজোয়া	শ্রেণি অ্যান্থোজোয়া
1. মেসোগ্লিয়া অ-কোষীয়।	1. মেসোগ্লিয়ায় কিছু অ্যামিবোসাইট আছে।	1. মেসোগ্লিয়া অনেকটা সংযোজক কলার মতো এবং এতে অন্তঃকঙ্কাল থাকতে পারে।

চিত্র নং 5.1 ঃ কয়েকটি নিডারিয়া পর্বের প্রাণী।
1. হাইড্রা 2. ফাইসেলিয়া 3 অরেলিয়া 4. সাগর-কুসুম 5. পেনাট্যুলা 6. গরগনিয়া।



চিত্র নং 5.2 ঃ ওবেলিয়া কলোনীর গঠনগত বৈশিষ্ট্য



চিত্র নং 5.3 ঃ ওবেলিয়ার গ্যাস্ট্রোজ ওয়েডের লম্বচ্ছেদ



চিত্র নং 5.4 ঃ ওবেলিয়ার গোনোজুওয়েড (বামে) ও গোনোজুওয়েডের লম্বচ্ছেদ (দক্ষিণে)



চিত্র নং 5.5 ঃ ওবেলিয়া মেডুসার গঠন (আংশিক ব্যবচ্ছেদিত)।



চিত্র নং 5. ঃ ওবেলিয়া জীবনচক্র ও বিভিন্ন দশা.



চিত্র নং 5.7 ঃ ওবেলিয়া জীবনচক্র ও বিভিন্ন দশা।



চিত্র নং 5.8 ঃ অরেলিয়ার অঙ্কীয় দশা।



চিত্র নং 5.9 ঃ প্রস্থচ্ছেদে অরেলিয়ার মেসোগ্লিয়া ও গ্যাস্ট্রোডার্মিস স্তর।



চিত্র নং 5.10 ঃ অরেলিয়ার সাব আম্ব্রেলার তলের স্নায়ু জালক।



চিত্র নং 5.11 ঃ অরেলিয়ার জীবনচক্রের বিভিন্ন দশাসমূহ।



চিত্র নং 5.12 ঃ সী অ্যানিমোনের গঠন বৈশিষ্ট্য (আংশিক ব্যবচ্ছেদিত)



চিত্র নং 5.13 ঃ সী অ্যানিমোনের গালেট বরাবর প্রস্থচ্ছেদের চিত্র ও দেহত্বকের বর্ধিত দৃশ্য।



চিত্র নং 5.14 ঃ গালেট অংশের মেসেনটারীর প্রস্থচ্ছেদ দৃশ্য।



চিত্র নং 5.15 : পাদচক্র থেকে কোরক উৎপাদন প্রক্রিয়া

চিত্র নং 5.16 : সী-অ্যানিমোনের অনুদৈর্ঘ্য দ্বি-বিভাজন



চিত্র নং 5.17 ঃ সী-অ্যানিমোনের জীবন চক্র।

একক 6 ❑ চ্যাপ্টা কৃমি বা প্লাটিহেলমিনথিস (Platyhelminthes)

গঠন

6.1 প্রস্তাবনা

6.2 উদ্দেশ্য

6.3 চ্যাপ্টা কৃমির শ্রেণীবিন্যাস

6.4.1 প্রতীক প্রাণী **1** ঃ প্ল্যানোরিয়া

6.4.2 প্রতীক প্রাণী **2** ঃ যকৃৎ কৃমি

6.4.3 প্রতীক প্রাণী **3** ঃ টিনিয়া সোলিয়াম

6.4.4 কয়েক প্রকার চ্যাপ্টা কৃষি সম্পর্কে পরিচিতি

6.4.5 ফিতাকৃমি সম্পর্কে কয়েকটি তথ্য

6.5.1 সারাংশ - **1**

6.5.2 সারাংশ - **2**

6.5.3 সারাংশ - **3**

6.6.1 সর্বশেষ প্রশ্নাবলী - **1**

6.6.2 সর্বশেষ প্রশ্নাবলী - **2**

6.6.3 সর্বশেষ প্রশ্নাবলী - **3**

6.7.1 উত্তরমালা - **1**

6.7.2 উত্তরমালা - **2**

6.7.3 উত্তরমালা - **3**

6.1 প্রস্তাবনা

প্রাণী জগতের অন্তহীন বৈচিত্র্যের মধ্যে কৃমিজাতীয় প্রাণীরা একটি গুরুত্বপূর্ণ কৌতুহলোদ্দীপক গোষ্ঠী। সংখ্যা অনুপাতে সন্ধিপদ প্রাণীদের পর এরাই সর্বোচ্চ স্থানাধিকারী। মানুষ ও মানুষের উপভোগ্য জীবকুলের ক্ষতিকারী ও রোগসৃষ্টিকারী প্রাণীদের তালিকায় এদের স্থান হলেও এদের অনেকে উপকারও করে। দেহাবয়ব ও আকৃতির উপর নির্ভর করে সমগ্র কৃমিকূলকে দু'টি প্রাথমিক ভাগে ভাগ করা যায়-চ্যাপ্টা কৃমি ও সূতাকৃমি। চ্যাপ্টা কৃমির দেহ পাতার ফলকের মত অথবা ফিতার মত। এদের মধ্যে একটি শ্রেণীর প্রাণীরা স্বাধীনজীবী বাকিরা পরজীবী ও পরাশ্রয়ী। পরজীবী হওয়ায় এদের দেহগঠনে ও শারীরবৃত্তে যথেষ্ট ও অভিযোজন হয়েছে।

সুতাকৃমিরা দেখতে গোল ও লম্বা। এদের দৈহিক গঠন চ্যাপ্টা কৃমিদের চেয়ে আরও একটু উন্নত। এই প্রাণী গোষ্ঠী নিডারিয়া পর্বের প্রাণীদের চেয়ে উন্নত আবার অঙ্গুরীমাল প্রাণীদের চেয়ে অনুন্নত। অর্থাৎ প্রাণীজগতে এদের স্থান নিডারিয়া ও অঙ্গুরীমাল পর্ব দুটির মাঝে। এদের দেহ দ্বিপার্শ্বীয় প্রতিসম।

এদের দেহ তিনটি ভ্রুণীয়-কোষস্তর দিয়ে গঠিত। তাই এদের ট্রিপ্লোব্লাস্টিক বাইল্যাটারিয়া বলে। ভ্রুণীয় কোষস্তর তিনটি হ'ল এক্টোডার্ম, মেসোডার্ম ও এন্ডোকার্ম। উন্নত প্রাণীদের ক্ষেত্রে মেসোডার্ম দুভাগে ভাগ হয়ে মাঝে একটি গহ্বরের সৃষ্টি করে। এইপ্রকার দেহগহ্বরকে বলে সিলোম (Coelom)। চ্যাপ্টা কৃমিদের এরকম কোন সিলোম নেই। শুধু তাই নয়, এদের সংবহনতন্ত্র ও সুনির্দিষ্ট শ্বসনতন্ত্র নেই। অনেকের খাদ্যনালী থাকলেও তা নিডারিয়াদের মত। অর্থাৎ শুধুমাত্র মুখছিদ্র আছে পায়ু নেই। এদের স্নায়ুতন্ত্র সুগঠিত হয়েছে কিন্তু তা নিডারিয়া প্রাণীদের চেয়ে একটু উন্নত ও নির্দিষ্ট রজ্জু ও গ্রন্থি সৃষ্টিতে সীমাবদ্ধ।

6.2 উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি কৃমিদের সম্পর্কে বিশদ পরিচিতি ও জ্ঞান অর্জন করবেন এবং তথ্য সহযোগে নিচের বিষয়গুলি বুঝিয়ে দিতে পারবেন ঃ

- এদের দেহগঠন
- শ্রেণীবিন্যাস ও প্রাণীবৈচিত্র্য
- জীবনচক্র
- পরজীবীতাজনিত পরিবর্তন
- ক্ষতিকারক কয়েকপ্রকার কৃমি

6.3 চ্যাপ্টা কৃমির শ্রেণীবিন্যাস (Classification of Platyhelminthes)

পর্ব - প্লাটিহেলমিনথিস্ (Platyhelminthes) বা চ্যাপ্টাকৃমি

বৈশিষ্ট্য (Characteristics) ঃ প্লাটিহেলমিনথিস্ পর্বের প্রাণীদের প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি হ'ল

1. দেহ পৃষ্ঠ-অঙ্কীয়দেশ বরাবর চ্যাপ্টা, লম্বাটে ও দ্বিপার্শীয় প্রতিসম। দেহের সামনের দিকে থাকে মস্তক।
2. দেহাবরণী নরম, শোষনক্ষম। স্বাধীনজীবীর ক্ষেত্রে সিলিয়াযুক্ত।
3. দেহ ত্রিভ্রুণীয়স্তর বিশিষ্ট, অর্থাৎ এক্টো, মেসো এবং এন্ডোর্ডাম আছে। কোন দেহগহ্বর নেই। কোন প্রকার সিলোম নেই।
4. দেহ প্রকৃত খণ্ডকযুক্ত নয়। ফিতাকৃমির ক্ষেত্রে বাহ্যিক খণ্ডকযুক্ত।
5. পৌষ্টিকনালী নিডারিয়া পর্বের প্রাণীদের ন্যায় অসম্পূর্ণ, অথবা একেবারেই থাকে না।
6. নির্দিষ্ট সংবহনতন্ত্র, পায়ুছিদ্র বা শ্বসনতন্ত্র নাই।
7. রেচনতন্ত্র প্রোটোনেফ্রিডিয়া নিয়ে গঠিত। এতে বিশেষধরনের ফ্লেমসেল বা শিখাকোষ থাকে।
8. স্নায়ুতন্ত্র গঠিত হয়েছে এবং মইয়ের ন্যায় ধাপে ধাপে বিন্যস্ত।

9. এদের যৌন এবং অযৌন উভয় প্রকার প্রজনন হয়।
10. দু-চারটি বাদে সকলেই উভলিঙ্গ বা হার্মাফ্রোডাইট।
11. এদের ডিম্বক যৌগিকপ্রকৃতির খোলকযুক্ত।
12. এরাই প্রথম অঙ্গ ও তন্ত্র বিশিষ্ট প্রথম স্তরের বহুকোষী প্রাণী।
13. এরা অধিকাংশই বহিঃ বা অন্তঃপরজীবী।

শ্রেণীবিন্যাস (Classification)

প্লাটিহেলমিনথিস্ পর্বকে তিনটি শ্রেণীতে ভাগ করা হয়। যথা-টারবেল্ল্যারিয়া, মনোনেনিয়া, ট্রিমাটোডা ও সেস্টডিয়া।

শ্রেণী 1. টারবেল্ল্যারিয়া (Turbellaria)

1. এরা অধিকাংশই স্বাধীনজীবী, কেউ কেউ অন্তঃ বা বহিঃ মিথোজীবী, আবার কেউ পরজীবী।
2. দেহ খণ্ডকযুক্ত নয়, কোন চোষক নেই।
3. বহিরাবরণ রঞ্জকযুক্ত ও সিলিয়া সমন্বিত।
4. অ্যাসিলা বর্গের প্রাণীরা ছাড়া সকলেরই অন্ত্র আছে।
5. মুখছিদ্র অঙ্কদেশে অবস্থিত।

এই শ্রেণীর অধিনে পাঁচটি বর্গ আছে।

বর্গ 1. অ্যাসিলা (Acoela)
উদাহরণ- কনভল্যুটা, সারগাস্সি প্রভৃতি।

বর্গ 2. র‍্যাবডোসিলা (Rhabdocoela)
উদাহরণ - ক্যাটেন্যুলা, টেমনোসেফালা প্রভৃতি।

বর্গ 3. ট্রাইক্লাডিডা (Tricladida)
উদাহরণ- প্ল্যানেরিয়া, ডুগেসিয়া, বাইপিলিয়াম, এক্টোপ্ল্যানা প্রভৃতি।

বর্গ 4. এল্লিসিলা (Alloecoela)
উদাহরণ- হাইড্রোলিম্যাক্স, হফ্সটোনিয়া প্রভৃতি।

বর্গ 5. পলিক্লাডিডা (Polycladida)
উদাহরণ- নোটোপ্ল্যানা, থাইসানোজুন প্রভৃতি।

শ্রেণী 11. ট্রিমাটোডা (Trematoda)

1. এরা বহিঃঅথবা অন্তঃ পরজীবী। দেহটি পাতার ন্যায় উপর-নিচে চ্যাপ্টা, দ্বিপার্শ্বীয় প্রতিসম। কোন খণ্ডক নেই। 0.5 মিমি থেকে 2.4 সেন্টিমিটার পর্যন্ত লম্বা দেহ।
2. এক বা একাধিক চোষক বা সাকার থাকে। সামনে মুখের চারদিকের চোষকটিকে বলে ওরাল সাকার। পশ্চাৎ প্রান্তে অথবা অঙ্ক মধ্যদেশে অবস্থিত চোষককে বলে অ্যাসিটাব্যুলাম বা অঙ্কীয় চোষক।
3. চোষকের মধ্যের গহ্বরকে বলে ট্রিমা (trema)। সেকারণে এই প্রাণী গোষ্ঠীকে বলে ট্রিমাটোডা।

4. দেহাবরণ নরম, কিউটিকল্ বিহীন ও সিলিয়াবিহীন।
5. দু-একটি ছাড়া সকলেই উভলিঙ্গ।

এদের তিনটি বর্গে ভাগ করা হয়।

বর্গ 1. মনোজিনিয়া (Monogenea)

1. এরা বহিঃপরজীবী। সাধারণতঃ মাছের ফুলকা অথবা গায়ে লেগে থাকে।
2. এদের ওরাল সাকার বা মুখচোষক নেই। আকলেও তা খুবই ক্ষীণ।
3. দেহের পশ্চাৎপ্রান্তে বেশ বড় চাকতির মত অঞ্চল থাকে। একে বলে হ্যাপ্টর। এই অঞ্চলে পরপর ছয়টি বা ততোধিক সাকার বা চোষক থাকে। মাঝের চোষকের গায়ে থাকে একজোড়া হুক।
4. এদের জীবনচক্র সরল। কোন মধ্যবর্ত্তী পোষকপ্রাণী নেই। উদাহরণ- ডাক্টাইলোগাইরাস, মনোকটাইল প্রভৃতি।

বর্গ 2. অ্যাসপিডোবথ্রিয়া (Aspidobothria)

1. ওরাল সাকার থাকে না। অঙ্কীয় চোষক বা অ্যাসিটাব্যুলাম বেশ বড় এবং কয়েকটি খণ্ডকে বিভক্ত।
2. হুক থাকে না।
3. গলবিল উন্নত, জীবনচক্র সরল, কোন গৌণ পোষক থাকে না, প্রত্যক্ষ বৃদ্ধি হয়।
4. এরা জলজ শামুক, মাছ ও কচ্ছপের পরজীবী। উদাহরণ-অ্যাসপিডোগ্যাস্টার, স্টাইলোস্টাইল প্রভৃতি।

বর্গ 3. ডাইজেনিয়া (Digenea)

1. এরা অন্তঃপরজীবী। দুটি সাকার বা চোষক থাকে, কোন হুক থাকে না।
2. দেহের পশ্চাৎপ্রান্তে একটি রেচন ছিদ্র এবং অ্যাসিটাবুলাম এর সামনে একটি সাধারণ জননছিদ্র থাকে। এদের ভ্যাজাইনা থাকে না।
3. ইউটেরাস লম্বা এবং এটি অনেক পরিমান ডিম্বকে পূর্ণ থাকে।
4. জীবনচক্র জটিল এবং এক বা একাধিক গৌণ পোষক থাকে। প্রথম গৌণ পোষক অবশ্যই একটি শামুক জাতীয় প্রাণী। গৌণ পোষকদের দেহে অযৌন প্রক্রিয়ায় অধিক সংখ্যক লার্ভা সৃষ্টি হয়। উদাহরণ- লিভার ফ্লুক, সিস্টোসোমা ক্লোনোরকিস প্রভৃতি।

শ্রেণী III. সেস্টয়ডিয়া (Cestoidea)

1. দেহটি ফিতার ন্যায় দেখতে, 1 মিমি থেকে 30 মি পর্যন্ত লম্বা এবং একাধিক দেহখণ্ডক দিয়ে তৈরি।
2. দেহটি খণ্ড খণ্ড দিয়ে তৈরি বলে একে বলে স্ট্রবিলা (Strobilla)। অনেকগুলি দেহখণ্ডক থাকলে তাকে বলে পলিজোইক (ployzoic) এবং কোন খণ্ডক না থাকলে তাদের বলে মনোজাইক (monozoic)। প্রতিটি দেহখণ্ডককে বলে প্রোগ্লটিড।
3. প্রতি প্রোগ্লটিডে পুং ও স্ত্রী উভয় জননঅঙ্গ থাকে।
4. এরা সকলেই মেরুদণ্ডী প্রাণীর খাদ্যনালীতে ও তৎসংলগ্ন ফাঁকাস্থানে থাকে।

5. এদের সামনের দিকে মস্তক, মস্তকে চোষক ও অঙ্কুশ থাকে। এগুলি দিয়ে খাদ্যনালীর প্রাকারে আটকে থাকতে পারে।
6. এদের খাদ্যনালী ও মুখছিদ্র নেই। দেহগাত্র দিয়ে খাদ্য শোষিত হয়।
7. জীবনচক্র জটিল। সাধারণতঃ দুটি পোষক প্রাণীর প্রয়োজন। উদাহরণ - টিনিয়া সোলিয়াম, একাইনোকক্কাস, বার্টিয়েলা প্রভৃতি।

6.4.1.0 প্রতীক প্রাণী 1 ঃ প্ল্যানেরিয়া (Type specimen : Planaria gonocephala)

বৈজ্ঞানিক নাম - Bipalium kewense

শ্রেণী- টারবেল্ল্যারিয়া; বর্গ-ট্রাইক্লাডিডা; গণ - *প্ল্যানেরিয়া, ডুগেসিয়া ও বাইপ্যালিয়াম*

6.4.1.1 সাধারণ পরিচিতি (General Introduction)

টারবেল্লারিয়া শ্রেণীভুক্ত সকল চ্যাপ্টাকৃমিই স্বাধীনজীবী, অবশ্য সামান্য কিছু ছাড়া। এদের দেহগঠন চ্যাপ্টাকৃমির আদর্শ গঠনের অনুরুপ। প্ল্যানেরিয়া বলতে কয়েকটি গণের প্রাণীদের সাধারণ নাম হিসাবে বুঝানোও হয়ে থাকে।

6.4.1.2 স্বভাব ও বসতি (Habit and habitat)

প্ল্যানেরিয়া সাধারণ মিষ্টিজলের পুকুরে, জলাশয়ে, ধীরে প্রবাহিত নদী নালায় থাকে। মাটিতে, পাতার নিচে, পাথরের তলায় থাকে ও হামাগুড়ি দিয়ে চলে। এক টুকরো মাংস জলে ফেলে রাখলেই অনেক সংখ্যক প্ল্যানেরিয়া এই মাংস টুকরোকে ঘিরে ফেলে। অনেক প্ল্যানেরিয়া ডাঙ্গায় থাকে। বাগানেও বিভিন্ন প্রজাতির প্ল্যানেরিয়া থাকে।

6.4.1.3 বহিরাকৃতি (External features)

প্ল্যানেরিয়ারা দেখতে লম্বাটে, পাতার মত চ্যাপ্টা, নিরেট ও দ্বিপার্শীয় সুষম। এরা 2 মিমি থেকে 60 সেমি পর্যন্ত লম্বা হতে পারে। *বাইপ্যালিয়াম কিউয়েনসি (Bipalium kewense)* নামক স্থল প্ল্যানেরিয়ারা প্রায় 25 সেমি পর্যন্ত লম্বা হয়। অনেক প্ল্যানেরিয়া এত ছোট হয় যে অনুবীক্ষণ যন্ত্রে দেখলে তবেই ভালভাবে দেখা যায়।

প্ল্যানেরিয়ার দেহ নানাবর্ণে চিত্রিত থাকে। স্থল প্ল্যানেরিয়ার দেহে সাদা, হলুদ ও কমলা রঙের ডোরা দাগ থাকে। অনেকে শুধু সাদা বর্ণের হয়। এই বর্ণ এদের ত্বকের এপিডারমিসে অবস্থিত কিছু রঞ্জকের জন্যই হয়ে থাকে।

এদের চ্যাপ্টা দেহের উপরের দিকটি হল পৃষ্ঠদেশ এবং নিচের দিকটি হল অঙ্কদেশ। পৃষ্ঠদেশটি ঘন বর্ণ যুক্ত এবং পরিবেশের বর্ণের সঙ্গে মিলিয়ে সৃষ্ট। অপরপক্ষে অঙ্কদেশের বর্ণ হালকা। সামনের দিকটি চওড়া, ভোঁতা, মাঝে কোণ্ যুক্ত ও ত্রিকোনাকার। এটি মস্তক। মস্তকের পৃষ্ঠদেশে একজোড়া চক্ষু আছে। মস্তকে কিছু জ্ঞানেন্দ্রিয়ও থাকে। মস্তকের দুধারে অবস্থিত দুটি কানের মত বহিঃবৃদ্ধিকে অরিকল্ (auricles)

বলে, যার অর্থ হল কান। মস্তকের পরের একটু খাঁজের মত অংশকে বলে ঘাড়। এর পরের দেহাংশটি ক্রমে সরু হয়ে পিছনের দিকে ছুচলো লেজ প্রান্তে শেষ হয়। অঙ্কদেশটি অসংখ্য গ্রন্থি সমন্বিত। এই গ্রন্থির নিঃসরণ প্রাণীটিকে মাটির সাথে লেগে থাকতে এবং হড়কিয়ে চলায় সাহায্য করে। এছাড়া অঙ্কতলে অসংখ্য সিলিয়া থাকে যেগুলির সঞ্চালন প্রাণীটির গমনে সাহায্য করে।

মুখছিদ্রটি অস্বাভাবিকভাবে দেহের মাঝামাঝি অঙ্কপৃষ্ঠে অবস্থিত। মুখছিদ্রটি ভিতরে সিলিণ্ডারের ন্যায় গলবিল অংশে মুক্ত হয়। গলবিলটি মুখছিদ্র দিয়ে দেহের বাইরে প্রোবোসিসের ন্যায় বেরিয়ে আসে (চিত্র 6.1.1)।



চিত্র নং 6.1.1 & 6.1.2 : A-C প্ল্যানেরিয়া। A-পৃষ্ঠ দৃশ্য, B-পার্শ্ব দৃশ্য, C-অঙ্ক দৃশ্য, D-বাইপেলিয়াম।

মুখছিদ্রের সামান্য পিছনে অঙ্ক পৃষ্ঠে জননছিদ্র থাকে। কেবলমাত্র পরিণত প্রাণীতেই জননছিদ্র দেখা যায়।

6.4.1.4 দেহাবরণ (Body wall)

এদের দেহাবরণ এপিডারমিস, সাবএপিডারমাল গ্রন্থি, মাংসপেশী ও প্যারেনকাইমা বা মেসেনকাইম্ দিয়ে গঠিত।

1. দেহাবরণের প্রথম স্তরটি হল সিলিয়াযুক্ত একস্তরবিশিষ্ট কিউবয়ডাল (cuboidal) বা কলামনার (columnar) কোষ দিয়ে তৈরি। এই এপিডারমাল কোষগুলির মাঝে মাঝে সংবেদক কোষ ও মিউকাস-গ্রন্থি কোষ থাকে। প্ল্যানেরিয়ার এই কোষগুলির এক বিশেষ বৈশিষ্ট্য হল এতে একাধিক দণ্ডের ন্যায় রাসায়নিক নিঃসরণ থাকে। এদের বলে র‍্যাবডাইট (rhabdite)। এই র‍্যাবডাইটগুলি এপিডারমল কোষেও

থাকতে পারে আবার মেসেনকাইমে থাকতে পারে। প্রথমোক্তগুলিকে বলে এপিডারমাল র‍্যাবডাইট এবং পরেরগুলিকে বলে অ্যাড্রিনাল র‍্যাবডাইট। চোষক অঞ্চলে (adhesive zone) সিলিয়া এবং র‍্যাবডাইট থাকে না। এই র‍্যাবডাইটগুলি হড়হড়ে, পুরু, থক্‌থকে নিঃসরণ সৃষ্টি করে ফলে প্রাণীটি হড়কিয়ে চলতে পারে। এছাড়া সিস্ট তৈরিতে সাহায্য করে। একটি বেসমেন্ট মেম্বেন এপিডারমিসকে মেলেনকাইমা থে কে আলাদা করে রাখে।



চিত্র নং 6.1.2 ঃ প্ল্যানেরিয়ার পৃষ্ঠ প্রাকারের লম্বচ্ছেদের চিত্ররূপ।



চিত্র নং 6.1.3 ঃ একটি মিষ্টি জলের প্ল্যানেরিয়ার প্রস্থচ্ছেদের চিত্ররূপ।

2. *সাবএপিডারম্যাল* (subepidermal) গ্রন্থিগুলি এককোষী গ্রন্থি। এগুলি এপিডারমিসে এবং বেশিরভাগ মেসেনকাইমে থাকে। এদের লম্বাটে দেহ বাইরে মুক্ত হয় এবং মিউকাস নিঃসরণ করে।
3. *মাংসপেশী*-বেসমেন্ট পর্দার নিচে থাকে। এটি বাইরের বৃত্তাকার তন্তু এবং নিচে উলম্ব তন্তু দিয়ে তৈরি। সমস্ত মেসেনকাইম জুড়েই পৃষ্ঠ অঙ্ক পেশী ছড়ানো থাকে।
4. *মেসেনকাইমা* হল দেহত্বক ও খাদ্যনালীর মাঝের সংযোজক কলা দিয়ে তৈরি হালকা জালকাকারে বিন্যস্ত পেশী। একে প্যারেনকাইমা বা মেসেনকাইমা স্তর বলে। এই স্তরটি অ্যামিবয়েড কোষ, কিছু কিছু প্রশাখাযুক্ত স্থিরকোষ এবং রসে ভর্ত্তি থাকে।

6.4.1.5 গমন (Locomotion) এদের গমন দুভাবে হয়।

1. *সিলিয়ারী বা গ্লাইডিং* (ciliary or gliding) চলন- দেহের অঙ্ক পৃষ্ঠের গ্রন্থি থেকে পিচ্ছিল মিউকাস বের হয়ে ভিত্তির উপর একটি পিচ্ছিল স্তর গঠন করে। তার উপর দিয়ে প্ল্যানেরিয়ার সিলিয়াগুলি সঞ্চালনের ফলে প্রাণীটি ধীরগতিতে সামনের দিকে এগিয়ে চলে। এইরুপ চলনকে বলে গ্লাইডিং চলন বা হড়কিয়ে চলা।
2. *পেশীচলন* - দেহের বিভিন্ন প্রকার পেশীর সংকোচন-প্রসারণের ফলে প্রাণীটি মিউকাসের উপর দিয়ে এগিয়ে চলতে পারে। এছাড়া দেহকে বিভিন্ন ভাবে বাঁকাতেও এই পেশীর সংকোচন- প্রসারণ প্রয়োজন।

6.4.1.6 পুষ্টিতন্ত্র (Digestive System) খাদ্য সংবহনতন্ত্র মুখ, গলবিল ও অন্ত্র নিয়ে গঠিত। দেহের অঙ্কপৃষ্ঠে মাঝখানের নিচে মুখছিদ্রটি অবস্থিত। মুখছিদ্রটি একটি সিলিন্ডারের ন্যায় লম্বাটে প্রকোষ্ঠে মুক্ত হয়। এই প্রকোষ্ঠটিকে বলে গলবিলীয় প্রকোষ্ঠ (pharyngeal pouch)। গলবিলীয় প্রকোষ্ঠের গাত্র থেকে



চিত্র নং 6.1.4 ঃ প্ল্যানেরিয়ার পরিপাকতন্ত্র। চিত্র নং 6.1.5 ঃ প্ল্যানেরিয়ার রেচনতন্ত্র (বামে); একটি শিখাকোষ (ডানে)

গলবিল উৎপন্ন হয়। গলবিলটি মুখছিদ্র দিয়ে দেহের বাইরে প্রোবোসিসের ন্যায় বেরিয়ে আসতে পারে। গলবিলটি পেছনদিকে ক্ষুদ্র গ্রাসনালী বা ইসোফেগাসের সাথে যুক্ত। ইসোফেগাস অন্ত্রের সাথে যুক্ত। অন্ত্র তিনটি প্রধান ভাগে বিভক্ত হয়। এই কারণে এদের নাম ট্রাইক্লাডিডা (Tricladida)। অন্ত্রের একটি শাখা সামনে এবং বাকী দুটি শাখা দেহের পিছন দিকে গলবিলের পাশ দিয়ে বিস্তৃত। প্রত্যেক শাখা থেকে অসংখ্য পার্শ্ব প্রশাখা বা ডাইভার্টিক্যুলা (diverticula) বের হয়। অন্ত্র-শাখা ও ডাইভর্টিক্যুলাগুলির প্রান্তে কোন ছিদ্র থাকে না। গলবিল ও অন্ত্রপ্রাকারের এপিথেলিয়াম কোষস্তরে কিছু গ্রন্থিকোষ ছাড়া স্নায়ুপ্রান্ত থাকে। এই তন্ত্রটি মেসেনকাইমের মধ্যে গাঁথা থাকে (চিত্র 6.1.4)।

এদের খাদ্যতালিকায় থাকে বিভিন্ন প্রকার আণুবীক্ষণিক প্রাণী, জীবাণু, পচা মাংস ইত্যাদি। মুখ দিয়ে ভেতর থেকে বেরিয়ে আসা প্রোবোসিস দিয়ে খাদ্য গলবিলের মধ্যে আসে, সেখানে আরও ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত হয়। অন্ত্রের ক্ষুদ্র ক্ষুদ্র প্রশাখা নালীতে খাদ্য প্রবেশ করলে অন্ত্রের কোষগুলি তাদের ক্ষণপদ দিয়ে এই ক্ষুদ্র ক্ষুদ্র খাদ্যকণাগুলোকে গ্রহণ করে। কোষের মধ্যে এই খাদ্যকণাগুলির পরিপাক সম্পন্ন হয়। এই প্রকার পরিপাককে বলে অন্তঃকোষীয় পরিপাক (intracellular digestion)। এদের কোনপ্রকার পরিবহনতন্ত্র বৃদ্ধি হয়নি। পরিপাক হওয়া খাদ্যগুলি অন্ত্রগাত্রের কোষ থেকে মেসেনকাইমে স্থানান্তরিত হয়ে দেহের সকল কোষে পৌঁছায়। এদের পায়ুছিদ্র নেই। সেকারণে এদের অন্ত্রকে নিডারিয়ার সিলেনটেরন বা গ্যাস্ট্রোভাসকুলার প্রকোষ্ঠের অনুরুপ বলা যেতে পারে। অপাচ্য বস্তু মুখছিদ্র দিয়ে বাইরে বেরিয়ে যায়।

প্ল্যানেরিয়ারা অনেকদিনই খাদ্যগ্রহণ ছাড়া বাঁচতে পারে। তবে ক্রমে দেহটি তখন ছোট হতে থাকে।

6.4.1.7 শ্বসন (Respiration) এদের কোনপ্রকার বিশেষ শ্বসনঅঙ্গ নেই। দেহাবরণ দিয়ে O_2 ও CO_2 এর বিনিময় হয়। চ্যাপ্টা পাতলা দেহের সব CO_2 ও নাইট্রোজেনঘটিত বর্জ্য সহজে দেহত্বক দিয়ে ব্যাপন প্রক্রিয়ায় দেহ থেকে বের হয়ে যায়।

6.4.1.8 রেচন ও অসমোরেগুলেশন (Excretion and osmoregulation) রেচনতন্ত্রটি শাখা-প্রশাখাযুক্ত নালিকা ও শিখা কোষ বা ফ্লেমসেল দিয়ে গঠিত। দেহের দুপাশে এক থেকে চারটি করে নালী জালকাকারে বিন্যস্ত থাকে। সামনে চোখের উপরের দিকে দুপাশের শাখানালীগুলি একটি নালী দ্বারা যুক্ত থাকে। পিছনের দিকে এরা যুক্ত হয় না। এই পার্শ্বনালী থেকে অসংখ্য শাখা প্রশাখা নালিকা বের হয়, যাদের মাথায় একটি করে শিখা কোষ যুক্ত থাকে। পার্শ্ব রেচন নালীগুলি থেকে মাঝে মাঝে প্রশাখা নালী বের হয়ে দেহের পৃষ্ঠদেশে ছিদ্রপথে মুক্ত হয়। এই ছিদ্রগুলিকে রেচন ছিদ্র বা নেফ্রিডিওপোর (nephridiopore) বলে (চিত্র 6.1.5)।

শিখা কোষগুলির পাশাপাশি অংশগুলি থেকে রেচনপদার্থ শিখাকোষের মধ্যে ব্যাপন প্রক্রিয়ায় প্রবেশ করে এবং নালী পথে নেফ্রিডিওপোর দিয়ে বাইরে মুক্ত হয়। শিখা কোষগুলি দেহ থেকে রেচনপদার্থ ছাড়াও দেহের অতিরিক্ত জল বাইরে বের করে দিতে পারে। ফলে দেহের অসমোরেগুলেশনেও সাহায্য করে।

6.4.1.9 স্নায়ুতন্ত্র (Nervous System) চোখের পিছনে এপিডারমিসের নিচে একটি দুই লোবযুক্ত মস্তক বা ব্রেন থাকে। প্রাণীজগতে এই প্রথম মস্তকের ন্যায় কোন অঙ্গ দেখতে পাওয়া যায়। এইপ্রকার মস্তক সৃষ্টির প্রক্রিয়াকে বলে কেফালাইজেশান (Cephalization)। এই দুটি শিরস্নায়ুগ্রন্থি (cerebral ganglion) থেকে অসংখ্য স্নায়ুরজ্জু বেরিয়ে সামনের দিকে, পেছনের দিকে এবং পাশের দিকে বিস্তৃত হয়। দুটি মোটা

স্নায়ুরজ্জু পেছন প্রান্ত পর্যন্ত বিস্তৃত থাকে, বিশেষত **ডুগেসিয়া** (Dugesia) নামক প্ল্যানেরিয়ার ক্ষেত্রে। এই স্নায়ুরজ্জু দুটি পরস্পর অসংখ্য স্নায়ুসূত্র দিয়ে আড়াআড়ি যুক্ত হয়ে মইয়ের ন্যায় গঠন সৃষ্টি করে। এই স্নায়ুতন্ত্র থেকে সকল অঙ্গেই স্নায়ুসূত্রের সংযোগ থাকে (চিত্র 6.1.6)।



চিত্র নং 6.1.6 ঃ প্ল্যানেরিয়ার স্নায়ুতন্ত্র।



চিত্র নং 6.1.7 ঃ প্ল্যানেরিয়ার চোখের প্রস্থচ্ছেদের চিত্ররূপ।

6.4.1.10 জ্ঞানেন্দ্রিয় (Sense organ) সিলিয়াযুক্ত খাঁজ গহ্বর এবং চোখ বা ওসেলিগুলি হল জ্ঞানেন্দ্রিয়।

1. **সিলিয়াযুক্ত খাঁজ** ও গহ্বরগুলি মস্তক অঞ্চলে অবস্থিত এবং **কেমোরিসেপটার** (Chemoreceptor) বা রসায়ন বা সংবেদী অঙ্গ। এই অঙ্গাগুলিতে গ্রন্থিকোষ ও র‍্যাবডাইট থাকে না। এগুলি গোলাকার গর্তবিশেষ, সিলিয়াযুক্ত এবং স্নায়ুতন্তুযুক্ত। এগুলি সাধারণতঃ স্থল প্ল্যানেরিয়ার দেহে থাকে এবং খাদ্যের উপস্থিতি উপলব্ধিতে সাহায্য করে।

2. **চক্ষু বা ওসেলাস** (Ocellus) - মাথার উপরে দুটি কালো দাগ থাকে, একে বলে চোখ বা চক্ষু। চক্ষু দুটি উল্টানো কাপের মত। প্রতি চক্ষু কতকগুলি রঞ্জক কোষ দিয়ে তৈরি। কিছু আলোক সংবেদী ও কিছু স্নায়ু সংবেদক কোষ দিয়ে কাপের মত অঞ্চল তৈরি হয়েছে যেগুলি এর ছিদ্রপথে বাইরের সাথে যুক্ত। এই **আলোকসংবেদী** (photoreceptive) বা রেটিন্যাল কোষগুলি দ্বিমেরু সমন্বিত যাদের বাইরের দিকের চ্যাপ্টা প্রান্তগুলি ডোরাযুক্ত এবং বাইরে মুক্ত হয়। ভিতরের দিকে প্রান্তগুলি কেন্দ্রীয় স্নায়ুর সঙ্গে যুক্ত। এই

চোখ আলোর পার্থক্য বুঝতে পারে কিন্তু কোনপ্রকার প্রতিবিম্ব সৃষ্টি করতে পারে না (চিত্র 6.1.7)।

6.4.1.11 প্রজননতন্ত্র (Reproductive System) ডুগেসিয়া নামক প্ল্যানেরিয়ার প্রজনন সম্পন্ন হয় যৌন, অযৌন এবং পুনরুৎপাদন প্রক্রিয়ায়।

6.4.1.11.1 যৌন জনন- গ্রীষ্মের প্রথমদিকে যৌন জননের জন্য সাময়িকভাবে ডুগেসিয়ার জনন অঙ্গগুলির বৃদ্ধি ও পরিণতি ঘটে। এরা উভলিঙ্গ প্রাণী। কিন্তু এদের পরনিষেক হয়। মেসেনকাইমে মুক্ত কোষগুলি থেকে জনন কোষগুলি বৃদ্ধি পেয়ে একটি নির্দিষ্ট স্থানে বর্ধিত হয় এবং গ্যামেটোজেনেসিস প্রক্রিয়ায় জনন কোষ উৎপন্ন করে। জনন ঋতুর শেষে জনন অঙ্গ অবলুপ্ত হয়। জনন ঋতুর পরে এরা অযৌন জনন প্রক্রিয়ায় বংশবৃদ্ধি করে।

6.4.1.11.1.1 স্ত্রীজনন অঙ্গ ঃ ডুগেসিয়ার স্ত্রীজননতন্ত্র একজোড়া ছোট গোল ডিম্বাশয়, ওভোভাইটেলাইন নালী ও ডিম্বনালী দিয়ে গঠিত। ডিম্বাশয় দুটি মস্তকের পিছনে দুপাশে অবস্থিত। প্রত্যেক ডিম্বাশয় থেকে একটি করে ওভোভাইটেলাইন নালী উদ্ভুত হয়ে দেহের দুপাশ দিয়ে পেছন পর্যন্ত বিস্তৃত হয় এবং দুপাশের নালী দুটি একসাথে মিলে একটি সাধারণ ওভোভাইটেলাইন নালী গঠন করে। এই সাধারণ নালীটি মুখের সামান্য নিচে জনন প্রকোষ্ঠ বা জেনিট্যাল এট্রিয়ামে মুক্ত হয়। উৎপত্তি স্থানের সামান্য নিচেই ডিম্বনালীদ্বয় সামান্য স্ফীত হয়। এই স্ফীত অঞ্চলকে বলে **সেমিন্যাল রিসেপ্টাকল্** (Seminal receptacle) বা শুক্রসঞ্চয়ী থলি। ডিম্বনালীর দৈর্ঘবরাবর অসংখ্য থলির মতো উপবৃদ্ধি ও গ্রন্থি থাকে। এদের বলে কুসুমগ্রন্থি বা ভাইটেলাইন গ্রন্থি। এই গ্রন্থিগুলিতে উৎপাদিত কুসুম কোষ সরাসরি ডিম্বকনালীতে মুক্ত হয়। অসংখ্য সিমেন্ট গ্রন্থিও ডিম্বনালীতে মুক্ত হয়। একটি লম্বা গদাকৃতির **সংগম বার্সা** (Copulatory bursa) জনন প্রকোষ্ঠে মুক্ত হয়। একটি মাংসল থলিও জনন প্রকোষ্ঠে মুক্ত হয়।



চিত্র নং 6.1.8 ঃ প্ল্যানেরিয়ার জননতন্ত্রের চিত্ররূপ।

6.4.1.11.1.2 পুরুষ জননঅঙ্গ ঃ ডুগেসিয়ার দেহের দুপাশের অঞ্চলে অসংখ্য ছোট থলির ন্যায় শুক্রাশয় থাকে। প্রতি শুক্রাশয় থেকে একটি করে নালিকা (vas efferens) উৎপন্ন হয়ে **শুক্রনালী বা স্পার্মডাক্ট** (Spermduct) বা ভাস ডিফারেন্স এ মুক্ত হয়। প্রতি পাশের শুক্রাশয় নালী পিছনের দিকে থলির মত **শুক্রাশয় থলি** (seminal vesicle) গঠন করে। এই থলির মধ্যে শুক্র জমা থাকে। দুপাশের দুটি শুক্রাশয় থলি মুখের ঠিক পেছনে মিলিত হয় এবং একটি পুরুপ্রাকার বিশিষ্ট **সিরাস বা শিশ্নে** মুক্ত হয়। শিশ্নের দুটি অংশ—পেশী গ্রন্থিল অংশ এবং পেশীবহুল অংশ। প্রথমাংশকে বলে **পেনিস বাল্ব** (penis bulb)। এর মধ্যে প্রোস্টেট গ্রন্থি থাকে। পরবর্তী অংশটি পেনিস প্যাপিলা সৃষ্টি করে। এই অংশ জননপ্রকোষ্ঠে মুক্ত হয় এবং সংগমের সময়ে সাধারণ জননছিদ্র দিয়ে প্রবিষ্ট হয় (চিত্র 6.1.8)।

6.4.1.11.1.3 নিষেক—সংগমের সময় দুটি প্ল্যানেরিয়া পিছনের দিক কাছাকাছি আনে, মাথা দুটি দুদিকে থাকে। দুটি প্রাণীর জননছিদ্র দুটি একসাথে মিলিত হয়। একটি প্রাণীর পেনিসপ্যাপিলা অন্য প্রাণীর জননছিদ্র দিয়ে প্রবিষ্ট হয়ে **কপুলেটরী বার্সার** মধ্যে প্রবেশ করে। অন্যপ্রাণীটির ক্ষেত্রে এরুপ হয় এবং উভয়েই শুক্র নিঃসরণ করে। শুক্রাণুগুলি কপুলেটরী বার্সায় সাময়িক সঞ্চয় থাকে। ক্রমে সামনের দিকে শুক্রথলিকায় পৌঁছায়। ডিম্বাণু নিঃসৃত হয়ে শুক্রথলিকা বা সেমিন্যাল রিসেপ্টাকল-এ পৌঁছায় এবং শুক্রাণুর দ্বার নিষিক্ত হয়। এইপ্রকার নিষেককে বলে **আভ্যন্তরীন নিষেক** (internal fertilization)। নিষিক্ত ডিম্বক বা জাইগোট ক্রমে ডিম্বনালীর মধ্যে নিচের দিকে সঞ্চালিত হয়। এই সময়ে ডিম্বকনালীর মধ্যে নিঃসৃত কুসুম কোষগুলি ডিম্বকের সাথে সাথে সঞ্চালিত হয়। ডিম্বক ও কুসুমকোষগুলি জনন প্রকোষ্ঠে পৌঁছানোর পরই একটি খোলকে আবৃত হয়। তখন একে **ককুন বা ক্যাপস্যুল** বলে। এই ক্যাপস্যুলগুলি জননছিদ্র দিয়ে বাইরে আসে এবং নুড়ি, পাথর ইত্যাদির তলায় প্রক্ষিপ্ত হয়। এক একটি ক্যাপস্যুলের মধ্যে অনেক ডিম্বক থাকে এবং তাদের ঘিরে হাজার হাজার কুসুম কোষ থাকে। কুসুম কোষগুলি ভ্রুণের খাদ্য যোগায়। এক একটি জনন ঋতুতে প্রাণীরা অনেকবার সঙ্গমে লিপ্ত হয় এবং কিছুদিন বাদে বাদে এভাবে ককুন পাড়ে।



চিত্র নং 6.1.9 ঃ প্ল্যানেরিয়া ; A- সঙ্গমের প্রথমাবস্থা, B- সঙ্গমরত C-সবৃন্ত ক্যাপস্যুল থেকে শিশু প্ল্যানেরিয়ার বহির্গমন।

6.4.1.11.1.4 বৃদ্ধি— এদের বৃদ্ধি প্রত্যক্ষ। কোন লার্ভাদশা থাকে না। এদের ডিম্বকগুলির বাইরে কুসুম থাকে বলে এরুপ ডিম্বকগুলিকে বলে **এক্টোলেসিথ্যাল** (ectolecithal) বা **এনটোল্যাসিথ্যাল** (entolecithal)। এদের ক্লিভেজ স্পাইর‍্যাল বা প্যাঁচানো প্রকারের। ডুগেসিয়ার ক্ষেত্রে কিছু ব্ল্যাস্টোমিয়ার চ্যাপ্টা হয়ে বহিরাবরণ সৃষ্টি করে এবং অবশিষ্ট ব্ল্যাস্টোমিয়ার ও কুসুম কোষগুলিকে ঘিরে ফেলে। কিছু ব্লাস্টোমিয়ার ভ্রুণীয় গলবিল

সৃষ্টি করে। ব্লাস্টোমিয়ারগুলির পুনঃ পুনঃ বিভাজনের পর এগুলি তিনটি দলে বিভক্ত হয়। সবচেয়ে ভেতরের দলটি এন্ডোডার্মের সমান এবং অন্ত্রসৃষ্টি করে। কেন্দ্রীয় দলটি এক্টোডার্মের সমতুল এবং স্নায়ুতন্ত্র সৃষ্টি করে। অবশিষ্ট দলটি মেসেনকাইম গঠন করে এবং পেশী, গ্রন্থি কোষ ও জননাঙ্গ গঠন করে। দু-তিন সপ্তাহ পরে ভ্রুণটি একটি ক্ষুদ্র প্ল্যানেরিয়ার সৃষ্টি করে। একটি ককুন থেকে এরকম অসংখ্য ক্ষুদ্র প্ল্যানেরিয়ার সৃষ্টি করে। একটি ককুন থেকে এরকম অসংখ্য ক্ষুদ্র প্ল্যানেরিয়া বেরিয়ে আসে (চিত্র 6.1.11)।



চিত্র নং 6.1.11 ঃ প্ল্যানেরিয়ার পুনরুৎপাদন;
A-ত্রিখন্ডিত করার পর পুনরুৎপাদন প্রক্রিয়ায় তিনটি সম্পূর্ণ প্ল্যারেরিয়ার সৃষ্টি, B-মস্তকে চ্ছেদ দেওয়ার পর দুটি প্ল্যানেরিয়ার পুনরুৎপাদন ; C- অনেক মস্তক সৃষ্টি বা হেটোরোমরফোসিস।

6.4.1.11.2 অযৌন জনন (Asexual reproduction) অযৌন জননে দেহটি আড়াআড়ি গলবিলের নিচে সংকুচিত হয় এবং ক্রমে দুভাগে ভাগ হয়ে দুটি প্রাণী সৃষ্টি করে। দুভাগে ভাগ হওয়ার পরেই দুটি অর্ধ অবশিষ্ট অংশ সৃষ্টি করে দুটি পূর্ণাঙ্গ প্রাণীর সৃষ্টি করতে পারে। একটি পরীক্ষায় দেখা গেছে তিনটি প্ল্যানেরিয়া ক্রমাগত দ্বিধাবিভক্ত হয়ে 18 সপ্তাহে 66 টি পরিণত প্রাণী সৃষ্টি করতে পারে। এই প্রাণীদের কারও মধ্যে কোনরুপ যৌন জননের প্রবনতা দেখা যায়নি।

6.4.1.11.3. পুনরুৎপাদন (Regeneration) সকল প্ল্যানেরিয়ারই অস্বাভাবিক পুনরুৎপাদন ক্ষমতা আছে। যদি একটি প্ল্যানেরিয়ার মাঝামাঝি কেটে দেওয়া হয় তাহলে সামনের অংশ লেজ অংশ সৃষ্টি করে নেয় এবং লেজ অংশ মস্তকের দিক সৃষ্টি করে নিতে পারে। যদি তিন অংশে ভাগ করে দেওয়া হয় তাহলে মধ্য অংশ লেজ ও মস্তক উভয় অংশই সৃষ্টি করে নিতে পারে। যদি সামনের দিক লম্বালম্বিভাবে অনেকগুলি অংশে কেটে দেওয়া হত তাহলে প্রাণীটি অনেকগুলি মস্তকবিশিষ্ট দৈত্য সৃষ্টি করতে পারে। এই প্রক্রিয়াকে বলে **হেটোরোমরফসিস** (heteromorphosis)। যদি কোন পরিণত প্রাণীর গলবিল ও সঙ্গম অঙ্গের মাঝে বিচ্ছিন্ন করা হয় তাহলে এর জননঅঙ্গ অবলুপ্ত হয় এবং প্রতিখণ্ড একটি করে অযৌনদেহ, সৃষ্টি করে। যদি মস্তকের একটু অংশ কেটে নিয়ে পেছনের কোন অংশে স্থাপন করা হয় তাহলে দেখা যাবে একটি মস্তক সৃষ্ট হয়েছে। এইভাবে মধ্যবর্তী কোষ বা ইন্টারস্টিসিয়াল কোষগুলির কাজের ফলে দেহের অবশিষ্টাংশ সৃষ্টি করে নেওয়ার প্রক্রিয়াকে বলে পুনরুৎপাদন বা রিজেনারেশান।

6.4.2.0 প্রতীক প্রাণী 2 ঃ *যকৃৎ কৃমি (Liver fluke)*

বৈজ্ঞানিক নাম - *Fasciola hepatica ফেসিওলা হেপাটিকা*

পর্ব - প্ল্যাটিহেলমিনথিস (Phylum - Platyhelminthes), শ্রেণী - ট্রিমাটোডা (Class - Trematoda), বর্গ - ডাইজেনিয়া (Order - Digenea), গণ - ফ্যাসিওলা (Genus - Fasciola), প্রজাতি - হেপাটিকা (Species - hepatica)

6.4.2.1 বৈশিষ্ট্য ঃ

পর্ব - প্ল্যাটিহেলমিনথিস

1. দেহ-দ্বি-পার্শ্বীয় প্রতিসম, ট্রিপ্লোব্লাস্টিক, সিলোমহীন, নরম, পাতার ন্যায় চ্যাপ্টা, খণ্ডকবিহীন।
2. সুনির্দিষ্ট সংহবনতন্ত্র ও শ্বসনতন্ত্র নাই।
3. উভলিঙ্গ প্রাণী। রেচনতন্ত্রে ফ্লেম সেল বা শিখা কোষ থাকে।

শ্রেণী-ট্রিমাটোডা

1. দুইটি সাকার বা চোষক আছে; একটি মুখের চারদিকে ঘিরে থাকে। একে বলে ওরাল সাকার, অপরটি পশ্চাৎ প্রান্তে অথবা অঙ্কীয় মধ্য দেশে থাকে। একে বলে পশ্চাৎ চোষক বা অ্যাসিটাব্যুলাম।
2. দেহাবরণ নরম, সিনসাইটিয়ামযুক্ত ও বিশেষণক্ষম।
3. পৌষ্টিক নালীতে পায়ু নেই।
4. এরা সকলেই পরজীবী।

বর্গ - ডাইজেনিয়া

1. এরা অন্তঃপরজীবী।
2. জীবনচক্র জটিল। দুই বা ততোধিক গৌণপোষক থাকে। লার্ভা দশা চার প্রকার। প্রথম গৌণ পোষক অবশ্যই জলজ শামুক।

6.4.2.2 পরিচিতি (General Introduction)ঃ যকৃৎ কৃমির দেহ পাতার ন্যায় চ্যাপ্টা বলে ইংরাজীতে একে **'ফ্লুক'** (fluke) বলে। এই শ্রেণীর প্রাণীদের দেহে তিনটি ছিদ্র থাকে। দেহের অগ্রপ্রান্তে থাকে মুখছিদ্র। এর পশ্চাতে অঙ্কীয় চোষকের সামনে থাকে জনন ছিদ্র এবং পশ্চাৎ প্রান্তে থাকে রেচনছিদ্র। এরা ভেড়ার পিত্তনালীতে অন্তঃপরজীবী হিসাবে বসবাস করে। সেকারণে এদের **লিভার ফ্লুক** বলে। এরা যকৃতে বসবাস করে এবং **লিভার রট** (liver rot) নামক রোগ সৃষ্টি করে । ভেড়া ছাড়া, গবাদি পশু, ছাগল, গাধা, ঘোড়া, খরগোস, হাতি এমনকি মানুষেরও এই সংক্রমন হতে পারে। এরা পোষকের পিত্ত ও রক্ত খাদ্য হিসাবে গ্রহণ করে। এদের জীবনচক্র সম্পূর্ণ করতে জলজ শামুকের প্রয়োজন হয়। জলচর শামুকটির নাম লিমনিয়া ট্র্যাঙ্কেটুলা (Lymmaea truncatula) । লিমনিয়ার দেহে লার্ভাদশাগুলির বৃদ্ধি হয়। অযৌন জনন প্রক্রিয়ায় এই গৌণ পোষকের দেহে এদের সংখ্যায় বৃদ্ধি পায়। এইরুপ বৃদ্ধিকে বলে পলিএম্ব্রায়নি (polyembryony)।

ডেব্রি (De Brie) 1379 খ্রীস্টাব্দে প্রথম যকৃৎ কৃমির বিবরণ দেন। এটিই প্রথম কোন চ্যাপ্টা কৃমির লিপিবদ্ধ বিবরণ। সারাবিশ্বেই বিশেষ করে ভেড়া বা গবাদি পশুর চারণভুমি আছে এরকম স্থানে এদের অধিক পাওয়া যায়। মানুষের সংক্রমণের ইতিহাস সারা বিশ্বেই আছে। পার্তরিকো থেকেই 50 টি সংক্রমণের ঘটনা জানা গেছে।

6.4.2.3 বহিরাকৃতি (External Feature) ঃ যকৃৎ কৃমির দেহ ফিকে গোলাপী বর্ণের, কোমল পাতার মতো, দ্বি-পার্শ্বীয় প্রতিসম, খণ্ডকবিহীন, সম্মুখভাগ ও পশ্চাদ্‌ভাগ সরু ও মধ্যভাগ প্রশস্ত। সম্মুখ ভাগের সরু শাঙ্কবাকৃতি অংশটিকে বলে **শিরশঙ্কু** বা Cephalic Cone। এর মাঝে থাকে মুখছিদ্র। মুখছিদ্রকে বেষ্টন করে থাকে ওরাল সাকার (Oral sucker) বা মৌখিক চোষক। এই চোষকটির 3-4 মিমি পিছনে দেহের অঙ্কদেশে আর একটি বড় চোষক থাকে। এর নাম পশ্চাৎচোষক (posterior sucker) বা **অ্যাসিটাবুলাম** (Acetabulum) বা **অঙ্ক চোষক** (Ventral sucker)। চোষকদুটির পরিমাপ যথাক্রমে প্রায় 1.0 ও 1.6 মিমি। যকৃৎ কৃমি লম্বায় 18 থেকে 51 মিমি। এবং মধ্যভাগের বেড় 4 থেকে 15 মিমি অ্যাসিটাবুলামটি কাপের ন্যায় মাংসল ও ছিদ্রবিহীন। এটি কৃমিকে পিত্তনালীর প্রাকারে আটকে থাকতে সাহায্য করে। চোষক দুটির মাঝে জনন ছিদ্র থাকে। দেহের পশ্চাৎ প্রান্তে পৃষ্ঠদেশে আর একটি ছিদ্র থাকে।



চিত্র নং 6.2.1 ঃ লিভার ফ্লুকের বহিরাকৃতি

একে বলে রেচন ছিদ্র। জনন ঋতুতে পৃষ্ঠদেশে সাময়িকভাবে একটি ছিদ্রপথ সৃষ্টি হয়। একে বলে **লরার নালীর ছিদ্র পথ** (Laurer's canal opening) (চিত্র 6.2.10)।

6.4.2.4 দেহাবরণ (Tegument) ঃ দেহাবরণটি দুটি স্তর দিয়ে গঠিত। বাইরের স্তরটি একটি সাইটোপ্লাজম সমন্বিত সিনসাইটিয়াম (Syncitium) স্তর। এই স্তরটি অন্তস্তরের সাথে সাইটোপ্লাজম রজ্জু দিয়ে যুক্ত। অন্তঃস্তরটিতে নিউক্লিয়াস যুক্ত কোষ বা সাইটন থাকে। দুটি স্তরের মাঝে থাকে পেশীস্তর। একে বলে **বেসাল ল্যামিনা**। বহিঃস্তরের বাইরে একটি ত্রি-এককস্তরীয় আবরণী থাকে। এই প্লাজম পর্দাটি থেকে মাইক্রোভিলি উৎপন্ন হয়। সিনসাইটিয়াম স্তরে মাইটোকন্ড্রিয়া, রাইবোজোম, গলগিবস্তু, এন্ডোপ্লাজমিক রেটিকুলাম ছাড়া নানাপ্রকার ক্ষরিত, সঞ্চিত ও শোষিত পদার্থ থাকে।

দেহকে বাইরের আঘাত থেকে রক্ষা ছাড়াও দেহাবরণ (i) পুষ্টির শোষণ, (ii) বিভিন্ন বস্তুর সংশ্লেষ ও ক্ষরণ, (iii) অসমোরেগুলেশন ও রেচন এবং (iv) সংবেদন গ্রহণে অংশগ্রহণ করে। দেহাবরণের বাইরের স্তরে গ্লাইকোক্যালিক্স নামক শর্করাজাতীয় বস্তুর স্তর থাকে। এই স্তরটি পোষক প্রাণীর জারক রস থেকে এই পরজীবীদের সুরক্ষা করে। আবরণীতে অনেক সময় কন্টক, প্যাপিলা এবং ক্ষুদ্র ক্ষুদ্র সংবেদন অঙ্গ থাকে।



চিত্র নং 6.2.2 ঃ লিভার ফ্লুকের দেহাবরণের প্রস্থচ্ছেদের ইলেকট্রন আণুবীক্ষনিক চিত্ররুপ।



চিত্র নং 6.2.3 ঃ লিভার ফ্লুকের প্রস্থচ্ছেদের চিত্ররুপ।

বেসাল ল্যামিনা তিনটি পেশীস্তর দিয়ে গঠিত। বাইরের দিক থেকে প্রথম স্তরটি বৃত্তাকার পেশীর। এর সংকোচনের ফলেই দেহটি লম্বা হয়। বৃত্তাকার পেশীর পরের স্তরটি হ'ল উলম্ব পেশী স্তর। এই স্তরের সংকোচনের ফলে দেহের পরিধি বৃদ্ধিপায়, দেহটি হ্রস্ব হয়। একেবারে ভিতরের স্তরটি হল তির্যক পেশীস্তর। বহিরাবরণ ও এন্ডোডার্মের মধ্যস্থলটি অসংবদ্ধ প্যারেনকাইমা কলা দিয়ে পূর্ণ থাকে। এই প্যারেনকাইমা কলায় আভ্যন্তরীন অঙ্গসমূহ গ্রথিত থাকে।

6.4.2.5 পৌষ্টিকতন্ত্র (Alimentary system) ঃ যকৃৎ কৃমির পৌষ্টিকতন্ত্র অপেক্ষাকৃত সরল এবং মুখছিদ্র ও খাদ্যনালী লইয়া গঠিত।

মুখছিদ্রটি শিরশঙ্কুর মধ্যস্থলে অঙ্কদেশে অবস্থিত এবং মৌখিক চোষক দ্বারা বেষ্টিত। এটি একটি অতি ক্ষুদ্র চুঙ্গির ন্যায় মুখবিবরে মুক্ত হয়। মুখবিবর গলবিলের সঙ্গে যুক্ত হয়। গলবিলটি গোলাকার পুরু মাংসল প্রাকারযুক্ত। প্রাকারে কিছু পরিমান গ্রন্থি থাকে। গলবিলের অপরপ্রান্তে গ্রাসনালীর সঙ্গে যুক্ত। গ্রাসনালীর প্রাকার পাতলা এবং এটি একটি খুবই ক্ষুদ্র অংশ। গ্রাসনালী অন্ত্রের সঙ্গে যুক্ত হয়। অন্ত্রটি দুভাগে বিভক্ত। অন্ত্র দুটি বৃহদাকার, শাখান্বিত থলিকার ন্যায় ডান বাম লোবে বিভক্ত। প্রতিটি আন্ত্রিক থলি পুনরায় অনেকগুলি শাখা-প্রশাখা সৃষ্টি করে দেহের পশ্চাৎপ্রান্ত পর্যন্ত বিস্তৃত। এইপ্রকার অসংখ্য শাখা-প্রশাখা সমন্বিত সিকাম থাকায় দেহে খাদ্য পরিবেশন ও পরিপাক ক্রিয়ার সুবিধে হয়েছে। খাদ্যনালীর মধ্যে পরিপাক হওয়া পুষ্টি শোষিত হয় খাদ্যনালী প্রাকারে। এদের পায়ুছিদ্র নেই। তাই অশোষিত বর্জ্যবস্তু মুখছিদ্র পথে বাইরে বেরিয়ে যায়।



চিত্র নং 6.2.4 ঃ ফ্যাসিওলার খাদ্যনালীতন্ত্র।

যকৃৎ কৃমি পিত্তনালীর মধ্যে বসবাস করে। এদের গলবিলের চোষক ক্ষমতা থাকায় কোষের অংশ, ক্ষরিত রসসমূহ, পিত্ত, রক্ত, লসিকা ইত্যাদি শোষন করে। পৌষ্টিকনালীর থেকে শোষিত পুষ্টির উপযোগী খাদ্যবস্তু গ্লাইকোজেন এবং চর্বিরুপে দেহের মধ্যে মজুত থাকে। তরল বর্জ্যবস্তু ব্যপন প্রক্রিয়ায় প্যারেনকাইমা কোষস্তরে এসে জমা হয়।

যকৃৎ কৃমির বহিরাবরণও সক্রিয়ভাবে পুষ্টি শোষণে সাহায্য করে। দেহাবরণ থেকে নিঃসৃত বিভিন্ন উৎসেচকের ক্রিয়ায় দেহের বাইরেই পোষক কলার অংশ বিশেষের জারণ ক্রিয়া শুরু হয়। এই প্রকার অর্ধজারিত বা পূর্ণজারিত পুষ্টি যকৃৎ কৃমির আবরণ দিয়ে শোষিত হয়।

6.4.2.6 রেচন (Exeretion) ঃ দেহের অক্ষরেখা বরাবর বিস্তৃত একটি রেচননালী এবং এর থেকে দেহের দুপাশে বিস্তৃত অনুদৈর্ঘ্য কতকগুলি নালিকা ও তাদের শাখা-প্রশাখা নিয়ে রেচন অঙ্গ গঠিত। দেহের অক্ষরেখা বরাবর যে নালিটি বিস্তৃত তাকে বলে **প্রোটোনেফ্রিডিয়াল নালি** (Protonephridial duct)। এই নালিটি দেহের পশ্চাৎভাগে মধ্য অঙ্কীয় অঞ্চলে একটি রেচন ছিদ্রের মাধ্যমে বাহিরে মুক্ত হয়। রেচননালীর সম্মুখ অঞ্চল থেকে 4টি শাখা নালি বের হয়েছে। রেচননালী থেকে শাখা নালি এবং শাখা নালী থেকে অনেক প্রশাখা নালিকা বের হয়। এই সূক্ষ্ম সূক্ষ্ম প্রশাখা নালিকার মাথায় একটি করে ফ্লেম কোষ বা শিখা কোষ যুক্ত থাকে। ফ্লেম কোষগুলি বড় বড় সিলিয়াবিশিষ্ট নিউক্লিয়াস সমন্বিত এক একটি বড় কোষ। এর মাঝখানে ফাঁপা অঞ্চল থাকে। এই কোষ প্যারেনকাইমা থেকে তরল রেচন পদার্থ শোষন করে। রেচনপদার্থ ক্রমে প্রশাখা ও রেচননালীতে এসে জমা হয় এবং রেচন ছিদ্রের মাধ্যমে বাইরে মুক্ত হয়।



চিত্র নং 6.2.5 ঃ ফ্যাসিওলার রেচনতন্ত্রের বিন্যাস (বামে); একটি শিখা কোষ (ডাইনে)।

6.4.2.7 স্নায়ুতন্ত্র (Nervous system) ঃ যকৃৎ কৃমির স্নায়ুতন্ত্র যথেষ্ট সুগঠিত এবং নিডারিয়া পর্বের প্রাণীদের থেকে উন্নত। গ্রাসনালীকে ঘিরে স্নায়ু অঙ্গুরীর সৃষ্টি হয়েছে। একে বলে **সেরিব্রাল রিং** (cerebral ring) বা **শির অঙ্গুরী**। এই শিরঅঙ্গুরীর পৃষ্ঠ-পার্শ্বীয় ভাগে একজোড়া শির-গ্রন্থি (cerebral ganglion) ও অঙ্কদেশে একটি অঙ্কীয় স্নায়ু গ্রন্থি আছে। এই **শির-স্নায়ুগ্রন্থিকে** মস্তিষ্কও বলা যায়। এই গ্রন্থিগুলি থেকে তিনজোড়া স্নায়ুরজ্জু লম্বালম্বিভাবে দেহে পশ্চাদ্ ভাগ পর্যন্ত বিস্তৃত হয়েছে। পৃষ্ঠীয়, অঙ্কীয় ও পার্শ্বীয়। এদের মধ্যে পার্শ্বীয় স্নায়ুরজ্জু জোড়া বিশেষ সুগঠিত। লম্বা স্নায়ুরজ্জুগুলি পরস্পরের সঙ্গে কতকগুলি অনুপ্রস্থ শাখা স্নায়ুর দ্বারা যুক্ত। প্রতিটি স্নায়ুরজ্জু থেকে কতগুলি শাখা স্নায়ু বের হয়ে বিভিন্ন অঙ্গে বিস্তৃত থাকে। অধিকাংশ স্নায়ুকোষই দ্বিমেরু বিশিষ্ট। দেহের সামনের দিকে শিরঅঙ্গুরী থেকে ছোট ছোট স্নায়ু বের হয়ে বিস্তৃত হয়।



চিত্র নং 6.2.6 ঃ ফ্যাসিওলা কৃমির স্নায়ু বিন্যাস।



চিত্র নং 6.2.7 ঃ ফ্যাসিওলার কৃমির পুরুষ ও স্ত্রী জনন অঙ্গের বিন্যাস।

যকৃৎ কৃমির সুনির্দিষ্ট জ্ঞানেন্দ্রিয়ের কথা জানা নেই। তবে, সারা দেহে চর্মের উপর ইতস্ততঃ বিক্ষিপ্ত স্পর্শবোধক (tactile) অঙ্ক বা ট্যাঙ্গোরিসেপটর (tangoreceptor) থাকে। শাখা ও প্রশাখা স্নায়ুর প্রান্তগুলি বাল্‌বের ন্যায় স্ফীত হয়ে এগুলি গঠিত।

6.4.2.8 শ্বসনতন্ত্র (Respiratory System) ঃ যকৃৎ কৃমির অবাত শ্বসন হয়। এই প্রক্রিয়ায় গ্লাইকোজেনের গ্লাইকোলিসিসের ফলে কার্বন ডাই-অক্সাইড ও ল্যাকটিক অ্যাসিড উৎপন্ন হয়। এই প্রক্রিয়ায় উৎপন্ন CO_2, দেহত্বক দিয়ে বেরিয়ে যায় আর ল্যাকটিক অ্যাসিড্ রেচন তন্ত্র দিয়ে বেরিয়ে যায়।

6.4.2.9 জননতন্ত্র (Reproductive system) ঃ যকৃৎ কৃমি উভলিঙ্গ মনোএসিয়াস (monoecious) বা হারমোফ্রোডাইট (hermaphrodite) প্রাণী। এদের স্ত্রী পুরুষ ভেদ নেই। একই দেহে স্ত্রী ও পুরুষ উভয় জননাঙ্গই আছে।

6.4.2.9.1 পুরুষ জননতন্ত্র (Male reproductive system) ঃ এই জননতন্ত্র একজোড়া শুক্রাশয়, একজোড়া শুক্রনালী, শুক্রথলি বা সেমিন্যাল ভেসিকল্ , ক্ষেপননালী বা ইজাকুলেটারী নালী এবং সিরাস বা শিশ্ন দিয়ে গঠিত।

1. **শুক্রাশয় (Testis)** - শুক্রাশয় দুটি অত্যন্ত শাখা-প্রশাখা সমন্বিত এবং একটি অপরটির পিছনে অবস্থিত। এই শুক্রাশয় দুটি দেহের মধ্যভাগ ও পশ্চাৎভাগের অধিকাংশ অঞ্চল জুড়ে অবস্থিত। শুক্রাশয়ে শাখা নালিকাগুলির ভিতরের গায়ের কোষগুলি থেকে শুক্র (Spermatozoa) উৎপন্ন হয়।

2. **শুক্রনালী (Vasa deferensia)** - প্রত্যেক শুক্রাশয় থেকে একটি করে সরু ক্ষীণ শুক্রনালী বা স্পার্মডাক্ট বা ভাসডিফারেন্স বের হয়ে সামনের দিকে গিয়ে অ্যাসিটাব্যুলামের নিকটবর্তী অঞ্চলে দুপাশের দুটি একত্রে মিলিত হয়। এই মিলনস্থলটি স্ফীত হয়ে একটি দীর্ঘাকার পেশীময় থলিকা গঠন করে। এই থলিকাটিকে বলে শুক্রথলি বা **সেমিন্যাল ভেসিকল্** (Seminal vesicle) । এই সেমিন্যাল ভেসিকল্-এ শুক্র সাময়িকভাবে জমা থাকে (চিত্র 6.2.8)।

3. **ক্ষেপন নালি (Ejaculatory duct) ও শিশ্ন (penis) বা সিরাস (cirrus) ঃ**

সেমিন্যাল ভেসিকল্ থেকে অতি সূক্ষ্ম ও অতিশয় পাকানো একটি নালিকা উদ্ভুত হয়ে শিশ্নের সাথে যুক্ত হয়। একে ক্ষেপন নালী বা ইজাকুলেটারী নালি বলে। এই নালিকে ঘিরে অসংখ্য সূক্ষ্ম এককোষী গ্রন্থি থাকে। একে বলে **প্রস্টেট গ্রন্থি** (prostate gland)। এই গ্রন্থির ক্ষরিত রস ক্ষেপন নালিতে এসে পড়ে। **সিরাস বা শিশ্ন** একটি পেশীময় অঙ্গ। এটি সংগম অঙ্গ হিসাবে ব্যবহৃত হয়। **সিরাস জনন গহ্বরে** (genital atrium) মুক্ত হয়। শিশ্ন, সেমিন্যাল ভেসিকল ও প্রোস্টেটগ্রন্থি একটি সাধারণ আবরণী দিয়ে আবৃত থাকে। এই আবরণীকে বলে **সিরাস স্যাক** (cirrus sac) বা সিরাস আবরণী (চিত্র 6.2.8)।

4. **জনন গহ্বর (Genital atrium)**- পুরুষ ও স্ত্রী উভয় জনন অঙ্গগুলি সিরাস থলির সামনে একটি সাধারণ স্থানে মিলিত হয়, একে বলে জননগহ্বর বা জেনিট্যাল এট্রিয়াম। এই জনন গহ্বরটি অ্যাসিট্যাব্যুলামের সামনে অঙ্কদেশে একটি সাধারণ জনন ছিদ্রপথে বাহিরে মুক্ত হয়।

6.4.2.9.2 স্ত্রী জননতন্ত্র (Female reproductive organ) ঃ ফ্যাসিওলার স্ত্রীজননতন্ত্র একটি ডিম্বাশয়, ইউটেরাস, কুসুম গ্রন্থি, মেহলিস গ্রন্থি ও লরার নালি দিয়ে গঠিত।

1. **ডিম্বাশয় (Ovary)** - ডিম্বাশয়টি নালিকাকার, অতিশয় শাখান্বিত, দেহের সম্মুখ অংশের দক্ষিণভাগে অবস্থিত। এই নালিকাগুলির গায়ের কোষগুলি থেকে ডিম্বক উৎপন্ন হয়। ডিম্বাশয় থেকে সরু নালি উৎপন্ন হয়, একে বলে ডিম্বনালি বা ওভিডাক্ট (oviduct)।

2. ঊটাইপ (Ootype)- ডিম্বনালীর একটু অংশ স্ফীত হয়। এই অংশকে বলে **ঊটাইপ**। ঊটাইপকে ঘিরে অসংখ্য এককোষী গ্রন্থি থাকে। এদের বলে **মেহলিস্ গ্রন্থি** (Mehlis gland) বা **খোলক গ্রন্থি** (Shell gland) মেহলিস গ্রন্থিরস ডিম্বক খোলক তৈরিতে সহায়তা করে এবং ডিম্বনালীর মধ্যে ডিম্বকের চলাচলের জন্য পথ পিচ্ছিল করে। ঊটাইপ থেকে একটি নালী উদ্ভুত হয়ে দেহের বাইরে সরাসরি উন্মুক্ত হয়। এই

নালিটিকে বলে লরার ক্যানাল বা নালী (Laurer's canal)। এটি ক্ষয়িষ্ণু যোনিরুপে বর্তমান বলে অনুমান করা হয়। এছাড়া প্রয়োজনে ডিম্বাণু নিষ্ক্রমনে সহায়তা করে এবং অতিরিক্ত সংগম স্থান হিসাবেও চিহ্নিত।

3. কুসুমগ্রন্থি (Vitelline gland) - যকৃৎ কৃমির দুপাশের কিনারার দিকে সামনে থেকে পিছন পর্যন্ত অসংখ্য দানাদানা ক্ষুদ্র ক্ষুদ্র থলির ন্যায় ভাইটেলাইন গ্রন্থি বা কুসুম গ্রন্থি অবস্থিত। এই গ্রন্থিগুলি প্রতিপার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র নালিকা দিয়ে পরস্পর যুক্ত। প্রতিপাশে একটি পার্শ্ব নালী থাকে। ক্ষুদ্র ক্ষুদ্র নালিকাগুলি এই পার্শ্বনালীর সাথে মিলিত হয়। দুপাশের দুটি নালী দেহের মাঝখানে একটি আড়াআড়ি নালী দিয়ে পরস্পর যুক্ত। এই আড়াআড়ি নালীটির মাঝখানে একটু স্ফীত অংশ থাকে একে বলে কুসুম সঞ্চয়ী থলি (Yolk reservoir) । এই অংশ থেকে একটি সাধারণ কুসুম নালী ঊটাইপে এসে মিলিত হয়। ফলে কুসুমগ্রন্থি থেকে সংগৃহীত কুসুম কোষগুলি ঊটাইপে এসে পড়ে। ঊটাইপ হল ডিম্বনালী, লরার ক্যানাল, কুসুমনালী ও জরায়ুর মিলন স্থান। এখানেই ডিম্বকোষ তার প্রয়োজনীয় খাদ্য (কুসুম) ও খোলকের উপাদান লাভ করে এবং খোলকে আবৃত হয়।



চিত্র নং 6.2.8 ঃ ফ্যাসিওলা কৃমির স্ত্রীজনন তন্ত্র। বামে - ডিম্ব সৃষ্টির আগে; ডাইনে-সিরাম থলি এবং স্ত্রী ও পুরুষ জননতন্ত্রের সম্পর্ক।

4. **জরায়ু (Uterus)** - ঊটাইপের একপ্রান্ত থেকে উৎপন্ন হয় জরায়ু বা ইউটেরাস। জরায়ু সামনের দিকে যৌন প্রকোষ্ঠে (genital atrium) মুক্ত হয় (চিত্র 6.2.8, 6.29) । জরায়ুতে নিষিক্ত ডিম্বকের খোলস আবরণ তৈরি হয় এবং খোলসের মধ্যে ডিম্বকের পরিণতি হয়ে ভ্রুণ বর্ধিত হয়। জরায়ুতে প্রচুর পরিমানে

ডিম্বক ঘনসন্নিবিষ্ট থাকে। যথাসময়ে জননছিদ্রের মাধ্যমে মুক্ত হয়ে পোষকের পিত্তনালীতে এসে পড়ে। সেখানে থেকে অন্ত্রে আসে এবং অবশেষে মলের সাহায্যে দেহের বাইরে নিক্ষিপ্ত হয়।



চিত্র নং 6.2.9 ঃ ফ্যাসিওলার জননতন্ত্রের প্রধান অঙ্গ।



চিত্র নং 6.2.10 ঃ ফ্যাসিওলার প্রস্থচ্ছেদে স্ত্রীজনন অঙ্গের অবস্থান ও লরার-নালীর পথ।

6.4.2.9.3 নিষেক (Fertilization) ঃ যকৃৎ কৃমি হারমাফ্রোডাইট বা উভলিঙ্গ প্রাণী হলেও এদের পর নিষেক হয়। সঙ্গমের সময়ে একটি ফ্লুকের শিশ্ন অপর ফ্লুকের লরার নালীর মধ্যে প্রবিষ্ট হয়। লরার নালির মধ্যে নিক্ষিপ্ত শুক্রাণুগুলি ডিম্বনালিতে প্রবেশ করে এবং সেখানে অপেক্ষমান ডিম্বাণুগুলিতে নিষিক্ত করে। এদের অবশ্য প্রয়োজনে স্বনিষেক হয়। এক্ষেত্রে ঐ ফ্লুকে শুক্রাণুগুলি স্ত্রীজনন ছিদ্র পথে জরায়ুর মধ্যে প্রবেশ করে এবং ক্রমে জরায়ুর প্রথমাংশে গিয়ে ডিম্বাণুগুলিকে নিষিক্ত করে।

6.4.2.10 জীবনচক্র (Life cycle) ঃ যকৃৎ কৃমি দুইটি ভিন্ন প্রকার পোষক দেহে জীবনচক্র সম্পূর্ণ করে। এর মধ্যে একটি ভেড়া, অপরটি লিমনিয়া ট্রাঙ্কেটুলা নামক জলজ শামুক। ভেড়ার যকৃতে পূর্ণাঙ্গ কৃমি পরজীবী হিসাবে বাস করে এবং যৌন পদ্ধতিতে প্রজনন করে। তাই ভেড়াকে প্রাথমিক পোষক (Primary host) বলে। অপরপক্ষে, শামুকের দেহে বিভিন্নপ্রকার লার্ভা দশা উদ্ভুত হয়। তাই শামুককে বলে **গৌণ পোষক বা মাধ্যমিক পোষক বা Intermediate host**। যে সবপ্রাণীর জীবনচক্র সম্পূর্ণ হতে এরকম দুটি পোষক প্রাণীর প্রয়োজন হয় তাদের জীবনচক্রকে বলে **ডাইজেনেটিক** (digenetic) **বা দ্বি-পোষক পুষ্ট জীবনচক্র** (চিত্র 6.2.17)।

1. যকৃৎ কৃমি ভেড়ার দেহে প্রবেশের পর থেকে তিন মাসের মধ্যেই ডিমপাড়া শুরু করে এবং প্রায় এগার বৎসর যাবৎ ক্রমান্বয়ে 3000 থেকে 35000 পর্যন্ত ডিম পাড়ে।

2. **ডিম্বক** - নিষিক্ত ডিম্বক হাল্কা বাদামী রঙের, লম্বায় 130-150μm এবং প্রস্থে 63-93μm। ডিমের একপ্রান্তে একটি ঢাকনা থাকে। পরিণত পূর্ণাঙ্গ ডিমকে বলে **ক্যাপসিউল**। জরায়ুর মধ্যে থাকার সময়েই ডিম্বকের বৃদ্ধি হয় এবং এর মধ্যেই ভ্রুণের বৃদ্ধি হতে থাকে। ডিমের মধ্যেই লার্ভার পরিপূর্ণ বৃদ্ধি হয়। এই বৃদ্ধির জন্য পরিমিত পরিমানে আর্দ্রতা প্রয়োজন। ভ্রুণ প্রথম লার্ভাদশায় পৌঁছাতে পরিবেশ ভেদে, সময় নেয় নয় থেকে পনেরো দিন।

এরকম ভ্রুণ সমেত ডিম্বকগুলি মলের সাথে পোষক দেহ থেকে বাইরে এসে জলের সংস্পর্শে এলে ডিম্বকের মধ্যের পরিণত লার্ভা ডিম্বকের অপারকুলাম বা ঢাকনা ঠেলে বাইরে বেরিয়ে আসে। এই লার্ভা দশাকে বলে **মিরাসিডিয়াম**। এই লার্ভার দেহ নিঃসৃত একপ্রকার প্রোটিওলাইটিক উৎসেচক ডিম্বকের ঢাকনা খুলতে সাহায্য করে।



চিত্র নং 6.2.11 ঃ ফ্যাসিওলার কৃমির একটি পরিণত ভ্রুণযুক্ত ডিম্বক।



চিত্র নং 6.2.12 ঃ যকৃৎ কৃমির মিরাসিডিয়া লার্ভা দশা ; A-বহিঃদৃশ্যে এপিজারমাল পাত; B-ভিতরের অঙ্গসমূহের চিত্ররূপ।

3. মিরাসিডিয়াম (Miracidium)- এটিই হ'ল যকৃত কৃমির প্রথম স্বাধীন সন্তরনশীল লার্ভা দশা। মিরাসিডিয়াম শাঙ্কবাকৃতি, অতিক্ষুদ্র, প্রায় 0.13 মিমি লম্বা, সিলিয়াযুক্ত লার্ভা। এদের দেহের আবরণে

21 টি **এপিডার্মাল পাত** পাঁচটি সারিতে গোলাকারে সাজানো থাকে। এই পাতগুলিতে অসংখ্য সিলিয়া থাকে। দেহের অগ্রপ্রান্ত শাঙ্কবাকৃতির। একে বলে **শিরগুল্ম** বা **এপিক্যাল প্যাপিলা** (apical papilla) । এই অঞ্চলে কোন সিলিয়া থাকে না। দেহের সামনে অংশে একজোড়া এককোষী **শির-গ্রন্থি** বা **কেফালিক গ্রন্থি** (caphalic gland) বা পেনিট্রেশান (penetration) গ্রন্থি বা অনুপ্রবেশী গ্রন্থি থাকে। এছাড়া সামনে দিকে একজোড়া বর্ণাল চক্ষু থাকে। এদের একজোড়া ফ্লেম সেল দিয়ে রেচন সম্পন্ন হয়। দেহের পশ্চাৎঅর্ধে কয়েকটি বড় বড় **জার্ম কোষ** বা **জনন কোষ** থাকে।

ডিম্বক খোলক থেকে মুক্ত হয়ে মিরামিডিয়াম লার্ভা সিলিয়ার সাহায্যে জলে সাঁতার দিতে থাকে। কোনরুপ খাদ্য গ্রহণের ব্যবস্থা নেই। 4 থেকে 30 ঘন্টা পর্যন্ত এরকম সাঁতার কাটতে পারে। ইতিমধ্যে কোন প্রাথমিক গৌণ পোষকের সংস্পর্শে এলে তার দেহে প্রবেশ করে। এদের প্রাথমিক গৌণ পোষক হল লিমনিয়া ট্রাঙ্কেটুলা (Lymnaea truncatula) নামক জলজ শামুক। যদি এই সময়ের মধ্যে কোন গৌণ-পোষকের সংস্পর্শে না আসে তাহলে এরা মারা যায়। মিরাসিডিয়া লার্ভার পেনিট্রেশান গ্রন্থি থেকে নিঃসৃত রস জল শামুকের চামড়া ভেদ করতে সাহায্য করে। এই লার্ভা শামুকের দেহে প্রবেশ করার সাথে সাথেই বাইরের সিলিয়াস্তর মুক্ত হয়, থলির আকার ধারণ করে, যকৃৎ, ও অন্যান্য অঙ্গে আশ্রয় নেয় এবং ক্রমে নানাভাবে বৃদ্ধি প্রাপ্ত হয়ে পরবর্তী লার্ভা দশা **স্পোরোসিস্টে** পরিণত হয়।



চিত্র নং 6.2.13 ঃ যকৃৎ কৃমির স্পোরোসিস্ট লার্ভা দশা।



চিত্র নং 6.2.14 ঃ যকৃৎ কৃমির রেডিয়া লার্ভা দশা।
A- দেহের মধ্যে গৌণ রেডিয়া যুক্ত,
B-দেহের মধ্যে সারকেরিয়া লার্ভা দশা সৃষ্টি হয়েছে।

4. স্পোরোসিস্ট (Sporocyst)- মিরাসিডিয়া লার্ভা এপিডারমাল কোষস্তর, সিলিয়া, শির গ্রন্থি ও চক্ষু মুক্ত হয়ে শামুকের নরম অঙ্গের মধ্যে একটি থলির বা সিস্টের আকার ধারন করে। প্রতিপাশের শিখা কোষগুলি বিভাজিত হয়ে দুটো হয় এবং একটি সাধারণ নালীর মাধ্যমে বাইরে মুক্ত হয়। স্পোরোসিস্টের মধ্যে জার্মাকোষগুলি ক্রমে বিভাজিত হয়ে **ব্লাস্টুলা, গ্যাস্টুলা** ইত্যাদি দশার মধ্যদিয়ে পরবর্তী লার্ভা দশার জন্ম দেয়। এই পরবর্তী লার্ভা দশার নাম **রেডিয়া**।

5. রেডিয়া (Redia)- প্রতি স্পোরোসিস্টের দেহে এই জার্মকোষগুলি থেকে পাঁচ থেকে আটটি বেলনাকার বা সিলিন্ডারের মত রেডিয়া লার্ভার জন্ম হয়। এগুলি লম্বায় 1.3 থেকে 1.6 মিমি। এদের দেহ একটি পাতলা আবরণে আবৃত থাকে। দেহের অগ্রভাগে আংটির মত গোলাকার একটি বেড় থাকে। একে বলে কলার (collar)। দেহের সামনের দিকে সম্মুখ চোষক বা **মৌখিক চোষক** (oral sucker) মুখছিদ্র, গলবিল ও ছোট থলির মত অন্ত্র থাকে। পিছনদিকে একজোড়া পার্শ্বউপাঙ্গ বা ল্যাপেট থাকে। সব মিলিয়ে দেখতে স্পুটনিকের মত। দেহের মধ্যে শিখা কোষগুলি দুধারে বিন্যস্ত থাকে। দেহের মাঝ থেকে পিছনের দিকে অনেক জার্মকোষ বা জননকোষ থাকে। রেডিয়ার মধ্যের এই জনন কোষগুলি বর্ধিত ও বিভাজিত হয়ে পুনরায় এরকম 8-12 টি রেডিয়া লার্ভা সৃষ্টি করতে পারে অথবা অনুকূল পরিবেশে পরবর্তী লার্ভা দশা সারকেরিয়ালার্ভা সৃষ্টি করতে পারে। রেডিয়াগুলি স্পোরোসিস্টের জননছিদ্র বা জন্মছিদ্র (birthpore) দিয়ে বাইরে এসে যকৃতের অন্যান্য অংশে অবস্থান করে। স্পোরোসিস্টের মত এদের দেহেও একটি জন্মছিদ্র বা বার্থপোর থাকে।



চিত্র নং 6.2.15 ঃ সারকেরিয়া লার্ভা দশা;
A- অঙ্ক দৃশ্য, B- পার্শ্ব দৃশ্য



চিত্র নং 6.2.16 ঃ যকৃৎ কৃমির সারকেরিয়া লার্ভা দশা;

স্পোরোসিস্টের মধ্যে রেডিয়ার সৃষ্টি অপুংজনি বা পারথেনোজেনেসিস (Parthenogenesis) প্রক্রিয়ায় সম্পন্ন হয়। কোন কোন ক্ষেত্রে স্পোরোসিস্ট পুনরায় 5-8 টি রেডিয়ার জন্ম দেয়। ইটালির বিজ্ঞানী রেডি (Redi 1626-1697) এই লার্ভা দশা আবিষ্কার করেন। তাই এদের নামকরণ করা হয়েছে রেডিয়া।

6. সারকেরিয়া (Cercaria) - রেডিয়ার মধ্যে জার্মকোষগুলি বিভাজিত ও বর্ধিত হয়ে ছোট ছোট ব্যাঙাচির মত লেজযুক্ত সারকেরিয়া লার্ভা সৃষ্টি হয়। সারকেরিয়া 0.25 থেকে 0.35 মিমি লম্বা। দেহটির দুটি অংশ। সামনের লম্বাটে বা গোল দেহ এবং পিছনে সরু লম্বা লেজ থাকে। দেহটিতে পরিণত প্রাণীর সকল অঙ্গেরই ক্ষুদ্র সংস্করণ থাকে। সামনে মৌখিক চোষক, একটু পিছনে অ্যাসিটাব্যুলাম থাকে। মৌখিক চোষকের মাঝে মুখছিদ্র, তার পিছনে গলবিল, ইসোফেগাস ও অ্যাসিটাবুলামের দুপাশ দিয়ে বিস্তৃত দুভাগে বিভক্ত আন্ত্রিক সিকাম আছে। শিখাকোষগুলি দুপাশে আরও সংখ্যায় বৃদ্ধি পায় এবং একটি সাধারণ নালী দিয়ে পরস্পর যুক্ত হয়। এই রেচননালী লেজের গোড়ায় মুক্ত হয়। দেহটি পাতলা স্বচ্ছ আবরণীতে আবৃত থাকে। দেহাবরণীর নিম্নস্তরেই প্রচুর পরিমান এককোষী গ্রন্থি আছে। এদের বলে **সিস্টোজেনাস গ্রন্থি** (Cystogenous gland)। এছাড়া দেহের মধ্যে অনেকগুলি জনন কোষ থাকে। এই জনন কোষগুলি থেকে পরিণত প্রাণীর জনন অঙ্গ সৃষ্টি হয়।

সারকেরিয়াগুলি রেডিয়ার দেহের জন্মছিদ্র দিয়ে বেরিয়ে জলশামুকের ম্যান্টল গহ্বরে এসে জমে। এবং একসময় অনেক সংখ্যায় বেরিয়ে আসে। দেখতে সাদা সাদা পোস্তদানার মত। লেজের সাহায্যে ক্রমাগত সাঁতার কাটে। কোন খাদ্য গ্রহণ করে না। এ অবস্থায় 2-3 দিন সাঁতার কাটার পর জলের কিনারায় কোন ঘাসের পাতায় লেগে গিয়ে রুপ পরিবর্তন করে। একটি ঘাসের পাতার ফলকে 1000 অবধি সারকেরিয়া লেগে থাকতে পারে। এ অবস্থায় সারকেরিয়ার লেজ খসে যায়। সিস্টোজেনাস গ্রন্থি থেকে রস নিঃসৃত হয়ে দেহের বাইরে একটি আবরণী তৈরি করে। এইরুপ গোলাকার আবরণী বা সিস্টের মধ্যে অবস্থিত লার্ভাটিকে বলে **মেটাসারকেরিয়া লার্ভা**।

7. মেটাসারকেরিয়া (Metacercaria) - গোল মেটাসারকেরিয়ার পরিধি প্রায় 0.2 মিমি। এদের শিখাকোষগুলি বর্ধিত হয়। এ অবস্থায় এদের আর কোনরকম পরিবর্তন ও পরিবর্ধন হয় না। দীর্ঘ সময় এ অবস্থায় এরা বেঁচে থাকতে পারে।



চিত্র নং 6.2.17

8. ভেড়ার দেহে সংক্রমণ (Transfer to sheep) - কয়েক সপ্তাহের মধ্যে যদি কোন ভেড়া পুকুরের ধারের এভাবে সংক্রমিত ঘাসপাতা খায় তাহলে শত শত মেটাসারকেরিয়া ভেড়ার খাদ্যনালীতে প্রবেশ করবে। ভেড়ার ডুওডেনামের পাচক রসে মেটাসারকেরিয়ার সিস্ট প্রাকারটি বিনষ্ট হয় এবং ক্ষুদ্রাকার যকৃৎকৃমি বাইরে বেরিয়ে আসে। খাদ্যনালী ভেদ করে হেপাটিক পোর্টাল শিরার মাধ্যমে তিনদিনের মধ্যেই যকৃতে পৌঁছায়। এখানে যকৃৎ কলা ভক্ষণ করে পাঁচ-ছয় দিনেই বর্ধিত হয়ে পিত্তনালীতে আশ্রয় গ্রহণ করে। যৌন

ক্ষমতা অর্জন করে ডিম্বক উৎপাদন করতে এদের সময় লাগে সংক্রামণের পর থেকে 11- 13 সপ্তাহ। পিত্তনালীতে এরা সুদীর্ঘ বৎসর বাঁচে।



6.4.2.11 জীবনচক্রের কয়েকটি বৈশিষ্ট্য (Some Characteristics of Life Cycle) ঃ

1. যকৃৎ কৃমির শুধুমাত্র একটি ডিম থেকে প্রায় 300 টি লার্ভা হয়। অর্থাৎ একটি ডিম থেকে 300 টি যকৃৎ কৃমি সৃষ্টির সম্ভাবনা আছে। এক একটি যকৃৎ কৃমি জীবনৎকালে প্রায় দুই লক্ষেরও বেশি ডিম পাড়ে।

2. এদের জীবনচক্রে দুটি স্বাধীনজীবী লার্ভা সৃষ্টি হয়। প্রথমটি মিরাসিডিয়াম লার্ভা এবং দ্বিতীয়টি সারকেরিয়া লার্ভা। এদের জনুঃক্রম ঘটে যৌন প্রজন্ম ও অপুংজনি প্রজন্মের মাধ্যমে। এই প্রকার জনুঃক্রমকে বলে **হেটোরোগ্যামী** (heterogamy)।

3. স্পোরোসিস্টের দেহে অপুংজনি প্রক্রিয়ায় রেডিয়া র্লাভা উৎপন্ন হয়। স্পোরোসিস্ট একটি লার্ভা দশা। লার্ভাদশায় এভাবে জননকোষ উৎপন্ন হয়ে আবার আর একপ্রকার লার্ভা সৃষ্টি হয়। এই ঘটনাকে বলে **নিওটেনি** (Neoteny) বা অকাল যৌন পরিণতি বা পিডোজেনেসিস (Paedogenesis)।

4. যকৃৎ কৃমির জীবনচক্রে স্পোরোসিস্টের মধ্যে জার্মকোষ থেকে কয়েকটি রেডিয়া লার্ভার উদ্ভব হয়। আবার রেডিয়ার জার্মকোষগুলি থেকে অনেক গৌণ রেডিয়া অথবা সারকেরিয়া সৃষ্টি হয়। একটি মাত্র নিষিক্ত ডিম্বকের জার্মকোষ থেকে অযৌন প্রক্রিয়ায় এভাবে অনেকগুলি বীজকোষ বা অনেকপ্রকার ভ্রুণ সৃষ্টি হওয়াকে বলে **পলিএম্ব্রায়নি** (polyembryony) বা বহুভ্রুণ সৃষ্টি।

6.4.2.12 বিকারতত্ত্ব (Pathogenecity) ঃ যকৃৎ কৃমি প্রাণিদেহে লিভার রট বা যকৃৎপচন রোগ ঘটায়। পিত্তনালীর পথ বন্ধ হয়ে যায়। পিত্ত চলাচল বন্ধ হয়ে পোষক প্রাণীর ক্ষতি হয়। মানুষের ফ্যাসিওলা সংক্রমণ হলে পিত্তজনিত ব্যাথা, বমি, একনাগাড়ে পাতলা দাস্ত হতে থাকে।

6.4.2.13 নিয়ন্ত্রণ (Control) ঃ সংক্রমিত ও অসুস্থ প্রাণীদের ধ্বংস করা এবং গৌণ পোষক জলজ শামুক লিমনিয়ার বিনাশ করা এই রোগ প্রতিরোধের প্রধান উপায়।

6.4.3.0 প্রতীক প্রাণী 3 ঃ *টিনিয়া সোলিয়াম (Taenia solium)*

বৈজ্ঞানিক নাম - *(Taenia solium)*

পর্ব - প্ল্যাটিহেলমিনথিস, শ্রেণী - সেস্টয়ডিয়া, অধঃশ্রেনী - ইউসেস্টোডা, বর্গ - সাইক্লোফাইলিডিয়া, গণ বা জেনাস - টিনিয়া, প্রজাতি বা স্পেসিস - সোলিয়াম

6.4.3.1 সাধারণ পরিচিতি (General Introduction) ঃ সকল ফিতাকৃমিই পরিণত দশায় অন্যান্য মেরুদণ্ডী প্রাণী ও মানুষের অন্ত্রে বাস করে। এদের মস্তকটি খাদ্যনালী প্রাকারের সাব মিউকাস স্তরে গ্রথিত থাকে। আর সারাদেহ খাদ্যনালীতে ঝুলতে থাকে। চ্যাপ্টা কৃমিদের মধ্যে এরা খুবই বিশেষিত। এদের খাদ্যনালী নেই। দেহাবরণ দিয়েই সবরকম পুষ্টি সংগৃহীত হয়। এরা খাদ্যনালীর ডুওডেনাম ও তার পরবর্তী অংশেই সংলগ্ন থাকে। খাদ্য নালীর এই অংশে অক্সিজেন নেই, কার্বন ডাই-অক্সাইডই অধিক পরিমানে থাকে। ফিতাকৃমি এই কার্বন-ডাই-অক্সাইড থেকে দেহে প্রয়োজনীয় শর্করা উৎপন্ন করতে পারে। এই প্রক্রিয়াকে CO_2 স্থিতিকরণ (fixation) বলে।

মানুষের খাদ্যনালীতে সাধারণত চার প্রকার ফিতা কৃমি পাওয়া যায়। *টিনিয়া সোলিয়াম (Taenia solium), টিনিয়া সেজিন্যাটা (Taenia saginata), ভ্যামপাইরোলেপিস নানা (Vampirolepisnana) ও হাইমেনোলেপিস ডিমিনুটা (Hymenolepis diminuta)*। এদের জীবনচক্র দুই বা ততোধিক প্রাণীর মধ্যে সম্পূর্ণ হয়। অর্থাৎ এক বা একাধিক গৌণ পোষক প্রাণী আছে। টিনিয়া সোলিয়ানের ক্ষেত্রে গৌণ পোষক হল শুকর, টিনিয়া স্যাজিনেটার গরু। অর্থাৎ শুকরের মাংস থেকে মানুষের দেহে সংক্রমিত হয় টিনিয়া সোলিয়াম আর গরুর মাংস থেকে সংক্রামিত হয় টিনিয়া স্যাজিন্যাটা। এরকম বিভিন্ন প্রজাতির ফিতাকৃমি আমাদের পোষা প্রাণী, গবাদি পশু, মুরগী, হাঁস, নানারকম পাখি সবায়েরই অন্ত্রে পাওয়া যায় । সারা বিশ্বেই টিনিয়া সোলিয়াম পাওয়া যায়। বিশেষত যারা কাঁচা অথবা অসিদ্ধ শূকরের মাংস ভক্ষণ করে তাদের দেহেই এই কৃমি বেশি দেখা যায়।

স্বভাব ও বাসস্থান (Habit and Habitat) ঃ

মানুষের ক্ষুদ্রান্তের ডুওডেনাম অথবা তার পরবর্তী অংশে খাদ্যনালী প্রাকারে সাবমিউকাস স্তরে ফিতাকৃমির মস্তক প্রবিষ্ট থাকে। বাকি সারাদেহ খাদ্যনালীতে ঝুলতে অথবা ভাসতে থাকে। লার্ভা দশা শূকরের মাংস পেশীতে বর্ধিত হয়।



চিত্র নং 6.2.18 ঃ বিভিন্ন প্রকার ফ্লুক কৃমি।

A- পলিস্টোমাম (মনোজেনেটিক); B- প্যারাগোনিমাস (ডাইজেনেটিক);

C- ক্লোনোরকিস (ডাইজেনেটিক); D- সিস্টোসোমা (রক্তকৃমি, ডাইজেনেটিক)

6.4.3.2 দেহগঠন (Morphology) ঃ পূর্ণাঙ্গ কৃমি ফিতার ন্যায়, খণ্ডক যুক্ত, দৈর্ঘে 2-3 মিটার। দেহটি তিনটি অংশে বিভেদিত - মস্তক, স্কন্ধ বা গলা ও স্ট্রোবিলা। মস্তকটি ক্ষুদ্র, গোলাকার ও প্রায় এক মিমি ব্যাসার্ধের এবং দেখতে পিনের মত হয়। একে বলে **স্কোলেক্স** (Scolex)। স্কোলেক্সের চারদিকে চারটি চশমার মত গোল চোষক থাকে। চারটি চোষকের মাঝের অংশ সামনের দিকে উঁচু। এই স্থানকে বলে রোস্টেলাম (rostellum)। রোস্টেলামে 25 থেকে 50 টি অঙ্কুশ বা হুক দুই সারিতে সজ্জিত থাকে। মস্তকটি সামান্য সংকুচিত ও প্রসারিত হয়ে সামান্য নড়াচড়া করতে পারে।

মস্তকের পরের অংশ ঘাড় বা **স্কন্ধ অঞ্চল** (neck region)। এই অংশটি সরু, ছোট এবং প্রায় 5 থেকে 10 মিলিমিটার লম্বা হয়। এই অংশটি খুবই সরু যার ফলে এর মধ্যে খণ্ডগুলি স্পষ্ট নয়।



চিত্র নং 6.3.1 ঃ টিনিয় সোলিয়াম।
A- পরিণত কৃমি, B- স্কোলেক্সের পার্শ্বদৃশ্য ও অঙ্কুশ, C- স্কোলেক্সের সম্মুখ দৃশ্য, D- একটি পরিণত প্রোগ্লটিডে পুং ও স্ত্রী জনন অঙ্গ; E- একটি গ্রাভিড প্রোগ্লটিড।

সারাদেহটি বহু খন্ড খন্ড ছোট পাতের ন্যায় অংশ জোড়া দিয়ে গঠিত। এই অংশকে বলে **স্ট্রোবিলা** (strobila)। স্ট্রোবিলার খন্ডগুলিকে বলে প্রোগ্লোটিড (proglottid)। স্কন্ধের প্রোগ্লোটিডগুলি খুব ছোট এবং ক্রমান্বয়ে পশ্চাৎদিকে প্রোগ্লোটিডগুলি প্রশস্ত হয়। প্রোগ্লোটিড্গুলির মধ্যে সামনের দিকেরগুলির দৈর্ঘ্য অপেক্ষা প্রস্থে বেশি, মধ্যেরগুলি বর্গক্ষেত্রাকার এবং পেছন দিকেরগুলির দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। সামনের প্রোগ্লোটিডগুলি অপরিণত, কিন্তু পিছনেরগুলি ক্রমেই পরিণত হয়। একেবারে শেষের প্রোগ্লোটিডগুলি অপেক্ষাকৃত বেশি পরিণত। এদের বলে **গ্রাভিড প্রোগ্লোটিড** (gravid proglottid)। এই গ্রাভিড প্রোগ্লোটিডগুলি দেহ থেকে সহজেই খুলে গিয়ে মলের সাথে দেহের বাইরে নিক্ষিপ্ত হতে পারে। টিনিয়া সোলিয়ামের দেহে 800-850 টি পর্যন্ত প্রোগ্লোটিড থাকে। পরিণত প্রোগ্লোটিডগুলির একপাশে একটি উঁচুস্থান থাকে। একে বলে **জেনিট্যাল প্যাপিলা** (genital papilla)। জেনিট্যাল প্যাপিলায় জেনিট্যাল অ্যাট্রিয়াম (genital atrium) নামক প্রকোষ্ঠ থাকে। এই প্রকোষ্ঠে পুরুষ ও স্ত্রী উভয় জননানালী মুক্ত হয়।

6.4.3.3 দেহাবরণী (Integument) ঃ ফিতাকৃমির দেহাবরণী নরম, ফ্লুককৃমির গঠনের মতই। এদের দেহাবরণীতেও দুটি নির্দিষ্ট স্তর আছে। বাইরের স্তরটি **সিনসাইটিয়াম** গঠন করেছে এবং ভিতরের স্তরটিতে নিউক্লিয়াসযুক্ত **পেরিক্যারিয়ন** বা **সাইটন** থাকে। এইস্তর দুটি পেশীস্তর দিয়ে পৃথক থাকে এবং বাইরের স্তরটি ভিত রের স্তরটির সাথে কয়েকটি সাইটোপ্লাজম নালিকা দিয়ে যুক্ত থাকে। বহিঃস্তরের বহিরাবরণে অসংখ্য মাইক্রোভিলি থাকে। এগুলিকে বলে **মাইক্রোট্রিচেস্** (microtriches)। দেখতে বাকানো কাঁটার মতো। সারা দেহাবরণীর বাইরের স্তরে একটি বৃহৎ শর্করা অণুর ঘন স্তর থাকে। একে বলে **গ্লাইকোক্যালিক্স** (glycocalyx)। এই স্তরটি পোষক প্রাণীর নিঃসৃত প্রোটিন ও লিপিড জারক উৎসেচকের প্রভাব থেকে দেহকে সুরক্ষা করে। এছাড়া পুষ্টি শোষণে এবং পরজীবীর দেহগঠন রক্ষায় অংশগ্রহণ করে। বহিঃস্তরে মাইটোকন্ড্রিয়া, গলগিবস্তু, রাইবোসোম, এন্ডোপ্লাজমিক রেটিকুলাম, অনেক রকম ভ্যাকুওল, থলি এবং গ্লাইকোজেন দানা থাকে। এই স্তরে বিভিন্ন প্রকার পরিপাক উৎসেচক পাওয়া যায়।



চিত্র নং 6.3.2 ঃ ফিতাকৃমির আবরণের প্রস্থচ্ছেদের ইলেকট্রন আণুবীক্ষণীক চিত্ররূপ।

বহিঃস্তরের পরেই থাকে কানেকটিভ টিস্যু দিয়ে তৈরি পেশীস্তর বা বেসাল ল্যামিনা। বেসাল ল্যামিনার মাঝে থাকে **চক্রাকার পেশী** (Circular muscle) স্তর তার নিচে থাকে লম্বাকারে বিন্যস্ত পেশী (longitidinal muscle) স্তর।

দেহাবরণীর পরের অংশ হালকাভাবে বিন্যস্ত প্যারেনকাইমা কলায় ভর্তি থাকে যার মধ্যে জনন অঙ্গ, রেচনঅঙ্গ, পেশী ও স্নায়ুপেশী গ্রথিত থাকে। প্যারেনকাইমা কলায় গ্লাইকোজেন সংশ্লেষ ও সঞ্চিত হয়।

সমগ্র দেহাবরণী দিয়ে পুষ্টি শোষিত হয়। এদের কোন সুনির্দিষ্ট খাদ্যনালী নেই।

6.4.3.4 স্নায়ুতন্ত্র (Nervous system) ঃ টিনিয়া সোলিয়ামের স্নায়ুতন্ত্র খুবই অনুন্নত। মস্তকে একজোড়া ছোট **গ্যাংগ্লিয়া** (ganglia) বা স্নায়ুগ্রন্থি থাকে। গ্যাংগ্লিয়া দুটি একটি সরু স্নায়ুযোজক দিয়ে আড়াআড়ি যুক্ত থাকে। এই গ্যাংগ্লিয়া দুটি থেকে সরু সরু স্নায়ুসূত্র চোষক ও রোস্টেলামে যায়। এছাড়া একজোড়া স্নায়ুরজ্জু লম্বালম্বিভাবে প্রতি প্রোগ্লোটিডের দুপাশ দিয়ে শেষ প্রোগ্লোটিড পর্যন্ত অবিচ্ছিন্নভাবে বিস্তৃত থাকে। এদের বিশেষ কোন জ্ঞানেন্দ্রিয় আছে কিনা জানা নেই।



চিত্র নং 6.3.3 ঃ ফিতাকৃমি স্কোলেক্সে স্নায়ুর বিন্যাস।



চিত্র নং 6.3.4 ঃ ফিতাকৃমির রেচন অঙ্গ।

6.4.3.5 রেচনতন্ত্র (Excretory system) ঃ এদের রেচনতন্ত্র বহু শাখায় বিভক্ত রেচননালী দিয়ে গঠিত। দেহের সামনের অংশে চারটি রেচননালী থাকে - দুটি পার্শ্বীয়, একটি পৃষ্ঠীয় ও একটি অঙ্কীয়। পেছনের দিকের খন্ডগুলিতে পৃষ্ঠীয় ও অঙ্কীয় নালী দুটি নষ্ট হয়ে যায়। পার্শ্বীয় নালী দুটি শেষ প্রোগ্লোটিডে এসে পরস্পরের সঙ্গে মিলিত হয়ে একটি স্পন্দনশীল থলিকা গঠন করে। এই থলিকার ছিদ্র দিয়ে রেচনপদার্থ

বাইরে মুক্ত হয়। পার্শ্বনালিকা দুটি সামনে মস্তকে ক্ষুদ্র অঙ্গুরির ন্যায় নালিকা দিয়ে পরস্পর যুক্ত। এই প্রধান নালীদুটি থেকে অসংখ্য শাখা-রেচননালী সৃষ্ট হয়। শাখা নালীগুলি থেকে উদ্ভুত হয় প্রশাখা নালিকা। প্রশাখা নালিকাগুলি ফ্লেমকোষ বা শিখাকোষ নামক রেচন কোষে শেষ হয়। ফ্লেমকোষ সমগ্র প্যারেনকাইমা অঞ্চলজুড়ে ইতস্ততঃ বিক্ষিপ্তভাবে অবস্থিত, এই কোষগুলি পাশাপাশি অঞ্চল থেকে রেচন পদার্থ সংগ্রহ করে রেচন নালিকায় পাঠায়। প্রতিটি ফ্লেমকোষে একটি বড় নিউক্লিয়াস থাকে। এর বহিরাকৃতি অসমান, সাইটোপ্লাজম ও নিউক্লিয়াস দানাদার। নিউক্লিয়াস সন্নিহিত অঞ্চল থেকে একগোছা ফ্ল্যাজেলা সৃষ্ট হয়ে কোষের ফানেলের মত অংশের মধ্যে প্রসারিত হয়। এই ফ্ল্যাজেলাগুচ্ছ প্রদীপশিখার মত সঞ্চালিত হয়ে তরল বর্জ্য পদার্থ সমূহ রেচন নালীপথে প্রবাহিত করে, তাই এদের ফ্লেমকোষ বা শিখা কোষ বলে।



চিত্র নং 6.3.5 ঃ ফিতাকৃমির একটি শিখাকোষ।



চিত্র নং 6.3.6 ঃ ফিতাকৃমির একটি পরিণত প্রোগ্লটিডে পুং ও স্ত্রী জনন অঙ্গ।



ফিতাকৃমির প্রোগ্লটিডের প্রস্থচ্ছেদ।

6.4.3.6 জননতন্ত্র (Reproductive system) ঃ ফিতাকৃমিরা সাধারণত উভয়লিঙ্গ। প্রতিটি পরিণত প্রোগ্লোটিডেই পুরুষ ও স্ত্রী উভয় জননঅঙ্গই থাকে। মেসেনকাইমে জননঅঙ্গ সৃষ্টি হয়। স্কন্ধ অঞ্চলে কোন জনন অঙ্গ বৃদ্ধি হয় না। দেহের অগ্রবর্তী অঞ্চলের প্রথম 200 টি অপরিণত প্রোগ্লোটিডে জননঅঙ্গ গঠিত হয় না। পরবর্তী প্রোগ্লোটিডের প্রথম দিকে শুধু পুংজননতন্ত্র বৃদ্ধি এবং ক্রমে শেষের দিকের গুলিতে স্ত্রী ও পুরুষ উভয় জননতন্ত্রই বৃদ্ধি ও পরিণতি লাভ করে। এইপ্রকার জননঅঙ্গের বৃদ্ধি বিশেষত প্রথমে পুংজনন অঙ্গ বৃদ্ধি হয় বলে এদের **প্রোট্যান্ড্রাস্** (protandrons) প্রাণী বলে।

6.4.3.6.1 পুং-জননতন্ত্র (Male reproductive system) ঃ শুক্রাশয়, ভাসডিফারেন্স, সিরাস ও সিরাস থলি নিয়ে পুংজননতন্ত্র গঠিত।

প্রতিটি প্রোগ্লোটিডের সারা পৃষ্ঠদেশে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার শুক্রাশয় থাকে। প্রত্যেকটি শুক্রাশয় থেকে একটি করে ক্ষুদ্রনালিকা বের হয়। এদের বলে **ভাসা এফারেন্সিয়া** (vasa efferentia)। এই ভাসা এফারেন্সিয়াগুলি পরস্পর যুক্ত হয়ে একটু প্যাঁচালো মোটা নালী গঠন করে। একে বলে **ভাসডিফারেনস** (vas deferens) । ভাস ডিফারেনস্ প্রোগ্লোটিডের যে কোন পাশে একটি **যৌন প্রকোষ্ঠে** (genital atrium) মুক্ত হয়। নালীর প্রায় শেষাংশে একটি সংকোচনশীল মাংসল অঙ্গ থাকে। একে **শিশ্ন** বা **পেনিস** (penis) বা **সিরাস** (cirrus) বলে। সিরাস একটি মাংসল থলির মধ্যে থাকে। এই থলিকে বলে **সিরাস** থলি (cirrus sac)।

6.4.3.6.2 স্ত্রী-জননতন্ত্র (Female reproductive system) ঃ ডিম্বাশয়, ডিম্বনালী, জরায়ু, ঊটাইপ্, কুসুমগ্রন্থি ও যোনিপথ নিয়ে স্ত্রী-জননতন্ত্র গঠিত। প্রতি প্রোগ্লোটিডের ডান ও বাম পাশে দুটি ডিম্বাশয় থাকে। প্রতিটি ডিম্বাশয়ের মধ্যে অসংখ্য শাখা-প্রশাখা নালিকা থাকে। এই নালিকাগাত্রে ডিম্বক উৎপন্ন হয়। দুপাশের দুটি ডিম্বাশয় একটি সাধারণ নালী দিয়ে যুক্ত থাকে, একে বলে **ডিম্বনালী** (oviduct) (চিত্র 6.3.6)। এই ডিম্বনালীর মাঝামাঝি অংশ থেকে একটি নালি বের হয়ে সামান্য নিচের দিকে অগ্রসর হয়। এই অঞ্চলকে বলে **ঊটাইপ** (Ootype)। ঊটাইপ থেকে একটি নালি বের হয়ে পাশের দিকে অগ্রসর হয়ে কিনারার দিকে অবস্থিত যৌন প্রকোষ্ঠে মুক্ত হয়। এই নালিটিকে বলে **ভ্যাজাইনাল নালী** (vaginal duct) বা **নিষিক্তকারী নালী** (fertilization duct) বা **যোনি নালি**। এই নালিটির একটি ক্ষু দ্র স্ফীত অংশ থাকে। শুক্রাণু শিশ্ন মারফৎ এই প্রকোষ্ঠেই উপনীত হয় এবং স্ত্রী-জনন ছিদ্র দিয়ে এই নালিটিতে প্রবেশ করতে পারে।

ডিম্বাশয়ের নিচে একটি কুসুম গ্রন্থি বা ভাইটালাইন গ্রন্থি থাকে। এই কুসুমগ্রন্থি থেকে একটি কুসুমনালী উৎপন্ন হয়ে ঊটাইপে এসে মিলিত হয়, ঊটাইপকে ঘিরে এককোষী অসংখ্য গ্রন্থি থাকে একে বলে মেহলিস্ (Mehlis) এর গ্রন্থি। ঊটাইপ থেকে আর একটি নালি বের হয় এর নাম **ইউটেরাস** (uterus) বা জরায়ু। জরায়ুতে অসংখ্য নিষিক্ত, পরিণত ডিম্বক ভর্তি থাকে। পরিণত গ্রাভিড প্রোগ্লোটিডে জরায়ু প্রোগ্লোটিডের প্রায় সমগ্র অভ্যন্তরভাগই দখল করে নেয়। প্রোগ্লোটিড বিদীর্ণ হয়ে জরায়ু থেকে এই ডিম্বকগুলি বাইরে আসে।

6.4.3.7 জীবনচক্র (Life cycle) ঃ টিনিয়া সোলিয়ামের জীবনচক্র একটি গৌণ পোষক, শূকর এবং মুখ্য পোষক, মানুষের মধ্যে সম্পন্ন হয়।

1. ডিম্ব নিষিক্তকরণ (Fertilization)- প্রতি প্রোগ্লোটিভের সিরাস একই প্রোগ্লোটিডের স্ত্রীজননছিদ্রে সৃষ্ট হয়ে শুক্রাণু নির্গমন করতে পারে। একে বলে **স্ব-নিষেক** (self fertilization)। কিন্তু বেশির ভাগ সময়ে

দেহটি ভাঁজ হয়ে থাকে। সে সময়ে অপর প্রোগ্লোটিডের সিরাসের শুক্রাণু এসে নিষিক্ত করে। এরকম একই ফিতাকৃমির অপর প্রোগ্লোটিডের শুক্রাণু দ্বারা নিষেককে বলে **পরনিষেক** (cross fertilization) । সাধারণত একই সঙ্গে একটি প্রোগ্লোটিডের শুক্রাণু ও ডিম্বাণু পরিণত হয় না। তাই পরনিষেকই হয় বেশির ভাগ ক্ষেত্রে।



চিত্র নং 6.3.7 ঃ টিনিয়া সোলিয়ামের জীবনচক্রে উদ্ভুত বিভিন্ন লার্ভা দশা।
A- হেক্সাকান্থ ভ্রুণ (ডিম্বক), B- স্বাধীন হেক্সাকাস্থ লার্ভা বা অনকোস্ফোয়ার, C- ব্লাডার ওয়ার্ম দশা, D-ব্লাডার ওয়ার্ম দশায় ইনভেজিনেশন, E-ব্লাডার ওয়ার্মের মধ্যে প্রোস্কোলেক্স সৃষ্টি, F-ব্লাডার ওয়ার্মের মধ্যে উপর দিকে মাথা তোলা (evaginatcd) স্কোলেক্স, G-সিস্টিসারকোস লার্ভা দশা, ঘাড়ের অঞ্চলে বিভাজিত হয়ে প্রোগ্লাটিড সৃষ্টি, H. I- ঘাড় অঞ্চলের ক্রমাগত বিভাজনে প্রোগ্লটিড সংযোজন ও দেহের লম্বায় বৃদ্ধি।

ডিম্বনালীতে নিষেক হয়। শুক্রাশয়ে শুক্রাণু উৎপন্ন হয়ে শুক্রনালীর মধ্য দিয়ে এসে শিশ্নে পৌঁছে। সংগমের সময় শুক্রাণুগুলি যোনির মধ্য দিয়ে এসে রিসেপ্টাকুলাম সেমিনিসে জমা হয়। সেখান থেকে

ডিম্বনালীতে প্রবেশ করে এবং অপেক্ষমান ডিম্বাণুগুলিকে নিষিক্ত করে। নিষিক্ত ডিম্বকগুলি ঊটাইপের মধ্য দিয়ে অগ্রসর হওয়ার সময়ে কুসুমগ্রন্থি থেকে আগত কুসুম কোষ যুক্ত হয়। কুসুম কোষ ও মেহলিস্-এর গ্রন্থির নিঃসরণ দিয়ে এই কুসুমকোষ যুক্ত নিষিক্ত ডিম্বকের বাইরে আবরণী ও খোলস সৃষ্টি হয়। এরুপ ডিম্বকের খোলককে ক্যাপস্যুলও বলে। এভাবে পরিপূর্ণ ডিম্বক ক্রমে জরায়ুর মধ্যে প্রবেশ করে। ক্রমে জরায়ুতে বহুসংখ্যক এরকম ডিম্বকে ভর্তি হতে থাকে। জরায়ুও ক্রমে বর্ধিত হয় এবং 7 থেকে 12 টি শাখা তৈরি হয়। সেগুলিও ডিম্বকে ভরে যায়। এ অবস্থায় এই প্রোগ্লোটিডকে বলে **পরিপক্ক** বা **গ্রাভিড প্রোগ্লোটিড**। তখন এটি লম্বায় 10-12 মিমি এবং প্রস্থে 5.0 মিমি এর মত হয়। এ অবস্থায় গ্রাভিড প্রোগ্লোটিড এক একটি দলে দেহ থেকে খসে পড়ে এবং মলের সঙ্গে দেহের বাইরে আসে।

প্রোগ্লোটিডের জরায়ুর মধ্যে থাকার সময়েই ডিম্বকের মধ্যে ভ্রুণ সৃষ্টি হয়ে যায়। জাইগোট কোষের ক্লিভেজ হয়, মরুলার সৃষ্টি হয়। মরুলা ক্রমে ভ্রুণ সৃষ্টি করে। এই ভ্রুণের নাম **হেক্সাকান্থ** (hexaanth embryo) ভ্রুণ বা **অঙ্কোস্ফিয়ার** (onchosphere)। এই দশায় ভ্রণের ছয়টি কাইটিন নির্মিত হুক থাকে। এর বাইরে দুটি আবরণ, একটি পাতলা বেসমেন্ট ও একটি পুরু **এম্ব্রোয়োফোর** (embryophore) বা সিস্ট এবং পাতলা খোলক থাকে।

2. গৌণ পোষকে সংক্রমণ (Infection to secondary host) ঃ মানুষের মলের সাথে বেরিয়ে আসা গ্রাভিড প্রোগ্লোটিড থেকে হাজার হাজার এরুপ ভ্রুণযুক্ত ডিম্বক বেরিয়ে আসে। এগুলি বাতাসে যত্রতত্র ছড়িয়ে পড়ে। ঘাসে অথবা শাকশব্জির মধ্যেও ছড়িয়ে পড়ে। প্রতিটি ডিম্বক পটলের ন্যায় দেখতে, বাদামি বর্ণের পুরু আবরণে আবৃত থাকে। এই ডিম্বকগুলি পরিবেশে মানবদেহে দীর্ঘদিন বেঁচে থাকে এবং মানুষ ও শূকর উভয়কেই সমানভাবে সংক্রমিত করতে পারে। মানুষের ক্ষেত্রে স্ব-সংক্রমনও হয়। অনেক সময়ে কুকুর, বানর, উট প্রভৃতি প্রানীরাও সংক্রামিত হয়।

শূকর মলের সাথে অথবা শাকশব্জির সাথে সংক্রমিত হয়। শূকরের ডুওডেনামে এই ডিম্বক আসার পর ডিম্বকের বহিরাবরণ, বিনষ্ট হয়। ফলে ছয় অঙ্কুশবিশিষ্ট হেক্সাকান্থ লার্ভা (ভ্রুণ) মুক্ত হয়। প্রতি লার্ভার বেড় প্রায় 2 মাইক্রণ (μ)।

3. সিস্টিসারকাস বা ব্লাডার ওয়ার্ম দশা (Cysticercus or bladder worm stage) ঃ হেক্সাকান্থ লার্ভা মুক্ত হওয়ার পর হুকের সাহায্যে ক্ষুদ্রান্ত্র প্রাকার ভেদ করে পোর্টাল শিরা অথবা লসিকার মাধ্যমে সিস্টোমিক রক্ত সংবহনতন্ত্রে প্রবেশ করে এবং অবশেষে অতি সহজে শূকরের যকৃৎ ফুসফুস ও বিভিন্ন অঙ্গের মাংসপেশীতে পৌঁছায় এবং সেখানে বর্ধিত হতে থাকে। নির্দিষ্ট স্থানে পৌঁছে ভ্রুণ অঙ্কুশগুলি হারায় এবং ক্রমে বাইরে আবরণী সৃষ্টি করে গোলাকার সিস্ট গঠন করে। সিস্ট ক্রমে ফাঁপা ফ্লাস্কের আকার ধারণ করে। ফাঁপা অংশ তরলে ভর্তি থাকে। এরপর এই সিস্টের প্রাকারের একটি বিন্দুতে ভাঁজ পড়ে এবং সেই বিন্দু থেকে কিছু কোষ সিস্টের ভিতর টাল খেয়ে নামতে থাকে। এই প্রক্রিয়াকে বলে অন্ত-চলন বা **ইনভল্যুশান** (involution)। এই অন্তঃচালিত অংশ সিস্টের আভ্যন্তরীন গহ্বরে কোরকোদ্গম প্রক্রিয়ায় একটি ক্ষুদ্র **প্রোস্কোলেক্স** (proscolex) বা ক্ষুদ্র মস্তক সৃষ্টি করে। এই প্রোস্কোলেক্সটি আকৃতিতে আলপিনের মাথার মত। এর অগ্রপ্রান্তে হুক সৃষ্টি হতে থাকে।

ক্রমে ব্লাডারটি বড় হতে থাকে এবং ভিতরের অংশটি বাইরের দিকে উল্টে যায়। এই প্রক্রিয়াকে বলে **বহিঃচলন** বা **ইভ্যাজিনেশান্** (evagination)। এই অবস্থায় সিস্টটিকে অনেকটা ফুটবলের ব্লাডারের মত

দেখায় বলে এই দশার নাম **ব্লাডার ওয়ার্ম দশা** (bladder worm) বা **সিস্টিসারকাস** (cysticercus) দশা। শূকরের মাংসপেশীর মধ্যে অবস্থানকারী এই সিস্টের নাম **সিস্টিসারকাস সেলুলোজী** (Cysticercus cellulosae) এবং সিস্টযুক্ত এই মাংসপেশীর নাম **মিজলি পর্ক** (measly pork)।

4. মানুষের খাদ্যনালিতে সংক্রমন (Infection to alimentary canal of man) ঃ অসম্পূর্ণসিদ্ধ বা আসিদ্ধ সংক্রামিত শূকরের মাংস খেলে একসাথে অনেক পরিমানে সিস্ট খাদ্যলিতে প্রবেশ করে।



চিত্র নং 6.3.8 ঃ ফিতাকৃমির জীবনচক্র

পাকস্থলী থেকে পেরিয়ে এই সিস্টগুলি ডুওডেনাম অংশে এলে এর বাইরে ব্লাডার অংশটি পরিপাক হয়ে যায়। স্কোলেক্সটি অক্ষত অবস্থায় মুক্ত হয়ে মানুষের অন্ত্রের প্রাকারে সংলগ্ন হয়। এরপর স্কোলেক্স কোরকোদ্‌গাম প্রক্রিয়ায় ক্রমাগত প্রোগ্লোটিড সৃষ্টি করতে থাকে এবং ক্রমশঃ বৃদ্ধি পেয়ে একসময়ে পরিণতি লাভ করে। ডিম্বক থেকে সিস্টিসারকাস দশায় পৌঁছাতে সময় লাগে তিন মাস। সিস্টিসারকাস দশা থেকে পরিণত ফিতাকৃমি হতে সময় লাগে আরও তিনমাস।

অনেক সময় অসাবধানতা ও ব্যক্তিগত অপরিচ্ছন্নতার জন্য কিংবা বমির সময় কিছু হেক্সাকান্থ লার্ভা পাকস্থলীতে চলে যেতে পারে। এ অবস্থায় হেক্সাকান্থ অন্ত্রপ্রাকার ভেদ করে মানুষের মাংসপেশীতে নিজের স্থান করে নিতে পারে। এভাবে মানুষও গৌণ পোষকের স্থান নিতে পারে। অনেক সময় হেক্সাকান্থ মস্তিষ্কেও পরিবাহিত হয়ে সিস্ট উৎপন্ন করতে পারে। তখন মানুষের শোচনীয় মস্তিষ্ক রোগ সৃষ্টি হয়।

ফিতাকৃমির যৌন বা পরিণত দশা মানুষের অন্ত্রেই বৃদ্ধি লাভ করে। সুতরাং মানুষই প্রকৃত বা মুখ্য বা চূড়ান্ত পোষক (Definitive host) । শূকরের মাংস পেশীর লার্ভা দশা বা ব্লাডার ওয়ার্ম দশার বৃদ্ধি হয়। সুতরাং শূকর হল গৌণ বা মাধ্যমিক পোষক (secondary or intermediate host)। এক্ষেত্রে দুটি পোষক প্রাণীই মেরুদণ্ডী এবং এদের সংক্রমন ঘটে খাদ্যের মাধ্যমে।

6.4.3.8 ফিতাকৃমি সৃষ্ট রোগ (Diseases caused by tapeworm) : ফিতাকৃমি মানুষের খাদ্যনালিতে পরজীবী হিসাবে বাস করে এবং মানুষের অন্ত্রের পরিপাক বা অসম্পূর্ণ পরিপাক হওয়া খাদ্য গ্রহণ করে। এরা মানুষের দেহ থেকে ভিটামিন ও প্রোটিনজাতীয় খাদ্য অধিক পরিমানে শোষন করে। ফলে মানুষের দেহে ভিটামিনের অভাব দেখা দেয় । অ্যানিমিয়া (anaemia) বা রক্তাল্পতার ন্যায় অপুষ্টিজনিত নানা রোগ সৃষ্টি হয়। এছাড়া ফিতাকৃমির প্রভাবে ক্রমাগত বদহজম, উদরাময় অথবা কোষ্ঠকাঠিন্য দেখা দেয়।

6.4.3.9 প্রতিষেধক ব্যবস্থা (Preventive measures) ঃ ফিতাকৃমি প্রতিরোধে নিম্নলিখিত ব্যবস্থাগুলি অবলম্বন করা হয়।

1. অন্তবর্তী আশ্রয়দাতা বা গৌণ পোষকের (শূকর অথবা গরু) মাংস উত্তমরুপে সিদ্ধ করে খাওয়া।
2. মাংস প্রস্তুতের সময়ে খুব ভালভাবে লক্ষ্য করা।
3. নোংরা আবর্জ্জনা দূরীকরণে স্বাস্থ্যসম্মত বিধিব্যবস্থা গ্রহণ।
4. আক্রান্ত ব্যক্তির সুচিকিৎসা করা।

6.4.3.10 মানুষের দেহে বসবাসকারী কয়েকটি ফিতাকৃতি

ফিতাকৃমির নাম Name	মুখ্যপোষক (Definative host)	গৌণপোষক (Intermediate host)	মানুষের দেহে প্রাপ্ত দশা (Stage found in man)
1. টিনিয়া সোলিয়াম (Taenia solium)	মানুষ	শূকর	পরিণত দশা
2. টিনিয়া স্যাজিন্যাটা (Taenia saginata)	মানুষ	গরু	পরিণত দশা
3. ডাহফাহলোবাথ্রিয়াম ল্যাটাম (Dipliyllo-bothrian latum)	মানুষ কুকুর বিড়াল	সাহক্লপস মাছ	পরিণত দশা

4. ডাইফাইলোবথ্রিয়াম ম্যানসনি (Diplryllo-bthrium mansoni)	কুকুর বিড়াল	ব্যাঙ, সাপ মানুষ	লার্ভা দশা
5. একাইনোকক্কাস গ্রানুলোসাস (Echinoccus granulosus)	কুকুর নেকড়ে শিয়াল	গরু, ভেড়া শুকর, মানুষ	লার্ভা দশা (সিস্ট দশা) হাইডাটিড রোগ সৃষ্টি করে।
6. একাইনোকক্কাস মালিটলকলাবিস (Echino coccus multiloculabis)	কুকুর শিয়াল বিড়াল	নেংটি ইঁদুর মানুষ	লার্ভা দশা
7. ডাইপাইলিডিয়াম ক্যানাইনাম (Dipylidium caninum)	কুকুর বিড়াল মানুষ (আকস্মিক)	ডগ ফ্লি (dog flea)	পরিণত দশা
8. মালটিসেপস মালটিসেপস (Multiceps multiceps)	কুকুর মানুষ (আকস্মিক)	ছাগল, ভেড়া গরু, মানুষ	লার্ভা দশা
9. ভ্যামপাইরোলেপিস নানা (Vampirolepis nana)	মানুষ ইঁদুর মানুষ (আকস্মিক)		পরিণতও লার্ভা দশা
10. হাইমেনোলেপিস ডিমিনুটা (Hymenolapis diminuta)	ইঁদুর মানুষ (আকস্মিক)	ফ্লি (flea) মানুষ	পরিণত দশা

6.4.4 কয়েকপ্রকার চ্যাপ্টা কৃমি সম্পর্কে পরিচিতি [Few important flat worm]

1. প্যারাগোনিমাস ওয়েস্টারমানি (Paragonimus westermani) ঃ ফুসফুস কৃমি (চিত্র 6.2.18B)

এটি ফুসফুসে বসবাসকারী ফ্লুক কৃমি। এটি একটি ছোট, 8-12 মিমি লম্বা, 4-6 মিমি চওড়া, পুরু ডিম্বাকার ফ্লুক কৃমি। মানুষের এবং গৃহপালিত পশুর ফুস ফুসে প্রশাখা শ্বাসনালী গায়ে আবরণীর মধ্যে থাকে। ছয়-সাত দিন বাঁচে। দীর্ঘমেয়াদী কাশি,কফের সাথে রক্তের ছিটে থাকে। ঠিক যক্ষ্মারোগের মত লক্ষণ দেখা যায়। এর প্রাথমিক মধ্যবর্তী পোষক হল মেলানিয়া (Melania) নামের জলশামুক এবং পরবর্তী গৌণ পোষক হল কাঁকড়া, ক্রেফিস প্রভৃতি। কফের সাথে এদের ডিম বাইরে আসে। জলের সংস্পর্শে এলে লার্ভা বেরিয়ে মেলানিয়ার দেহে প্রবেশ করে। সংক্রমিত কাঁকড়া, ক্রেফিস প্রভৃতির কাঁচা মাংস খেলে মানুষের খাদ্যনালীতে প্রবেশ করে এবং ফুসফুসে এসে পরিণত হয়। প্রাচ্যদেশ ছাড়া এশিয়া, আফ্রিকা, দক্ষিণ ও মধ্য আমেরিকা থেকে এদের পাওয়া গেছে।

2. ক্লোনোর্কিস সাইনেসিস (Clonorchis sinensis) ঃ চীনাকৃমি (চিত্র 6.2.18C)

এটি একটি যকৃতে বসবাসকারী ফ্লুক কৃমি। মানুষ ছাড়া বিভিন্ন প্রকার সরীসৃপ, পাখি ও স্তন্যপায়ীর পিত্তনালীতেও বাস করে। দূর প্রাচ্যের দেশগুলিতে, বিশেষ করে চীন তার আশপাশের দেশগুলিতে খুব পাওয়া যায়। মানুষ, কুকুর, বিড়াল, শুকর এর মূখ্য পোষক। **বিথিনিয়া** (Bythinea) নামের জলশামুক হল এর প্রাথমিক গৌণ পোষক। এই ফ্লুক কৃমিগুলি বেশ ছোট, লম্বায় প্রায় 10-25 মিমি। পিত্তথলি বা নালীতে পূর্ণাঙ্গ কৃমি 20-30 বৎসর বাঁচে। এই কৃমি মানুষের রক্তশূন্যতা, পাতলা দাস্ত, ইয়োসিনোফিলিয়া, ন্যাবা ইত্যাদি রোগের কারণ। এতে মানুষের মৃত্যুও হয়।



চিত্র নং 6.3.9 ঃ কয়েক প্রকার ফিতাকৃমি ।
A-একাইনোকক্কাস গ্রানুলোসাস, তিনটি প্রোগ্লোটিডযুক্ত ফিতাকৃমি, কুকুরের খাদ্যনালীতে থাকে।
B-টিনিয়া স্যাজিন্যাটা ফিতাকৃমির স্কোলেক্স। C-টিনিয়া স্যাজিন্যাট ফিতাকৃমির গ্রাভিড প্রোগ্লোটিড।
D-মোনিয়েজিয়া এক্সপানসা ফিতাকৃমির স্কোলেক্স। E-মোনিয়েজিয়া এক্সপোনসা ফিতাকৃমির পরিণত প্রোগ্লটিড।

3. ফ্যাসিওলোপসিস বুস্কি (Fasciolopsis buski) ঃ চীনাকৃমি

ফ্যাসিওলার ন্যায় এটিও একটি বড় ফ্লুক কৃমি। লম্বায় 20-75 মিমি এবং প্রস্থে 8-20 মিমি। মানুষ, কুকুর ও শূকরের ক্ষুদ্রান্তে বাস করে। প্ল্যানরবিডি গোত্রের জলশামুক হল এর প্রাথমিক গৌণ পোষক। জীবনচক্র ফ্যাসিওলার মত। এদের সংক্রমণের ফলে ডাইরিয়া, আলসার, রক্তপাত, আমবাত ইত্যাদি হয়।

4. সিস্টোসোমা (Schistosoma) ঃ রক্ত ফ্লুক (চিত্র 6.2.18D) বা শোনিত কৃমি।

মানুষের রক্তবাহে তিন প্রজাতির এই কৃমি থাকে।

1. *সিস্টোসোমা হিমাটোবিয়াম*
2. *সিস্টোসোমা জ্যাপোনিকাম*
3. *সিস্টোসোমা ম্যানসনি*

সি. হিমাটোবিয়াম মানুষের মুত্রথলির শিরা উপশিরায় বাস করে ও ডিম পাড়ে। এদের ক্রিয়ায় মূত্রথলি থেকে রক্তপাত হয়। সি. ম্যানসনি বৃহদন্ত্রের প্রাকারের শিরা উপশিরায় বাস করে এবং রক্ত আমাশয় ও অ্যানিমিয়া দেখা দেয়। সি. জ্যাপোনিকাম বৃহদন্ত্রের প্রাকারের শিরা-উপশিরায় বাস করে এবং আলসার রক্তপাত ও প্লীহা বৃদ্ধি হয়। এরা 20 থেকে 26 মিমি লম্বা ও 0.25 থেকে 0.3 মিমি চওড়া হয়। এরাই একমাত্র ফ্লুক কৃমি যাদের পুরুষ ও স্ত্রী-প্রাণী আলাদা। পুরুষ ফ্লুকের দেহটি চওড়া এবং অঙ্কদেশে একটি খাঁজ থাকে যেখানে স্ত্রী-প্রাণী লেগে থাকতে পারে। এই খাঁজটিকে বলে **গাইনেকোফোরিক ক্যানাল** (Gynaecophoric canal) । এদের গৌণ পোষক হ'ল **বুলিনাস** (Bulinus), **প্ল্যানরবিস** ও **অনকোমেলানিয়া** নামক ছোট ছোট জল শামুক। এরা যে রোগ সৃষ্টি করে তার নাম **সিস্টোসোমিয়াসিস** বা **বিলহারজিয়াসিস**।

5. পলিস্টোমাম (Polystomum) ঃ (চিত্র 6.2.18A)

এটি একটি মনোজেনেটিক ট্রিমাটোড্। সাধারণতঃ ব্যাঙ ও কচ্ছপের মুত্রথলিতে থাকে। দেহটি ফ্লুক কৃমির মতই। পেছনের দিকে অপিসথ্যাপ্টর অঞ্চলে ছয়টি চোষক থাকে এবং 2-4টি কাইটিন নির্মিত হুক থাকে। এছাড়া অনেক ছোট ছোট হুকও থাকে। খাদ্যনালিটি খুবই শাখা-প্রশাখা সমন্বিত এবং এগুলিও পরস্পর শাখা দিয়ে যুক্ত থাকে। এদের জীবনচক্র সরল। লার্ভা ব্যাঙাচির ফুলকায় লেগে যায়। তারপর ব্যাঙাচির রুপান্তরের সময়ে এগুলি খাদ্যনালি দিয়ে তার মূত্রথলিতে আশ্রয় নেয় এবং পরিণত হয়।

6. টিনিয়া স্যাজিন্যাটা (Taenia saginata) ঃ চিত্র 6.3.9B,C)

এটি একটি ফিতা কৃমি। টিনিয়া সোলিয়ামের মতই দেখতে, তবে অনেক বড়, 5 থেকে 10 মি পর্যন্ত হয়। এরা মানুষের ক্ষুদ্রান্ত্রের প্রথমদিকে বাস করে। গরু এদের গৌণ পোষক, গরুর দেহে ব্লাডার ওয়ার্ম দশা বৃদ্ধি পায়। এদের মস্তক চতুষ্কোণ, বড়, রোস্টেলাম ও হুক থাকে না। এদের প্রোগ্লোটিডের সংখ্যা 1000 থেকে 2000 । আকারে বড় এবং জরায়ুর পার্শ্ব শাখা পরিণত প্রোগ্লোটিডে 15-30টি।

7. একাইনোকক্কাস গ্রানুলোসাস (Echinococcus granulosus) ঃ (চিত্র 6.2.9A)

এটি একটি ছোট্ট ফিতাকৃমি। 8 থেকে 6 মিমি লম্বা। মাত্র তিনটি প্রোগ্লোটিড দিয়ে দেহটি গঠিত।

প্রথম প্লোগ্লোটিডটি অপরিণত, দ্বিতীয়টি পরিণত এবং শেষ খন্ডকটি বড় গ্রাভিড। এদের প্রোগ্লোটিড খসে খসে পড়ে না। পরিণত হেস্কাকান্থ ভ্রুণযুক্ত ডিম্বকগুলি জনন পথে বেরিয়ে মলের সাথে বাইরে বেরিয়ে আসে। এই প্রোগ্লোটিডে পুনরায় ডিম সৃষ্টি হতে থাকে। এদের মুখ্যপোষক হল - কুকুর, শিয়াল, নেকড়ে

ইত্যাদি। এদের ক্ষুদ্রান্ত্রে বাস করে। সেকারণে একে কুকুরের ফিতা কৃমি বলে। মানুষ হল এদের গৌণ আশ্রয় দাতা। অর্থাৎ মানুষের বিভিন্ন অঙ্গে ও পেশীতে এদের ব্লাডার ওয়ার্ম দশা সৃষ্টি হয়। যকৃৎ, ফুসফুস ইত্যাদি অঙ্গে এই সিস্ট দশা বৃদ্ধি হয়। অনেক বড় হয় যার মধ্যে তরল ভর্তি থাকে। এই সিস্টকে বলে **হাইডাটিড সিস্ট** (Hydatid cyst)। এটি একটি মারাত্মক রোগ। কেটে বের করে না দেওয়া পর্যন্ত কোন প্রতিকার নেই। এই সিস্ট থেকে অসংখ্য কোরক উৎপাদন হয়ে সিস্টের সংখ্যা বাড়তে পারে। এছাড়া কোরকোদ্‌গম প্রক্রিয়ায় অসংখ্য দানাদানা স্কোলেক্স তৈরি হতে পারে। এই স্কোলেক্সগুলি প্রত্যেকেই নতুন কৃমির জন্ম দিতে পারে। সুতরাং সংখ্যা বৃদ্ধি কি হারে ঘটে তা অনুমান করা যায়। মানুষ ছাড়া গরু, শূকর, ভেড়া, ঘোড়া, খরগোস সকলেই এইভাবে হাইডাটিড রোগে আক্রান্ত হতে পারে। পরিণত প্রাণীর আয়ুষ্কাল মাত্র 5-7 মাস। কিন্তু হাইডাইটিড দশা পোষক প্রাণীর দেহে দীর্ঘকাল, এমনকি ত্রিশ বৎসর পর্যন্ত থাকতে পারে।

8. ডাইফাইলোবথ্রিয়াম ল্যাটাম (Diphylobothrium latum) ঃ এটি একটি সুবৃহৎ ফিতাকৃমি। দীর্ঘতম দেহ, 10 মি পর্যন্ত লম্বা 3000 থেকে 4000 প্লোগ্লোটিড থাকে। 5 থেকে 13 বৎসর বাঁচে। এরা মাছের ফিতাকৃমি বলে পরিচিত। মানুষ ও অন্যান্য মৎস্যভোজী প্রাণীরা এর মুখ্য আশ্রয়দাতা। গৌণ আশ্রয় দাতা হল সাইক্লপস, জলজশামূক ও মিঠাজলের মাছ. এর সংক্রমণ হলে মানুষ খুব শীঘ্রই রক্তাল্পতা রোগে এবং ডাইরিয়া রোগে আক্রান্ত হয়।

9. হাইমেনোলেপিস ডিমন্যুটা (Hymeenoleepis diminugta) ঃ এটি একটি ছোট দেহের ফিতাকৃমি। দৈর্ঘ্যে প্রায় 1-4 সেমি মাত্র। মানুষের দেহে একসঙ্গে একাধিক এমনকি কয়েক হাজার এই ফিতাকৃমি থাকতে পারে। এরা স্বল্পায়ু। মাত্র দু-তিনসপ্তাহ বাঁচে। এদের জীবনচক্র সম্পূর্ণ করতে কোন মাধ্যমিক পোষকের প্রয়োজন হয় না। বেশি সংখ্যায় থাকলে ডাইরিয়া, পেটে ব্যাথা ইত্যাদি দেখা দেয়।

10. মনিয়েজিয়া এক্সপানসা (Moniezia expansa) ঃ (চিত্র 6.3.9 D, E)

এই ফিতাকৃমি সাধারণত ভেড়া, গবাদি পশুর খাদ্যনালীতে পাওয়া যায়। এর স্কোলেক্সটি ছোট, সুস্পষ্ট চোষক থাকে, রোস্টেলাম ও হুক থাকে না। পরিণত প্রোগ্লাটিডগুলি অনেক চওড়া, দুদিকে দু-প্রস্থ পুরুষ ও স্ত্রী উভয় জনন অঙ্গ থাকে। ডিম্বাশয় খোলা পাখার মত দেখতে। গ্রাভিড প্রোগ্লাটিড মলের সঙ্গে বাইরে বেরিয়ে আসে। ডিমগুলি গালুমনা (Galumna) নামক মাইট খায়। এই মাইটগুলি এর গৌণ পোষক। গৌণ পোষকের দেহে এই ডিমগুলি থেকে সিস্টিসারকয়েড লার্ভা সৃষ্টি হয়। গবাদি পশু চারণভূমিতে ঘাস খাওয়ার সময়ে এই সিস্টিসারকয়েজ লার্ভা সমেত মাইট খেলে তখন তার খাদ্যনালীতে পরিণত ফিতাকৃমির বৃদ্ধি হয়। এই কৃমি পোষকের খুব ক্ষতি করে না তবে ডাইরিয়া, অ্যানিমিয়া বা খাদ্যনালী বন্ধ হয়ে যেতে পারে।

6.4.5 ফিতাকৃমি সম্পর্কে কয়েকটি তথ্য (Some information on tape worm)

1. এ পর্যন্ত প্রায় 1500 প্রজাতির ফিতাকৃমি আবিষ্কৃত হয়েছে। এগুলি সবই বিভিন্ন মেরুদণ্ডী প্রাণীর খাদ্যনালীতে বসবাস করে। প্রতিক্ষেত্রেই মুখ্যপোষক গৌণ পোষকদের খাদ্যপ্রাণী হিসাবে গ্রহণ করার ফলেই সংক্রমণ হয়ে থাকে।
2. ফিতাকৃমির খাদ্যনালী ও মুখ নেই। সুতরাং সারা দেহ দিয়ে খাদ্য গ্রহীত হয়।
3. খাদ্যনালীর যে অংশে এরা বাস করে সেখানে অক্সিজেন থাকে না, কেবলমাত্র CO_2 এর আধিক্য

থাকে। সুতরাং এরা অবাত শ্বসনের উপর নির্ভরশীল। এছাড়া এদের দেহে খাদ্যনালীর অতিরিক্ত CO_2 নিয়ে দেহে স্থাপিত করে গ্লাইকোজেন সৃষ্টির প্রক্রিয়া আছে।

4. স্কোলেক্সটি খাদ্যনালীর মাসকুলারিস মিউকসায় গাঁথা থাকে। এখানে রক্তবাহ ও লসিকাবাহ থাকায় এই অংশ অক্সিজেন গ্রহণ করতে পারে।
5. স্কন্ধ অঞ্চল ক্রমাগত বিভক্ত হয়ে দেহের প্রোগ্লোটিডের সংখ্যা বাড়ায়।
6. প্রতিটি প্রোগ্লোটিডেই পুং ও স্ত্রী জননতন্ত্র থাকায় প্রতিটি প্রোগ্লোটিডই অসংখ্য নিষিক্ত ডিম্বক উৎপন্ন করতে পারে।
7. এছাড়া হাইডাটিড সিস্টও অসংখ্য পরিমানে স্কোলেক্স সৃষ্টি করতে পারে যেগুলি থেকে অসংখ্য ফিতাকৃমি সৃষ্টি হতে পারে। ওই স্কোলেক্সগুলিকে বলে **হাইডাটিড স্যান্ড** (Hydatid sand)।
8. এদের দেহে প্রোটিন অপেক্ষা শর্করা, লিপিড ও ভিটামিন অধিক পরিমানে থাকে।
9. আশ্রয়দাতা প্রাণীর সঙ্গে স্বাভাবিকভাবে আভ্যন্তরীন প্রাণী হিসাবে বোঝাপড়া থাকে। এরা পোষকদেহ থেকে খাদ্য ও আশ্রয় পায়। অপরপক্ষে আশ্রয় দাতার ক্ষতি যাতে কম হয় সেদিকেও যথেষ্ট ব্যবস্থা আছে। এই বোঝাপড়ার অসুবিধে হলেই নানা রোগের সৃষ্টি হয়।

6.5.1 সারাংশ - 1

প্ল্যানেরিয়ারা প্লাটিহেনমিনথিস পর্বের টারবেল্ল্যারিয়া শ্রেণীভুক্ত স্বাধীনজীবী প্রাণী। স্বাধীনজীবী হওয়ার ফলে এদের দেহাবরণী চিত্রবিচিত্র ও সিলিয়াযুক্ত। এরা জলাশয়ের বা পুকুরের মাটিতে কোন পাথর বা নুড়ির নিচে, ডাঙ্গায়, বাগানে হামাগুড়ি দিয়ে চলে। এরা দেখতে লম্বাটে চ্যাপ্টা পাতার মত, সামনের দিকে মস্তক ও পিছনের দিকে লম্বাটে। এদের খাদ্যনালী আছে। মুখছিদ্রটি দেহের মাঝখানের নিচে অবস্থিত। মুখছিদ্রের নিচে থাকে মাংসল প্রকোষ্ঠ, একে বলে গলবিল। গলবিলটি মুখের মধ্য দিয়ে বাইরে প্রোবেসিসের আকারে বেরিয়ে আসে। এই প্রোবোসিসের সাহায্যে এরা ক্ষুদ্র ক্ষুদ্র খাদ্যকণা গ্রহণ করে। মুখছিদ্রের নিচেই থাকে জননছিদ্র। এদের দেহাবরণ এপিডারমিস, সাবএপিডারম্যাল গ্রন্থি, পেশী ও মেসেনকাইম দিয়ে তৈরি। এপিডারমিসের কোষগুলিতে র‍্যাবডাইট নামে মিউকাস দণ্ড থাকে। এরা হড়কিয়ে ও পেশীর সাহায্যে চলাফেরা করে। এদের খাদ্যনালী গলবিলের পরে তিনটি অন্ধ, অংশে বিভক্ত। সামনের দিকে একটি এবং গলবিলের পাশ দিয়ে পিছনের দিকে দুটি অংশ বিস্তৃত। এদের আন্তঃকোষীয় পরিপাক হয়। অপাচ্য অংশ মুখ দিয়ে বাইরে নিক্ষিপ্ত হয়। এরা খাদ্যগ্রহণ না করে অনেকদিনই বাঁচতে পারে। দেহাবরণ দিয়ে ব্যাপন প্রক্রিয়ায় এদের শ্বাসকার্য চলে। এদের সুনির্দিষ্ট রেচনতন্ত্র আছে, দেহের দুপাশে একাধিক রেচননালী থাকে। শাখা-প্রশাখা রেচননালীর প্রান্তে থাকে শিখা কোষ। স্নায়ুতন্ত্রে দুটি শিরস্নায়ুগ্রন্থি ও মোটা স্নায়ুরজ্জু থাকে। এই মোটা স্নায়ুরজ্জু দুটিতে আড়াআড়ি অনেক স্নায়ুরজ্জু যুক্ত হয়ে সিড়ির ধাপের মত গঠন সৃষ্টি করেছে। মাথায় দুটি চোখ আলোক ও রসায়ন সংবেদী। গ্রীষ্মের আরম্ভ হল এদের প্রজনন ঋতু। এদের যৌন, অযৌন পুনরুৎপাদন প্রক্রিয়ায় প্রজনন হয়। প্রজনন ঋতুতে পুরুষ স্ত্রী মিলিত হয় এবং ককুন উৎপন্ন করে। একটি ককুনে একাধিক ডিম্বক থাকে। ফলে একটি ককুন থেকে বহু প্ল্যানেরিয়া সৃষ্ট হয়।

অন্য সময়ে অযৌন জনন হয়। এসময়ে দেহ মাঝ বরাবর দুভাগে ভাগ হয়ে যায়। প্রতি অর্ধ আবার

অন্য অংশ সৃষ্টি করে নিতে পারে। এছাড়া এদের দেহের পুনরুৎপাদন ক্ষমতা আছে, দেহকে টুকরো টুকরো করে দিলে অবশিষ্ট অংশ এরা তৈরি করে নিয়ে বহুসংখ্যক প্ল্যানেরিয়া সৃষ্টি করতে পারে।

6.5.2 সারাংশ - 2

ফ্যাসিওলা ফ্লুক কৃমি দেখতে চ্যাপ্টা পাতার মত। সামনের দিকে কোণের মত অংশকে বলে শির-শঙ্কু। শিরশঙ্কুতে মুখ, মুখের চারপাশে মৌখিক চোষক থাকে। এর পিছনে সামনে থেকে একতৃতীয়াংশ দূরত্বে অঙ্কপৃষ্ঠে থাকে অ্যাসিটাব্যুলাম। এই চোষক দুটি দেহকে একস্থানে স্থির থাকতে সাহায্য করে। পিছনপ্রান্তে একটি রেচনছিদ্র থাকে। এরা ভেড়ার যকৃতে ও পিত্তনালীতে বাস করে যকৃৎ পচা রোগ সৃষ্টি করে। এদের জীবনচক্রে অযৌন ও যৌন জনন প্রক্রিয়া দুটি প্রাণীর মধ্যে সংঘটিত হয়। তাই এদের ডাইজেনেটিক প্রাণী বলে। এদের দেহাবরণ দুটি স্তর দিয়ে গঠিত। বহিঃস্তরটি সিনসাইটিয়াম যুক্ত। তার বাইরে একটি ত্রিস্তরীয় একক আবরণী থাকে। অন্তঃস্তরটি অনেক বড় বড় কোষসমন্বিত। দুটি স্তরের মাঝে থাকে বেসাল ল্যামিনা ও পেশীস্তর। সারা দেহ হালকা প্যারেনকাইমা কলা দিয়ে ভর্তি থাকে যার মধ্যে খাদ্যনালী ও জননঅঙ্গ থাকে। পৌষ্টিকতন্ত্র মুখ, পেশীবহুল গলবিল ও প্রচুর পরিমান শাখা-প্রশাখাযুক্ত দুটি অন্ধ অন্ত্র থাকে। অন্ত্র নালী দুটি পশ্চাৎ প্রান্ত পর্যন্ত বিস্তৃত থাকে। যকৃৎ কৃমি মুখ দিয়ে অর্থপরিপক্ক খাদ্যগ্রহণ করে। অপাচ্য বর্জ্যপদার্থ মুখ দিয়ে বাইরে বেরিয়ে যায়। এরা দেহাবরণী দিয়েও পুষ্টি শোষণ করে। দেহের দৈর্ঘ্য বরাবর একটি রেচননালী থেকে দেহের দুপাশে বিস্তৃত অসংখ্য শাখা-প্রশাখা নালিকা দিয়ে রেচনতন্ত্র গঠিত। প্রশাখা নালিকাগুলির প্রান্তে একটি করে শিখা কোষ থাকে। এই শিখা কোষগুলিই হল রেচন ও অসমোরেগুলেশনের প্রধান অঙ্গ। যকৃৎ কৃমির স্নায়ুতন্ত্র গ্রাসনালীকে ঘিরে একটি স্নায়ুঅঙ্গুরী ও দেহের পশ্চাৎপ্রান্ত পর্যন্ত বিস্তৃত স্নায়ুরজ্জু দিয়ে গঠিত। স্নায়অঙ্গুরীতে স্নায়ুগ্রন্থি থাকে। এগুলি মস্তিষ্কের কাজ করে। এদের অবাত শ্বসন হয়। যকৃৎ কৃমির জননতন্ত্র খুবই উন্নত। এরা উভলিঙ্গ প্রাণী। পুংজননতন্ত্র শুক্রাশয় ভাসডিফারেন্স, সেমিন্যাল ভেসিকল্ ও সিরাস দিয়ে গঠিত। স্ত্রীজননতন্ত্র ডিম্বাশয়, জিম্বনালী, ঊটাইপ, জরায়ু, কুসুমগ্রন্থি, মেহলিসের গ্রন্থি দিয়ে গঠিত। জীবনচক্রে দুটি পোষক প্রাণীর প্রয়োজন। মুখ্য পোষক হল ভেড়া, ভেড়ার দেহে এদের যৌন জনন হয়। ভেড়ার মলের সাথে ভ্রুণযুক্ত ডিমগুলি বেরিয়ে আসে, জলের সংস্পর্শে আসার সাথে সাথে ডিম্বগুলি থেকে মিরাসিডিয়াম নামক সিলিয়াযুক্ত স্বাধীনজীবী লার্ভা বেরিয়ে আসে। লার্ভাগুলি জলে সাঁতার কাটতে কাটতে শীঘ্রই এদের গৌণ পোষক লিমনিয়া নামক জলশামুকের দেহে প্রবেশ করে। শামুকের যকৃতে এসে এই লার্ভার পরিবর্তন হয়ে স্পোরোসিস্ট নামক লার্ভা সৃষ্টি করে। স্পোরোসিস্টের মধ্যে জার্মকোষগুলি বিভাজিত হয়ে রেডিয়া নামের একপ্রকার লার্ভা সৃষ্টি করে। রেডিয়া লার্ভার জার্মকোষগুলি আবার বিভাজিত হয়ে ব্যাঙাচির মত আর একপ্রকার স্বাধীনজীবী লার্ভা গঠন করে। এই লার্ভাগুলির নাম সারকেরিয়া। সারকেরিয়া জলে সাঁতার কেটে পুকুরের ধারের ঘাসের পাতায় এসে স্থির হয়ে সিস্ট তৈরি করে। এই সিস্টের মধ্যে সারকেরিয়ার লেজ ছাড়া বাকি অংশ থাকে, একে বলে মেটাসারকেরিয়া লার্ভা। এবার কোন ভেড়া বা গবাদি পশু এই ঘাস খেলে তাদের পেটে অসংখ্য মেটাসারকেরিয়া একসাথে প্রবেশ করে। মেটাসারকেরিয়াগুলি অন্ত্রে এলে বাইরের সিস্ট পরিপাক হয়ে যায়। ফলে ক্ষুদ্র ক্ষুদ্র অসংখ্য শিশু যকৃৎ কৃমি বেরিয়ে আসে। এই ক্ষুদ্র শিশু কৃমিগুলি অন্ত্রপ্রাকার ভেদ করে পোর্টাল রক্ত সংবহনের মাধ্যমে যকৃতে প্রবেশ করে এবং সেখানে আকারে বড় হয়ে পরিণত হতে থাকে।

6.5.3 সারাংশ-3

টিনিয়া সোলিয়াম মানুষের অন্ত্রে বসবাসকারী একটি ফিতাকৃমি। এদের দেহটি তিনটি অংশ দিয়ে তৈরি। মস্তক, ঘাড় ও দেহ। মস্তকটি পিনের মাথার মত। মাথায় চারটি অন্ধচোষক থাকে। মাথার সামনের অংশ রোস্টেলামে অনেক অঙ্কুশ থাকে। মস্তকটিকে বলে স্কোলেক্স। ঘাড়টি সরু। সাধারণত খন্ডযুক্ত নয়, তবে পরবর্তী অংশটুকুতে খন্ড থাকে। দেহটি চ্যাপ্টা ফিতার মত ক্রমে পেছনের দিকে চওড়া, সারা দেহটি অনেক খন্ডকযুক্ত বলে একে স্ট্রোবিলা বলে। প্রতি দেহখন্ডককে বলে প্রোগ্লোটিড। প্রতি প্রোগ্লোটিডে পুরুষ ও স্ত্রী উভয় জননঅঙ্গই থাকে। সুতরাং এরা উভলিঙ্গ প্রাণী। দেহের শেষের দিকের প্রোগ্লোটিডগুলি চওড়া ও পুরু। এদের পরিণত বা গ্রাভিড প্রোগ্লোটিড বলে। গ্রাভিড প্রোগ্লোটিডে অন্যান্য অঙ্গের অবলুপ্তি হয় কেবলমাত্র জরায়ুভর্তি পরিণত ডিম্বক থাকে। এদের দেহাবরণ ফ্লুককৃমির মত আরও নরম, শোষণক্ষম। এদের খাদ্যনালি বা মুখ নেই, সুতরাং দেহাবরণ দিয়ে ব্যাপন প্রক্রিয়ায় পোষকদেহ থেকে খাদ্য প্রবেশ করে। এদের রেচনতন্ত্র শিখা কোষ ও দেহের দুপাশে অবস্থিত একজোড়া রেচননালী দিয়ে গঠিত। মাথায় একজোড়া স্নায়ুগ্রন্থি থাকে। এই থেকে একজোড়া স্নায়ুরজ্জু বের হয়ে দেহের পেছন পর্যন্ত বিস্তৃত। স্নায়ুরজ্জুতে আড়াআড়ি অনেক স্নায়ুসূত্র যোগ হয়ে সিড়ির ন্যায় স্নায়ুতন্ত্র সৃষ্টি করেছে। পুরুষ জননতন্ত্র সারা প্রোগ্লোটিডে ছড়ানো অসংখ্য শুক্রাশয়, ভাসডিফারেন্স, সিরাস থলি ও শিশ্ন বা সিরাস দিয়ে গঠিত। আর স্ত্রী জননতন্ত্র ডিম্বাশয়, ডিম্বনালি, জরায়ু, কুসুম গ্রন্থি, মেহলিসের গ্রন্থি, ঊটাইপ, নিষিক্তকারী নালী ও যোনি দিয়ে গঠিত। একই প্রোগ্লোটিডে স্ত্রী-পুরুষ উভয় জননঅঙ্গ থাকলেও সাধারণতঃ পরনিষেক হয়। অন্য প্রোগ্লোটিডের সাথে পরনিষেক সম্পন্ন হয়। পরিণত বা গ্রাভিড প্রোগ্লোটিডগুলি দলে দলে দেহ থেকে খসে পড়ে এবং পোষকের মলের সাথে দেহের বাইরে আসে। পরে ভ্রূণযুক্ত ডিম্বকগুলি ছড়িয়ে পড়ে। এই ভ্রূণগুলিতে ছয়টি হুক থাকে। তাই একে বলে হেক্সাকান্থ ভ্রূণ। ক্রমে বিভিন্ন শাকসব্জি ইত্যাদির গায়ে এই ভ্রূণ লেগে থাকে এবং দীর্ঘদিন সজীব থাকে। এদের পরবর্তী গৌণ পোষক হল শূকর। কোন শূকর এইপ্রকার সংক্রমিত শাকসব্জি খেলে তার খাদ্যনালিতে এক সাথে অনেক ভ্রূণ চলে আসে। ভ্রূণগুলি খাদ্যনালি ভেদ করে ক্রমে পোর্টাল শিরা ও সাধারণ সংবহনের মাধ্যমে শূকরের সারা শরীরের মাংসপেশীতে চলে আসে এবং সিস্ট তৈরি করে। সিস্ট ক্রমে বড় হতে থাকে এদের বলে সিস্টিসারকাস দশা। এই লার্ভাগুলোকে বলে সিস্টিসারকাস সেলুলোজী। আর অসংখ্য সিস্টযুক্ত এই শূকরের মাংসপেশীকে বলে মিজলি পর্ক। এইরকম সিস্টিসারকাসযুক্ত পর্ক অর্ধসিদ্ধ বা আসিদ্ধ খেলে মানুষের খাদ্যনালিতে এরা চলে আসে। মানুষের অন্ত্রের প্রথমাংশে এদের স্কোলেক্সটি খাদ্যনালির প্রাকারে গ্রথিত হয়। এরপর আস্তে আস্তে ঘাড় অঞ্চল ও দেহ বৃদ্ধি হতে থাকে। সারা দেহটি খাদ্যনালিতে ভাসতে থাকে। এভাবে একটি টিনিয়া সোলিয়াম দীর্ঘ বৎসর বাঁচতে পারে। এরা প্রোটিন ও ভিটামিন খুব দ্রুত শোষণ করে বলে দেহে অ্যানিমিয়া দেখা দেয়। শরীর দুর্বল হয়ে পড়ে।

6.6.1 সর্বশেষ প্রশ্নাবলী-1

1. প্ল্যানেরিয়া কাদের বলে? প্ল্যানেরিয়ার সাধারণ পরিচিতি দিন।
2. প্ল্যানেরিয়া দেহাবরণের বৈশিষ্ট্য বর্ণনা করুন।
3. প্ল্যানেরিয়ার পুষ্টিতন্ত্রের বর্ণনা দিন।
4. প্ল্যানেরিয়া রেচনতন্ত্রের বর্ণনা দিন।

5. প্ল্যানেরিয়ার যৌন প্রজনন বর্ণনা করুন।
6. প্ল্যানেরিয়ার অযৌন প্রজনন বর্ণনা করুন।
7. প্ল্যানেরিয়ার পুনরুৎপাদন বলতে কি বোঝায়? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।
8. প্ল্যানেরিয়ার প্রজননতন্ত্রের বর্ণনা দিন।
9. প্ল্যানেরিয়ার গমনের প্রক্রিয়া বর্ণনা করুন।
10. টীকা লিখুন ঃ
    র‍্যাবডাইট, শিখা কোষ, ওসেলি, ক্যাপস্যুল, ককুন, এক্টোলেসিথ্যাল ডিম্বক, এন্টোলেসিথ্যাল, পুনরুৎপাদন, হেটারোমরফোসিস।

6.6.2 সর্বশেষ প্রশ্নাবলী-2

1. লিভার ফ্লুকের সাধারণ পরিচিতি দিন।
2. লিভার ফ্লুকের বহিরাকৃতির বর্ণনা দিন।
3. লিভার ফ্লুকের দেহাবরণটির বর্ণনা দিন।
4. লিভার ফ্লুকের পৌষ্টিকতন্ত্রের বর্ণনা দিন।
5. লিভার ফ্লুকের রেচনতন্ত্র বর্ণনা করুন।
6. লিভার ফ্লুকের স্নায়ুতন্ত্রের বর্ণনা করুন।
7. লিভার ফ্লুকের জননতন্ত্রের বর্ণনা করুন।
8. লিভার ফ্লুকের পুরুষজননতন্ত্রের বর্ণনা করুন।
9. লিভার ফ্লুকের স্ত্রী-জননতন্ত্রের বর্ণনা করুন।
10. লিভার ফ্লুকের জীবনচক্র বর্ণনা করুন।
11. লিভার ফ্লুকের অযৌন জনন বর্ণনা করুন।
12. পলি এম্বায়নি কাকে বলে? লিভার ফ্লুকের জীবনচক্রের মাধ্যমে তত্ত্বটির ব্যাখ্যা করুন।
13. লিভার ফ্লুকের দুটি স্বাধীনজীবী লার্ভার বর্ণনা করুন।
14. লিভার ফ্লুকের জীবনচক্রের ছকটি দিন।
15. সংক্ষেপে পরিচয় দিন।

a. কুসুমগ্রন্থি	b. ঊটাইপ
c. লরার নালী	d. মেহলিস গ্রন্থি
e. গৌণ পোষক	f. মুখ্য পোষক
g. ডাইজেনেটিক	h. ফ্লুককৃমির ডিম্বক
i. শিখা কোষ	j. মিরাসিডিয়াম
k. স্পোরোসিস্ট	l. রেডিয়া
m. সারকেরিয়া	n. মেটাসারকেরিয়া
o. হেটারোগ্যামী	p. লিভার রট
q. পলিএম্বায়নি	

6.6.3 প্রশ্নাবলী-3

1. টিনিয়া সোলিয়ামের সাধারণ পরিচিতি দিন।
2. টিনিয়া সোলিয়ামের দেহগঠন বর্ণনা করুন।
3. টিনিয়া সোলিয়ামের দেহাবরণ বর্ণনা করুন।
4. টিনিয়া সোলিয়ামের জীবনচক্র বর্ণনা করুন।
5. টিনিয়া সোলিয়ামের পুংজননতন্ত্র বর্ণনা করুন।
6. টিনিয়া সোলিয়ামের স্ত্রীজননতন্ত্রের বর্ণনা দিন।
7. গৌণ পোষক কাকে বলে? টিনিয়া সোলিয়ামের গৌণ পোষকের দেহে সংক্রমন ও বর্ধিত লার্ভা দশার বর্ণনা দিন।
8. টীকা লিখুন ঃ
   (a) স্কোলেক্স, (b) গ্রাভিড প্রোগ্লোটিড, (c) গ্লাইকোক্যালিক্স, (d) সিরাস থলি, (e) ঊটাইপ, (f) হেক্সাকান্থ ভ্রূণ (g) সিস্টিসারকাস সেলুলোজী, (h) ব্লাডার ওয়ার্ম, (i) মিজলি পর্ক, (j) চূড়ান্ত পোষক, (k) প্রোস্কোলেক্স, (l) অঙ্কোস্ফিয়ার, (m) রোস্টেলাম।

6.7.1 উত্তরমালা-1

(সর্বশেষ প্রশ্নাবলী-1 সম্পর্কিত)

1. 6.4.1.0-6.4.1.3 অংশ দেখুন।
2. 6.4.1.4 অংশ দেখুন।
3. 6.4.1.6 অংশ দেখুন।
4. 6.4.1.8 অংশ দেখুন।
5. 6.4.1.11.1 অংশ দেখুন।
6. 6.4.1.11.2 অংশ দেখুন।
7. 6.4.1.11.3 অংশ দেখুন।
8. 6.4.1.11 অংশ দেখুন।
9. 6.4.1.5 অংশ দেখুন।
10. যথাক্রমে 6.4.1.4, 6.4.1.8, 6.4.1.10, 6.4.1.11, 6.4.1.10, 6.4.1.11.1.3, 6.4.1.11, 6.4.1.11.1.4, 6.4.1.11.1.14, 6.4.1.11.3 এবং 6.4.1.11.3 অংশ দেখুন।

6.7.2 উত্তরমালা-2

(প্রশ্নাবলী-2 সম্পর্কিত)

1. 6.4.2.2 অংশ দেখুন।
2. 6.4.2.3 অংশ দেখুন।
3. 6.4.2.4 অংশ দেখুন।

4. 6.4.2.5 অংশ দেখুন।
5. 6.4.2.6 অংশ দেখুন।
6. 6.4.2.7 অংশ দেখুন।
7. 6.4.2.9 অংশ দেখুন।
8. 6.4.2.9.1 অংশ দেখুন।
9. 6.4.2.9.2 অংশ দেখুন।
10. 6.4.2.10 অংশ দেখুন।
11. 6.4.2.10 অংশ দেখুন।
12. 6.4.2.10 অংশ দেখুন।
13. 6.4.2.10 অংশ দেখুন।
14. 6.4.2.10 অংশ দেখুন।
15. **সংশ্লিষ্ট অংশ দেখুন ঃ**

a. 6.4.2.9	b. 6.4.2.9	c. 6.4.2.9
d. 6.4.2.9	e. 6.4.2.9	f. 6.4.2.9
g. 6.4.2.9	h. 6.4.2.10	i. 6.4.2.6
j. 6.4.2.10	k. 6.4.2.10	l. 6.4.2.10
m. 6.4.2.10	n. 6.4.2.10	o. 6.4.2.11
p. 6.4.2.11	q. 6.4.2.11	

6.7.3 উত্তরমালা-3

(প্রশ্নাবলী-3 সম্পর্কিত)

1. 6.4.3.1 অংশ দেখুন।
2. 6.4.3.2 অংশ দেখুন।
3. 6.4.3.3 অংশ দেখুন।
4. 6.4.3.7 অংশ দেখুন।
5. 6.4.3.6 অংশ দেখুন।
6. 6.4.3.6 অংশ দেখুন।
7. 6.4.3.7 অংশ দেখুন।
8. **সংশ্লিষ্ট অংশ দেখুন ঃ**

a. 6.4.3.2	b. 6.4.3.2	c. 6.4.3.3
d. 6.4.3.6.1	e. 6.4.3.6.2	f. 6.4.3.7
g. 6.4.3.7	h. 6.4.3.7	i. 6.4.3.7
j. 6.4.3.7	k. 6.4.3.7	l. 6.4.3.7
m. 6.4.3.2		

একক 7 ❑ সিউডোসিলোম বা ছদ্ম দেহগহ্বর যুক্ত প্রাণীকুল

গঠন

7.1 প্রস্তাবনা
7.2 উদ্দেশ্য
7.3 পর্ব-গ্যাস্ট্রোট্রিকা
7.4 পর্ব-রটিফেরা
7.5 পর্ব-অ্যাকাস্থোকেফালা
7.6 পর্ব-লরিলিফেরা
7.7 পর্ব-কাইনোরিংকা
7.8 পর্ব-নিমাটোমরফা
7.9 পর্ব-নিমাটোডা
7.10 সারাংশ
7.11 সর্বশেষ প্রশ্নাবলী
7.12 উত্তরমালা
7.13 গ্রন্থপঞ্জী

7.1 প্রস্তাবনা

আগের এককগুলিতে আপনারা যে সমস্ত বহুকোষী মেটাজোয়া প্রাণী পর্বগুলি সম্পর্কে পড়েছিলেন, লক্ষ্য করেছেন সেসব ক্ষেত্রে ভ্রূণাবস্থায় দেহের অভ্যন্তরে শূন্যস্থান বলতে গ্যাস্ট্রোসিল (Gastrocoel) এবং পূর্ণাঙ্গ দশায় দেহের শূন্যস্থান ঐ গ্যাস্ট্রোসিলেরই পরিবর্তিত রূপ-পরিপাক তন্ত্রের মধ্যের ফাঁকা অঞ্চল। এ ব্যতিত কোন শূন্যস্থান দেহের অভ্যন্তরে দেখা যায় না। এখন এই এককে যে সমস্ত প্রাণী পর্ব নিয়ে আলোচনা হবে সেখানে মেসোডার্ম স্তরের মধ্যে অতিরিক্ত একটি শূন্যস্থান তৈরী হয়েছে। এই শূন্যস্থান দেহের প্রাকার ও পরিপাক নালির মধ্যবর্ত্তী অংশে অবস্থিত। যেহেতু মেসোডার্ম এক্ষেত্রে এক্টোডার্ম নির্মিত দেহ প্রাকারের সঙ্গে সন্নিবিষ্ট থাকে এবং এণ্ডোডার্ম নির্মিত পরিপাক নালির বহিঃর্গাত্র ঘিরে শুধুমাত্র শূন্যস্থানই বিদ্যমান- তাই এইরূপ দেহগহ্বরকে ছদ্মদেহগহ্বর বা সিউডোসিল (Pseudocoel) বলা হয় (চিত্র 7.1)। পরে আরো উন্নত অমেরুদণ্ডী প্রাণীতে আমরা দেখব পুরোপুরি মেসোডার্ম কলা থেকে উদ্ভুত স্তর দ্বারাই দেহগহ্বর সীমায়িত হয়ে প্রকৃত দেহগহ্বর বা সিলোম (Coelom) গঠন করেছে। তবে এই এককে আমরা ছদ্ম দেহগহ্বরযুক্ত প্রাণী পর্বগুলি (Pseudocoelomate Phyla) নিয়েই আলোচনা করব।

দেহগহ্বরহীন অবস্থা, ছদ্মদেহগহ্বর বা প্রকৃত দেহগহ্বরকে বিবর্তনের ইতিহাসে সংক্রমণ-ক্রমের এক-একটি

মধ্যবর্ত্তী ধাপ হিসাবে চিহ্নিত করলে দেহগহ্বরের গুরুত্বকে ছোট করা হবে। বস্তুতঃ দেহগহ্বরের আকার ও বিন্যাস প্রাণীকুলের মূলগত বেশ কিছু সমস্যার সমাধানে আশ্চর্য্য সহায়ক ভূমিকা পালন করতে সমর্থ। দেহগহ্বর দেহের অঙ্গাসংস্থানগত বিন্যাসকে প্রভূত প্রভাবিত করেছে। দেহগহ্বরের উপস্থিতির কারণেই একমাত্র বহিঃছিদ্র পথগুলি ব্যতীত দেহ প্রাকার ও অন্তঃযন্ত্রগুলি একে অপরের থেকে বিচ্ছিন্ন ও স্বাধীন অবস্থায় থাকতে পারে। অপরপক্ষে, অন্তঃযন্ত্রাদি এবং দেহ প্রাকারের মধ্যবর্ত্তী গহ্বর তরলপূর্ণ হয়ে দুটি অত্যন্ত জরুরী কাজ করে থাকে। এক, বিভিন্ন পদার্থ ও গ্যাসের সমবন্টনে সাহায্য করে এবং দুই, তরলপূর্ণ দেহগহ্বর একটি উদস্থৈতিক কাঠামো (Hydrostatic skeleton) হিসাবে কাজ করে। হাড়ের কাঠামোর সাহায্য ব্যতিরেকেই এই উদস্থৈতিক কাঠামো বিভিন্ন যান্ত্রিক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সিউডোসিলোমযুক্ত বিশেষ কিছু প্রাণী পর্বের উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলি আপনি এই এককে জানতে পারবেন।

7.2 উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি

- দেহগহ্বরের প্রকারভেদ ও গুরুত্ব নির্ধারণ করতে পারবেন।
- ছদ্মদেহগহ্বর যুক্ত মুখ্য প্রাণীপর্বগুলির বৈশিষ্ট্য নির্ণয় করতে পারবেন।
- খাদ্যসংগ্রহ ও জননে এই সব প্রাণীকুলের বিচিত্র পদ্ধতি সম্পর্কে একটি স্পষ্ট রূপরেখা গঠন করতে পারবেন।
- কয়েকটি প্রাণী পর্বে বিপুল সংখ্যক প্রাণীপ্রজাতি কোন কোন বৈশিষ্ট্যের কারণে জীবনযুদ্ধে নানা প্রতিকূলতা কাটিয়ে উঠতে পেরেছে, সেই সম্পর্কে আলোচনা করতে পারবেন।

7.3 পর্ব গ্যাস্ট্রোট্রিকা (Gastrotricha)

- এই পর্বের প্রাণীগুলি আণুবীক্ষণিক (75–500 μm) এবং যুথচারী। প্রায় 450টি প্রজাতির সন্ধান এখনো পর্যন্ত পাওয়া গেছে।
- মিঠাজলে ও সমুদ্রে ভাসমান বা নিমজ্জিত উদ্ভিদাঙ্গ কিম্বা অন্য কোন জড় বস্তুর তলদেশে বাস করে।
- দেহ সাধারণতঃ কিউটিকলের (Cuticle) আবরণীতে ঢাকা থাকে। অঙ্কদেশে এই দেহাবরণীর কোষগুলি একটি করে সিলিয়া (Cilia) যুক্ত। অঙ্কদেশের সিলিয়াগুলি প্রাণীটির গমনে সাহায্য করে। পৃষ্ঠদেশীয় দেহাবরণী কখনো ক্ষুদ্র ক্ষুদ্র কন্টকযুক্ত, কখনো বা মাছের আঁশের মত খণ্ডে সজ্জিত হয়ে স্বতন্ত্র বৈশিষ্ট্য অর্জন করে।
- সিউডোসিলোম গহ্বর বিভিন্ন অঙ্গাতন্ত্র দ্বারা পূর্ণ থাকে। মুখ্য ভূমিকায় থাকে Y-অঙ্গ (Y-Organ) সেটির সঠিক কাজ জানা যায় না তবে উদস্থৈতিক কাঠামো গঠনে এটি বিশেষ সাহায্য করে।
- কিটোনোটিডা বর্গের (Order-Chaetonotida) গ্যাসট্রোট্রিকের রেচন-অঙ্গ হিসাবে শিখা-স্ফীতি (Flame Bulb) সমন্বিত প্রোটোনেফ্রিডিয়া (Protonephridia) দেখা যায়।

- দেহের পশ্চাৎপ্রান্তে একজোড়া আসঞ্জক গ্রন্থি (Adhesive gland) বিদ্যমান।
  উদাহরণ ঃ সমুদ্রবাসী *Macrodasys*
  মিঠাজলের *Chaetonota* (চিত্র 7.2)

7.4 পর্ব রটিফেরা (Rotifera)

- এই পর্বের প্রাণীগুলি ক্ষুদ্রাকার (1000–2000μm), অধিকাংশই আণুবীক্ষণিক। প্রায় 1800 প্রজাতির কথা জানা গেছে। রটিফেরা পর্বের প্রাণীরা মুখ্যত মিঠাজলে বাস করে। তবে কিছু প্রজাতি আছে যারা সমুদ্রবাসী। এমনকি স্থলে ভিজে স্যাঁতস্যাঁতে মস ও লাইকেন আস্তরণের মধ্যেও কিছু রটিফেরা বসবাস করে।
- অবিভক্ত সিউডোসিলোম। দেহপ্রাকার এবং বিভিন্ন অঙ্গে কোষপর্দা বিহীন সিনসিটিয়াম (Syncitium) সংগঠন দেখা যায়। বিভিন্ন অঙ্গের সিনসিটিয়াম সংগঠনে নির্দিষ্ট সংখ্যক কোষের অংশগ্রহণের কারণে নিউক্লিয়াসের সংখ্যা নির্দিষ্ট। রটিফেরার বিভিন্ন অঙ্গে এইরূপ কোষের সংখ্যা নির্দিষ্ট রাখার বৈশিষ্ট্যটি (Eutely বা Cell Constancy) অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- দেহের অগ্রপ্রান্তভাগে বৃত্তাকারে সজ্জিত সিলিয়া দ্বারা (চিত্র 7.3) নির্মিত মুকুট বা করোনা (Corona) রটিফেরার এক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। অগ্রভাগের এই মুকুটে বৃত্তাকারে সজ্জিত সিলিয়াগুলির সঞ্চালনের জন্য মনে হয় যেন একটি চক্র রটিফেরার শীর্ষদেশে ক্রমাগত ঘুরে চলেছে। এই ঘূর্ণমান চক্রের জন্যই প্রাণীগুলির নাম হয়েছে রোটাটোরিয়া (Rotatoria) বা রটিফেরা (Rotifera) বা চক্রবাহী অণু-প্রাণী (Wheel Animalcule)। এদের বাসস্থান ও স্বভাব অনুযায়ী করোনার নানান পরিবর্তন ও গঠনগত বৈচিত্র্য লক্ষ্য করা যায়।
- পৌষ্টিক নালী যথেষ্ট উন্নত। গলবিল বা ফ্যারিক্স (Pharynx) অত্যন্ত বৈশিষ্ট্যপূর্ণ। এই পেশীযুক্ত প্রকোষ্ঠটিকে রটিফেরার ম্যাস্ট্যাক্স (Mastax) বলা হয়। ম্যাস্ট্যাক্সের মধ্যে রয়েছে খাদ্যবস্তু ছেদন বা পেষনের জন্য একটি চর্বন-যন্ত্র (Jaw Apparatus) বা ট্রফি (Trophi) (চিত্র 7.3)। পুরু কিউটিকলের সাতটি অংশ দ্বারা নির্মিত এই ট্রফি একটি গুরুত্বপূর্ণ যন্ত্র। শুধু মাত্র খাদ্য ছেদন বা পেষনই নয়, শিকারী রটিফেরার ক্ষেত্রে এই যন্ত্র শিকার করার জন্য, কিম্বা পরজীবী রটিফেরার ক্ষেত্রে পোষক প্রাণীর সঙ্গে আটকে থাকার জন্য, এমন নানান কাজে ট্রফি ব্যবহার হয়। প্রজাতিগতভাবে ট্রফির আকার এমন সুনির্দিষ্ট যে এটির গঠন প্রজাতি সনাক্তকরণের কারণেও রটিফেরা গবেষকদের কাছে বিশেষ গুরুত্বপূর্ণ। কেননা এটি রটিফেরার খাদ্যাভ্যাস, স্বভাব ও বাসস্থান অনুযায়ী নানাভাবে পরিবর্ত্তিত হয়েছে।
- একজোড়া প্রোটোনেফ্রিডিয়া নালিকা (Protonephridia Tubules) রেচনে সাহায্য করে।
- নার্ভতন্ত্র যথেষ্ট উন্নত এবং দ্বিপার্শ্বিয়ভাবে প্রতিসম। অনেকক্ষেত্রেই আলোক ও রাসায়নিক সংবেদী অঙ্গ দেখা যায়।
- প্রায় সমস্ত রটিফেরাই স্ত্রী লিঙ্গাধারী। জননে অপুংযোনিই (Parthenogenesis) প্রাধান্য পায়। তবে পরিবেশের অনুকূলতা ও প্রতিকূলতা রটিফেরার বহিরাকৃতি এবং জনন পদ্ধতিকে বিভিন্ন ভাবে

প্রভাবিত করে। প্রতিকূল পরিবেশের আভাসে পুরুষ ও স্ত্রী রটিফেরা উৎপন্ন হয়ে যৌন জনন সাধিত হয়। যৌন জননে উৎপন্ন নিষিক্ত ডিম্বগুলি যদি খুবই প্রতিকুলতার সম্মুখীন হয় তবে সেগুলি "বিশ্রাম-ডিম্ব" (Resting Egg) রূপে সুপ্ত অবস্থায় প্রতিকূলতার পর্য্যায়টি কাটিয়ে দিতে পারে। পরে অনুকূল পরিবেশে পরিস্ফুটিত হয়ে নতুন করে রটিফেরার জীবন শুরু করে। কোন কোন রটিফেরার ক্ষেত্রে (শ্রেণী-ডেলয়ডিয়া, Class-Bdelloidea) পুরুষজাতির সন্ধান আজও পাওয়া যায়নি। এরা সর্ব অবস্থায় অপুংযোনিজ।

উদাহরণ ঃ সমুদ্রবাসী *Seison*
মিঠাজলের *Brachionus*

7.5 পর্ব অ্যাকান্থোকেফালা (Acanthocephala)

- এই পর্বের প্রাণীরা পৌষ্টিক নালীবিহীন। দেহের অগ্রপ্রান্তে কন্টক বহন করে। এই প্রাণীরা সকলেই পরজীবী। সামুদ্রিক, মিঠাজলের কিম্বা স্থলবাসী বিভিন্ন প্রাণীর পৌষ্টিক নালীর মধ্যে অন্তঃপরজীবী হিসাবে বাস করে। প্রায় 1000 টি প্রজাতির সন্ধান এখনো পর্য্যন্ত জানা গেছে। আকারে 1–2mm থেকে 50 cm পর্য্যন্ত হতে পারে।
- দেহের অগ্রপ্রান্তভাগে প্রক্ষিপ্ত প্রোবোসিস (Proboscis) বা ক্ষুদ্র শুণ্ডটির উপর বাঁকানো কণ্টক সজ্জিত থাকে। কণ্টকগুলি বহিঃত্বকের (Epidermis) ভিত্তিপর্দা (Basement membrane) থেকে উত্থিত হয়।
- বহিঃত্বক সিনসিটিয়াম ধরণের এবং বহিঃত্বকের অন্তর্ভাগে বহু সূক্ষ্ম নালিকা (Lacunae) দেখা যায়।
- কিছু অ্যাকান্থোকেফালা প্রাণীতে রেচন অঙ্গ দেখা যায়। সেক্ষেত্রে রেচন অঙ্গ বহুসিলিয়াযুক্ত শিখা কোষ সমন্বিত প্রোটোনেফ্রিডিয়া।
- পুং-জনন তন্ত্রের গঠন স্ত্রী জনন তন্ত্রের তুলনায় জটিল। স্ত্রী জনন তন্ত্রে জরায়ুটি (Uterus Bell) আকৃতিগতভাবে বৈশিষ্ট্যপূর্ণ।

  উদাহরণ ঃ সন্ধিপদ অন্তর্বর্ত্তী পোষক ও স্থলবাসী মুখ্য পোষক - *Macrocanthorhynchus*
  সন্ধিপদ অন্তর্বর্ত্তী পোষক ও সমুদ্র বা মিঠাজলের মুখ্য পোষক - *Neoechinorhynchus*
  (চিত্র 7.4)

7.6 পর্ব লরিসিফেরা (Loricifera)

- 1983 সালে বর্ণিত নবীনতম প্রাণীপর্ব। প্রায় 250μm দৈর্ঘ্য বিশিষ্ট আণুবীক্ষণিক লরিসিফেরা সমুদ্রের তলদেশের পলির উপরিভাগে বাস করে। 15 মিটার থেকে 8300 মিটার পর্য্যন্ত গভীরতায় লরিসিফেরা প্রাণী প্রজাতি পাওয়া গেছে।
- প্রাণীগুলি দ্বিপার্শ্বিয় ভাবে প্রতিসম। মস্তক কন্টকময় এবং সংকোচনশীল।

- মুখ নালিকা ও কাঁধের চারপাশে কন্টকের বলয় বিদ্যমান। সম্মুখ থেকে প্রথম কন্টক সারি (Clavoscalid) ক্ল্যাভোস্ক্যালিড পরে স্পাইনোস্ক্যালিড (Spinoscalid) এবং শেষে কাঁধের চারপাশে ট্রিকোস্ক্যালিড (Trichoscalid) কন্টকসারি সজ্জিত থাকে।
- রেচন অঙ্গ একক-সিলিয়া যুক্ত শিখা কোষ সমন্বিত প্রোটোনেফ্রিডিয়া।
- জনন ঋতুভিত্তিক। জীবনচক্রে হিগিনস্ লার্ভা দশা (HigginsLarva) বিদ্যমান।

  উদাহরণ ঃ *Nanaloricus* (চিত্র 7.5)

অনুশীলনী–1

(i) সিলোম (Coelom) কি?

(ii) সিউডোসিলোম ও সিলোমের মধ্যে মূল পার্থক্য কি?

(iii) শিখা-স্ফিতি কোথায় দেখা যায়?

(iv) ইউটেলী (Eutely) বলতে কি বুঝবেন?

(v) ট্রফি (Trophi) কি? এর কাজ কি?

(vi) বিশ্রাম ডিম্ব (Resting Eggs) কিভাবে উৎপন্ন হয়? এর গুরুত্ব কি?

(vii) ঘণ্টাকার জরায়ু (Uterus Bell) কোন পর্বের বৈশিষ্ট্য?

(viii) স্ক্যালিড (Scalid) কি? কত প্রকার?

(ix) দুটি পরজীবী ছদ্মসিলোমযুক্ত প্রাণীর নাম লিখুন, উভয় ক্ষেত্রেই যাদের অন্তর্বর্ত্তী পোষক সন্ধিপদ প্রাণী কিন্তু মুখ্য পোষক একটির স্থলবাসী প্রাণী এবং অপরটির কোন জলবাসী প্রাণী।

(x) লরিসিফেরা পর্বের প্রাণীদের কোথায় পাওয়া যায়?

7.7 পর্ব কাইনোরিংকা (Kinorhyncha)

- এই পর্বের প্রাণীগুলি আণুবীক্ষণিক। এখনো পর্য্যন্ত মাত্র 150টি প্রজাতির সন্ধান পাওয়া গেছে।
- কাইটিন (Chitin) নির্মিত কিউটিকল্ (Cuticle) বা দেহাবরণী 13টি খণ্ডে বিভক্ত।
- মস্তক সংকোচী এবং কন্টকের বলয় যুক্ত।
- এক জোড়া প্রোটোনেফ্রিডিয়া প্রতিটিতে তিনটি করে প্রান্তীয় শিখা কোষ বর্তমান। প্রতিটি কোষে দুটি করে সিলিয়া আছে।

  উদাহরণ ঃ *Campyloderes* (চিত্র 7.6)

  Echinoderes

7.8 পর্ব নিমাটোমরফা (Nematomorpha)

- প্রাণীগুলি প্রায় সকলেই জলচর। আকার সূক্ষ্ম চুলেরমত তাই 'ঘোটক-কেশ কীট' বা "Horse Hair Worm" বলা হয়। প্রস্থে 1-3 mm এবং দৈর্ঘ্যে 5-100 হতে পারে।
- নির্দ্দিষ্ট পৌষ্টিক তন্ত্র বা রেচন অঙ্গ নেই।
- প্রাণীগুলি একলিঙ্গ এবং যৌন দ্বিরূপতা বিদ্যমান। স্ত্রী ও পুরুষ প্রাণী উভয় ক্ষেত্রেই ক্লোয়েকা (Cloaca) বর্তমান।
- লার্ভা দশায় সন্ধিপদ প্রাণীর হিমোসিলে (Haemocoel) অন্তঃপরজীবী রূপে বাস করে। পূর্ণাঙ্গ অবস্থায় স্বাধীনজীবী।

  উদাহরণ ঃ *Paragordius* (চিত্র 7.6)
  Echinoderes

7.9 পর্ব নিমাটোডা (Nematoda)

- স্থলে ও জলে সমস্ত রকম আবহাওয়ায় নিমাটোডা পর্বের প্রাণীরা বসবাস করে। এরা স্বাধীনজীবী মাংসাশী তৃণভোজী, কর্ক্করভোজী কিম্বা পরজীবি হতে পারে। প্রায় দশ লক্ষের মত নিমাটোডা প্রাণী প্রজাতির সন্ধান পাওয়া গেছে। আকারে আণুবীক্ষণিক থেকে 8 মিটার দীর্ঘ ও 2.5 সেন্টিমিটার চওড়া (Placentonema gigantissima, যেটি স্পার্ম তিমির পরজীবী) হতে পারে।
- দেহাবরণী বা কিউটিকল (Cuticle) সুগঠিত এবং জটিল। দেহাবরণীর নীচে পেশি অনুদৈর্ঘ্য বরাবর বিস্তৃত।
- পৌষ্টিক নালী সম্পূর্ণ গঠিত এবং পায়ু প্রায়-প্রান্তীয় স্থানে (চিত্র 7.8) অবস্থান করে।
- নার্ভতন্ত্র সুগঠিত।
- একলিঙ্গ। ভ্রূণ পরিস্ফুটণের পরে চারটি শৈশব দশা অতিক্রম করে পূর্ণাঙ্গ অবস্থা প্রাপ্ত হয়।
- রটিফেরা পর্বের মতই নিমাটোডা প্রাণীতে ইউটেলি বা কলা ভিত্তিক নির্দ্দিষ্ট সংখ্যক কোষের অংশগ্রহণ একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। প্রধানতঃ স্নায়ুকলা ও অন্যান্য কিছু কলায় এমন নির্দ্দিষ্ট সংখ্যক কোষের উপস্থিতি বিভিন্ন নিমাটোডের প্রজাতিতে লক্ষ্য করা যায়।

  বিপুল সংখ্যক নিমাটোডা প্রাণী প্রজাতি পৃথিবীর সমস্ত রকম আবহাওয়ায় নিজেদের নিপুণভাবে খাপ খাইয়ে নিয়েছে। সমুদ্রে, মিঠাজলে বা স্থলের বিভিন্ন অংশে নানা প্রতিকূল পরিস্থিতিতে এরা চমৎকার অভিযোজিত। স্যাঁতস্যাতে ভেজা স্থলভাগ থেকে উষর মরু অঞ্চল কিম্বা উষ্ণমণ্ডলীয় অঞ্চল থেকে অতি শীতল মেরু প্রদেশ সমস্ত পরিবেশেই নিমাটোডার অবাধ বিচরণ। খাদ্যাভ্যাসও তাদের বিচিত্র। আগেই দেখেছেন তারা কেউ তৃণভোজী, কেউ মাংসাশী, কেউ সর্বভূক, কেউ কর্ক্করভুক আবার তেমনি নিমাটোডা প্রাণীরা উদ্ভিদ কিম্বা প্রাণী দেহে পরজীবী রূপে জীবনযাপনেও অত্যন্ত সফল। এমন সব

বিচিত্র খাদ্যাভ্যাস ও পরিবেশে খাপ খাইয়ে নিতে নিমাটোডা প্রাণীদের বহিরাকৃতি ও অঙ্গসংস্থান নানাভাবে অভিযোজিত হয়েছে ঃ

- বহিবরণার পার্শ্বিয় প্রলম্বিত অংশগুলি কখনো দৈর্ঘ্য বরাবর, কখনো দেহের শেষ প্রান্তে আবার কখনো বা ঘাড়ের কাছে অবস্থান করে। এগুলি যৌন সঙ্গমে যেমন সাহায্য করতে পারে তেমনি বিভিন্ন পরিস্থিতিতে অভিস্রবণ চাপের সঙ্গে মানিয়ে নিতে সাহায্য করে। শ্বসনে অংশগ্রহণকারী গ্যাসগুলির আদান-প্রদান কার্যকরী করে তুলতেও বহিরাবরণীর পার্শ্বিয় প্রক্ষিপ্ত গঠনগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বহিরাবরণার উপরের নানান ভাঁজ, প্রলম্বিত প্রক্ষিপ্ত গঠন, আঁকিবুঁকি, কন্টক বা রোঁয়া নিমাটোডা প্রাণীগুলিকে বিভিন্নভাবে পরিবেশ ও পরিস্থিতির জন্য যোগ্য করে তুলেছে।
- যে সব নিমাটোডা উদ্ভিদ দেহে পরজীবি হিসাবে বাস করে, সে ক্ষেত্রে উদ্ভিদ কোষের কোষপ্রাচীর ভেদ করার জন্য প্রাণীগুলির মুখে সূঁচালো স্টাইলেট (Stylet) রয়েছে। আবার প্রাণীদেহে পরজীবী নিমাটোডায় রয়েছে দাঁত বা ছেদন অঙ্গ, কিম্বা ঘষা, ছেঁড়া বা কাটার মত ক্ষুদ্র ক্ষুদ্র অণু-দন্ত বা ডেনটিকল্ (Denticle)। প্রাণীর অন্ত্রে বা কলায় বসবাসকারী পরজীবী নিমাটোডা, যারা সাধারণতঃ তরল মাধ্যমে থাকে, সেক্ষেত্রে চর্বন বা ছেদনের জন্য মুখ অঞ্চলে বিশেষ কোন গঠন দেখা যায় না। মুখ ক্ষুদ্রাকার ও সরু নালিকা পথে সরাসরি গলবিলের সঙ্গে যুক্ত। স্বাধীনজীবী মৃতভোজী নিমাটোডেও প্রায় একইরকম গঠনই দেখা যায়। অপরপক্ষে, স্বাধীনজীবী শিকারী মাংসাশী নিমাটোডে শিকার ধরা ও চর্বনের জন্য উন্নত দাঁত রয়েছে।
- বিভিন্ন ধরণের খাদ্যাভ্যাস অনুযায়ী গলবিল পাতলা প্রাচীরযুক্ত, গ্রন্থিময় কিম্বা পেশিযুক্ত হতে পারে। অনেক উদ্ভিদ-নির্ভর নিমাটোডে গলবিলের মাঝবরাবর ডিম্বাকার স্ফীতি লক্ষ্য করা যায়। তেমনি প্রাণী নির্ভর নিমাটোড পরজীবীতে পেশীযুক্ত গলবিলের স্ফিতী কিম্বা পেশীহীন প্রবর্ধক দেখা যায়।
- স্পর্শ বা রাসায়নিক সংবেদী অঙ্গ যেমন রোঁয়া, গুটি বা অ্যামফিড (Amphid) নানান আকার গ্রহণ করতে পারে। এমনই সংবেদী অঙ্গ ডাইরিড (Dierid) ও ফ্যাসমিড্ (Phasmid) সমস্ত পরজীবী এবং মাটিতে বসবাসকারী স্বাধীনজীবী নিমাটোডে দেখা যায়। কিন্তু এমন সংবেদী অঙ্গ সমুদ্রে বা মিঠা জলে বসবাসকারী নিমাটোডে দেখা যায় না। এইসব জলের পরিমন্ডলে যে সব নিমাটোডা বাস করে তারা "চক্ষু চিহ্ন" (Eye Spot) বহন করতে পারে কিম্বা সুতাতন্তুবৎ সূক্ষ্ম সংবেদী সূত্র দেহের পশ্চাৎ প্রান্ত থেকে বহন করতে পারে।
- নিমাটোডের স্বভাব ও বাসস্থানের বিভিন্নতার নিরিখে প্রাণীগুলির বহিরাকৃতিগত ও অঙ্গসংস্থানগত বৈশিষ্ট্য কিন্তু ততটা বৈচিত্র্যপূর্ণ নয়। তবে প্রায় দশ লক্ষের মত নিমাটোডা প্রজাতির মধ্যে দৈর্ঘ্যের বিভিন্নতা সবচেয়ে চোখে পড়ার মত। আগেই জেনেছেন 1 mm-র চেয়েও কম দৈর্ঘ্য থেকে এর 8 মিটারের চেয়েও লম্বা হতে পারে। কিন্তু পরিবেশের সঙ্গে তাল মিলিয়ে নিমাটোডের বেঁচে থাকার জন্য বিভিন্ন প্রতিকূল রাসায়নিক পরিমন্ডলকে প্রতিহত করার বিশেষ ক্ষমতা সবচেয়ে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। উদাহরণ স্বরূপ বলা যায় ভিনিগার বান বা Turbatirix aceti

নিমাটোড প্রায় 13.5% অ্যাসেটিক অ্যাসিড ঘনত্বে ও 1.5 pH অবস্থায় দিব্য বেঁচে থাকে। মারকিউরিক ক্লোরাইডের যে ঘনত্ব বেশির ভাগ প্রাণীর জন্যই প্রাণঘাতী, সেই ঘনত্বে নিমাটোডের বিভিন্ন প্রজাতি বেশ কয়েক ঘণ্টা বেঁচে থাকে। নিমাটোডের এই বিষক্রিয়া-প্রতিরোধী ক্ষমতাই হয়ত তাদের জীবনযুদ্ধের সবচেয়ে জরুরী হাতিয়ার। আর সেই ক্ষমতা বলেই পৃথিবীব্যাপী নিমাটোডের লক্ষণীয় বৈচিত্র্য।

উদাহরণ ঃ *Wuchereria*

Heterodera

অনুশীলনী–2

(i) একটি ছদ্মদেহগহ্বর যুক্ত আণুবীক্ষণিক প্রাণীর দেহাবরণী (Cuticle) নির্দ্দিষ্ট। 13 টি খণ্ডে বিভক্ত। প্রাণীটি কোন পর্বের হতে পারে? আপনি আর কোন কোন বৈশিষ্ট্য লক্ষ্য করে আপনার সিদ্ধান্ত নিশ্চিত হবেন?

(ii) Horse-Hair Worm বা ঘোটক-কেশ কীট কোন পর্বের প্রাণী। উদাহরণ দিন।

(iii) এখনো পর্য্যন্ত জানা সবচেয়ে দীর্ঘাকার ক্রিমির (Nematoda) আকার ও বাসস্থান বলুন।

(iv) তৃণভোজী ও মাংসাশী নিমাটোডের মুখ উপাঙ্গের বৈশিষ্ট্যের তারতম্য লিখুন।

(v) রাসায়নিক ও স্পর্শ সংবেদী অঙ্গ নিমাটোডের ক্ষেত্রে কি কি?

7.10 সারাংশ

স্থলে ও জলের বিভিন্ন পরিস্থিতিতে প্রাণীকুলের বিভিন্ন সমস্যার সমাধানে দেহগহ্বরের একটি জরুরী ভূমিকা আছে। দেহগহ্বরহীন বহুকোষী থেকে পুরোপুরি মেসোডার্ম কলা দিয়ে সীমায়িত নয় এমন ছদ্ম দেহগহ্বর বা সিউডোসিলোম, কিম্বা সম্পূর্ণ মেসোডার্ম নির্মিত কলাস্তর দিয়ে সীমায়িত প্রকৃত দেহগহ্বর বা সিলোম যুক্ত প্রাণীর উত্থান বিবর্তন ও বিকাশের ইতিহাসে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ছদ্ম দেহগহ্বর যুক্ত প্রাণী প্রজাতির সংখ্যাও কিছু কম নয়। একা পর্ব নিমাটোডাতেই প্রাণী প্রজাতি সংখ্যা প্রায় দশলক্ষ। তেমনি পর্ব রটিফেরা সহ বিভিন্ন ছদ্ম দেহগহ্বর যুক্ত প্রাণী পর্বগুলির বৈশিষ্ট্য বিশেষ আলোচনার দাবী রাখে। কেননা বিভিন্ন অঙ্গ তন্ত্রের বিবর্তন ও বর্তমান প্রাণী পর্বগুলির মধ্যে আন্তঃসম্পর্ক ঐ বৈশিষ্ট্যগুলিই নির্দেশ করে।

7.11 সর্বশেষ প্রশ্নাবলী

(i) ছদ্ম দেহগহ্বর কি? দেহ গহ্বরের গুরুত্ব কি?

(ii) গ্যাসট্রোট্রিকা ও লরিসিফেরার রেচন অঙ্গ কিরূপ?

(iii) রটিফেরার জননের বৈশিষ্ট্য কি?

(iv) সবচেয়ে আধুনিক অমেরুদণ্ডী প্রাণী পর্বটির তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করুন।

(v) নিমাটোডা পর্বের প্রাণীগুলি কোথায় পাওয়া যায়? জীবনযাত্রায় এই পর্বের প্রাণীগুলি সাফল্যের কারণ কি?

7.12 উত্তরমালা

অনুশীলনী–1

(i) 7.1 অংশ দেখুন। (ii) 7.1 অংশ দেখুন। (iii) 7.3 অংশ দেখুন। (iv) 7.4 অংশ দেখুন। (v) 7.4 অংশ দেখুন। (vi) 7.4 অংশ দেখুন। (vii) 7.5 অংশ দেখুন। (viii) 7.6 অংশ দেখুন। (ix) 7.5 অংশ দেখুন। (x) 7.6 অংশ দেখুন।

অনুশীলনী–2

(i) 7.7 অংশ দেখুন। (ii) 7.8 অংশ দেখুন। (iii) 7.9 অংশ দেখুন। (iv) 7.9 অংশ দেখুন। (v) 7.9 অংশ দেখুন।

সর্বশেষ প্রশ্নাবলী

(i) 7.2 অংশ দেখুন। (ii) 7.3 ও 7.6 অংশ দেখুন। (iii) 7.4 অংশ দেখুন। (iv) 7.6 অংশ দেখুন। (v) 7.9 অংশ দেখুন।

7.13 গ্রন্থপঞ্জী

(i) Barnes, R. D. and Harrisson, F. W. (Ed. 1991, Microscopic Anatomy of Invertebrates, Vol. 4. Aschelminthes. Wiley-Liss Inc. USA.

(ii) Hyman, L. H. 1951. The Invertabrates : Acanthocephala, Aschelminthes, and Entoprocta, Vol. 3. Macgraw-Hill N. Y.

(iii) Marshall, A. J. and Williams, D. 1974. Text Book of Zoology–Invertebrates. ELBS and Macmillan, UK.

(iv) Meglitsch, P. A. and Schram, F. R. 1991. Invertebrate Zoology, 3rd Ed. Oxford University Press, N. Y.



চিত্র নং 7.1 ঃ শরীরের অনুপ্রস্থচ্ছেদে মূল তিনটি উৎস-স্তর (Germ layers) ও দেহগহ্বরের অবস্থান।



চিত্র নং 7.2 ঃ গ্যাসট্রোট্রিকা পর্বের প্রাণী মিঠা জলের Chaetonata



চিত্র নং 7.3 ঃ রটিফেরা পর্বের প্রাণী মিঠাজলের Epiphanes



চিত্র নং 7.4 ঃ অ্যাকান্থোকেফালা পর্বের পরজীবী পুরুষ Neoechimorhynchus



চিত্র নং 7.5 ঃ লরিসিকেরা পর্বের সমুদ্রবাসী Nanaloricus



চিত্র নং 7.6 ঃ কাইনোরিংকা পর্বের প্রাণী Campyloderes



চিত্র নং 7.7 ঃ নিমাটোমরফা পর্বের প্রাণী Paragordius। লার্ভা দশা।



চিত্র নং 7.8 ঃ নিমাটোডা পর্বের প্রাণী Rhabditis (স্ত্রী প্রাণী)

একক 8 ❑ মোলাস্কা

গঠন

8.1 প্রস্তাবনা
উদ্দেশ্য
8.2 মোলাস্কা প্রাণীদের গুরুত্ব
8.3 মোলাস্কা প্রাণীদের সাধারণ বৈশিষ্ট্য
8.4 শ্রেণীবিন্যাস ছক
8.5 উপশ্রেণী পর্যন্ত বৈশিষ্ট্য ও উদাহরণসহ শ্রেণীবিন্যাস
8.6 পাইলার (Pila) কার্যগত শারীরস্থান
8.7 ল্যামেল্লিডেন্সের (Lamellidens) কার্যগত শারীরস্থান
8.8 সেপিয়ার (Sepia) কার্যগত শারীরস্থান
8.9 সারাংশ
8.10 সর্বশেষ প্রশ্নাবলী
8.11 উত্তরমালা

8.1 প্রস্তাবনা

পূর্ববর্ত্তী এককগুলি পঠনকালে প্রাণীজগতের বিচিত্র কিছু প্রাণীর গঠন, তাদের প্রাচুর্য সম্পর্কে ধারণা পেয়েছেন। এদের কিছু প্রাণীর সঙ্গে দৈনন্দিন জীবনে আপনাদের পরিচিতিও আছে। এই অধ্যায়ে যে পর্বের প্রাণীগুলি সম্পর্কে আলোচনা করা হবে তাদের আপনি প্রায়ই আপনার আশেপাশে দেখে থাকবেন। আলোচ্য পর্ব মোলাস্কার স্থান বৈচিত্র্য ও সংখ্যা প্রাচুর্যতার দিক থেকে পর্ব আর্থ্রোপোডার পরেই। বর্ষাকালে বাগানের আনাচে কানাচে ছায়াঘেরা জায়গায় দিনের বেলায় বেশ কয়েকটি শামুকের আনাগোনা লক্ষ করেছেন। এছাড়া পুকুর পাড়ের ভেজা মাটিতে অন্যকিছু ধরণের শামুক এবং ঝিনুকও দেখে থাকবেন। আপনি যদি সমুদ্রতীরে ভাঁটার সময়ে একটু লক্ষ করে থাকেন তবে বালিতে চলাফেরা অবস্থায় বেশকিছু প্রজাতির শামুক, শামুকের খোলক এবং ঝিনুক দেখার সুযোগ পেতে পারেন। সমুদ্রের তীর যদি পাথুরে চরিত্রের হয় তবে পাথরের গায়ে দেখবেন অসংখ্য প্রজাতির শামুক ও ঝিনুকের বাসস্থান। মোলাস্কার বাকী অনেক প্রজাতির সরাসরি দেখার সুযোগ নেই। কারণ এরা থাকে গভীর সমুদ্রে অথবা তীর থেকে দূরে জলে নিমজ্জিত পাথরের উপরে। এদের মধ্যে উল্লেখযোগ্য হল অক্টোপাস, সেপিয়া, লোলিগো, নটিলাস ইত্যাদি।

আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন মোলাস্কার নরম দেহটি একটি চূর্ণকময় প্যাঁচানো খোলকে অথবা দুটি কপাটিকা দিয়ে তৈরি খোলকে ঢাকা থাকে। এছাড়া এদের অঙ্কীয় পেশীবহুল মাংসল পদ এবং যাবতীয়

নরম দেহযন্ত্র পাতলা ম্যান্টল (mantle) পর্দা দিয়ে ঢাকা থাকে। নরম দেহযন্ত্রের উপস্থিতির জন্য মোলাস্কা নামটি ল্যাটিন Mollis শব্দ থেকে উদ্ভূত হয়েছে।

প্রায় আশি হাজার জীবিত প্রজাতির সভ্য সংখ্যার থেকে মোলাস্কা পর্বের প্রাচুর্যতা সম্পর্কে আপনি ধারণা পেতে পারেন। সুপ্রাচীন ভুতাত্ত্বিক সময় ক্যাম্বিয়ান (Cambrian) কাল থেকে এই পর্বের প্রাণীদের আরও প্রায় চল্লিশ হাজার প্রজাতির জীবাশ্ম পাওয়া যায়। এই পর্বের একটা বিশাল সভ্য সংখ্যা সমুদ্রে বসবাস করে। তবে অনেক প্রজাতির শামুক, ঝিনুক মোহনার জল, স্বাদুজল এমনকি ভেজা মাটিতে বসবাসে অভ্যস্ত হয়েছে। অধিকাংশ মোলাস্কা স্বাধীনজীবী। অত্যন্ত ধীরগতিতে বালি বা মাটির উপরে মাংসলপদ দিয়ে "শম্বুক গতিতে" চলাফেরা করে। কিছু প্রজাতি বালিতে গর্ত খুঁড়ে থাকে। কিছু ঝিনুকের সমুদ্রের জলে নিমজ্জিত বা অর্দ্ধ নিমজ্জিত পাথরের গায়ে আটকে থাকতে দেখা যায়। অক্টোপাস, সেপিয়া ইত্যাদি প্রাণীরা সাইফন দিয়ে প্রবলবেগে জল ছেড়ে "জেটগমন" (Jet propulsion) পদ্ধতিতে সামনে এগিয়ে যায়।

উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি

- মোলাস্কা প্রাণীদের বিষয়ে বিশদ ধারণা করতে পারবেন
- এদের গঠনগত সাধারণ বৈশিষ্ট্যগুলি নির্দেশ করতে পারবেন
- এদের শ্রেণীবিন্যাস (মূলনীতি ও উদাহরণসহ) করতে সক্ষম হবেন।
- প্রতিটি শ্রেণীর একটি করে প্রতীকী প্রাণী সম্পর্কে বিশেষ বর্ণনা দিতে পারবেন।

8.2 মোলাস্কা প্রাণীদের গুরুত্ব

বিভিন্ন মোলাস্কা প্রাণী যেমন ক্ল্যাম, স্ক্যালপ্, অয়েস্টার, স্কুইড মানুষের খাদ্যরূপে ব্যবহৃত হয়। কিছু ঝিনুকের মধ্যে মুক্তো পাওয়া যায় যা অত্যন্ত দামী রত্ন রূপে প্রাচীন কাল থেকে পৃথিবীর বিভিন্ন দেশে ব্যবহৃত হয়ে আসছে। কিছু প্রজাতির ঝিনুক পরজীবীর মাধ্যমিক পোষকরূপে পরিগণিত হয় এবং রোগ ছড়ায়। 'শিপওয়ার্ম' নামে এক ধরণের ঝিনুক কাঠের নৌকা ও অন্যান্য গঠনবস্তুকে বিনষ্ট করে। কৃষিক্ষেত্রের ক্ষতি করে এমন কিছু প্রজাতির শামুক গ্রীষ্মমণ্ডলীয় দেশে প্রচুর পরিমাণে পাওয়া যায়।

খাদ্যরূপে ব্যবহার হয় এমন একটি মোলাস্কা প্রাণী-*Mytilus edulis*	মানুষের 'ক্ষতিকর' বা 'পেস্ট' শামুক - *Achatina fulica*
মুক্তো তৈরি করে এমন একটি ঝিনুক - *Pinctada fucata*	কাঠের জলযান ছিদ্র করে এমন একটি ঝিনুক - *Teredo navalis*
পরজীবীর মাধ্যমিক পোষক এমন একটি ঝিনুক - *Limuaea truncatula*	

মোলাস্কা সম্পর্কে যাবতীয় বিষয়ের অধ্যয়ণকে "ম্যালাকোলজি" (Malacology) বলা হয়। বিভিন্ন খোলক প্রাণী বিশেষতঃ মোলাস্কার খোলকের সংগ্রহ, সংরক্ষণ এবং এদের সম্পর্কে গবেষণাকে বৈজ্ঞানিক পরিভাষায় কঞ্চোলজি Conchology) বলে।

8.3 মোলাস্কা প্রাণীদের সাধারণ বৈশিষ্ট্য

বহিরাকৃতি ঃ

1. নরম দেহকে তিনটি অংশে যেমন মস্তক, মাংসলপদ এবং আন্তরযন্ত্রে বিভক্ত করা যায়।
2. ম্যান্টল নামে পেশীময় আবরণ দ্বারা আন্তরযন্ত্র আবৃত থাকে।
3. ম্যান্টল ক্ষরিত খোলক দ্বারা দেহকে সম্পূর্ণ বা আংশিক ঢেকে রাখে।
4. দেহের অঙ্কীয়দেশে পেশীবহুল পদ আছে।
5. অধিকাংশ প্রাণীর মস্তক অংশ সুস্পষ্ট ও জ্ঞানেন্দ্রিয়যুক্ত।
6. দেহ খণ্ডক বিহীন, দ্বিপার্শ্বীয় প্রতিসম এবং অপ্রতিসম হতে পারে।

অর্ন্তগঠন ঃ

7. দেহতল সিলিয়াযুক্ত এপিডারমিস দিয়ে আবৃত এবং এতে অসংখ্য মিউকাসগ্রন্থি ও স্নায়ু আছে।
8. সিলোম সংক্ষিপ্ত যা পেরিকার্ডিয়াম, জননাঙ্গের (gonad) গহ্বর এবং বৃক্ক গহ্বরে সীমাবদ্ধ থাকে।
9. পৌষ্টিক তন্ত্রটি সম্পূর্ণ। পৌষ্টিক গ্রন্থি এবং যকৃৎ আছে। অধিকাংশ প্রাণীর একটি মুখ উপাঙ্গ র‍্যাডুলা আছে।
10. হৃৎপিণ্ড, ধমনী, শিরা ও সাইনাস রক্তসংবহন তন্ত্র গঠন করে।
11. ফুলকা, ফুসফুস থলি এবং ম্যান্টল-এর সাহায্যে শ্বসন কাজ হয়।
12. একটি, একজোড়া বা দু জোড়া নেফ্রিডিয়া অন্তঃস্থভাবে পেরিকার্ডিয়ামে অথবা দেহের বাইরে মুক্ত হয়।
13. স্নায়ুতন্ত্রটি যুগ্ম গ্যাংলিয়া এবং কমিশিওর ও কানেক্টিভ নামে স্নায়ুসূত্র নিয়ে গঠিত।
14. একলিঙ্গ অথবা উভলিঙ্গ চরিত্রের হয়।
15. অধিকাংশ ক্ষেত্রে ভেলিগার লার্ভাদশার মাধ্যমে জীবনচক্র সম্পন্ন হয়।

8.4 শ্রেণীবিন্যাস ছক

মোলাস্কার শ্রেণীবিন্যাসের আলোচ্য ছকটি পার্কার ও হ্যাসওয়েল (1972) (Parker and Haswell) প্রণীত Text Book of Zoology, Invertebrates (vol. 1) সপ্তম সংস্করণ বই অনুযায়ী দেওয়া হয়েছে।



8.5 উপশ্রেণী পর্যন্ত বৈশিষ্ট্য ও উদাহরণসহ শ্রেণীবিন্যাস

8.5.1 শ্রেণী মনোপ্লাকোফোরা

1. দেহ গোলাকার, দ্বিপার্শ্বীয় প্রতিসম এবং গোলাকৃতি খোলকে আবৃত।
2. চ্যাপ্টাকৃতি মাংসলপদটি প্রশস্ত।
3. সিলোম উন্নত এবং অন্তঃস্থ পাঁচটি খণ্ডকে দেহটি বিভক্ত।
4. ম্যান্টল গহ্বরে পাঁচ থেকে ছয় জোড়া ফুলকা আছে।
5. মুখ গহ্বরে র‍্যাডুলা আছে।
6. ছয়জোড়া নেফ্রিডিয়া আছে।
7. স্নায়ুতন্ত্রে এক জোড়া পেডাল ও পেলিয়াল (পার্শ্বীয়) স্নায়ুরজ্জু, সেরিব্রাল ও সাবসেরিব্রাল কমিশিওর আছে।
8. গভীর সমুদ্রের তলদেশে পাওয়া যায়।

   উদা ঃ *Neopilina galatheae*
   Venia ewingi

8.5.2 শ্রেণী অ্যাম্ফিনিউরা

1. দেহ লম্বাটে, দ্বিপার্শ্বীয় প্রতিসম এবং আটটি প্লেট অথবা একটি খোলকে আবৃত।
2. মাংসল পদ বড় ও চ্যাপ্টা
3. দেহত্বকে ক্যালসিয়াম ঘটিত স্পিকিউল থাকে
4. পৌষ্টিক নালী সামান্য প্যাঁচানো বা সোজা এবং মুখগহ্বরে র‍্যাডুলা আছে
5. মস্তক অংশে চক্ষু বা কর্ষিকা নেই
6. শ্বসন অঙ্গ টিনিডিয়া বা ফুলকা প্রচুর সংখ্যক হতে পারে
7. স্নায়ুতন্ত্রে নির্দিষ্ট কোনও গ্যাংলিয়া নেই
8. গভীর সমুদ্রে অথবা সমুদ্রতীরে পাথরের গায়ে আবদ্ধ থাকে।

উপশ্রেণী পলিপ্ল্যাকোফোরা

1. উপবৃত্তাকার দেহটি উপর-নিচ বরাবর চ্যাপ্টা
2. আটটি পরপর সজ্জিত প্লেট দিয়ে দেহটি ঢাকা থাকে
3. টিনিডিয়া সংখ্যায় 4 থেকে 80 জোড়া যেগুলি ম্যান্টল ও মাংসল পদের খাঁজে অবস্থিত।
4. পৌষ্টিক নালী প্যাঁচানো
5. এক জোড়া নেফ্রিডিয়া বা বৃক্ক আছে।

   উদা ঃ *Chiton tuberculatus*
   Chaetopleura apiculata

উপশ্রেণী অ্যাপ্ল্যাকোফোরা

1. দেহ কীটের মতো আকৃতির এবং খোলক নেই
2. পদ সংক্ষিপ্ত অথবা থাকে না
3. টিনিডিয়া অবসারণী ছিদ্রের চারদিকে অবস্থিত।
4. পৌষ্টিক নালী সোজা এবং র‍্যাডুলা হ্রাসপ্রাপ্ত বা নেই
5. এক জোড়া নেফ্রিডিয়া আছে

   উদা ঃ *Neomenia curinata*
   Chaetoderma nitidulum

8.5.3 শ্রেণী স্ক্যাফোপোডা

1. দেহ দ্বিপার্শীয় প্রতিসম, লম্বাটে হাতির দাঁতের মতো খোলকে আবৃত। খোলকের উভয় প্রান্ত মুক্ত।
2. মাংসল পদ ছোট, ত্রিকোণাকৃতি এবং গর্ত খননের উপযোগী।
3. পৌষ্টিকনালীর অন্ত্র অংশটি প্যাঁচানো এবং একটি র‍্যাডুলা আছে।
4. মস্তক অংশটিতে অসংখ্য কর্ষিকা আছে (ক্যাপ্টাকুলা)।
5. টিনিডিয়া এবং হৃৎপিণ্ড নেই।
6. স্নায়ুতন্ত্র অত্যন্ত সরল প্রকৃতির। একজোড়া বাক্কাল ও সেরিব্রাল গ্যাংলিয়া এবং এদের সংযোগকারী কমিশিওর কানেক্টিভ আছে।

   উদা ঃ *Dentalium pretiosum*
   Siphonodentalium lobatum

8.5.4 শ্রেণী গ্যাস্ট্রোপোডা

1. দেহ সাম্যতাহীন, সাধারণত একটি প্যাঁচানো খোলক আছে
2. মাংসল পদ চওড়া, চ্যাপ্টা এবং বিভিন্ন কাজের উপযোগী
3. মস্তক উন্নত এবং কর্ষিকা ও চোখ আছে
4. মুখগহ্বরে পেশীময় ওডোন্টোফোর এবং উন্নত র‍্যাডুলা আছে
5. শ্বসন অঙ্গ টিনিডিয়া, ম্যান্টলপ্রাচীর এবং 'ফুসফুস' হতে পারে
6. স্নায়ুতন্ত্র অপেক্ষাকৃত জটিল প্রকৃতির এবং এতে সেরিব্রাল, বাক্কাল, পেডাল, প্যারাইটাল, প্লুরাল ভিসেরাল ইত্যাদি গ্যাংলিয়া, ক্যানেক্টিভ ও কমিশিওর থাকে।
7. নেফ্রিডিয়া একজোড়া অথবা একটি হতে পারে
8. সামুদ্রিক, স্বাদু জলবাসী, স্থলবাসী এবং পরজীবী স্বভাবের হয়।

উপশ্রেণী প্রোসোব্রাঙ্কিয়া

1. টরসন ঘটনার জন্য আন্তরপিণ্ড প্যাঁচানো থাকে এবং স্নায়ুতন্ত্রটি '8' আকার ধারণ করে।

2. ম্যান্টল গহ্বর আন্তরপিণ্ডের সম্মুখ অংশে মুক্ত হয়।
3. প্যাঁচানো খোলকে সাধারণত একটি অপারকুলাম বা ঢাকনা আছে।
4. হৃৎপিণ্ডের সামনে টিনিডিয়া অবস্থিত।
   উদা ঃ *Pila globosa*
   Littorina litorea

উপশ্রেণী অপিস্থোব্রাঙ্কিয়া

1. ডি-টরসন ঘটনার জন্য আন্তরপিণ্ডের প্যাঁচানো অংশ কিছুটা খুলে যেতে পারে।
2. ম্যান্টল গহ্বর আন্তরপিণ্ডের পিছন অংশে মুক্ত হয়।
3. খোলক লুপ্তপ্রায় অথবা থাকে না।
4. হৃৎপিণ্ডের পিছনে টিনিডিয়া অবস্থিত।
   উদা ঃ *Aplysia protea*
   Doris repanda

উপশ্রেণী পালমোনেটা

1. টরসন ঘটনার জন্য আন্তরপিণ্ড প্যাঁচানো এবং স্নায়ুতন্ত্রে বিভিন্ন গ্যাংলিয়া কাছাকাছি অবস্থিত। কানেক্টিভ ও কমিশিওরগুলিও সংক্ষিপ্ত হয়ে সারকাস ইসোফেজিয়াল গ্যাংলিওনিক কমপ্লেক্স গঠন করে।
2. ম্যান্টল গহ্বর ফুলকা প্রকোষ্ঠে পরিণত হয়ে সম্মুখ অংশে একটি ক্ষুদ্র ছিদ্র দিয়ে মুক্ত হয়।
3. খোলক থাকে অথবা কিছু প্রাণী খোলকহীন হয়।
4. টিনিডিয়ামের পরিবর্তে 'ফুসফুসীয় থলি' প্রধান শ্বসন অঙ্গ।
   উদা ঃ *Achatina fulica*
   Limax maximus

8.5.5 শ্রেণী বাইভালভিয়া

1. দেহ দ্বিপার্শ্বীয় প্রতিসম এবং পাশাপাশি চ্যাপ্টা দুটি কপাটিকারূপী খোলকে আবৃত।
2. জিহ্বাকৃতি মাংসলপদ প্রধানত মাটি ও বালিতে খনন কাজে সাহায্য করে।
3. পৌষ্টিক নালীটি প্যাঁচানো ও মুখগহ্বরের র‍্যাডুলা নেই।
4. মস্তক অংশ সুস্পষ্ট নয় এবং কর্ষিকা থাকে না।
5. একজোড়া টিনিডিয়া আছে।
6. স্নায়ুতন্ত্রে চারজোড়া সেরিব্রাল, প্লুরাল, পেডাল এবং ভিসেরাল গ্যাংলিয়া আছে। এছাড়া এদের সংযোগকারী কমিশিওর ও কানেক্টিভ আছে।
7. একজোড়া নেফ্রিডিয়া বা বৃক্কের একপ্রান্তে পেরিকার্ডিয়ামে এবং অন্য প্রান্ত বাইরে মুক্ত হয়।
8. সামুদ্রিক, স্বাদু জলবাসী হয়। জীবনচক্রে ট্রোকোফোর লার্ভা দেখা যায়।

উপশ্রেণী প্রোটোব্রাঙ্কিয়া

1. ফুলকা মধ্য অক্ষ থেকে উৎপন্ন দু সারি চ্যাপ্টাকৃতি ল্যামেলা দ্বারা গঠিত।
2. মাংসল পদটি দু পাশে চাপা থাকে না বরং অঙ্কীয় তলটি চ্যাপ্টাকৃতি হয়।
3. দুটি অ্যাডাক্টর পেশী আছে।

   উদা ঃ *Nucula proxima*
   Solemya velum

উপশ্রেণী ল্যামেল্লিব্রাঙ্কিয়া

1. ফুলকা মধ্য অক্ষের দু-পাশে দু-সারি 'N' আকৃতির ল্যামেলা দ্বারা গঠিত। এর ফলে ফুলকাকে 'W' আকৃতির মনে হয়।
2. মাংসল পদ তুলনামূলকভাবে কম উন্নত এবং বাইসাস সূত্র ক্ষরণে সক্ষম।
3. দুটি অ্যাডাক্টর পেশী সমআকৃতির, বিষম আকৃতির অথবা একটি সম্পূর্ণ লুপ্ত হতে পারে।

   উদা ঃ *Perna viridis*
   Ostrea edulis

উপশ্রেণী সেপ্টিব্রাঙ্কিয়া

1. ফুলকা পেশীয় সেপ্টামরূপে থাকে যার ফলে ম্যান্টল গহ্বর দুটি প্রকোষ্ঠে বিভক্ত হয়।
2. মাংসল লম্বা এবং বাইসাস গ্রন্থি নেই।
3. অ্যাডাক্টর পেশী সম আকৃতির হয়।

   উদা ঃ *Cuspidaria pellucida*
   Poromya sp.

8.5.6 শ্রেণী কেফালোপোডা

1. দেহ দ্বিপার্শ্বীয় প্রতিসম। বহু প্রকোষ্ঠযুক্ত বহিঃখোলক আছে অথবা অন্তঃখোলক আছে এবং অনেক প্রাণীর খোলক থাকে না।
2. মাংসলপদের কিছু অংশ থেকে আঁকড়ে ধরার উপযোগী কর্ষিকা উৎপন্ন হয় এবং বাকি অংশ পেশীয় সাইফন গঠন করে।
3. পৌষ্টিক নালী U-আকৃতির এবং মুখগহ্বরে র‍্যাডুলা আছে।
4. মস্তক অংশ অত্যন্ত সুগঠিত এবং বড় জটিল চোখ আছে। কর্ষিকাগুলি মস্তক অংশকে ঘিরে রাখে।
5. এক অথবা দু জোড়া টিনিডিয়া বা ফুলকা আছে।
6. স্নায়ুতন্ত্র উন্নত ধরণের। গ্রাসনালীকে ঘিরে বিভিন্ন গ্যাংলিয়া মস্তিষ্ক গঠন করে।
7. সংবহন তন্ত্র বন্ধ প্রকৃতির।
8. সমুদ্রের উপরিতলে অথবা গভীর সমুদ্রে কর্ষিকা দ্বারা অথবা সাইফল দ্বারা সাঁতার কাটে।

উপশ্রেণী নটিলয়ডিয়া

1. খোলক প্রকোষ্ঠযুক্ত সন্ধিরেখাযুক্ত এবং একই তলে প্যাঁচানো হয়।
2. অসংখ্য চোষকহীন কর্ষিকা আছে।
3. চোখ সরল প্রকৃতির অর্থাৎ কর্ণিয়াও লেন্স বিহীন।
4. দু' জোড়া ফুলকা ও নেফ্রিডিয়া আছে।

   উদা ঃ *Nautilus pompilius*
   N. scrobiculatus

উপশ্রেণী কোলিঅয়ডিয়া

1. খোলক নেই অথবা হ্রাসপ্রাপ্ত এবং অন্তঃস্থ প্রকারের।
2. কর্ষিকা সংখ্যায় দশটি এবং চোষক যুক্ত।
3. চোখ জটিল প্রকৃতির অর্থাৎ কর্ণিয়া ও লেন্সযুক্ত।
4. একজোড়া ফুলকা ও নেফ্রিডিয়া আছে।
5. ইঙ্ক থলি ও নালী আছে।

   উদা ঃ *Sepia officinalis*
   Loligo pealii
   Octopus bairadi

8.6 পাইলার কার্যগত শারীরস্থান

'3' ôíÜìææ¢ ÷ìÜ ëìÔì ß ¼ë¢áç ë¡Ôìë ôìíäë ¼û óì¢ú& Ð¢âô vâîâì¢×íóë¯ Ðâ è ûÛìäíæë è Û¢+íç ÷Üì vâîâì¢×íóë ¼ìâì¢äô äéûíæë ¾ûè Ð,Ö¯ øë» vâîâì¢×ë ôìä ø¢ëøË t¢ vâîâì¢×ë ¼íà vöîæ¢âÜæ ôíë çìíô ™¹íôì» vóßúì öìíç t¢ë è õâ øöÖìú¹íâ è æ¢»k ðíç øìíë¯ t¢ë ôìä è æ¢»k ûì Ì è æ¢»k óÓëíæë è õâ øì§ì¯ è æ¢»k è õâ vÇíô vö vâîâì¢× ä^ìú çì ø¢,ôë Ôìó ë'ëíúÜ väÜé' vÔíú û§ ðíÜ ðú ¼@øË t¢• è ôQ çì æì ðíÜ ðú_t¢-äææìà ök Ð¢âô vâîâì¢× Ì è æ¢»k è õâ vÇíô ðú võìæ ûì øë» vâîâì¢×¯

(4) Ì ì÷ëË-è ûè Óë ¼û ÷ìÈíç ÅíGÔíöìùÖ è û»ú vðìÜ ôíÜìææë vâîâì¢×íóë è ûíÐ»ç¥ Ð¢âôíóë âíÓÖ vöìùìíöìù ø°è ç öì è ûÚìíææ "û¢-ÜÖìà íú" âìëØÁ «Óìæç ¼@ø^ ðú Íû¤ öìíç óÓëíæë Ì à Û¢à âì öÇì ëìÅw õÖìA ß vå ÈÜ ßúì è ù¤ õÖìA Ð¢âô vâîâì¢×íç vóÔì öìú¯

11. 9 Ì æÐ¢Üæ¢- 2

Íôô 11 Íë• 11.7 ß 11.8 Í vÜÔì è û»úút• vô\ ôíë æ¢í÷ë «xlíÜì ¾çë¢ôëì ðíúí×¯ Å¢G¢Ôç è û»úút• øöÖìíÜì÷æì ôíë Å+ë è ÜÔæ¯

1. íâîâì¢× vóíð Åóíëë «Çâ Ôwô¢å ûíáë vÐ» Ôwíôë ¼íà ök vÇíô vö è ûíÐ» ÔwôìÐ è ðí¼íû ûáíóíÐë ø fìóÛìíù Çìíô çì æìâ ____¯
2. Íô¢å ¼ù¢Ôç vâî÷ìíô øËìà vâîâì¢×ë ¼¤ÔÖì vøî×ìíç øìíë__ öì¢âíÓÖ íõìíæë ¼¤ÔÖì•____ t¢-ûì ëì¢Ë vâîâì¢×ë ¼¤ÔÖì ¼ìÓìë¡Ëç¥____¯
3. Ð¢âô vâîâì¢×ë çç¢ú väì§ì øìíúë è ûíÐ»Ûìíû ù¢Ôç vö Ìà ì¤íÐ øëìù vëË ¼¯ç ðú çì æìâ _____¯
4. vö v×ìå v×ìå Tíôë âç vëìâPì¢ì vâîâì¢×ë ¼ìâíæë õìæì vø×íæë õìæì¢ë ¼íà ß§ì¢ë ¼âú ¼¤û° vÇíô Íô¢å Íí¢ìØíúíÜë æÖìú ôìä ôíë v¼ ¼ôÜ vëìíâë æìâ ____¯
5. vâîâì¢× vâìâ vâîâì¢×ë vâìâ †¢p äìç Íû¤ Í¼û †¢p Ð¢âô vóíðë____ Çìíô¯

6¿ Ðèâô vâîâàìè×ë âÔ-Åøìà ¼âíðë âíÓ vö Ì¤Ðèå çìë èûíÐ» ÓëíËë Ôìó† †ðË ø°èçë äíæ øèëûèçç çìë æìâ ____

7. vâîâàìè×ë våèôúì äìèÜôìë èûíÐ»Ûìíû t]éç Ì¤Ð ¼âíðë æìâ ____

8. Ûìëíç Íèø¼ vâîâàìè×ë vö «äàìèçèå Íèøôì Ü÷ìíëë ôìíä ¼ûìèÓô ûÜûðç ðú çìë æìâ ——

11.10 ¼ûíÐ» «xìûÜé

1. Ì ìëíÐìÜì ‘øËìà’ Ì ìâìíóë ÔûÈ øèëè÷ç «ìËé¯ æéí÷ë ×íô• èæèó,¦ ôëì Ì¤íÐ• Ì ìëíÐìÜìë v¼È ¼ôÜ ¾ûèÐí,¦ë ÅíGÔ ôëæ öìë óëæ çìíô¯ (a) øçà vÐËé•(b) våèëíùìåì ÅøíÐËé ß (c) ÍíRìøíåèëíùìåì èõèÛ¼íæë Ì QÛk ôëì ðú ¥

(a) øçà vÐËéë Ì QÛèkë ôìëË ¥

(i)

(ii)

(iii)

(b) våèëíùìåì ÅøíÐËéë Ì QÛèkë ôìëË ¥

(i)

(ii)

(iii)

(c) ÍíRìøíåèëíùìåì èõèÛ¼íæë Ì QÛèkë ôìëË ¥

(i)

(ii)

(iii)

2. Ôìó¦ût•ë «ôèç ß Ôìó† †ðíËë ëéèçë çìëçâ¦ vðç øçàíÛíó âÔ Åøìà (mouth-parts) èÛ^¯ æéí÷ ôíúôèå øçà ÅíGÔ ôëì vðìÜ• «èçèåë âÔ Åøìà èô ÓëíËë çì è÷èÿç ôëæ Íû¤ çìë ô@‡ ø°èç ¼@•ía ó-Íô ôÇì ûÜæ¥

(a) «äìøèçÝ âÇ

(b) âÐì

(c) âìè×

(c) Iûíë vøìôì ûì õì¤ -ûéåÜ¯

3. æéí÷ a, b, c ¿¿¿¿ ÈçÜìèóë Ì Óéíæ Íô ûì ÍôìèÓô ¾ûèÐ,¦Ü ûÜì ðíúí×/ a, b, c ¿¿¿¿ ÈçÜìèóë Ì Óéæò ¾ûèÐ,¦Ü vö vö ûíùë ¾ûèÐ,¦Ü Íôèå æâæì «ìËé¼ð vö ûíùë æìâ ôëæ ¥

(a) õìæìðéæ• Ì ìÐ Ì ìôèçë vëìíâ Õìôì æëâ• Ü@•ìíå øçà öìë Åóë 11 Ôwíôë Íû¤ Åóë «ìíQ ôìèÔë âç èçæèå Ì à ì¤Ð ¼è^èû,¯

(b) «Çâ õìæìíäì§ì è¼ÅíõìðÜ`åì (pseudohaltere) ÌÇìÁ v×ìå ÷ìâí÷ë Ììôìíë øèëûè çç èôQ èPçéú õìæìíäì§ì ¼ùèÒç• Ü@ìë ÷ìÈíç vûÐé ÷ß§ì• øìÁÜì øóìë âç öèóß «ìú Ìt£× Íû¤ ôíúôèå âìr Ü@ì èÐëìök¯

(c) v×ìå âìíøë• õìæìðéæ Íû¤ óøìÐ vÇíô ÷ô̈ì{ì vóíðë øçà• øìÔé ß tæ̈øìúéíç ûèð¥ øëäéûé• âÔ Åøìà ¼âð Íôír Ðk• v×ìå ¼í÷ë âç v×óæ v÷ì»íËìáâ ™§ ùÒæ ôíë¯

(d) ûðóìôìë• óÆ ùÒíæë âì¤¼ìÐé øçà öìë âtôì¤Ð ¼ûðÁ Íû¤ ÷ìëèóíô vÙìëìíæì öìú ÍâæÛìíû èûæ̈t• øJìèáPú Ôû û§ èôQ Ìô̈ìî̃åæìíäì§ì '™à' ÔûÈ v×ìå•t£× øóìëâç èÐëûTÜ ¼âìôèçë óíäì§ì ¼ùèÒç Ü@ìíå ß ÌGèût•ë ëÂéæ õìæì öìë «èçèåíç ¼@‡Ô øìèxô vôìíËë ôìí× èû`óë âç ¼tø,¦ Íôèå ùìÆ ëàéæ óìù Çìíô Íû¤ ÍÈ óìùíô våíëìè,¦ùâì (pterostigma) ûÜì ðú¯

4. (a) Ûìëíç Íèø¼ vâîâìè×ë vö ôèå «äìèç ¼ìÓìëËç¥ øìßúì öìú çìíóë ¼ûÚìèæô æìâ èÜÔæ¯

(b) Ðèâô vâîâìè×ë TÜ ß çìë û̈ûðìë ¼@•ía öì äìíææ çì ¼¤íáíø èÜÔæ¯

(c) Íôèå Ðèâô vâîâìè× âÔ-Åøìà ¼âíðë (mouth-parts) vëÔè÷r Ììôæ ß èûèÛ^ Ì¤íÐ æìâ èÜÔæ (labelling)

(d) ûé-Ü̈ôìàíúä"íúë û̈ôìÔ̈ôìóìçìë æìâ èôÀ Í Ü̈ôìàíúíäë Íôå ûËæì èóæ¯

11.11 Å+ëâìÜì

ÌæÐéÜææé_1

(1) 9 Üá• (2) vôìèÜßøíåëì• ÍèÜåì (3) (i) âÐì 'Ííæìíøè¼Ýèôåíür'• âìè× 'âìtìì'• (ii) ète¤íåÈÜ• (iii) Èúìëåèù 'ØèØôÜì'• (iv) ,ìÈíÜìA• (v) vâíæìøæÝ ûìõ-ÜìÅ¼• (vi) ûô-ÜìÅ¼• (vii) vâ- ØìÈ• (viii) ô̈ôìè±¼ ØìÈ• (ix) Í̈ôì`å-Üìúæ̈ÝÍèØ¼-Üìúæ̈ÝvÜ¼ÅÈ¤ ØìÈ ûì ¹ìÈí¼ìøì• (x) èÇœ

ÌæÐéÜææé_2

(1) v«ìíøìèõúìâ• (2) ø˜ìÐ ðìäìë• óíÐì_Íôèå (3) vøìíÜæ ûìítå• (4) ðô̈ìâèÜ(hamuli), (5) Åóíë (6) vÜèûúìâ• (7) ûìúÇèÜ• (8) Íèø¼ Èèwôì *(Apis indica)*

1.(a) (i) vóð èçæ Ì¤íÐë ÌÔèwç âtô Íôíäì§ì ™àûìðé (antennae) , èçæ Ôwíôë ûá öìë «èçèå Íôíäì§ì øì ûìðé Íû¤ ôíúô Ôwíôë Åóë• (ii) x¼æçQ ûìúæìÜé ûì våèôúìë äìèÜôì öì vóð vÔìÜíô tøìÈëìíôÜ è×° Pìëì ûìèðíë Å^šk Íû¤ vë÷æìà âô̈ìÜèøèäúìæ æìÜé¼âð (iii) ûá ß Åóíëë âÓô̈ì¤Ð ûëìûë æÜìôèçë ¼ë ðÁèøw¯

1.(b) (i) ó väì§ ¼ùèÒç õìæì ûíáë 2ú ß ççéú Ôwíô• (ii) Ìøèë Ëç óÐì èæ@] öì ëøìQèëç ðú øËìà óÐìú¯

1.(c) (i) è æ@] óÐìë ûíáë 2ú ß ççéú Ôwíô óíäì§ì øìírë âç Ìà ì¤Ð õìæìë «ìÇè âô óÐì Íû¤ Í vÇíô tø,¦ õìæìë ùÒæ ¼ë vÇíôÈ ûè ðâÔé (ii) Ìøè ëËç óÐì öìë Ìì ôè çè«ôè çíç øËìà óÐìë ¼ìöäð ëíúí× çìÈ ëøìQë Ìì ¤è ÐôÀ

2.(a) Ü@ì v÷ì»ô æíÜë ™§ (siphoning/sucking proboseis) öì ôwÜì è úç ðíú· Ù è§ë è te¤íúë âç âíÔë ¼ìâíæ ¼¤è Ð,¦ Çìíô Ííç âÔì è RÙìë vùè Üúì (galea) Ì¤Ð óøìíÐ óíâì øìírë âç «Üè@ç ðú ß Íôír ðíú ™§ ùÒæ ôíë âÔ Åøìíàë Ìæ Ô æ Ô Ì¤Ð Ü:«ìú ß Ìíôíäì

2.(b) Ü@ì v×óô v÷ì»ô ™í§ë âÔ Åøìà (piercing sucking mouthparts as a needle like proboscis) Í Pìëì âÐì «ìËéë 'âìæ»· ø™-øìÔé ÈçÔì è ó' ûì Åè Íóë Ìà ì¤Ð ûì &ô v×óæ ôíë ß çìíç ™í§ë Ì†Ûìù Õè ôíú ëk· ëkë¼ ûì Åè y ë¼ ™í§ë ¼ìðìíöÔ ÷í» øìæ ôíë Íëôâ ™§ ùÒíæ âÔ Åøìíàë ¼û ôèå Ì¤ÐÈ 'vÜûìâ· ðìÈíøìíØè ¤¼, âÔì è RÙì ß âÔì è wûÜ' ¼í÷ë æÔìú «Üè@ç ðú Íû¤ Íóë Ìíæíôë È Ì†Ûìíù v×ìå v×ìå óìç ûì ôìåì Çìíô Íl íÜì Íôír ¼¤è Ð,¦ ðíú v×óô -v÷ì»ô ™§ ùè Òç ðú

2.(c) vâìåì Ôìíåì ôè Òë âç ™§ öìë Ì†Ûìù t]éç· t]éçìôìë Ì¤Ð tøíJë âç çëÜ Ôìó øìæéú tøÐâìr ™íú væú Íû¤ v¼Ôìæ vÇíô ôÔì è øæìÜé æíÜë âç ¼ë ôçlíÜì øÇ vûíú Ñ vÐè»ç Ôìó Ý øìæéú Ôìó æì Üéíç vøîí×öìú Íëôâ vÐì»ËôìëéÉ ™§ ùÒæôìëé âÔ Åøìà¼âíðë æìâ tøèJ¤ ¼ÈØè æ¤ (sponging siphoning) ™§ Íëôâ ™§ âÔ ç vÜè ûúìâ Ì¤Ð Pìëì ùè Òç· âÔì è wûÜß âÔì è RÙì «ìú ÇìíôÈ æì·ßëì ùè Òçß ðú æì

2.(d) Ííóë âÔ-Åøìà ¼âð Ðk Ôìó vôíå ß è øí» ™í§ì ôíë †ðË ôëìë Åøíöì ùé ÌÇìÁ ÷ûíËì áâ âÔ-Åøìà (chewing/mandibulate mouthparts) Íôìíæ âÔì è wûÜíäì§ì 'v÷ì úìÜíäì§ì' Ðk· ¼ùè Òç ß çìë èÛçíëë «ìíQë Åøè ËÛìù Çìíô ôíúôèå Ðk óìç öì Ôìó Óëì ß ôìåì è ûì v×§ìë Åøíöì ùé Íû¤ æéí÷ë Ûìùåì ðú è ûíÐ»Ûìíû Ðk öì íç Ôìó Í äì úù è óíú è÷ûíæì öì ú

3.(a) ûù ÇìÈ¼ì æÔè ì· æâæì«ìËé-è¼ÜÛì è è Ø¼ ûì vÜè ø¼âì· (b) ûù v,¦ ø è¼ø íåë ì· æâæì«ìËé ,ìÈíÜìœ/ (c) ûù ¼ìÈíØìíæìøíåë ì ûì ÍØì è æøíåë ì· æâæì«ìËé ëÔìå è Ø väíæìø è¼Ü ì (d) ûù ßíõìæìåì æâæì «ìËé Ø è§¤ 'õÔì ùæØìÈ· õÔìâí¼Ü ØìÈ'

4.(a) «äì ç è çæ åë æìâ Íè ø¼ õ¼ìåì *(Apis dorsata),* Íè ø¼ vØì ëúì *(apis florea)* ß Íè ø¼ È wôì *apis indica*) ; (b) TíÜë ûËæì ß vëÔ è÷r °,¦û· (c) «ó+ vëÔ-è÷r °,¦û

● øìóè åôì ¥ ôéå øçíàë vÐËéûæÔì¼ Ì íëì vûÐé äìæíç vùíÜ Ìæ Ôìæ ûÈíúë ¼íà è æ@è Üè Ôç ûÈlè Ü øìÔ ¥

1. Zoology : By Robert Barnes, Holt-Saunders. Latest Edition.
2. Imms General Text Book of Entomology : By O. W. Richards and R. G. Davies. B. I, Publications. Latest Edition vol. 2



è÷r æ¤ 11.1 (a-b) : **øçíàë** èûèÛ^ óëíËë âÔ -Åøìà ¥ (a) **ôè**Òæ **Ôì**íó**ë** äæ**ê** ÷ûËáâ âÔ Åøìà• (b) **‘«¼**èë**ç’** (c) **Ôì**ó**ê** -†ðíËë ¼âú ™§ ùÒæ **ô**ëì’ v×óæ- v÷ì»íËìáâ âÔ Åøìà• (d) **t**øæèä¤ âÔ Åøìà• (e) **‘ô„**Üìèúç **Ì**û**ê**ûðç óÐìú’ (f) **‘«¼**èë**ç** çëÜ Ôìó**ê** †ðíËë ¼âú’ v÷ì»**ô** âÔ Åøìà• (g-h) v×óæ-v÷ì»íËìáâ âÔ Åøìà ûì èûèûÓ ûìù-äìçéú **øçíà** ‘×ìëíøìôì **Ì**æ**ê**ìæ**ê** «ìËéä ûìù• Åè**l y** ûìù’ **Ì**ìí×/ **Í**ë ¼ûè**Ð,**ê -Åøì**à l**èÜ Ôû ¼ë ¼í÷ë âç èôQ öíÇ,¦ **Ð**k **Í**û¤ vÜèúúìâ **Ì**¤Ðèå ½¢aÜ¯

(2) এসারেনটোমোন

(3) ক্যাম্পোডিয়া

(4) স্কিনথ্যুরাস

(5) অন্য একটি স্প্রিং-টেইল পতঙ্গ

(8) পুরুষ-উইপোকা

(6) সেপিসমা

(7) আপটেরিগোটা:
ডানাবিহীন পরিণত স্ত্রী-উইপোকা

(9) সৈনিক -উইপোকা

(10) মোল-ক্রিকেট

(11) স্টিক্-ইনসেক্ট

(12) লিফ্-ইনসেক্ট

(13) ক্রিকেট পতঙ্গ

(14) ক্রিকেট পতঙ্গ

(15) প্রেয়িং ম্যান্টিস্

(16) ক্রিকেট পতঙ্গ

(17) গ্রাসহপার বা গঙ্গাফড়িং

(18) লোকাষ্ট বা পঙ্গপাল

(19) ইয়ারউইগ্

(20) থ্রাইরাস উকুন

(21) পেডিকুলাস উকুন

(22) বুকে -লাউস বা সোকাস পতঙ্গ



(23) সোকাস পতঙ্গ

(24) সোকাস পতঙ্গ

(25) ডানাহীন স্ত্রী গুয়েব-স্পিনার পতঙ্গ

(26) জোন ফ্লাই

(27) থার্ড ল্যাটিস মেনোপন



(28) গ্রিপ্ পোকা

(29) ড্রাগন ফ্লাই ফড়িং

(30) ড্যামজেল ফ্লাই ফড়িং

(31) মে-ফ্লাই এফিমেরা

(32) ওয়াটার মেসারার বাগ্

(33) বেলোস্টোমা বাগ্

(34) ওয়াটার স্কর্পিয়ন বাগ্

(35) পণ্ড স্কেটার বাগ্

(36) ওয়াটার বোটম্যান

(37) ডানাযুক্ত এফিড্ বা জাবপোকা

(38) ব্যাক সুইমার বাগ্

(39) অ্যাসাসিন বাগ্

(40) শ্যামাপোকা-ট্রি-হপার

(41) লীফ-হপার

(42) প্ল্যান্ট-হপার

(43) সিকাডা বাগ্

(44) লেসউইং



(45) স্নেকফ্লাই পতঙ্গ

(46) ক্যাডিডস্ ফ্লাই

(47) স্কর্পিয়ন ফ্লাই



(48 a) লিশীলিকা-শ্রমিক (48 b) সৈনিক, (48 c) রাণী, (48 d) পুরুষ

(49) একটি পটার বোলতা তার তৈরী মাটির বাসায় ডিম পেড়ে, তাতে প্রজাপতির ডিম ভরে রাখছে যাতে ডিম-ফুটে বেরিয়ে আসা পটার বোলতার শুককীটি ঐ প্রজাপতি-শুককীটি খেয়ে বড় হতে পারে

(50) রুথ মথ

(51) হক মথ

(52) প্রমেথিয়া মথ

(53) ডেথস-হেড হক মথ

(54) সিলভার -স্পটেড স্কিপার

(55) ব্ল্যাক সোফালোটেইল

(56) অনার্ক প্রজাপতি

(57) ভাইসরয় প্রজাপতি

58-c



58-b

58-a

(58) বিশ্রামকালে মথ/প্রজাপতি/স্কিপারদের ডানা বিন্যাসের বেশ কিছু (a মথের পুরোডানা আগাগোড়া নুপাশে জুড়ে উল্লিখিত হয়েছে, b-প্রজাপতির সব ডানা সংযুক্ত, লম্বালম্বিভাবে বিন্যস্ত, c-স্কিপারদের প্রথম ডানাজোড়া নুপাশে আড়াআড়িভাবে তোলা কিন্তু দ্বিতীয় ডানাজোড়া মধ্যেই থাকে)।



(59) বিভিন্ন লেডীবার্ড বীটল্ (59 a-e).

(61) স্পাইডার -লিক্ বীটল্

(60) গুবরে পোকা বা ডাং বীটল্

(62) লং হর্ণ বীটল্

(63) চালের কেরী পোকা বা রাইস উইভিল

(64) জোনাকী পোকা

(65) ফ্লাওয়ার বীটল্ ট্রাইবোলিয়াম



(66) স্ট্রী কিউলেক্স মশা

(67) রুফ মথ বা মথ প্লাই পতঙ্গ

(68) ড্রেন্ফ্লাই

(69) ব্ল্যাক ফ্লাই

(70) গল-মিজ

(71) কামড়ানো মিজ পোকা



(72) না-কামড়ানো মিজ বা কাইরোনোমিড পোকা

(73) ক্লেস ফ্লাই

(74) হর্স ফ্লাই

(75) শীপ্-কেড পতঙ্গ

(76) স্টাইলোপ্স পতঙ্গ (পুং)

(76 a) স্টাইলোপ্স পতঙ্গ (স্ত্রী)

(76 b) স্ট্রি পতঙ্গ



চিত্র নং 11.77 : বক্ষ-খণ্ডক ও ২য় উদর খণ্ডক পর্যন্ত অংশের পার্শ্বীয় রেখ-চিত্র।



চিত্র নং 11.78 : চর্বণ ও চোষণোক্ষম মুখ-উপাঙ্গ সমূহের রেখ-চিত্র (শ্রমিক-মৌমাছি)



চিত্র নং 11.79 : শ্রমিক মৌমাছির উদরের অংকীয় দেশের রেখ-চিত্র। দুই খণ্ডকের সংযোগগুলের ওয়াক্স প্লেটগুলি লক্ষণীয়।



চিত্র নং 11.80 : শ্রমিক-মৌমাছির পায়ের বিশেষ অংশসমূহ যা পরাগরেণুর সংগ্রহ ও দেহ পরিপাকের কাজে ব্যবহৃত হয়। (সংক্ষেপিত রেখ-চিত্র)



চিত্র নং 11.81 : শ্রমিক-মৌমাছির হুলের রেখ-চিত্র।



চিত্র নং 11.82 : শ্রমিক-মৌমাছির খাদ্য-বা পৌষ্টিক নালীর রেখ-চিত্র।



চিত্র নং 11.83 : শ্রমিক-মৌমাছির ট্রেকিয়া নালী ও বায়ু থলির রেখ-চিত্র।



চিত্র নং 11.84 : পূর্ণাঙ্গ শ্রমিক -মৌমাছি, পুরুষ-মৌমাছি বা ড্রোন ও রাণী মৌমাছির রেখ-চিত্র (সরলীকৃত) -(a-c) ; শ্রমিক মৌমাছির রাউণ্ড -ড্যান্স ও টেইল ওয়াগিং ড্যান্স'য়ের সম্ভাব্য রেখাপথের চিত্র (d-e)।

একক 12 ❑ ব্রায়োজোয়া

গঠন

12.1 প্রস্তাবনা
12.2 উদ্দেশ্য
12.3 ব্রায়োজোয়া পর্বের সাধারণ বৈশিষ্ট্য
12.4 শ্রেণিবিভাজন ঃ পর্ব ব্রায়োজোয়া
12.5 বহিরাকৃতি
12.6 পাচনতন্ত্র
12.7 স্নায়ুতন্ত্র
12.8 গ্যাসের আদান প্রদান, আভ্যন্তরীণ পরিবহন এবং রেচন
12.9 জনন
12.9.1 যৌন জনন
12.9.2 অযৌন জনন
12.10 কলোনীর সংগঠন
12.11 কলোনীর সংযোগ
12.12 কলোনীর বহুরূপতা
12.13 সারাংশ
12.14 সর্বশেষ প্রশ্নাবলী
12.15 উত্তরমালা

12.1 প্রস্তাবনা

ব্রায়োজোয়া পর্বভুক্ত সমস্ত প্রাণীদের খাদ্য গ্রহণের মুখছিদ্রকে পরিবেষ্টিত করে কর্ষিকাযুক্ত একবিশেষ ধরনের অশ্বক্ষুরাকৃতি অঙ্গ আছে যাকে লোফোফোর (Lophophore) বলা হয়। সেই কারণে ব্রায়োজোয়াদের লোফোফোর যুক্তপ্রাণী বলে। সারা পৃথিবীতে প্রায় 5000 হাজার প্রজাতির ব্রায়োজোয়া পরিলক্ষিত হয়। এরা আকৃতিতে এতই ক্ষুদ্র যে বেশিরভাগই জীব বিজ্ঞানীর দৃষ্টির অগোচরে থেকে যায়। এরা কলোণী বা সংঘবদ্ধভাবে জলে বসবাস করে এবং কলোনিগুলি অসংখ্য জুওএড (zooids) দিয়ে তৈরি হয়। প্রতিটা জুওয়েড 0.5 মিলিমিটার লম্বা মুক্ত আবরণীযুক্ত এবং নলাকৃতি বা বহু আকৃতি বিশিষ্ট হয়। অনেকগুলি জুওয়েড বৃন্তের সাহায্যে একসাথে সম্মিলিতভাবে একটি কলোনি গঠন করে।

পর্ব ব্রায়োজোয়া সাধারণতঃ তিনটি শ্রেণিতে বিভক্ত, যথা—ফাইল্যাকটোলিমেটা (Phylactolaemata), জিমনোলিমেটা (Gymnolaemata) এবং স্টেনোলিমেটা (Stenolaemata)। স্টেনোলিমেটা শ্রেণিভুক্ত

কিছু প্রাণী সামুদ্রিক এবং সমগ্র ব্রায়োজোয়া পর্বের বেশির ভাগ জীবই এই শ্রেণিভুক্ত। ফাইল্যাকটোলিমেটা শ্রেণিভুক্ত সমস্ত জীবই মিষ্টি জলে বসবাস করে এবং এদের প্রজাতির সংখ্যা মাত্র 50টি।

12.2 উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি

- ব্রায়োজোয়া নামক ক্ষুদ্র প্রাণীদের চারিত্রিক বৈশিষ্ট্য নির্দেশ করতে ও তাদের শ্রেণিবিভাগ করতে পারবেন।
- তাদের বিশেষ ধরনের খাদ্য ও খাদ্যগ্রহণ পদ্ধতি, ইমপিঞ্জমেন্ট ফিডিং বর্ণনা করতে পারবেন।
- ব্রায়োজোয়াদের যৌন ও অযৌন জনন পদ্ধতি ও তাদের জীবনচক্র সম্বন্ধে আলোচনা করতে পারবেন।
- তাদের কলোনীর সংগঠন ও তার বহুরূপতা ব্যাখ্যা করতে পারবেন।

12.3 ব্রায়োজোয়া পর্বের সাধারণ বৈশিষ্ট্য (General Characters of Phylum-Bryozoa) ঃ

1. দ্বি-পার্শ্বিয়ভাবে প্রতিসম, দেহ কোনো খণ্ডকে বিভক্ত নয়।
2. সমুদ্রে অথবা স্বচ্ছজলে কলোনী করে বাস করে।
3. প্রত্যেকটি কলোনী অসংখ্য জুওয়েড (zooid) দ্বারা গঠিত।
4. এরা আবার জুকেসিয়াম নামক ক্যালসিয়াম কার্বনেট বা কাইটিন নির্মিত একপ্রকার থলির মধ্যে থাকে।
5. পাচন নালী 'U' আকৃতি বিশিষ্ট।
6. মুখছিদ্র সংকোচনশীল লোফোপোর (Lophophore) দ্বারা বেষ্টিত।
7. লোফোফোর অনেকগুলি কর্ষিকা আছে।
8. পায়ু লোফোফোরের বাইরে উন্মুক্ত হয়।
9. শরীরের অভ্যন্তরে বেশ বড় সিলোম (মেটাসিস) আছে।
10. সংবহন, শ্বসনঅঙ্গ ও রেচনঅঙ্গ থাকে না।
11. ইহারা উভয়লিঙ্গ, জীবনচক্রে ট্রোকোফোর লার্ভা দেখা যায়।
    উদাহরণ—বুগুলা নেরিটিনা *(Bugula naritina)*

12.4 শ্রেণি বিভাজন (Classification) ঃ পর্ব ব্রায়োজোয়া

পর্ব-ব্রায়োজোয়ার শ্রেণি বিভাজনের ক্ষেত্রে Edward E Ruppert and Robert D Barnes লিখিত Inverbrate Zoology পুস্তকে 1994 সালে প্রকাশিত শ্রেণিবিভাজন পদ্ধতি অনুসৃত হইয়াছে।



পর্ব-ব্রায়োজোয়া তিনটি শ্রেণিতে বিভক্ত। আবার শ্রেণি ফাইল্যাকটোলিমাটা ব্যতীত অন্য দুইটি প্রতিটি দুইটি করিয়া বর্গে বিভক্ত।

শ্রেণি (a) ফাইল্যাকটোলিমাটা (Phylactolacmata) ঃ
চারিত্রিক বৈশিষ্ট্য (Characteristic features)

(1) স্বাদু জলে বসবাস করে।
(2) নলাকৃতি জুওয়েড (zooid)
(3) প্রতিটি জুওয়েডে অশ্বক্ষুরাকৃতি লোফোফোর, একটি এপিস্টোম (epistome), একটি দেহপ্রাচীরের পেশী এবং একটি অশক্ত আবরণী আছে।
(4) কলোনী বহুআকৃতি বিশিষ্ট নয়।
(5) সিলোম কলোনীর সমস্ত জুওয়েডের মধ্যে এককভাবে প্রসারিত।
উদাহরণ—ফ্রিডেরিমেল্লা (Frederimella), পালমাটেল্লা (pulmatella), পেক্‌টিনাটেল্লা (Pectinatella), লোফোপাস (Lophopus)

শ্রেণি (b) স্টেনোলিমাটা (Stenolaemata) ঃ
চারিত্রিক বৈশিষ্ট্য (Characteristic features)

(1) সকলেই সামুদ্রিক।
(2) প্রতিটি জুওয়েড নলাকৃতি, শক্তখোলকযুক্ত এবং পাশাপাশি সব জুওয়েডগুলি একসাথে যুক্ত ।
(3) মুখছিদ্র গোলাকার এবং শীর্ষে অবস্থিত।
(4) লোফোফোরের বহিঃষ্করণ দেহপ্রাচীরের পেশীর সংকোচনের উপর নির্ভরশীল নয়।
উদাহরণ—ক্রিসিয়া (Crisia), লাইকেনোপোরা (Lichenopora), স্টোমাটোপোরা (Stomatopora) এবং টিবিউলিপোরা (Tubulipora)

শ্রেণি (c) জিমনোলিমাটা (Gymnolaemata) ঃ
চারিত্রিক বৈশিষ্ট্য (Characteristics features)

(1) প্রাথমিকভাবে সামুদ্রিক।

(2) বহু আকৃতিবিশিষ্ট কলোনী থাকে।

(3) বেলনাকৃতি বিশিষ্ট অথবা চওড়া জুওয়েড আছে।

(4) লোফোফোর গোলাকৃতি কিন্তু এপিস্টোম ও দেহপ্রাচীরের গাত্রে পেশী অনুপস্থিত।

(5) লোফোফোরের বহিঃক্রমন দেহপ্রাচীরের পেশীর উপর নির্ভরশীল।

উদাহরণ—এলসায়োনিডিয়াম (Alcyonidium, মোনোব্রায়ো জুন (Monobryo zoon), ক্যালোপোরা (Callopora), বুগুলা (Bugula) ইত্যাদি।

12.5 বহিরাকৃতি ঃ (Morphological features) ঃ

জুওয়েডের আকৃতি ঃ Structure of Zooid

প্রতিটি জুওয়েড আকৃতিতে ডিম্বাকার, নলাকার বা বাক্সের মত। জুওয়েডগুলি একপ্রকার কাইটিন নির্মিত প্রোটিন বা চুনজাতীয় পদার্থ দ্বারা নির্মিত থলির মধ্যে অবস্থিত। এই থলিগুলিকে জুয়েসিয়াম (zooecium) বলে। এইভাবে প্রায় সমস্ত ব্রায়োজোয়া একটি শক্ত বহিঃ আবরণী দ্বারা আবৃত থাকে। একটি প্রসারিত জুওয়েড ভালভাবে লক্ষ্য করলে দেখা যায় যে এদের ইনট্রোভার্টিটি যেটির মধ্যে লোফোফোর অবস্থিত, সেটির গোড়ায় দেহপ্রাচীরের একটি ফোল্ড বা ভাঁজ পরিবেষ্টন করে আছে। এই ভাঁজটিকে কলার (Collar) বলে। যখন জুওয়েড এই খাদ্যগ্রহণ যন্ত্রটিকে (লোফোফোর) শরীরের ভেতরে প্রবেশ করে নেয় তখন সমস্ত কর্ষিকাগুলি একত্রিত হয়ে একটি গুচ্ছ তৈরী করে এবং সংকুচিত হয়ে ভেতরে প্রবেশ করে। এই সংকোচন এবং প্রসারণ একপ্রকার স্ফিংকটার পেশীর দ্বারা নিয়ন্ত্রিত হয়। যে বিশেষ ছিদ্রের মাধ্যমে কলার কর্ষিকা এবং ইনট্রোভার্ট প্রসারিত হয়ে বাইরে আসে তাকে অরিফিস (orifice) বলে। অনেক সামুদ্রিক ব্রায়োজোয়ার অরিফিসটি একপ্রকার ঢাক্না (operculum) দ্বারা আবৃত থাকে যা লোফোফোরের ভেতরে প্রবেশের পর ছিদ্রটিকে বন্ধ রাখতে সাহায্য করে।

যে সমস্ত প্রজাতিতে কলার থাকে তাদের শরীরের ভেতর একটি চওড়া ফাঁকা জায়গা বর্তমান সেখানে সংকুচিত কলার ও শরীরের উল্টানো অংশ (introvert) ঢুকে থাকে। এই ফাঁকা জায়গাটিকে এট্রিয়াম (atrium) বলে। ব্রায়োজোয়ার দেহের বাইরের শক্ত আবরণী বা কিউটিকলটি দেহপ্রাচীরের বহিঃস্তক কর্তৃক নিঃসৃত পদার্থ দ্বারা তৈরী হয়।

জিমনোলিমেটাদের ক্ষেত্রে লোফোফোরটি গোলাকৃতি হয় এবং তার চারপাশে 8-30টি কর্ষিকা থাকে। ইনট্রোভার্ট সংকোচনের সময় কর্ষিকাগুলি একসাথে ভেতরে প্রবেশ করে আবার প্রসারণের সময় তারা মুখগহ্বরের চারপাশে প্রসারিত হয়ে ঘন্টাকৃতি বা ফানেলের আকৃতি ধারণ করে।

প্রতিটি কর্ষিকার পার্শ্বদেশে এবং সম্মুখভাগে অসংখ্য সিলিয়া বা রোমযুক্ত বহিঃত্বকীয় কোষ থাকে। বহিঃ

ত্বকের ঠিক নীচে একটি অনুদৈর্ঘ্যযুক্ত নার্ভ, কোলাজেন যুক্ত সংযোজক কলা এবং একটি মেসোথেলিয়াম বেষ্টিত দেহগহ্বর থাকে।

12.6 পাচনতন্ত্র (Digestive System) ঃ

লোফোফোরের মাঝখানে মুখছিদ্র অবস্থিত যা একটি 'U' আকৃতিবিশিষ্ট পাচন নালীতে উন্মুক্ত হয়। লোফোফোরের বাইরে পায়ুছিদ্র অবস্থিত। সেই কারণে এদের অনেক সময় Ectoprocta (meaning 'outside anus'), বলা হয়। সিলোম বা দেহগহ্বর আংশিকভাবে একটি সেপ্টাম বা প্রাচীর দ্বারা বিভক্ত যা সামনের দিকে লোফোফোরের গোড়া থেকে কর্ষিকা পর্যন্ত বিস্তৃত, ইহাকে মেসোসিল (mesocoel) বলে। আবার পশ্চাৎ অংশে বৃহদাকার অংশকে মেটাসিল (metacoel) বলে। এই অংশ দুইটি আবার একটি অথবা দুইটি ছিদ্রদ্বারা যুক্ত। মেটাসিল অংশে আড়াআড়িভাবে অনেক পেশী এবং অপটিক শাখাযুক্ত নলাকার মেসোথেলিয় কলা থাকে। এগুলিকে নিয়ে ফুনিকুলাস (funiculus) গঠিত হয় যা জুওয়েড গুলিতে খাদ্য দ্রব্য পাঠাতে সাহায্য করে।

12.7 স্নায়ুতন্ত্র (Nervous System) ঃ

ব্রায়োজোয়ার নার্ভতন্ত্র একটি নার্ভ রিং ও নার্ভ গ্যাংলিয়ন নিয়ে গঠিত। ফ্যারিংক্স বা গলবিলকে বেষ্টন করে একটি নার্ভরিং আছে এবং তার পৃষ্ঠদেশে গ্যাংলিয়ন আছে। এই নার্ভ গ্যাংলিয়ন ও রিং থেকে নার্ভ বার হয়ে প্রতিটি কর্ষিকা ও শরীরের অন্যান্য অংশে প্রবেশ করে। ব্রায়োজোয়ার কোন বিশেষ সংবেদনশীল অঙ্গ নেই। কিন্তু কর্ষিকাতে সংবেদনশীল রোম বা সিলিয়া বর্তমান।

খাদ্য গ্রহণ ও পাচন (Feeding and Digestion) ঃ

খাদ্য গ্রহণের সময় ব্রায়োজোয়ার মুখছিদ্র ও অরিফিসের মধ্য দিয়ে কর্ষিকার আবরণীসমেত লোফোফোরটি শরীরের বাইরে বেরিয়ে আসে। তারপর, কর্ষিকাগুলি প্রসারিত হয়ে ঘন্টার মত বা ফানেলের মতো আকার ধারণ করে। লোফোফোরের এই বাইরে বেরিয়ে আসা কিছু পেশী ও দেহগহ্বরের তরল পদার্থের হাইড্রলিক চাপের উপর নির্ভরশীল। স্বাদুজলে বসবাসকারী ব্রায়োজোয়াদের (ফাইল্যাকটোলিমেটা) ক্ষেত্রে দেহপ্রাচীরের পেশীর সংকোচনের ফলে দেহে যে চাপ সৃষ্টি হয় তার ফলে এবং দেহগহ্বরের তরল পদার্থের চাপে লোফোফোর বাইরে নির্গত হয়। স্টেনোলিমেটার ক্ষেত্রে এই নির্গমন দেহপ্রাচীরের চক্রাকার পেশীর সংকোচনের ফলে ঘটে। স্বাদুজলের ব্রায়োজোয়াদের মত স্টেনোলিমেটাদের দেহত্বক বা কিউটিকল দৃঢ় এবং শক্ত এবং লোফোফোরের বহির্গমনের সময় তাই দেহ সংকুচিত হতে পারে না। পরিবর্তে দেহপ্রাচীরের পেশী এবং দেহগহ্বর (coelom) বহির্ত্বক ও কিউটিকল থেকে আলাদা হয়ে গিয়ে একটি তরল পদার্থ পূর্ণ গহ্বর (Pseudocoel) তৈয়ারী করে।

জিমনোলিমেটাদের দেহত্বক বা কিউটিকল স্থিতিস্থাপক এবং কাইটিন যুক্ত। এদের দেহত্বকে যে প্যারাইটেল পেশী আছে তার সংকোচনের ফলে দেহগহ্বরের তরল পদার্থের যে চাপ সৃষ্টি হয় তাতে লোফোফোর ও ইনট্রোভার্ট বাইরে নির্গত হয়।

কিছু কিছু শক্তখোলকযুক্ত জিমনোলিমেট যথা মেমব্রেনিপোরার (Membranipora) যে অংশ বাইরে বের হয়ে আসে তার সামনের দিকে একটি জানালা (window) কাইটিন যুক্ত পর্দা দ্বারা ঢাকা থাকে। এই পর্দাটিকে ফ্রন্টাল মেমব্রেন (frontal membrane) বলে। প্যারাইটেল পেশীগুলি এই পর্দার ভেতরের দিকে আটকানো থাকে। সংকোচনের সময় এই স্থিতিস্থাপক পর্দাটি ধনুকের ন্যায় ভেতরে বেঁকে যায় এবং দেহগহ্বরের তরল পদার্থের চাপ বৃদ্ধি করে। আবার এই সমস্ত জীবগুলিতে যাদের শক্ত ফ্রন্টাল প্রাচীর আছে তাদের চাপ নিয়ন্ত্রণকারী পর্দাটি দেহঅভ্যন্তরে একটি থলির মধ্যে অবস্থান করে। এই থলিটিকে অ্যাসকাস (Ascus) বলে। এই অ্যাসকাস একটি বা দুইটি ছিদ্রপথে বাইরে উন্মুক্ত হয়। অ্যাসকাসের ভেতরের দেওয়ালের গায়ে যে প্যারাইটাল পেশি থাকে তা সংকুচিত হলে অ্যাসকাসের আয়তন বেড়ে যায় ফলে ছিদ্রপথে জল অ্যাসকাসের মধ্যে প্রবেশ করে। যেমন অ্যাসকাসের আয়তন বেড়ে যায় সাথে সাথে দেহগহ্বরে তরলের চাপ বেড়ে যায় এবং পলিপাইড (লোফোফোর + ইনট্রোভার্ট) বাইরে নিক্ষিপ্ত হয়।

লোফোফোর এবং ইনট্রোভার্টটি (পলিপাইড) এক প্রকার রৈখিক লোফোফোরাল রিট্রাকটাল পেশী (lophophoral retructal muscle) সংকোচনের সাহায্যে অরিফিসের মধ্য দিয়ে পুনরায় স্বস্থানে ফিরে যায়। এই স্বস্থানে ফিরে আসা বা রিট্রাকশান খুবই তাড়াতাড়ি সম্পন্ন হয় এবং 60 ms এরও কম সময় নেয়।

যখন লোফোফোরটি বাইরে নিষ্ক্রান্ত হয় তখনই কর্ষিকাগুলির পাশে যে সিলিয়া থাকে তারা সম্মিলিতভাবে স্পন্দিত হয়ে জলস্রোত তৈয়ারি করে। এই স্রোত নীচের দিকে ধাবিত হয়ে ফানেলে প্রবেশ করে এবং কর্ষিকাগুলির মধ্য দিয়ে বাইরে বার হয়ে যায়। এই জলস্রোতের মধ্য দিয়ে ছোট ছোট খাদ্যবস্তু যথা ফাইটোপ্লাঙ্কটন (Phytoplankton) জু-প্ল্যাঙ্কটন (zooplankton) ইত্যাদি ফানেলের মধ্যে প্রবেশ করে। সঙ্গে সঙ্গে কর্ষিকাগুলি দ্বারা আবদ্ধ হয় এবং কর্ষিকার পার্শ্বদেশে যে ক্ষুদ্র ক্ষুদ্র সিলিয়া আছে সেগুলি এই খাদ্যগুলিকে মুখগহ্বরে প্রবেশ করিয়ে দেয়। যে পদ্ধতিতে এই আণুবীক্ষনিক খাদ্য জীবগুলি জল থেকে ছেঁকে লওয়া হয় তা বিশদভাবে জানা সম্ভব হয় নি। তবে এ সম্বন্ধে দুটি মতবাদ (theory) আছে যথা— (1) সিলিয়ারী রিভার্সাল থিওরি (Ciliary reversal theory)—এই মতবাদ অনুসারে যখন ভাসমান খাদ্য কণাগুলি কর্ষিকার পার্শ্ববর্ত্তী সিলিয়া স্পর্শ করে, তখনই তারা একসাথে স্থানীয়ভাবে উল্টোদিকে আন্দোলিত হয় (local reversalbeat) যার ফলে খাদ্যবস্তুগুলি এই ধাক্কায় আপস্ট্রিমে বা উপরের দিকের স্রোতে ফিরে আসে এবং সামনের কর্ষিকাগুলি দ্বারা আবদ্ধ হয়ে মুখছিদ্রে প্রবেশ করে।

(2) ইমপিঞ্জমিন্ট থিওরি (Impingement Theory) ঃ অন্যদিকে দ্বিতীয় এই মতবাদ অনুসারে খাদ্যকণাগুলি যেমনই সামনের কর্ষিকাগুলিতে ধাক্কা খায় তৎক্ষণাৎ উহাদের জল স্রোত হইতে ছাঁকিয়া লওয়া হয়। ইহা একপ্রকার ফিল্টার ফিডিং (filter feading)। Bugula neritina নামক প্রজাতির ব্রায়োজোয়া তার কর্ষিকার অগ্রভাগগুলি খাদ্যবস্তুর চারিপাশে জড়িয়ে উহাকে খাঁচার মত আবদ্ধ করিয়া অবশেষে মুখছিদ্রে প্রবেশ করায়। আবার অনেক প্রজাতির ব্রায়োজোয়া তাদের লোফোফোর ও কর্ষিকাগুলি ইচ্ছামতো বাঁকিয়ে বা ঘুরিয়ে খাদ্যবস্তু গ্রহণ করে।

ফাইল্যাকটোলিমেটদের বেলায় খাদ্যবস্তুগুলি এপিস্টোমের নীচে এবং জিমনোলিমেটার বেলায় ইহারা প্রসারিত মুখছিদ্রের মধ্যে সঞ্চিত হয়। যখন এই খাদ্যবস্তুগুলি আকৃতিতে ছোট হয় বা গলাধঃকরণের

উপযোগী হয় তখন গলবিলের পেশীর প্রসারণের দ্বারা এবং খাদ্যনালীর পাম্প দ্বারা ইহারা পাকস্থলীতে নীত হয়। মুখছিদ্র বা ফানেল বন্ধ হইয়া গেলে খাদ্যকণা প্রবেশ করিতে পারে না।

মুখছিদ্র, গলবিল এবং খাদ্যনালীর মধ্যদিয়া খাদ্যকণাগুলি অবশেষে বৃহৎ পাকস্থলীতে প্রবেশ করে। ব্রায়োজোয়াদের খাদ্যনালী 'U' আকৃতি বিশিষ্ট হয়। পাকস্থলির সামনের নলাকৃতি ফাঁকা অংশকে কার্ডিয়া (Cardia) বলে যা একটি কপাটিকা দ্বারা খাদ্যনালী (Oesophagus) হইতে পৃথক করা থাকে। পাকস্থলির পশ্চাৎ অংশকে পাইলোরাস (pylorous) বলে যা একটি ভালভের মত খাঁজ দ্বারা ক্ষুদ্রান্ত্র ও মল থলি থেকে পৃথক করা যায়। পাকস্থলির মাঝামাঝি অংশ হইতে একটি বড় সিকাম বাহির হইয়া পশ্চাৎ অংশে প্রসারিত হয়। কিছু কিছু ব্রায়োজোয়া যথা—আমাথিয়া (Amathia) ও বাউয়ারব্যাংকিয়া (Bowerbankia) ইত্যাদিতে কার্ডিয়া পাকস্থলী রূপান্তরিত হইয়া গিজার্ড গঠন করে। ইহা খাদ্যবস্তুকে চূর্ণ করতে সাহায্য করে। ব্রায়োজোয়াদের বহিঃকোষীয় (extracellular) ও অন্তঃকোষীয় (intracellular) এই উভয় প্রকার পাচন দেখা যায়। কিন্তু সিকাম হ'ল প্রধান অন্তঃকোষীয় পাচন অঙ্গ। খাদ্যকণাগুলি খাদ্যনালীর পেরিস্টালটিক চলনের ফলে পাকস্থলীতে নীত হয়। পাইরোলামের আবর্তনের ফলে অপাচ্য খাদ্যবস্তুগুলি অন্ত্রে মধ্য দিয়ে মলথলি বা rectum এ নীত হয় এবং পিলেট গঠন করে ও অবশেষে পায়ুছিদ্র বা Anus দ্বারা বাহিরে নিক্ষিপ্ত হয়।

অনুশীলনী—1

সঠিক উক্তির ক্ষেত্রে প্রকোষ্ঠে টিক √ চিহ্ন দিন এবং ভুল উক্তির ক্ষেত্রে × ক্রশ চিহ্ন দিন ঃ

(a) ব্রায়োজোয়ার জুওয়েডগুলি কাইটিন নির্মিত এক প্রকার থলির মধ্যে অবস্থান করে। ☐

(b) ইহাদের ইনট্রোভার্টের গোড়ায় দেহপ্রাচীরের যে ভাঁজ বা খাঁজ থাকে তাকে লোফোফোর বলে। ☐

(c) লোফোফোরের মাঝখানে পায়ুছিদ্রটি অবস্থিত। ☐

(d) ব্রায়োজোয়াদের কোনো বিশেষ সংবেদনশীল অঙ্গ নেই। ☐

(e) ইহারা যে পদ্ধতিতে খাদ্যগ্রহণ করে তাকে ইমপিঞ্জমেন্ট ফিডিং বলে। ☐

(f) ইহাদের প্রধান অন্তঃকোষীয় পাচন অঙ্গ হ'ল পাইলোরাস। ☐

12.8 গ্যাসের আদান-প্রদান আভ্যন্তরিন পরিবহন এবং রেচন ঃ (Gas exchange, internal transport and excretion) ঃ

ব্রায়োজোয়ার দেহের উপরিতল ও লোফোফোরের মাধ্যমে গ্যাসের আদান-প্রদান ঘটে। এছাড়াও কোষগহ্বরস্থ তরলের মাধ্যমেও গ্যাসের খাদ্যবস্তুর ও অপাচ্যবস্তুর আভ্যন্তরিন পরিবহন ঘটে থাকে। ফাইল্যাকটোলিমেট নামক ব্রায়োজোয়াদের ক্ষেত্রে অপেক্ষাকৃত বড় জুওয়েডগুলির দেহগহ্বরে যে সিলিয়া বা রোম আছে তাদের দ্বারা দেহগহ্বরের তরলপদার্থ পরিবাহিত হয়। এই কোষগহ্বরস্থ তরল পদার্থে নানান ধরনের সিলোমোসাইট (Coelomocyte) আছে। তারা বর্জ্য পদার্থগুলি ক্ষণপদ দ্বারা ধরে নিয়ে শরীরের মধ্যে জমা করে রাখে।

স্টেনোলিমেট্রা তাদের কোষগহ্বরস্থ তরল পদার্থের মাধ্যমে রেচনপদার্থের পরিবহন সম্পন্ন করে। অন্যান্য প্রাণীদের মত ব্রায়োজোয়াদের রেচনঅঙ্গ নেফ্রিডিয়া নেই। দেখা যায় যে এদের দেহত্বকের মাধ্যমে ব্যাপন প্রক্রিয়ার সাহায্যে অ্যামোনিয়া শরীরের বাইরে বের হয়ে যায় এবং অন্যান্য বর্জ্য পদার্থ সঞ্চিত মৃত কোষ বা কলাগুলি একটি কালো বলের আকার ধারণ করে এবং এদের ব্রাউন বডি (Brown body) বলে। কিছু কিছু ব্রায়োজোয়াদের দেহগহ্বরে এই ব্রাউন বডি পাকাপাকিভাবে রয়ে যায় আবার অন্যদের বেলায় বর্জ্যপদার্থের সাথে এরা বাইরে বের হয়ে যায়। এইভাবে এদের রেচনকার্য্য সম্পন্ন হয়।

12.9 জনন ঃ

12.9.1 যৌন জনন ঃ ব্রায়োজোয়া এবং বেশির ভাগই সমুদ্রের জলে বসবাসকারী ব্রায়োজোয়ারা উভয়লিঙ্গ প্রাণী। ডিম্বাণু ও শুক্রাণু প্রায় একই সময়ে উৎপন্ন হয়। একটি উপনিবেশের (colony) মধ্যে স্ত্রী এবং পুরুষ উভয় ধরনের জুওয়েড দেখা যায়। ডিম্বাণু সাধারণতঃ ব্রায়োজোয়াদের সম্মুখের দিকে এবং শক্রাণু তাদের পশ্চাৎ অংশে উৎপন্ন হয়। পুং এবং স্ত্রী গ্যামেটগুলি সংখ্যায় যথাক্রমে এক অথবা দুই এবং একাধিক হয়ে থাকে। এরা ঢিবির মতো মেসোথেলিয়ামের আবরণী দ্বারা আবৃত অংশে উৎপন্ন হয়। ব্রায়োজোয়াদের কোন জনন নালী (genital duct) নেই, ডিম্বাণু ও শুক্রাণু দেহগহ্বরে বের হয়ে আসে। কিন্তু কিছু সামুদ্রিক ব্রায়োজোয়ার ডিম্বাণু সোজাসুজি সমুদ্রের জলে বের হয়ে আসে। তবে বেশির ভাগ ব্রায়োজোয়া তাদের দেহগহ্বরে এবং ইন্টোভার্টের মধ্যে ডিম্বাণু লালন পালন করে। বুগুলা নামে একধরনের ব্রায়োজোয়া তাদের ডিম্বাণুগুলি শরীরের এক বিশেষ ধরনের গর্তে লালন পালন করে একে ওভিসেল (ovicell) বলে। এদের ডিম্বাণুতে যথেষ্ট কুসুম (yolk) আছে যা থেকে ভ্রূণ তার খাদ্য সংগ্রহ করে বড় হতে থাকে। পরিপক্ক ডিম্বাণুগুলি দেহগহ্বরের মধ্যে দিয়ে একেবারে সামনের কর্ষিকাদ্বয়ের গোড়ায় এসে উপস্থিত হয় এবং সিলোমোপোর (coelomopore) নামক একধরনের বিশেষ ছিদ্র দ্বারা বাহিরে নির্গত হয় অথবা কর্ষিকাগুলির মাঝখানে অবস্থিত একটি প্রবর্দ্ধকের মাধ্যমে নির্গত হয়।

শুক্রাণুগুলিও অনুরূপভাবে লোফোফোরের অবস্থিত ছিদ্র দ্বারা বাইরে নির্গত হয় এবং সমুদ্রের জলে ছড়িয়ে পড়ে। এই শুক্রাণুগুলি অন্যান্য ব্রায়োজোয়ার খাদ্যস্রোতের মাধ্যমে কর্ষিকাগুলির মধ্যে আটকে যায় এবং কর্ষিকাগুলির মধ্যে অবস্থিত প্রবর্দ্ধকের মধ্যে প্রবেশ করে। পরিপক্ক ডিম্বাণু যখন সিলোমোপোর দিয়ে বাইরে বের হয়ে আসে তখনই শুক্রাণুদ্বারা তাদের নিষিক্তকরণ ঘটে। আবার যে সমস্ত শুকাণুগুলি কর্ষিকার মধ্যের প্রবর্দ্ধকে প্রবেশ করে সেখানেও ডিম্বাণুর নিষিক্তকরণ ঘটতে পারে। একই কলোনীভুক্ত ব্রায়োজোয়াদের মধ্যে স্ব-নিষেক ঘটে আবার বিভিন্ন কলোনীভুক্ত প্রাণীদের মধ্যে পরনিষেকও ঘটতে পারে।

সামুদ্রিক ব্রায়োজোয়াদের বাইরেডিয়াল (Biradial) পদ্ধতিতে ক্লিভেজ সম্পন্ন হয় এবং উদ্ভুত ভ্রূণ ব্রুড চেম্বার বা পরিপালন তলি হতে বাইরে বেরিয়ে আসে। স্টেনোলিমেনদের ক্ষেত্রে বহুভ্রূণ বা পলিএমব্রিয়নি (Polyembroyony) দেখা যায়। এদের ক্ষেত্রে প্রাথমিক ভ্রূণটি অযৌন পদ্ধতিতে বিভাজিত হয়ে একই রকম দেখতে গৌণ ভ্রূণ উৎপন্ন করে। ব্রায়োজোয়াদের লার্ভা দেখতে অনেকরকমের হয়। তবে সব লার্ভাদের চলনের জন্য সিলিয়িাযুক্ত বেষ্টনী (করোনা), সম্মুখভাগে লম্বা সিলিয়াগুচ্ছ এবং পশ্চাৎভাগের অভ্যন্তরে অ্যাডেসিভ স্যাক বা আঠালো থলি থাকে। যে সমস্ত জিমনোলিমেটদের লার্ভা পরিপালন থলির মধ্যে থাকে

না তাদের সাইফোনটেস লার্ভা বলে। এরা দেখতে ত্রিভুজাকৃতি দুপাশে চ্যাপ্টা এবং দুইটি কাইটিন নির্মিত শক্ত খোলা দ্বারা ঢাকা। খাদ্যগ্রহণকারী লার্ভারা প্রায় কয়েকমাস মুক্ত জীবন যাপন করে কিন্তু পরিপালন থলির মধ্যে যাদের লার্ভা বড় হয় তাদের লার্ভাজীবন খুব কম দিনের হয়।

তারপর লার্ভাদের শরীরের অভ্যন্তরে যে আঠালো থলি থাকে তা দেহের বাইরে নিক্ষিপ্ত হয়ে আঠার সাহায্যে কোনবস্তুর সঙ্গে আটকিয়ে যায়। ধীরে ধীরে লার্ভা বিভিন্ন কলাগত ও জৈবিক পরিবর্তনের মধ্য দিয়ে পূর্ণাঙ্গ প্রাণীতে পরিণত হয়। প্রথম জুওয়েডটিকে অ্যানসেসট্রুলা বলে। এই অ্যানসেসট্রুলা কোরকদ্গম পদ্ধতিতে অযৌন জনন সম্পন্ন করিয়া নতুন জুওয়েড উৎপন্ন করে কলোনীর পরিধি বৃদ্ধি করে।

12.9.2 অযৌন জনন ঃ যৌন জনন এবং কোরকদ্গম ছাড়াও ব্রায়োজোয়ারা স্পঞ্জদের ন্যায়, গেমুলস্ (Gemmules) তৈরী করে অযৌন পদ্ধতিতে জনন সম্পন্ন করে। স্বাদুজলে বসবাসকারী ব্রায়োজোয়ারা গ্রীষ্মকালে যখন পুকুর বা নদীর জল শুকিয়ে যায় তখন এক ধরনের শক্ত খোলকযুক্ত অঙ্গ তৈরী করে তাকে স্ট্যাটোব্লাস্ট (statoblast) বলে। ফুনিকুলাসের উপরে এক বা একাধিক স্ট্যাটোব্লাস্ট উৎপন্ন হয় এবং উহারা দেহগহ্বরের দিকে বর্দ্ধিত হয়ে মেসোথেলিয় কোষস্তুপ তৈয়ারি করে যাদের মধ্যে খাদ্য সঞ্চিত থাকে। এই কোষস্তুপের উপরে এবং নীচের দিকে ধীরে ধীরে দুইস্তর বিশিষ্ট কাইটিন নির্মিত শক্ত আবরণী তৈরী হয়। এদের দেখতে খানিকটা গোল চাকতির ন্যায়। অবশেষে গ্রীষ্মকালে এরা জলের তলদেশে পড়ে যায়। কিছু কিছু স্ট্যাটোব্লাস্টে বায়ুপূর্ণ স্থান থাকায় এরা জলে ভাসতে থাকে। এই অবস্থায় এরা দীর্ঘদিন বেঁচে থাকে এবং জীবজন্তু দ্বারা বা জলবাহিত হয়ে বিস্তার লাভ করে। অনুকূল পরিবেশে এদের খোলক দুটি ফাটিয়া গিয়া অঙ্কুরোদ্গম হয়। এই অঙ্কুর থেকে পরে নতুন জুওয়েড জন্মায়। উদাহরণ-প্লুমাটেলা রিপেন্স (Plumatella repens) বলে।

অনুশীলনী—2

শূন্যস্থানগুলি পূরণ করুন ঃ

(a) ব্রায়োজোয়ারা দেহের —— ও —— সাহায্যে গ্যাসের আদানপ্রদান ঘটে।

(b) ব্রায়োজোয়াদের যে দেহকোষে —— সঞ্চিত থাকে তাকে —— বলে।

(c) ইহারা —— দের মতো —— তৈয়ারী করিয়া অযৌন জনন সম্পন্ন করে।

(d) গ্রীষ্মকালে নদী বা পুকুরের জল শুকিয়ে গেলে ব্রায়োজোয়ারা ——নামক একধরনের —— যুক্ত অঙ্গ তৈয়ারী করে।

(e) ব্রায়োজোয়াদের ডিম্বাণুগুলি —— নামে এক ধরনের বিশেষ ছিদ্র পথে দেহের বাহিরে নির্গত হয়।

12.10 কলোনীর সংগঠন (Colony organisation)

ব্রায়োজোয়ার কলোনী বা জুয়েরিয়াম (Zoarium) এর আকৃতি নিম্নলিখিত কারণগুলির উপর নির্ভর করে।

(i) জুওয়েডের অযৌনজননের (Budding) ধরনের উপর।

(ii) কি ধরনের বহুরূপতা তার উপর।

(iii) কলোনীর বিভিন্ন ধরনের জুওয়েডের বিন্যাসের উপর এবং

(iv) কলোনীর কংকালের উপাদানের ও তার নিঃসরণের পরিমানের উপর তাছাড়াও যার উপর কলোনী জন্মায় তার স্কেলিটনের উপরও কলোনীর সংগঠন নির্ভরশীল।

জিমনোলিমেট নামক সামুদ্রিক ব্রায়োজোয়ারা খুবই সাধারণ এবং এদের নানান ধরনের কলোনী দেখা যায়। এরা বেশীর ভাগই সমুদ্রের উপকূলের নিকটবর্ত্তী পাথর, স্তম্ভ, শামুকের খোলক, শৈবাল ও অন্যান্য জন্তুর উপরে জন্মায়।

স্টোলনিফেরাস কলোনী ঃ এরা হাইড্রয়েড কলোনীর মত দেখতে। এদের জুয়েডগুলি খাড়াদন্ডযুক্ত বা ধাবকের (stolon) মতো লতানো এবং পরস্পরের সঙ্গে সংযুক্ত। এদের বহিঃকঙ্কাল সাধারণতঃ চূণজাতীয় পদার্থ ($CaCo_3$) দ্বারা গঠিত নয়। উদাহরণ—আমাথিয়া *(Amathia)*, জুবট্রিওন *(Zoobatryon)*।

ননস্টোলনিফেরাস কলোনী ঃ বেশির ভাগ সামুদ্রিক ব্রায়োজোয়াই ননস্টোলনিফেরাস। ইহারা এক বা একাধিক কাছাকাছি জুওয়েড সংযুক্ত হইয়া কলোনী গঠন করে। এদের বিন্যাসও ভিন্নধরনের যেমন এদের দেহের উপরিতল কোনবস্তুর সাথে আটকানো থাকে এবং নিম্নভাগ জলের মধ্যে উন্মুক্ত থাকে। এদের দেখতেও আবার বিভিন্ন ধরনের হয়ে থাকে। যেমন বুগুলা নেরিটিনা (Bugula neritina) নামক ব্রায়োজোয়ারা দেখতে ঝাড়ালো সামুদ্রিক আগাছার মতো।

এনক্রাসটিং কলোনী (encrusting colony) ঃ এই ধরনের কলোনী প্রচুর পরিমানে দেখা যায়। এরা দেখতে লাইকেনের মতো এবং এরা পাথরের এবং শামুক বা ঝিনুকের খোলার ওপরে আটকানো থাকে। এদের বহিঃকঙ্কাল শক্ত খোলাযুক্ত এবং জুওয়েডগুলি পরস্পরের সাথে সংযুক্ত। উদাহরণ—মেমব্রেনিপোরা (Membranipora), মাইক্রোপোরেলা (Microporella) ইত্যাদি।

ফলিএসিয়াস বা পত্রাবকার কলোনী (Foliacious colony) ঃ খাড়া ফলিএসিয়াস কলোনী সাধারণতঃ একটি বা দুইটি পাতার মতো অংশ পরস্পর পিছনদিকে আটকানো অবস্থায় থাকে। দেখতে খানিকটা লেটুস পাতার মতো। এদের কোনটা বেশ শক্ত থাকে আবার কোনোটা খুব পাতলা ভঙ্গুর হয়। কিছু কিছু কলোনী আবার গুচ্ছাকারে থাকে এবং এদের জুওয়েডগুলি অরিয়ভাবে সজ্জিত থাকে।

মিষ্টিজলে বসবাসকারি ব্রায়োজোয়াদের দুই ধরনের কলোনী দেখা যায়। লোফোপাস (Lophopus) ক্রিসটাটেল্লা (Cristatella) এবং পেক্টিনাটেল্লা (Pectinatella) ইত্যাদি ব্রায়োজোয়ার জুওয়েডগুলি নরম কলোনীর থলির একদিক থেকে আঙ্গুলের মতো বের হয়ে থাকে।

পালমাটেল্লা (Pulmatella), ফ্রেডেরিসেল্লা (Fredericella) ও স্টোটেল্লা (Stotella) ইত্যাদি ব্রায়োজোয়াদের গাছের মতো দেখতে কলোনী থাকে। এদের জুওয়েডগুলি গাছের শাখা প্রশাখার মতো আটকানো থাকে।

মিষ্টিজলে বসবাসকরি ব্রায়োজোয়াদের কলোনীগুলি জলে নিমজ্জিত কাঠ, পাথর বা অন্য কোন বস্তুর সাথে আটকিয়ে থাকে। যদিও ব্রায়োজোয়ার জুওয়েডগুলি আণুবীক্ষনিক তথাপি ইহাদের কলোনীগুলি লম্বায় কয়েক সেন্টিমিটার বা তারও বেশি হয়ে থাকে। কোন কোন কলোনী আবার 50 সেমি পর্যন্ত বিস্তৃত এবং এতে প্রায় দুই লক্ষ জুওয়েড থাকে।

12.11 কলোনীর সংযোগ (Colonial integration)

ব্রায়োজোয়ার কলোনীগুলি পরস্পর ছিদ্র (pores) মারফত যুক্ত থাকে। এই ছিদ্রগুলি উহাদের অনুদৈর্ঘ্য বা পার্শ্ব দেওয়ালের গাত্রে বা উভয় গাত্রে প্রচুর পরিমানে দেখা যায়। ফাইল্যাকটোলিমেটা এবং স্টেনোলিমেটাদের ক্ষেত্রে এই ছিদ্র দিয়ে কলোনীর বিভিন্ন জুবয়েডের মধ্যে তরল পদার্থ বাহিত হয়ে থাকে। প্রথমটির ক্ষেত্রে দেহগহ্বরে তরল (coelomic fluid) বাহিত হয় এবং দ্বিতীয় ক্ষেত্রে হিমোলিম্ফ বাহিত হয়। জিমনোলিমেটদের ক্ষেত্রে এই ছিদ্রগুলি একধরনের কোষীয় ঢাকনা খোলা ও বন্ধ করা যেতে পারে।

12.12 কলোনীর বহুরূপতা (Colonial Polymorphism)

জিমনোলিমেটা গোষ্ঠীভুক্ত প্রায় সমস্ত ব্রায়োজোয়াদের বহুরূপতা পরিলক্ষিত হয়। এই ধরনের কলোনীতে অটোজুওয়েড (Autozooid) নামক একধরনের খাদ্যগ্রহণকারী জুওয়েড দেখা যায়। বেশীর ভাগ কলোনীই এই প্রকার জুওয়েড দ্বারা গঠিত। এছাড়াও হেটোরো জুওয়েড (Heterozooid) নামক এক অন্যধরনের জুওয়েড আছে যারা কলোনীর অন্যান্য কাজ সম্পন্ন করে। এই হেটোরো জুওয়েড গুলি বিশেষভাবে পরিবর্তিত হয়ে স্টোলন, বা ধাবক মূলের মতো অংশ এবং কলোনীর অন্যান্য অংশ তৈরী করে।

এ ছাড়াও এভিকুলেরিয়া (*Avicularia*) এবং ভাইব্রাকুলা (*Vibracula*) নামক দুটি হেটোরো জুওয়েড ও কিলোস্টোমদের ক্ষেত্রে দেখা যায়। নিম্নে এই দু'ধরনের হেটোরো জুওয়েডের সম্বন্ধে আলোচনা করা হ'ল। এভিকুলেরিয়া (*Avicularia*) ঃ একটি এভিকলেরিয়াম সাধারণতঃ একধরনের অটোজুয়েডের থেকেও ছোট জুওয়েড এবং এর অন্তর্গঠনের কিছু পরিবর্তন লক্ষ করা যায়। এর অপারকুলাম বা ঢাকনি ও তার পেশীগুলি বিশেষভাবে উন্নত এবং পরিবর্তিত। এরা বৃন্তযুক্ত বা বৃন্তহীন হতে পারে। বুগুলারা *(Bugula)* বৃন্তযুক্ত এভিকুলেরিয়া দেখা যায়। এভিবুলেরিয়া দেখা যায়। এভিবুলেরিয়া সাধারণতঃ ব্রায়োজোয়ার কলোনীকে অন্যান্য জীবের আক্রমণ থেকে প্রতিরোধকারী অঙ্গ হিসেবে রক্ষা করে। বিশেষ করে এম্ফিপোড এবং পলিকিট্দের উপাঙ্গগুলি এরা এদের শক্ত চোয়াল দ্বারা কেটে ফেলতে সক্ষম হবে।

ভাইব্রাকুলা (Vibracula) ঃ ভাইব্রাকুলামের ঢাকনিটি পরিবর্তিত হয়ে একটি লম্বা রোমের আকার ধারণ করে একে সিটা বলে। এই সিটা যেকোনো দিকে ঘোরানো যেতে পারে। যে সমস্ত ব্রায়োজোয়া বালির মধ্যে গর্ত করে বাস করে (Discoporella sp) তাদের ক্ষেত্রে এই সিটা বর্জ্যপদার্থগুলি বাইরে নিক্ষিপ্ত করতে এবং বালির ওপর এই ধরনের ব্রায়োজোয়ার চলনে সাহায্য করে।

অনুশীলনী—3

উপযুক্ত শব্দ দ্বারা শূন্যস্থানগুলি পূরণ করুন ঃ

(a) ব্রায়োজোয়ার কলোনীকে —— বলে।

(b) বুগুলা নেরিটিনা নামক ব্রায়োজোয়াদের দেখতে —— এর মতো।

(c) মিষ্টি জলে বসবাসকারী ব্রায়োজোয়াদের —— ধরনের কলোনী দেখা যায়, যথা—— ও —।

(d) ব্রায়োজোয়ার কলোনীগুলি পরস্পর —— মারফত যুক্ত থাকে।

(e) জিমনোলিমেটা গোষ্ঠীভুক্ত ব্রায়োজোয়াদের —— পরিলক্ষিত হয়।

(f) খাদ্যগ্রহণকারী জুওয়েডদের —— বলে।

(g) কোন কোন ব্রায়োজোয়ার কলোনী —— পর্যন্ত বিস্তৃত হয় এবং এতে প্রায় —— জুওয়েড থাকে।

12.13 সারাংশ

এই এককটিতে আপনারা জেনেছেন যে ঃ

- ব্রায়োজোয়ারা অতি ক্ষুদ্র প্রাণী যারা সারা পৃথিবীতে সংখ্যায় প্রায় 5000 হাজার প্রজাতির।
- এরা কলোনী তৈরি করে সংঘবদ্ধভাবে সমুদ্রে ও মিষ্টিজলে বসবাস করে। কলোনীগুলি অসংখ্য জুওয়েড দ্বারা গঠিত বহুআকৃতিবিশিষ্ট এই জুওয়েডগুলি বৃন্তের সাহায্যে সমুদ্র বা নদীর জলে নিমজ্জিত বস্তুর উপর আটকিয়ে থাকে।
- প্রতিটি জুওয়েড আবার জুয়েসিয়াম নামক ক্যালসিয়াম কার্বনেট বা কাইটিন নির্মিত একপ্রকার আবরণী বা থলির দ্বারা আবৃত থাকে। খাদ্য গ্রহণের জন্য এদের কর্ষিকাযুক্ত একবিশেষ ধরনের অঙ্গ আছে যাকে লোফোফোর বলে।
- এদের খাদ্যগ্রহণ প্রক্রিয়া এবং পাচন পদ্ধতি বিশেষ ধরনের খাদ্যগ্রহণের সময় এদের মুখছিদ্র ও অরিফিসের মধ্য দিয়ে আবরণীসমেত লোফোফোরটি শরীরের বাইরে বের হয়ে আসে। কর্ষিকাগুলি প্রসারিত হয়ে অনেকটা ঘন্টা বা ফানেলের আকার ধারণ করে। লোফোফোরটির বাইরে বের হয়ে আসা কিছু পেশী এবং দেহ গহ্বরে তরল পদার্থ দ্বারা নিয়ন্ত্রিত হয়। কর্ষিকাতে অবস্থিত সিলিয়াগুলি সম্মিলিতভাবে আন্দোলিত হয়ে জলস্রোত সৃষ্টি করে। এই জলস্রোতের মধ্য দিয়া ছোট ছোট ফাইটোপ্লাঙ্কটন ইত্যাদি ফানেলের মধ্যে প্রবেশ করে এবং কর্ষিকার পার্শ্বদেশ অবস্থিত সিলিয়াদ্বারা আবদ্ধ হয়ে মুখগহ্বরে প্রবেশ করে। এই ধরনের খাদ্যগ্রহণ প্রণালীকে ইম্‌পিঞ্জমেন্ট ফিডিং বলে। এদের খাদ্যনালী 'U' আকৃতিবিশিষ্ট হয়। ব্রায়োজোয়াদের বহিঃকোষীয় এবং অন্তঃকোষীয় এই উভয় প্রকারের পাচন দেখা যায়।
- ব্রায়োজোয়াদের দেহের উপরিতল এবং লোফোফোরের মাধ্যমে গ্যাসের আদান প্রদান ঘটে। অন্যান্য প্রাণীদের মত এদের নেফ্রিডিয়া নেই। এরা কোষগহ্বরস্থ তরল পদার্থে অবস্থিত সিলোমোসাইট দ্বারা এবং দেহত্বকের মাধ্যমে ব্যাপন প্রক্রিয়ার দ্বারা দেহস্থ বর্জ্যপদার্থ বাইরে বের করে দেয়।
- বেশীর ভাগ ব্রায়োজোয়া উভয়লিঙ্গ প্রাণী। এরা অযৌন ও যৌন উভয় পদ্ধতিতে জনন সম্পন্ন করে। শুক্রাণু ও ডিম্বাণুর মিলনে যৌন জনন সম্পন্ন হয়। কোরকোদ্‌গম বা বাডিং এবং গেমুল্‌স তৈরী করে এরা অযৌন জনন ঘটায়।
- ব্রায়োজোয়াদের চার ধরনের কলোনী। এদের বহুরূপতা বিশেষভাবে উল্লেখযোগ্য। বিশেষ করে জিমনোলিমেটদের ক্ষেত্রে অটোজুওয়েড এবং হেটারোজুওয়েড নামক দু'ধরনের বিশেষ কার্য্য

সম্পন্নকারী জুওয়েড দেখা যায়। এছাড়াও এভিকুলেরিয়া ও ভাইব্রাকুলা নামক দুটি বিশেষ ধরনের হেটোরো জুওয়েড পরিবির্তত হয়ে কালোনীর বিশেষ কার্য্য সম্পন্ন করে।

12.14 সর্বশেষ প্রশ্নাবলী

1. ব্রায়োজোয়া পর্বের সাধারণ বৈশিষ্ট্যগুলি কি কি?
2. ছকের সাহায্যে ব্রায়োজোয়ার শ্রেণিবিভাগ করুন এবং উদাহরণ দিন (একটি করে)।
3. নিম্নলিখিত প্রশ্নগুলির পাঁচ/ছয় ছত্রে উত্তর লিখুন।
   (a) একটি জুওয়েডের আকৃতি ও গঠন বর্ণনা করুন।
   (b) ব্রায়োজোয়াদের খাদ্যগ্রহণ পদ্ধতি বর্ণনা করুন।
   (c) ব্রায়োজোয়াদের জনন পদ্ধতি বর্ণনা করুন।
   (d) ব্রায়োজোয়াদের কলোনীর সংগঠন সম্বন্ধে যা জানেন বর্ণনা করুন।
4. নিম্নলিখিত প্রশ্নগুলির এক কথায় বা দুই এক লাইনে উত্তর দিন।
   (a) ব্রায়োজোয়ার কলোনীর একককে কি বলে?
   (b) জুয়েসিয়াম কি? ও কোথায় অবস্থিত?
   (c) লোফোফোর কি?
   (d) এট্রিয়াম কি ও কোথায় অবস্থিত?
   (e) একটোপ্রোকটা (Ecotoprocta) কথাটির অর্থ কি?
   (f) অ্যাসকাস (Ascus) কি ও কোথায় অবস্থিত?
   (g) ব্রায়োজোয়া যে পদ্ধতিতে খাদ্যগ্রহণ করে তাকে কি বলে?
   (h) ইহাদের খাদ্যবস্তু কি কি?
   (i) ব্রায়োজোয়াদের পাকস্থলি কি রকমের?
   (j) ব্রাউন বডি কি? ইহার কাজ কি?

5. সঠিক উত্তরটি বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করুন ঃ

(a) খাদ্যগ্রহণের সময় ব্রায়োজোয়ার যে অংশটি শরীরের বাইরে বের হয়ে আসে তা হ'ল —— (লোফোফোর, অ্যাসকাস, সিলোম, কর্ষিকা)

(b) ব্রায়োজোয়া জনন সম্পন্ন করে —— পদ্ধতিতে (কেবল যৌনজনন পদ্ধতি, যৌন ও অযৌন পদ্ধতিতে, কেবল অযৌন জনন পদ্ধতিতে)

(c) বুগুলা নামে একধরনের ব্রায়োজোয়া তাদের ডিম্বাণুগুলিকে দেহের এক বিশেষ গর্তে রাখে তাকে —— বলে। (সিলোমোপোর, ওভিসেল, ইনট্রোভার্ট, অ্যাসকাস)

(d) ব্রায়োজোয়াদের খাদ্যনালী দেখতে —— এর মতো (T এর মতো, U এর মতো, S এর মতো, Z এর মতো)

(e) সামুদ্রিক ব্রায়োজোয়াদের —— পদ্ধতিতে ক্লিভেজ সম্পন্ন হয়। (রেডিয়াল, বাইরেডিয়াল, মেরোব্লাসটিক, হলোব্লাসটিক)

12.15 উত্তরমালা

অনুশীলনী—1

(a) ☑ (b) ☒ (c) ☒ (d) ☑ (e) ☑ (f) ☒

অনুশীলনী—2

(a) উপরিতলের ও লোফোফোরের (b) ইউরিক অ্যাসিড, ব্রাউনবডি (c) স্পঞ্জ, গ্যামুল
(d) স্ট্যাটোব্লাস্ট, শক্তখোলক (e) সিলোমোপোর

অনুশীলনী—3

(a) জুয়েসিয়াম (b) সামুদ্রিক আগাছার (c) দুই থলির ন্যায় ও গাছের ন্যায় (d) ছিদ্র (e) বহুরূপতা
(f) অটোজুওয়েড (g) 50 সেমি, দুই লক্ষ।

সর্বশেষ প্রশ্নাবলী

1. এই প্রশ্নটির উত্তরের জন্য আপনি এই এককটির 12.3 দেখুন।
2. এই প্রশ্নটির উত্তরের জন্য আপনি এই এককটির 12.4 পয়েন্ট শ্রেণিবিভাগের ছকটি দেখুন।
3. (a) এই প্রশ্নটির উত্তর আপনি এই এককের 12.5 পয়েন্ট পেয়ে যাবেন।
   (b) খাদ্যগ্রহণের সময় ব্রায়োজোয়ার মুখছিদ্র ও অরিফিসের মধ্য দিয়ে কর্ষিকার আবরণী সমেত লোফোফোরটি বাইরে বেরিয়ে আসে। তারপর কর্ষিকাগুলি প্রসারিত হয়ে ধনুকের মতো বেঁকে ঘন্টা বা ফানেলের মত দেখতে হয়। কর্ষিকাগুলির পার্শ্বদেশে যে রোম বা সিলিয়া থাকে তারা সম্মিলিত ভাবে আন্দোলিত হয়ে জলস্রোত তৈয়ারী করে এবং জলস্রোতের মধ্য দিয়ে ছোট ছোট ফাইটোপ্ল্যাঙ্কটন জুওপ্লাঙ্কটন ইত্যাদি ফানেলের মধ্যে প্রবেশ করে। সঙ্গে সঙ্গে এই খাদ্যবস্তুগুলি কর্ষিকাদ্বারা আবদ্ধ হয়ে মুখগহ্বরে প্রবেশ করে। এই ধরনের খাদ্যগ্রহণ পদ্ধতিকে ইমপিঞ্জমেন্ট ফিডিং বলে।
   (c) এই প্রশ্নটির উত্তরের জন্য আপনি এই এককের 12.9 দেখুন।

(d) জিমনোলিমেট নামক সামুদ্রিক ব্রায়োজোয়াদের চার প্রকারের কলোনী দেখা যায় যথা—

(1) **স্টোলনীফেরাস কলোনী**—এরা হাইড্রার কলোনীর মতো দেখতে। জুওয়েডগুলি খাড়া বা লতানো ধাবকের মতো এবং পরস্পরের সাথে যুক্ত এদের বহিঃকংকাল চূণজাতীয় পদার্থ দ্বারা গঠিত নয়। উদাহরণ—**আমাথিয়া** ও **জুবট্রিওন**।

(2) **নন্‌স্টোলনীফেরাস কলোনী**—এক বা একাধিক জুওয়েড সংযুক্ত হয়ে এই ধরনের কলোনী গঠিত হয়। এদের দেখতে খানিকটা ঝাড়ালো সামুদ্রিক আগাছার মতো। উদাহরণ—**বুগুলা নেরিটিনা** (3) **এনক্রাসটিং কলোনী**—এরা দেখতে লাইকেনের মতো। উদাহরণ—**মেমব্রেনিপোরা, মাইক্রোপেরেলা** ইত্যাদি। (4) **ফলিএসিয়াস কলোনী**—এরা দেখতে লেটুস পাতার মতো। দুইটি পাতার মতো অংশ পিছনদিকে পরস্পর আটকানো থাকে। জুওয়েডগুলি অরিয়ভাবে সজ্জিত থাকে। উদাহরণ—এছাড়াও মিষ্টি জলে বসবাসকারী ব্রায়োজোয়াদের থলির মতো ও গাছের মতো দেখতে দুই ধরনের কলোনী দেখা যায়। উদাহরণ—**লোফোপাস** ও **পালমটেল্লা।**

4. (a) জুয়েরিয়াম (Zoarium)

(b) জুয়েসিয়াম একপ্রকার কাইটিন বা চূণজাতীয় পদার্থ দ্বারা নির্মিত থলি। ব্রায়োজোয়ার প্রতিটি জুওয়েডের দেহের বাইরে এটি অবস্থিত।

(c) লোফোফোর ব্রায়োজোয়াদের খাদ্যগ্রহণকারী একটি বিশেষ অঙ্গ।

(d) ব্রায়োজোয়াদের শরীরে যে ফাঁকা জায়গাটিতে সংকুচিত কলার ও ইন্ট্রোভার্টটি ঢুকে থাকে তাকে এট্রিয়াম বলে।

(e) একটোপ্রোক্টা কথাটির অর্থ হল 'outside anus' অর্থাৎ পায়ুছিদ্র যাদের দেহের বাইরে অবস্থিত।

(f) ব্রায়োজোয়াদের দেহের অভ্যন্তরে চাপনিয়ন্ত্রণকারী একটি পর্দা যে থলির মধ্যে অবস্থান করে তাকে অ্যাসকাস বলে। এটি মেমব্রেনিপোরা নামক ব্রায়োজোয়ার দেহের ভেতরে দেখা যায়।

(g) ব্রায়োজোয়ার খাদ্যগ্রহণ পদ্ধতিতে ইমপিঞ্জমেন্ট ফিডিং (impingement feeding) বলে।

(h) এরা ছোট ছোট ফাইটোপ্ল্যাঙ্কটন, জুওপ্ল্যাঙ্কটন ইত্যাদি খাদ্য হিসাবে গ্রহণ করে।

(i) এদের পাকস্থলী দুইটি প্রকোষ্ঠে বিভক্ত। সম্মুখের প্রকোষ্ঠকে কার্ডিয়া ও পশ্চাৎ প্রকোষ্ঠকে পাইলোরাস বলে।

(j) ব্রায়োজোয়া তাদের শরীরের বর্জ্যপদার্থ যথা ইউরিক অ্যাসিড শরীরের কতকগুলি মাতৃকোষের মধ্যে সঞ্চিত রাখে। পরে এগুলি কালো বলের আকার ধারণ করে। এদের ব্রাউন বডি বলে। ইহাদের কাজ হ'ল রেচন।

5. (a) লোফোফোর (b) যৌন ও অযৌন জনন পদ্ধতিতে

(c) ওভিসেল বলে (d) 'U' এর মতো (e) বাইরেডিয়াল



চিত্র নং 12.1 ঃ পালমাটেলা নামক ব্রায়োজোয়ার অন্তর্গঠন



চিত্র নং 12.2 ঃ লোকোপাস নামক ব্রায়োজোয়ার একটি ছোট কলোনী



চিত্র নং 12.3 ঃ কলোনীর বহুরূপতাঃ (a) বুণ্ডলার ননস্টোলনিকেরাস কলোনী; (b) পত্রাবকার কলোনী, (c) ক্রিসায়ার কলোনী, (d) স্টোমাটোফোরার কলোনী।



চিত্র নং 12.4 ঃ ব্রায়োজোয়ার ফিল্টার ফিডিং



চিত্র নং 12.5 ঃ ব্রায়োজোয়ার লার্ভা।

একক 13 ❑ একাইনোডার্মস

গঠন

13.1 প্রস্তাবনা

13.2 উদ্দেশ্য

13.3 একাইনোডার্মাটা পর্বের সাধারণ বৈশিষ্ট্য

13.4 শ্রেণিবিভাজন ঃ পর্ব একাইনোডার্মাটা

13.5 অ্যাসটেরিয়াস

- **13.5.1** বহিরাকৃতির বৈশিষ্ট্য
- **13.5.2** দেহপ্রাচীর
- **13.5.3** অন্তঃকঙ্কাল
- **13.5.4** বাহুর প্রস্থচ্ছেদ
- **13.5.5** সিলোম
- **13.5.6** পৌষ্টিকতন্ত্র
- **13.5.7** পাচনতন্ত্রের ক্রিয়া
- **13.5.8** জলসংবহন তন্ত্র
- **13.5.9** জলসংবহন তন্ত্রের কার্য্য
- **13.5.10** সংবহনতন্ত্র
- **13.5.11** স্নায়ুতন্ত্র
- **13.5.12** জ্ঞানেন্দ্রিয়
- **13.5.13** জননতন্ত্র

13.6 একাইনাস (সি আরচিন)

- **13.6.1** বহিরাকৃতি
- **13.6.2** কঙ্কালতন্ত্র
- **13.6.3** দেহপ্রাচীর
- **13.6.4** চলন
- **13.6.5** জলসংবহনতন্ত্র
- **13.6.6** পুষ্টি

13.6.7 আভ্যন্তরিন পরিবহন, গ্যাসের আদান প্রদান ও রেচন

13.6.8 স্নায়ুতন্ত্র

13.6.9 জনন

13.6.10 পরিস্ফুরন

13.7 সারাংশ

13.8 সর্বশেষ প্রশ্নাবলী

13.9 উত্তরমালা

13.1 প্রস্তাবনা

আপনারা পূর্ববর্তী এককে ব্রায়োজোয়া নামক অতিক্ষুদ্র প্রাণীদের সম্বন্ধে পরিচিত হয়েছেন। বর্তমান এককে যে প্রাণীদের সঙ্গে পরিচিত হ'বেন তারা সকলেই সামুদ্রিক। এদের দেহত্বক কণ্টকময় তাই এদের 'কন্টকত্বক' প্রাণী বা একাইনোডার্মাটা বলে। গ্রীক শব্দ Echinos কথাটির অর্থ হল spine বা কণ্টক এবং dermatos কথার অর্থ হল ত্বক বা চর্ম। এই শব্দ দুইটির সন্ধি করলে অর্থ দাঁড়ায় কণ্টকত্বক। বর্তমানে এই পর্বের অন্তর্গত প্রায় 5500 জীবিত প্রজাতি আছে।

13.2 উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি

- একাইনোডার্মাটা বা 'কণ্টকত্বক' পর্বের সাধারণ বৈশিষ্ট্য নির্দেশ করতে পারবেন এবং তার শ্রেণিবিভাগ (উদাহরণসহ) উপস্থাপন করতে পারবেন।
- অ্যাসটেরিয়াস এবং সি-আরচিনের বহিরাকৃতি তাদের অন্তঃকঙ্কালের গঠন, তাদের পৌষ্টিকতন্ত্র ও পাচন, জলসংবহন তন্ত্র ; তাদের শ্বসন, পুষ্টি ও রেচন সম্বন্ধে বিশদভাবে আলোচনা করতে পারবেন।
- উপরোক্ত প্রাণী দুটির স্নায়ুতন্ত্র, জ্ঞানেন্দ্রিয়, জনন এবং জীবনচক্র সম্বন্ধেও বুঝিয়ে দিতে পারবেন।

13.3 একাইনোডার্মাটা পর্বের সাধারণ বৈশিষ্ট্য

1. সমস্ত একাইনোডার্মাটা পর্বের প্রাণীদের দেহ অরীয়ভাবে প্রতিসম।
2. দেহ পাঁচটি অংশে বিভক্ত, ত্রিস্তরযুক্ত এবং প্রায় সকল অঙ্গে সিলিয়া বর্তমান।
3. মেসোডার্ম থেকে উৎপন্ন পৃথক পৃথক চূণনির্মিত অস্কিল দ্বারা দেহ কাঠামো তৈরি, এই অসিক্লের উপরে বহিস্ত্বক আবরণী থাকে।
4. বহিস্ত্বক কণ্টকযুক্ত।
5. জনসংবহন তন্ত্র ও নালিকাপদ অতি উন্নত।
6. সংবহনতন্ত্র অরীয়ভাবে বাহুপর্যন্ত বিস্তৃত।

7. নালিকাপদ চলন, শ্বসন ও খাদ্য গ্রহণে অংশগ্রহণ করে।
8. ক্ষুদ্র ক্ষুদ্র ফুলকা বা প্যাপুলি শ্বসনে সাহায্য করে।
9. এদের লিঙ্গ দ্বিরূপতা আছে।
10. জীবনচক্রে লার্ভা দশা ও রূপান্তর উল্লেখযোগ্য।
11. লার্ভা বহু প্রকারের, স্বচ্ছ ও সিলিয়াযুক্ত।

13.4 শ্রেণি বিভাজন ঃ পর্ব—একাইনোর্ডামাটা

বিজ্ঞানী লিউকার্ট (Leuckart) 1947 খ্রিস্টাব্দে সর্বপ্রথম একাইনোডার্মাটার শ্রেণিবিন্যাস করেন। তাঁর শ্রেণিবিন্যাস পর্বটি দুইটি উপপর্বে বিভক্ত ছিল। অধুনা এই শ্রেণি বিভাজন অনুসৃত হয় না। বর্তমান শ্রেণিবিভাজনে T. J. Parker এবং W. A Haswell লিখিত ও A. J. Marshall এবং W. D. Williams সম্পাদিত (৭ম সংস্করণে) 1974 সালে প্রকাশিত পুস্তকে বর্ণিত শ্রেণি বিভাজন পদ্ধতি অনুসৃত হয়েছে।



পর্ব-একাইনোডার্মাটা চারটি উপপর্ব (Subphylum) ও তাদের অন্তর্ভুক্ত বিভিন্ন শ্রেণি, উপশ্রেণি ও বর্গ ইত্যাদি নিয়ে গঠিত।

উপপর্ব (a) একাইনোজোয়া (Echinozoa) ঃ

চারিত্রিক বৈশিষ্ট্য ঃ

(1) এরা দেখতে গোলাকৃতি, কোন বাহু গঠিত হয় না।
(2) মুখ ও পায়ু দেহের বিপরীত দিকে অবস্থিত।
(3) হাইড্রোসিল রিং-এর আকারে মুখছিদ্রকে বেস্টন করে থাকে।
(4) জল সংবহনতন্ত্র উন্নতমানের এবং মধ্যোন্নতিতে (meridional) অবস্থিত।
(5) অন্তঃকঙ্কাল অসংখ্য প্লেট বা অসিক্‌ল্‌ (ossicle) নিয়ে গঠিত।

(6) বহিঃত্বকে কণ্টক বর্তমান যা নালিকাপদের চলন বা গমনে সাহায্য করে।

উপপর্ব-একাইনোজোয়া আবার পাঁচটি শ্রেণিতে বিভক্ত ঃ

শ্রেণি (I) হেলিকোপ্লাকয়ডিয়া (Helicoplacoidea) ঃ

(i) মুক্তজীবী, মূলাকৃতি।
(ii) দেহকঙ্কাল প্রশস্ত খোলক বা টেস্ট (test) তৈরী করে।
(iii) কঙ্কাল ঘড়ির কাঁটার বিপরীত মুখে প্যাঁচানো বিনুনির ন্যায়।
(iv) মুখ ও পায়ুছিদ্র বিপরীত দিকে অবস্থিত।
(v) এদের নিম্ন ক্যাম্ব্রিয়ান যুগে পাওয়া যেত।
উদাহরণ—হেলিকোপ্লাকাস *(Helicoplacus)*

শ্রেণি (II) হলোথিউরয়ডিয়া (Holothuroidea) ঃ

(i) দেহ দীর্ঘাকার, দ্বিপার্শ্ব প্রতিসম।
(ii) মুখ ও পায়ুছিদ্র বিপরীত দিকে অবস্থিত।
(iii) অন্তঃকঙ্কাল আণুবীক্ষনিক স্পিকিউল দ্বারা গঠিত।
(iv) মুখছিদ্র কর্ষিকা দ্বারা পরিবেষ্টিত।
(v) কর্ষিকা জল সংবহনতন্ত্রের সাথে সংযুক্ত।
(vi) নালিকা পদে চোষক বর্তমান।
(vii) ক্লোয়াকাতে শ্বসন-বৃক্ষ থাকে।

শ্রেণি-হলেথিউরয়ডিয়া তিনটি উপশ্রেণিতে বিভক্ত ঃ

উপশ্রেণি ঃ (a) ডেনড্রোকাইরোটাসিয়া (Dendrochirotacea) ঃ

(1) গলবিলের রিট্রাক্টার পেশী দেহের অগ্রভাগে চূণনির্মিত রিং এর সহিত যুক্ত এবং ইনট্রোভার্ট (introvert), হিসেবে মুখছিদ্রের মধ্যে নীত হয়।
উদাহরণ—প্লাকোথিউরিয়া (Placothuria), কুকুমেরিয়া (Cucumaria)

উপশ্রেণি ঃ (b) অ্যাসপিডোকাইরোটাসিয়া (Aspidochirotacea) ঃ

(i) 10 থেকে 30টি কর্ষিকা থাকে।
(ii) টেস্ট বা খোলক নিষ্ক্রিয়।
(iii) স্পিকিউল্‌স ডারমিসে বিক্ষিপ্ত।
(iv) নালিকাপদ অক্ষীয় দেশে অবস্থিত।
(v) পৃষ্ঠীয় নালিকাগুলি সংবেদনশীল অঙ্গে রূপান্তরিত হয়।
(vi) গলবিলে রিট্রাক্টর পেশী থাকে না।
উদাহরণ—স্টাইকোপাস *(Stychopus)*, এলপিডিয়া *(Elpidia)*

উপশ্রেণি ঃ (c) আপোডেসিয়া *(Apodecea)* ঃ

(i) কর্ষিকা সরল, অঙ্গুলীর ন্যায়।
(ii) নালিকাপদ লুপ্তপ্রায় বা অনুপস্থিত।

(iii) গলবিলীয় রিট্রাক্টর পেশী থাকে না।
(iv) টেস্ট নিষ্ক্রিয়।
(v) শ্বসনবৃক্ষ থাকে না।
উদাহরণ—লেপ্টোসাইন্যাপটা *(Leprioasteroidea)* ঃ

শ্রেণি (III) এড্রিওস্টেরয়ডিয়া (Edrioasteroidea) ঃ

(i) মুক্তিজীবী বা সংলগ্ন।
(ii) মুখ ও পায়ুছিদ্র টেস্টের উপরিভাগে অবস্থিত।
(iii) মুখ থেকে পাঁচটি ব্যাসার্ধে পাঁচটি আম্বুল্যাক্রাল প্রবর্ধিত।
(iv) জনন-নালি ও নালিকাপদ বহির্ভাগে অবস্থিত।
(v) এদের ক্যাম্ব্রিয়ান যুগে পাওয়া যেত। অধুনাবিলুপ্ত।
উদাহরণ—এড্রিওস্টার *(Edrioster)*

শ্রেণি (IV) একাইনয়ডিয়া (Echinoidea) ঃ

(i) দেহ গোলাকার, হৃদয়াকার বা চ্যাপ্টা থালার ন্যায়।
(ii) আন্তরযন্ত্র গোলাকার টেস্টে আবৃত।
(iii) টেস্টে সঞ্চনশীল কন্টক থাকে।
(iv) চোষকযুক্ত নালিকাপদ চলনঅঙ্গ।
(v) পায়ু পেরিপ্রক্ট নামক পর্দাদ্বারা আবৃত।

উপশ্রেণি ঃ (a) পেরিস্কোএকাইনয়ডিয়া (Perischoechinoidea) ঃ

(i) টেস্ট বা খোলক নমনীয়, প্লেটগুলি সারিবদ্ধভাবে অ্যাম্বুল্যাক্রামে এবং অন্তর অ্যাম্বুল্যাক্রামে বিন্যস্ত।
(ii) অ্যাম্বুল্যাক্রামে 2-20 সারি এবং অন্তর অ্যাম্বুল্যাক্রামে 1-4 সারি প্লেট থাকে।
(iii) বর্তমানে বিলুপ্ত, প্যালিওজয়িক যুগে পাওয়া যেত।
(iv) উদাহরণ—ইয়োথিউরিয়া (Eothuria)

উপশ্রেণি ঃ (b) ইউএকাইনয়ডিয়া (Euechinoidea) ঃ

(i) টেস্ট বা খোলক দুই সারিযুক্ত অ্যাম্বুল্যাক্রাল ও অন্তর অ্যাম্বুল্যাক্রাল প্লেট দ্বারা বিন্যস্ত।
(ii) পায়ু পশ্চাৎদিকে সরে যাওয়ায় দ্বিপার্শ্ব প্রতিসম পরিলক্ষিত হয়।
(iii) চোয়াল ***অ্যারিস্টটোল লণ্ঠন*** নামে পরিচিত।
উদাহরণ — একাইনাস *(Echinus)* , একাইনোকার্ডিয়াম *(Echinocardium)*

শ্রেণি (V) ওফিওসিস্টয়ডিয়া (Ophiocistoidea) ঃ

(i) মুক্তজীবী বিলুপ্ত প্রাণী, অর্ডোভিসিয়ান থেকে ডেভোনিয়ান যুগে এদের অস্তিত্ব ছিল।
(ii) প্রতিটি অ্যাম্বুল্যাক্রম থেকে আটজোড়া নালিকাপদ বাইরে উদ্‌গত হত।
উদাহরণ—ভলকোভিয়া *(Volchovia)*

উপপর্ব ঃ (b) হোমালোজোয়া (Homalozoa) ঃ

(i) এই উপপর্বের অন্তর্গত সকল প্রাণীই বিলুপ্ত।

(ii) এদের দেহ অঙ্কীয় পৃষ্ঠীয় ভাবে চ্যাপ্টা, অরীয় প্রতিসম ছিল না।

(iii) ক্যামব্রিয়ান থেকে ডেভোনিয়ান যুগে এদের দেখা যেত।

উদাহরণ—এনোপ্লাউরা (Enoploura)

উপপর্ব ঃ (c) ক্রিনোজোয়া (Crinozoa) ঃ

(i) এই উপপর্বের বেশিরভাগ প্রাণীই বিলুপ্ত, কিছু জীবিত।

(ii) কোন বৃন্ত থাকে না, মুক্ত সঞ্চরণশীল।

(iii) দেহের পেয়ালার ন্যায় অংশকে ক্যালিক্স বলে।

(iv) মেড্রিপোরাইট, কন্টক এবং পেডিসিলেরি থাকে।

(v) অ্যাম্বুল্যাক্রা ক্যালিক্সে অবস্থিত।

(vi) উন্নত ক্রিনোজোয়াতে অ্যাম্বুল্যাক্রা সাইকেলের চাকার মত অরীয়ভাবে বিস্তৃত।

শ্রেণি—ক্রিনয়ডিয়া (Crinoidea) ঃ

(i) বিলুপ্ত ও জীবিত, কোন বৃন্ত থাকে না।

(ii) মুক্ত সন্তরণশীল, ওরাল আবরণকে টেনামেন বলে।

(iii) দেহ পঞ্চশাখাযুক্ত।

(iv) মেড্রিপোরাইট, কন্টক এবং পেডিসিলেরি থাকে।

(v) অ্যাম্বুল্যাক্রামে খাঁজটি উন্মুক্ত।

(vi) লার্ভা ডলিওলেলিয়াম।

শ্রেণি—ক্রিনয়ডিয়া আবার চারটি উপশ্রেণিতে বিভক্ত ঃ

উপশ্রেণি ঃ (a) ইনাডুনাটা (Inadunata) ঃ

(i) সকলেই অবলুপ্ত, ক্যাম্বিয়ান থেকে পার্মিয়ান যুগে পাওয়া যেত।

(ii) বাহুর সংখ্যা 3, 5 অথবা অনেক, বাহুগুলি মুক্ত।

(iii) মুখ এবং অ্যাম্বুল্যাক্রাম ক্ষুদ্র ক্ষুদ্র প্লেট দ্বারা আবৃত ছিল।

উদাহরণ—ডেনড্রোক্রিনাস *(Dendrocrinus)* ঃ

উপশ্রেণি ঃ (d) ক্যামেরাটা (Camerata)

(i) সকলেই অবলুপ্ত, ওর্ডোভিসিয়ান থেকে পার্মিয়ান যুগে এদের অস্তিত্ব ছিল।

(ii) ক্যালিক্স বাক্সের মত থিকা দ্বারা আবৃত ছিল।

(iii) বেহুশাখা যুক্ত বাহুতে পিনিউল ছিল।

উদাহরণ ঃ ডিপ্লোক্রিনাস (Diploerinus)

উপশ্রেণি ঃ (c) ফ্লেক্সিবিলিয়া (Flexibilia)

(i) সকলেই বর্তমানে অবলুপ্ত, উন্মুক্ত অ্যাম্বুল্যাক্রাল খাঁজ ও মেড্রিপোরাইট ছিল।

(ii) একটি ক্ষুদ্র সাইফনের উপর পায়ু অবস্থিত।

(iii) বাহুতে পিনিউল থাকে না।
উদাহরণ ঃ এড্রিওক্রিনাস (Edriocrinus)

উপশ্রেণি ঃ (d) আর্টিকুলাটা (Articulata) ঃ

(i) সকলেই জীবিত।
(ii) শাখাযুক্ত বাহুতে গিনিউল থাকে।
(iii) পালকের ন্যায় শাখাপ্রশাখাযুক্ত বাহু।

উদাহরণ—অ্যান্টেডন (Antedon), মেটাক্রিনাস (Metacrinus)

উপপর্ব ঃ (d) অ্যাস্টেরোজোয়া (Asterozoa) ঃ

(i) এরা অরীয়ভাবে প্রতিসম।
(ii) দেহ তারকাকৃতি এবং মুক্তজীবী।
(iii) জলসংবহনতন্ত্র আনুভূমিক তলে অবস্থিত।
(iv) পঞ্চবাহু, সিলোম বাহুতে প্রবর্ধিত।
(v) অন্ত্র থেকে বাহুতে সিকা প্রবর্ধিত।

শ্রেণি—স্টেলেরয়ডিয়া (Stelleroidea) ঃ বাহুতে মুক্ত অ্যামবুল্যাক্রাল খাঁজ আছে।

উপশ্রেণি ঃ (a) সোমাস্টেরয়ডিয়া ঃ

(i) বাহুর কঙ্কাল পিনেটাকৃতি।
(ii) পেটালয়েড বাহু, গোড়ার দিকে সংকুচিত।
(iii) বন্ধ অন্ত্র, পায়ু থাকে না।
(iv) চ্যাপ্টা দেহের কেন্দ্রীয় অংশে ছোট চাকতির মত অংশ থাকে।

উদাহরণ—চিনিয়ানাস্টার (Chinianaster), অ্যাম্পুলাস্টার (Anpullaster)

উপশ্রেণি ঃ (d) অ্যাস্টেরয়ডিয়া (Asteroidea) ঃ

(i) দেহ পঞ্চভুজাকৃতি তারার ন্যায়।
(ii) ওরাল ও অ্যাবোরাল পৃষ্ঠ বর্তমান।
(iii) বাহুর ওরাল পৃষ্ঠে অ্যাম্বুল্যাক্রাল খাঁজ এবং নালিকা পদ বর্তমান।
(iv) প্যাপুলির দ্বারা শ্বসন কার্য্য সম্পন্ন করে।
(v) লার্ভা বাইপিনেরিয়া ও ডলিওলেরিয়া।

উদাহরণ ঃ অ্যাস্টেরিয়াস *(Asterias)*

উপশ্রেণি ঃ (c) ওফিউরয়ডিয়া (Ophiuroidea) ঃ

(i) দেহে একটি কেন্দ্রীয় ডিস্ক আছে।
(ii) এই ডিস্ক থেকে পাঁচটি চাবুকের ন্যায় বাহু নির্গত হয়।
(iii) পায়ু, পেডিসিলেরি এবং চোষক নালিকাপদ থাকে না।
(iv) অ্যাম্বুল্যাক্রাল খাঁজ থাকে না।
(v) লার্ভা প্লুটিয়াস।

উদাহরণ—ওফিওথোরাস *(Ophiothorus)*, ওফিউরা (Ophiura)

অনুশীলনী—1

উপযুক্ত শব্দ দ্বারা শূন্যস্থানগুলি পূরণ করুন।

(i) একাইনোডার্ম শব্দটি দুইটি গ্রীক শব্দ হইতে উৎপন্ন হইয়াছে ইহারা যথাক্রমে — ও —।

(ii) এই পর্বের সমস্ত প্রাণীই ——।

(iii) এদের বহিঃত্বক —— যুক্ত।

(iv) পর্ব একাইনোডার্মাটাকে —— টি উপপর্বে ভাগ করা যায়।

(v) একাইনোডার্মাটাদের —— তন্ত্র উন্নত ধরণের।

(vi) এদের গমনঅঙ্গ হ'ল ——।

13.5 অ্যাসটেরিয়াস (Asterias) ঃ

অ্যাসটেরিয়াসকে সাধারণত ঃ আমরা তারামাছ বলে থাকি। কিন্তু তারামাছ প্রকৃতঅর্থে মাছ নয়, এদের সি-স্টার (Sea-star) বা সমুদ্র তারা বলে। এরা একাইনোর্ডাম বা কন্টকত্বক পর্বের অন্তর্গত একধরনের সামুদ্রিক প্রাণী। গণ-অ্যাসটেরিয়াসের (Asterias) অন্তর্গত বহু প্রজাতি আছে যথা—*A. rubens, A. vulgaris, A.forbesi* ইত্যাদি। এরা পৃথিবীর প্রায় সমস্ত সমুদ্রের জলে এবং লিটোরাল অঞ্চলে পাওয়া যায়। এরা সাধারণতঃ শিলাযুক্ত তলদেশে হামাগুড়ি দিয়ে চলে বেড়ায়। এরা এককভাবে থাকে, স্বভাবে নিশাচর এবং মাংসাশী। এরা নানা আকারের এবং বর্ণের হয়ে থাকে।

13.5.1 বহিরাকৃতির বৈশিষ্ট্য (Morphological features) ঃ আকার ও আকৃতি (shape and Size) ঃ অ্যাসটেরিয়াস বা সমুদ্রতারাদের দেহ পঞ্চভূজাকৃতি এবং অরীয়ভাবে প্রতিসম। দেহের কেন্দ্রস্থলে একটি গোলাকার বা পঞ্চভূজাকৃতি প্লেট আছে এবং এই প্লেট থেকে পাঁচটি বাহু বার হয়ে ক্রমশ সরু হয়ে অরীয়ভাবে বিস্তৃত হয়। এদের দেহের ব্যাস সাধারণতঃ 10-20 সেমি হয়ে থাকে। এদের দেহ দুইটি পৃষ্ঠ সম্বলিত, উপরের পৃষ্ঠটি উত্তল, গাঢ় রং-এর এবং একে অ্যাবোরাল পৃষ্ঠ (aboral surface) বলে। নিম্নপৃষ্ঠ দিকটি চ্যাপ্টা এবং এর কেন্দ্রে মুখছিদ্রটি বর্তমান বলে এই পৃষ্ঠটিকে ওর‍্যাল পৃষ্ঠ (Oral surface) বলে। সাধারণ অবস্থায় ওর‍্যাল পৃষ্ঠটি নীচের দিকে অবস্থান করে। এই পৃষ্ঠে নিম্নলিখিত অংশগুলি দেখা যায় যথা—

(1) **মুখছিদ্র (Mouth) ঃ** পঞ্চভূজাকৃতি প্লেটের মাঝখানে যে ছিদ্রটি দেখা যায় তাকে মুখছিদ্র বলে। এই মুখছিদ্রের প্রতিকোণ থেকে একটি বাহু উৎপন্ন হয়। মুখছিদ্রটি পেরিস্টোম নামক একটি পাতলা পর্দা দ্বারা আবৃত। পাঁচগুচ্ছ মুখ কণ্টক দ্বারা এই পর্দা সুরক্ষিত।

(2) **অ্যাম্বুল্যাক্রাল খাঁজ (Ambulacral groove) ঃ** মুখছিদ্রের প্রতি কোণ থেকে একটি খাঁজ অরীয়ভাবে প্রতিটি বাহুর অর‍্যাল পৃষ্ঠের মাঝখান বরাবর বাহুর শেষ প্রান্ত পর্যন্ত প্রসারিত। এই খাঁজকে অ্যাম্বুল্যাক্রাল খাঁজ বলে।

(3) **নালিকা পদ (Tube feet) ঃ** প্রতিটি বাহুর অ্যাম্বুল্যাক্রাল খাঁজে চার সারি ক্ষুদ্র অঙ্গ আছে। এদের নালিকা পদ বলে। প্রতিটি নালিকাপদ পাতলা পর্দা দ্বারা আবৃত, নালিকাকার এবং সংকোচন প্রসারণে সক্ষম।

এদের মুক্তপ্রান্তে একটি গোলাকার চোষক (sucker) আছে। নালিকাপদগুলি চলনে, খাদ্যগ্রহণে, শ্বসনে এবং সংবেদনে সাহায্যকারী অঙ্গ হিসাবে কাজ করে।

(4) **অ্যাম্বুল্যাক্রাল কণ্টক (Ambulacral spine) ঃ** অ্যাম্বুল্যাক্রাল খাঁজের দুই পাশে 2-3 সারি চূণনির্মিত সঞ্চরণশীল কণ্টক আছে। এরা অ্যাম্বুল্যাক্রাল খাঁজকে রক্ষা করে এবং প্রয়োজনে সকলে একত্রে স্থাপিত হয়ে অ্যাম্বুল্যাক্রাল খাঁজকে বন্ধ করে দেয়। এই কণ্টক সারির বাইরের দিকে তিনসারি শক্ত ও মোটা অসঞ্চরণশীল কণ্টক আছে।

(5) **সংবেদনশীল অঙ্গ (Sense organ) ঃ** এদের সংবেদন অঙ্গ হ'ল পাঁচটি বাহুর পাঁচটি অ্যাবোরাল কর্ষিকা এবং এদের গোড়ায় অবস্থিত পাঁচটি চক্ষু বিন্দু (eye spot) প্রান্তীয় কর্ষিকা স্পর্শ ও ঘ্রান গ্রহণ করে এবং প্রতিটি চক্ষু আলোক সুবেদী।

অ্যাসটেরিয়াসের অ্যাবোরাল পৃষ্ঠে নিম্নলিখিত অঙ্গগুলি দেখা যায়। যথা—

(1) **পায়ুছিদ্র (Anus) ঃ** এদের অ্যাবোরাল পৃষ্ঠের কেন্দ্রস্থলে একটি সূক্ষ্ম ছিদ্র বর্তমান। একে পায়ুছিদ্র বলে।

(2) **মেড্রিপোরাইট (Madreporite) ঃ** দেহের এই তলে পাঁচটি বাহুর মধ্যবর্তী স্থানে মেড্রিপোরাইট নামক একটি বিশেষ গঠন দেখা যায়। মেড্রিপোরাইটের আকৃতি একটি চ্যাপ্টা চক্রাকার প্লেটের মত এবং এতে অসংখ্য খাঁজ আছে। এই খাঁজগুলিতে অসংখ্য সূক্ষ্ম রন্ধ্র থাকে সেই কারণে সমগ্র প্লেটটি ছাঁকনির মত দেখায়। মেড্রিপোরাইট জলসংবহনতন্ত্রের (Water vascular system) স্টোন ক্যানালে উন্মুক্ত হয়।

(3) **কণ্টক (Spine) ঃ** সমগ্র অ্যাবোরাল পৃষ্ঠটি শক্ত, ভোঁতা, ক্ষুদ্র চূণ নির্মিত কণ্টক দ্বারা আবৃত। এই কণ্টকগুলি গোড়ার দিকে চূণ নির্মিত অনিয়তকার প্লেট বা অসিকলের সাথে যুক্ত। এই অসিক্লিগুলি ত্বকের গভীরে অবস্থান করে দেহের অন্তঃকঙ্কাল গঠন করে।

(4) **প্যাপুলি বা ফুলকা (Papullae or gills) ঃ** ত্বকের অসিকলের মধ্যবর্তীস্থানে বহুসংখ্যক ছিদ্র আছে। এই ছিদ্রগুলিকে ত্বকীয় ছিদ্র (dermal pores) বলে। প্রতিটি ছিদ্র থেকে ক্ষুদ্র, নমনীয় শাঙ্কবাকৃতি, পর্দাবৃত আঙ্গুলের ন্যায় প্রবর্দ্ধক বাহির হয়। এদের প্যাপুলি বা ফুলকা বলে। প্যাপুলির অভ্যন্তরিন গুহা সিলোমের সহিত যুক্ত।

(5) **পেডিসিলেরি (Pedicellariae) ঃ কণ্টক এবং প্যাপুলি ব্যতীত অ্যাবোরাল পৃষ্ঠে ক্ষুদ্র কাঁটার ন্যায়** অসংখ্য চোয়াল সম্বলিত উপাঙ্গ দেখতে পাওয়া যায়। এদের পেডিসিলারি বলে। প্রতিটি পেডিসিলেরি একটি অঙ্গুলক্ষম বৃন্ত (stalk) এবং তিনটি চূণনির্মিত খণ্ডক দ্বারা গঠিত। খণ্ডক তিনটির মধ্যে একটিকে বেসাল (Basal) বলে এবং অপর দুটিকে ভাল্ব (valves) বা চোয়াল (jaw) বলে। ভাল্ব দুইটি বেসাল খণ্ডের সহিত সংযুক্ত। অ্যাসটেরিয়াসের দেহে দুই ধরনের পেডিসিলেরি দেখা যায় যথা (a) খাড়া পেডিসিলেরি (Straight pedicellariae) ঃ যখন ভাল্ব দুটি বেসাল খণ্ডের উপর খাড়াভাবে প্রোথিত থাকে। (b) ক্রসড্ পেডিসিলেরি (crossed pedicellariae) ঃ যখন ভাল্ব দুটি বেসালখণ্ডের উপর ইংরাজী 'X' অক্ষরের মতো আড়াআড়ি অবস্থান করে।

পেডিসিলেরিগুলি প্রকৃতপক্ষে রূপান্তরিত কণ্টক। এরা অ্যাসটেরিয়াসের রক্ষণ অঙ্গ (protective organ)।

13.5.2 দেহ প্রাচীর (Body Wall) ঃ অ্যাসটেরিয়াসের দেহ প্রাচীরে নিম্নলিখিত কলাস্তর আছে।

(1) **কিউটিক্‌ল্‌ (Cuticle) ঃ** দেহপ্রাচীর দ্বি-স্তর বিশিষ্ট কিউটক্‌ল দ্বারা আবৃত। বাইরের স্তরটি সমসত্ব কিন্তু ভিতরেরটি খুব হাল্কা।

(2) **বহিঃত্বক (Epidermis) ঃ** কিউটিক্‌লের ঠিক নীচে একস্তর বিশিষ্ট সিলিয়াযুক্ত কোষ আছে। বহিঃস্তক সিলিয়াযুক্ত স্তম্ভাকার কোষ, শ্লেষ্মাগ্রন্থিকোষ, মুরি ফর্ম গ্রন্থি কোষ এবং কণিকা কোষ দ্বারা গঠিত। এই কণিকা কোষের উপস্থিতিতে অ্যাসটেরিয়াসের দেহের রং বিভিন্ন রকমের হয়।

(3) **নার্ভস্তর (Nervous layer) ঃ** বহিস্ত্বকের ঠিক নীচে একটি নার্ভ স্তর থাকে। এই স্তর কোথাও মোটা আবার কোথাও সরু।

(4) **বেসমেন্ট পর্দা (Basement membrane) ঃ** নার্ভস্তরের ঠিক নীচে একটি পাতলা পর্দা আছে। একে বেসমেন্ট পর্দা বলে। এই পর্দা বাইরের বহিঃত্বক এবং নার্ভস্তরকে ভেতরের ডারমিস থেকে আলাদা করে।

(5) **ডারমিস (Dermis) ঃ** ডারমিস্‌ বা অন্তঃত্বক মেসোডার্ম হইতে উৎপন্ন সূতার ন্যায় যোজককলার সমন্বয়ে গঠিত। ডারমিসের বহিঃপৃষ্ঠের কোষের ক্ষরণের ফলে অসিক্‌ল গঠিত হয়।

(6) **পেশীস্তর (Muscular layer) ঃ** এইস্তর মসৃণ এবং পেশীসূত্রের সমন্বয়ে গঠিত। এরা বাহিরের দিকে চক্রাকার পেশীস্তর এবং ভিতরের দিকে দীর্ঘাকার পেশীস্তর গঠন করে।

(7) **সিলোমিক এপিথেলিয়াম (Coelomic epithelium) ঃ** সিলোমের ভিতরের দিকের সর্বস্তর মেসোডার্ম থেকে উৎপন্ন ফ্ল্যাজেলাযুক্ত ঘনকাকার কোষ দ্বারা গঠিত। এই স্তরকে সিলোমিক এপিথেলিয়াম বা পেরিটনিয়াম বলে।

13.5.3 অন্তঃকঙ্কাল (Endoskeleton) ঃ এক বিশেষ ধরনের অন্তঃকঙ্কাল থাকার জন্যই অ্যাসটেরিয়ামের দেহ শক্ত ও মজবুত। এদের অন্তঃকঙ্কাল মেসোডার্ম থেকে উৎপন্ন হয়। এটি চূন দ্বারা নির্মিত অসংখ্য অসিক্‌ল দ্বারা তৈরী এবং এই অসিক্‌ল (Ossicle) গুলি যোগকলা দ্বারা আবদ্ধ থাকে। অ্যাবোরাল পৃষ্ঠের অসিকলগুলি অনিয়মিতভাবে এবং ওর‍্যাল পৃষ্ঠের গুলি নিয়মিতভাবে বিন্যস্ত থাকে। মুখছিদ্রটি পাঁচটি ওর‍্যাল অসিক্‌ল দ্বারা পরিব্যাপ্ত। বাহুতে দুইসারি অসিকল্‌স উল্টানো 'V' এর আকারে মিলিত হয়ে অ্যাম্বুল্যাক্রাল অসিক্‌ল গঠন করে। প্রতিটি অ্যাম্বুল্যাক্রাল অসিক্‌লের বাইরে ও ভিতরে একটি করে খাঁজ আছে। দুই সারির খাঁজ মিলিত হয়ে অ্যাম্বুল্যাক্রাল ছিদ্র তৈরী করে যার মধ্যে দিয়ে নালিকাপদ বাইরে উন্মুক্ত হয়।

13.5.4 অ্যাসটেরিয়াসের বাহুর অনুপ্রস্থচ্ছেদ (Transverse section of an Arm of Asterias) ঃ অ্যাসটেরিয়াসের যেকোনো একটি বাহুর অনুপ্রস্থচ্ছেদ আণুবীক্ষণিক যন্ত্রের সাহায্যে পর্যবেক্ষণ করলে নিম্নলিখিত অংশগুলি দেখা যায় ঃ

(1) বাহুর প্রাচীর খিলানের ন্যায় এবং এর উপরের তলটি উত্তল। উপরের তল অর্থাৎ অ্যাবোরাল তলটি নীচের বা অর‍্যাল তল অপেক্ষা মোটা।

(2) দেহ প্রাচীরে বাইরের থেকে ভিতরের দিকে (ক) এপিডারমিস (বহিস্ত্বক) (খ) ডারমিস (অন্তস্ত্বক), (গ) পেশীস্তর এবং (ঘ) সিলোমিক এপিথেলিয়াম সজ্জিত থাকে। রোমযুক্ত স্তম্ভাকার কোষ, শ্লেষ্মাগ্রন্থি কোষ, মুরিফর্ম গ্রন্থিকোষ এবং কণিকা কোষ বা রঞ্জক কোষ দ্বারা এপিডার্মিস গঠিত। কিউটিক্‌ল্‌ এপিডারমিসের বেস্‌মেন্ট মেমব্রেণ দ্বারা বিভেদিত। ডারমিসে হিমাল গহ্বর ও অন্তকঙ্কাল থাকে। ডারমিসের

নীচে দুইপ্রকারের পেশীস্তর যথা—বাইরেরটি চক্রাকারপেশী এবং ভেতরেরটি অনুদৈর্ঘ্য পেশী দেখা যায়। দেহ প্রাচীরের অন্তর্গাত্রে সিলোমিক এপিথেলিয়ামের আবরণী থাকে।

(3) দেহতলে অসংখ্য কণ্টক, পেডিসিলেরি ওয়াট ইত্যাদি থাকে এবং ইহারা অন্তস্তকের অন্তঃকঙ্কালের সাথে সংযুক্ত।

(4) বিভিন্ন আকৃতিবিশিষ্ট অসিক্‌ল অন্তঃকঙ্কালরূপে ডারমিসে অবস্থিত। দুইটি দন্ডাকৃতিবিশিষ্ট অ্যাম্বুল্যাক্রাল অসিকল্‌ অ্যাবোরাল প্রান্তে উল্টো 'V' এর ন্যায় অনুপ্রস্থ অ্যাম্বুল্যাক্রাল পেশীর সহিত সংযুক্ত। প্রতিটি অ্যাম্বুল্যাক্রাল অসিকলের পাশে দুইটি অ্যাডঅ্যাম্বুল্যাক্রাল অসিকল অবস্থান করে। বাহুর উপরের পৃষ্ঠ-মাধ্যিক তলে ক্যারিনাল অসিক্‌ল (Charinal ossicles) অবস্থিত।

(5) দেহতলে অসংখ্য ফাঁপা প্যাপুলি (Pupulae) অবস্থিত। এরা শ্বসন উপাঙ্গারূপে কাজ করে।

(6) দেহপ্রাচীর দ্বারা আবদ্ধ প্রশস্ত দেহগহ্বরকে সিলোম (Coelom) বলে। সিলোমটি ক্ষারীয় স্বচ্ছ সিলোমিক ফ্লুইড নামক তরল পদার্থে পূর্ণ এবং এর মধ্যে সিলোমোসাইট (Coelomocyte) নামক একপ্রকার কোষ ভাসমান থাকে।

(7) অ্যাম্বুল্যাক্রাল গ্রুভে দুই সারি টিউবফুট সজ্জিত থাকে। প্রতিটি নলাকার টিউবফুটের অগ্রভাগে চোষক (sucker) থাকে।

(8) প্রতিটি বাহুর গহ্বরে দুইটি পাইলোরিক সিকা অ্যাবোরাল তলের সহিত দুইটি ধারণ ঝিল্লী দ্বারা যুক্ত থাকে।

(9) পাইলোরিক সিকা এবং অ্যাম্পুলার মধ্যে বাহুর গহ্বরে অবস্থিত দুইটি জননঅঙ্গ দেখা যায়।

(10) বাহুর গহ্বরে (ওরাল তলের দিকে) রেডিয়াল ক্যানাল, ল্যাটারাল ক্যানাল, রেডিয়াল নার্ভ, হাইপোনিউরাল সাইনাস প্রভৃতি অঙ্গের চ্ছেদ পরিলক্ষিত হয়।

13.5.5 সিলোম (Coelom) ঃ অ্যাসটেরিয়াসের দেহগহ্বর বা সিলোম অপেক্ষাকৃত উন্নত এবং প্রশস্ত। পৌষ্টিকনালী এবং জননঅঙ্গ সিলোম দ্বারা পরিবৃত বলিয়া এইপ্রকার সিলোমকে পেরিভিসায়াল সিলোম (Perivisceral coelom) বলে। এইপ্রকার সিলোমের অভ্যন্তরীন তল রোমশ এপিথেলিয়াম দ্বারা আচ্ছাদিত থাকে। আচ্ছাদনটি দুইটি স্তরে বিভক্ত। দেহপ্রাচীরের ভিতরের তলের আবরণীকে প্যারাইটাল স্তর (Parietal layer) এবং দেহগহ্বরে সজ্জিত বিভিন্ন আন্তর অঙ্গের আবরণটিকে ভিসারাল (visceral layer) স্তর বলে। তরল দ্বারা সিলোমটি পূর্ণ থাকে তাহাকে সিলোমিক ফ্লুইড (coelomic fluid) বলে। ইহাতে একপ্রকার ভাসমান অ্যামিবয়েড সিলোমাসাইট (Amoeboid Coelomocyte) কোষ বর্তমান। সিলোমোসাইটগুলি সম্ভবতঃ রেচন ক্রিয়ায় সহায়তা করে।

13.5.6 পৌষ্টিকতন্ত্র (Digestive System) ঃ অ্যাসটেরিয়াসের পৌষ্টিকতন্ত্র, পৌষ্টিক নালী ও পৌষ্টিক গ্রন্থি লইয়া গঠিত।

পৌষ্টিক নালী (Alimentary Canal) ঃ অ্যাসটেরিয়াসের পৌষ্টিক নালী ছোট, সোজা এবং নলাকার। এটি ওর‍্যাল অ্যাবোরাল অক্ষে শীর্ষক ভাবে অবস্থিত। নিম্নলিখিত অঙ্গগুলি নিয়ে পাচন নালী গঠিত।

(a) **মুখছিদ্র (Mouth) ঃ** দেহের ওরাল পৃষ্ঠের কেন্দ্রস্থলে মুখছিদ্রটি অবস্থিত। মুখছিদ্রে স্ফিংটার পেশী থাকায় এটি খুলতে ও বন্ধ হতে পারে। মুখছিদ্রটি গ্রাসনালীতে উন্মুক্ত হয়।

(b) **গ্রাসনালী (Oesophagus)** গ্রাসনালীটি মোটা এবং ক্ষুদ্র এবং শীর্ষকভাবে পাকস্থলীতে উন্মুক্ত হয়।

(c) **পাকস্থলী (Stomach) ঃ** পাকস্থলীটি বেশ বড় এবং একটি অনুপ্রস্থ খাঁজের সাহায্যে বৃহৎ কার্ডিয়াক ও ক্ষুদ্র পাইলোরিক অংশে বিভক্ত। কার্ডিয়াক অংশ স্ফীত হয়ে পাঁচটি খণ্ডকে বিভক্ত বাহুর বিপরীত দিকে অবস্থান করে। কার্ডিয়াক পাকস্থলী প্রতি পার্শ্বের অ্যাম্বুল্যাক্রাল খাঁজের সাথে মেসেন্ট্রি পর্দা দ্বারা আবদ্ধ থাকে। দেহ পেশীর সংকোচনে কার্ডিয়াক পাকস্থলী খাদ্যগ্রহণ কালে মুখছিদ্রের মধ্য দিয়ে বার হয়ে আসে এবং পাঁচটি রিট্রাক্টর পেশীর সাহায্যে স্বস্থানে ফিরে যায়। ক্ষুদ্র পাইলোরিক পাকস্থলী অন্ত্রে উন্মুক্ত হয়। (চিত্র—13.4)

(d) **অন্ত্র (Intestine) ঃ** অন্ত্রটি ছোট, সরু এবং সোজা এবং উপরদিকে প্রবর্ধিত হয়ে অ্যাবোরাল পৃষ্ঠে উন্মুক্ত হয়। অন্ত্র থেকে 2-3 টি আন্ত্রিক সিকা উৎপন্ন হয়ে অন্তঅরীয়ভাবে বিন্যস্ত থাকে। যদিও এই সিকার প্রকৃত কার্য এখনও জানা যায় নি তথাপি অনুমান করা যায় যে এরা রেচনে সাহায্য করে।

(e) **পায়ু (Anus) ঃ** অ্যাবোরাল পৃষ্ঠে বহিঃকেন্দ্রিয়ভাবে অবস্থিত ছিদ্রটিকে পায়ু বলে।

পৌষ্টিকগ্রন্থি (Digestive glands) ঃ পাইলোরিক পাকস্থলীর প্রতিটি কোন থেকে একজোড়া করে মোট পাঁচজোড়া গ্রন্থিময় উপাঙ্গ উৎপন্ন হয়। এই উপাঙ্গগুলিকে পাইলোরিক সিকা (phloric coeca) বা পাচন গ্রন্থি বা ব্রাঙ্কিয়াল সিকা বা হেপাটিকা সিকা বলে। এই পাইলরিক সিকার গঠন খুবই জটিল। গ্রন্থিময় এই অঙ্গ থেকে পাকরস নিঃসৃত হয়। প্রতিটি সিকা দুইটি নলাকার শাখায় বিভক্ত হয়ে বাহুর মধ্যে উপশাখা উৎপন্ন করে। এই উপশাখার অগ্রভাগ স্ফীত হয়ে অসংখ্য ক্ষুদ্রাকার থলিতে পরিণত হয়। অণুবীক্ষণ যন্ত্রের দ্বারা পর্যবেক্ষণ করলে পাইলোরিক সিকার এপিথেলিয় আবরণীর গাত্রে চার প্রকার কোষ পরিলক্ষিত হয়, যথা—ফ্ল্যাজেলাযুক্ত কোষ, সিক্রিটারি কোষ, শ্লৈষিক কোষ এবং স্টোরেজ বা ভান্ডার কোষ।

13.5.7 পাচনতন্ত্রের ক্রিয়া (Physiology of Digestion) ঃ

অ্যাসটেরিয়াস মাংসাশী প্রাণী। কেঁচো জাতীয় প্রাণী, ছোট ছোট শামুক, ঝিনুক, বিভিন্ন ধরনের লার্ভা, ছোট ছোট মাছ ইত্যাদি এদের খাদ্য। প্রয়োজনে এরা বহুদিন উপবাস করে থাকতে পারে।

অ্যাসটেরিয়াস বিচিত্র পদ্ধতিতে খাদ্য গ্রহণ করে। খাদ্য বস্তুকে এরা নালিকাপদ দ্বারা জড়িয়ে ধরে এবং সমগ্র কার্ডিয়াক পাকস্থলীটিকে মুখের ভিতর দিকে উল্টিয়ে বার করে আনে এবং খাদ্যবস্তুকে জড়িয়ে ধরে। তখন পাচনগ্রন্থি থেকে পাচনরস খাদ্যবস্তুর উপর নিঃসৃত হয় এবং খাদ্য ধীরে ধীরে পাচিত হয়। পাচিত খাদ্যসহ পাকস্থলী আবার স্বস্থানে ফিরে আসে।

13.5.8 জলসংবহনতন্ত্র (Water Vascular System) ঃ

অ্যাসটেরিয়াসের জীবনে জলসংবহন তন্ত্র এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই বিশেষ তন্ত্রের উপস্থিতি একাইনোডার্ম বা কণ্টকত্বক প্রাণীদের বৈশিষ্ট্য। যে তন্ত্রে সিলোম রূপান্তরিত হয়ে কতকগুলি নালিকার সৃষ্টি করে এবং এই নালিকাগুলি কিছু কণিকা সহ সমুদ্রজলে পূর্ণ থেকে বহুবিধ শারীরবৃত্তীয় কার্য সমাধা করে এবং একেই জলসংবহনতন্ত্র বলে। অ্যাসটেরিয়াসের জলসংবহন তন্ত্র নিম্নলিখিত অংশগুলি নিয়ে গঠিত ঃ

(a) মেড্রিপোরাইট (Medreporite) ঃ মেড্রিপোরাইট একটি গোলাকার চাকতি এবং এতে অরীয়ভাবে প্রসারিত অসংখ্য খাঁজ বর্তমান। মেড্রিপোরাইটা দেহের অ্যাবোরাল তলে অবস্থিত। খাঁজগুলিতে অনেক রন্ধ্র থাকে। প্রতিটি রন্ধ্র থেকে একটি করে নালি পোর ক্যানাল (pore canal) উৎপন্ন হয়। রন্ধ্র ও পোর ক্যানালের সংখ্যা প্রায় 200 র অধিক। পোর ক্যানালগুলি সম্মিলিতভাবে একটি সংগ্রাহক নালিকার (Collecting Canal) সৃষ্টি করে। সংগ্রাহক নালিকা মেড্রিপোরাইটের নীচে অবস্থিত অ্যাম্পুলাতে উন্মুক্ত হয়।

(b) স্টোন ক্যানাল (Stone canal) ঃ এটি একটি 'S' আকৃতি বিশিষ্ট বড় নালিকা ওরাল পৃষ্ঠ থেকে অ্যাবোরাল পৃষ্ঠ পর্যন্ত বিস্তৃত। স্টোন ক্যানালের অ্যাবোরাল পৃষ্ঠে অ্যাম্পুলা দ্বারা গঠিত। স্টোন ক্যানালের গহ্বরটি লম্বা ফ্ল্যাজেল্লা যুক্ত কোষ দ্বারা পরিব্যপ্ত। এর অভ্যন্তরে দুটি প্যাঁচানো ল্যামেলির দ্বারা গঠিত রিজ (Ridge) বা খাঁজ আছে এবং এটি শাখা-প্রশাখায় বিভক্ত হয়ে একটি জটিল অক্ষাংশের সৃষ্টি করে। আক্ষিক সাইনাস (axial sinus) নামক একটি নলাকার সিলোম থলি এই ক্যানালটিকে বহিঃদেশ থেকে পরিব্যাপ্ত করে।

(c) রিং ক্যানাল (Ring canal) ঃ এই ক্যানালটি চওড়া এবং পঞ্চাভূজাকৃতি। এটি পেরিস্টোমিয়াল অসিকলের ভিতরের দিকে এবং হাইপোনিউর‍্যাল রিং সাইনাসের পৃষ্ঠ দেশে অবস্থিত।

(d) রেডিয়াল ক্যানাল (Radial canal) ঃ রিং ক্যানালের বহিঃপৃষ্ঠ থেকে পাঁচটি বাহুতে পাঁচটি রেডিয়াল ক্যানাল প্রবর্ধিত হয়ে সমগ্র বাহু পরিক্রমন করে বাহুর প্রান্তে অবস্থিত কর্ষিকার গহ্বরে শেষ হয়।

(e) পার্শ্বীয় নালিকা (Lateral canal) ঃ প্রতিটি বাহুতে অনুপ্রস্থভাবে দুই সারি নালিকা রেডিয়াল ক্যানাল থেকে উৎপন্ন হয়। এদের পার্শ্বীয় নালিকা বা পোডিয়াল ক্যানাল (Podial canal) বলে। প্রতিটি পার্শ্বীয় নালিকা, নালিকাপদের গোড়ায় মুক্ত হয় এবং এই স্থলে একমুখী কপাটিকা (valve) থাকায় জল পুনরায় রেডিয়াল ক্যানালে ফিরতে পারে না।

(f) নালিকা পদ (Tube feet) ঃ প্রতিটি অ্যাম্বুল্যাক্রাল খাঁজে চার সারি নালিকা পদ অবস্থিত। প্রতিটি নালিকা পদ তিনটি অংশ নিয়ে গঠিত এবং এরা ফাঁপা, স্থিতিস্থাপক, পাতলা প্রকার বিশিষ্ট, দুইমুখ বন্ধ নালিকা। নালিকার উপরের দিককে বড় থলির ন্যায় অ্যাম্পুলা (Ampulla), মধ্য অংশকে পোডিয়াম (Podium) এবং শেষ প্রান্তকে চোষক (sucker) বলে। অ্যামপুলাটি অ্যাম্বুল্যাক্রাল ছিদ্রের উপর সিলোম পর্যন্ত প্রবর্ধিত। এরা চলনে এবং শ্বসনে মুখ্যভূমিকা গ্রহণ করে।

(g) টাইডম্যান্স বডি (Tiedeman's body) ঃ রিং ক্যানালের অন্তর্গাত্র সংলগ্ন অন্তঃঅরীয় স্থানে অবস্থিত নয়টি পীতাভ গোলাকার অথবা অনিয়মিত গ্রন্থিযুক্ত বস্তু দেখা যায়। এদের টাইড্ম্যানস্ বডি বলে। এদের প্রকৃত কার্য অজ্ঞাত। তথাপি মনে করা হয় যে এরা লসিকা গ্রন্থি এবং জলসংবহনতন্ত্রের অ্যামিবোসাইট উৎপন্ন করে।

13.5.9 জলসংবহন তন্ত্রের কার্য (Function of water vascular system) ঃ

(a) চলন (Locomotion) ঃ চলন বা গমন ক্রিয়ায় অ্যাসটেরিয়াসের জলসংবহনতন্ত্র হাইড্রলিক প্রেসের (Hydraulic Press) ন্যায় কাজ করে। জলসংবহনতন্ত্র সবসময় জলদ্বারা পূর্ণ থাকে। অ্যাসটেরিয়াসের নালিকা পদ এই প্রক্রিয়ায় সক্রিয় অংশগ্রহণ করে। প্রতিটি অ্যাম্বুল্যাক্রাল খাঁজে দুই সারি নলাকার নালিকা পদের অগ্রভাগে চোষক থাকে। এদের প্রসারণ ক্ষমতা খুব বেশী এবং প্রাণীটি যে দিকে অগ্রসর হয় সেইদিকেই

এরা প্রসারিত হয়। নালিকাপদের সংকোচন প্রসারণের ফলে অ্যাসটেরিয়াস ধীরগতিতে সমুদ্রতলে গমনে সক্ষম হয়।

যখন অ্যাসটেরিয়াস কোন বিশেষ দিকে অগ্রসর হয় তখন সেই পার্শ্বের বাহু সমুদ্রতল থেকে উত্তোলিত ও প্রসারিত হয়। অ্যাম্পুলার সংকোচনের ফলে নালিকা পদের প্রসারণ ঘটে কারণ অ্যাম্পুলা থেকে তৎক্ষণাৎ জল নালিকাদের মধ্যে প্রবেশ করে। জলসংবহনতন্ত্রের পার্শ্বীয় নালিকার উৎসস্থলে কপাটিকা থাকার ফলে জল রেডিয়াল ক্যানালে পুনঃপ্রবেশ করতে পারে না। নালিকা পদের অগ্রভাগে অবস্থিত চোষকগুলি সমুদ্রতলের সঙ্গে নিজেদের আঠা দিয়ে আটকিয়ে রাখে এবং চোষকের কেন্দ্রে শূণ্যতা সৃষ্টি করে। প্রসারণের পর নালিকাপদের হঠাৎ সংকোচনের ফলে দেহ সম্মুখভাগে খানিকটা অগ্রসর হয়। পরিশেষে নালিকাপদগুলি শিথিল হয় এবং সমুদ্রতল থেকে নিজেদের মুক্ত করে। এইভাবে ক্রম সঙ্কোচন ও প্রসারণের ফলে গমনক্রিয়া সংঘটিত হয়।

(b) শ্বসন (Respiration) ঃ নলিকাপদগুলির সাহায্যে অ্যাসটেরিয়াস শ্বসন কার্য সম্পন্ন করে। নালিকাপদগুলি প্রস্থের বিশিষ্ট এপিথেলিয়াম কোষ দ্বারা তৈরী এবং এরা সিলোমিক তরলে পূর্ণ থাকে বলে সহজেই অক্সিজেন ব্যাপন প্রক্রিয়ায় নালিকাপদে প্রবেশ সিলোমিক প্লুইডে দ্রবীভূত হয় এবং বিপরীত পদ্ধতিতে কার্বন-ডাই-অক্সাইড (CO_2) নির্গত হয়।

(c) পুষ্টি (Nutrition) ঃ নালিকাপদগুলি খাদ্যবস্তুকে আঁকড়িয়ে ধরতে সাহায্য করে। সুতরাং এরা বা জল-সংবহনতন্ত্র পরোক্ষভাবে খাদ্যবস্তু সংগ্রহে মুখ্য ভূমিকা গ্রহণ করে।

(d) রেচন (Excretion) ঃ জলসংবহন তন্ত্রের নালিকাপদগুলি রেচনে মূখ্য ভূমিকা গ্রহণ করে। অ্যামোনিয়াই অ্যাসটেরিয়াসের প্রধান নাইট্রোজেন ঘটিত বর্জ্য পদার্থ। এই অ্যামোনিয়া নালিকা পদের মধ্য দিয়া ব্যাপন পদ্ধতিতে বার হয়ে যায়। এছাড়া, টাইডম্যান বডি থেকে উৎপন্ন জীবাণুধ্বংসকারী ফ্যাগোসাইট (phagocytes) কোষ বিভিন্ন বর্জ্যপদার্থ গ্রহণ করে নালিকাপদের চোষক অঞ্চলে জমা হয় এবং চোষকের এপিথেলিয় পর্দা ফেটে গিয়ে বর্জ্যপদার্থসহ কোষগুলি বাইরে নিক্ষিপ্ত হয়।

13.5.10 সংবহনতন্ত্র (Circulatory System) ঃ

অ্যাসটেরিয়াসের প্রকৃতপক্ষে কোন সংবহনতন্ত্র নাই কিন্তু যে তন্ত্রের মাধ্যমে সারাদেহে পুষ্টি সরবরাহ হয় তাকেই তথাকথিত সংবহনতন্ত্র বলে। এদের দেহে দুইপ্রকার সংবহনতন্ত্র দেখা যায়-(1) পেরিহিমাল তন্ত্র (Perihaemal System) এবং (2) হিমালতন্ত্র (Haemal System)।

(1) পেরিহিমাল তন্ত্র (Perihaemal System) ঃ স্টোন ক্যানালকে আবৃত করে অক্ষীয় সাইনাস (Axial sinus), অন্ত্রকে পরিবৃত করে অ্যাবোরাল রিং সাইনাস (Aboural-ring sinus), জননঅঙ্গকে আবৃত করে জেনিট্যাল সাইনাস (genital sinus), মুখছিদ্রকে আবৃত করে ওরাল রিং সাইনাস (Oral ring sinus), বাহুতে অবস্থিত প্রবর্দ্ধিত রেডিয়াল সাইনাস (Radial sinus), বাহুর প্রান্তে প্রান্তীয় সাইনাস (Marginus Sinus) এবং প্যাপুলিকে আবৃত করে পেরিব্র্যাঙ্কিয়াল সাইনাস (Peribranchial Sinus) নিয়ে পেরিহিমাল তন্ত্র গঠিত।

(2) হিমাল তন্ত্র (Haemal System) ঃ অ্যাসটেরিয়াসের রক্ত সংবহনতন্ত্র মুক্ত এবং পেরিহিমাল তন্ত্রের গহ্বরের মধ্যে আবদ্ধ। এটি ওর‍্যাল হিমাল রিং, অ্যাবোরাল হিমাল রিং, রেডিয়াল হিমাল সাইন্াস, জেনিটাল হিমাল স্ট্রান্ডস্ ও গ্যাস্ট্রিক হিমাল টাফ্ট নিয়ে গঠিত।

13.5.11 স্নায়ুতন্ত্র (Nervous System) ঃ

অ্যাসটেরিয়াসের নার্ভতন্ত্র অতি প্রাচীন এবং নার্ভসূত্র ও নার্ভ জালক দিয়ে গঠিত। অ্যাসটেরিয়াসের স্নায়ুতন্ত্রকে চারিটি ভাগে ভাগ করা যায় যথা—

(a) ওর‍্যাল স্নায়ুতন্ত্র (Oral Nervous System) ঃ এটি একটি নার্ভরিং, রেডিয়াল নার্ভ এবং অধোস্ত্বক নার্ভ কমপ্লেক্স নিয়ে গঠিত। নার্ভ রিংটি পঞ্চভূজাকৃতি এবং মুখছিদ্রকে বেষ্টন করে থাকে। নার্ভ রিং থেকে প্রতিটি বাহুতে একটি করে নার্ভ বাহুর দৈর্ঘ্য বরাবর বিস্তৃত হয়ে প্রান্তীয় কর্ষিকার গোড়ায় শেষ হয়। সমগ্র দেহের নিম্নে অধোস্ত্বক নার্ভ জালিকাকারে বিন্যস্ত থাকে।

(b) হাইপোনিউর‍্যাল স্নায়ুতন্ত্র (Hyponeural Nervous System) ঃ হাইপোনিউর‍্যাল সাইনাসের পার্শ্ব প্রাচীরে এই নার্ভতন্ত্র বিন্যস্ত থাকে। এই নার্ভ বা স্নায়ু বাহুতে, অনুপ্রস্থ পেশীতে, আম্বুল্যাক্রাল অসিকিলে এবং রিং সাইনাসে পরিব্যাপ্ত হয়।

(c) অ্যাবোরাল স্নায়ুতন্ত্র (Aboral Nervous System) ঃ এই স্নায়ুতন্ত্র পৃষ্ঠদেশে প্যারাইটাল পেরিটোনিয়ামের বাইরে অবস্থান করে। এটি একটি নার্ভ রিং এবং প্রতি বাহুতে বিন্যস্ত একটি করে নার্ভ দিয়ে গঠিত। এদের পৃষ্ঠ পেশীতে নার্ভ সরবরাহ করে।

(d) ভিসেরাল স্নায়ুতন্ত্র (Visceral Nervous System) ঃ এই স্নায়ুতন্ত্র পাচন নালির গায়ে অবস্থিত এবং পাচন নালির পেশির কাজ নিয়ন্ত্রণ করে।

13.5.12 জ্ঞানেন্দ্রিয় (Sense Organs) ঃ

অ্যাসটেরিয়াসের জ্ঞানেন্দ্রিয় চক্ষু (eyes), প্রান্তীয় কর্ষিকা (Terminal Tentacles), এবং নিউরোসেনসরি কোষ (Neurosensory cells) নিয়ে গঠিত।

(a) চক্ষু (Eyes) ঃ প্রতিটি প্রান্তীয় কর্ষিকার গোড়ায় ওরাল তলে চক্ষু অবস্থিত। প্রতিটি চক্ষু অনেকগুলি রঙ্গীন কাপের ন্যায় অসেলি (ocelli) দিয়ে গঠিত এবং প্রতিটি অসেলি কিউটিক্‌ল দ্বারা আবৃত থাকে। অসিলাস কাপের প্রাচীরে লোহিত রঞ্জক কোষ (Red pigmented cells) এবং রেটিনাল কোষ (Retinal cells) বর্তমান। কাপের নিম্নস্থ বহির্ত্বক সাধারণতঃ রূপান্তরিত হয়ে লেনস্ (Lens) গঠন করে। প্রতিটি চক্ষুতে 80-200টি অসেলি থাকে।

(b) প্রান্তীয় কর্ষিকা (Terminal tentacles) ঃ এরা স্পর্শেন্দ্রিয় রূপে কাজ করে এবং গমনকালে পরিবেশ অনুভূতিতে সক্রিয় অংশগ্রহণ করে।

(c) নিউরোসেনসরি কোষ (Neurosensory cells) ঃ অ্যসটেরিয়াসের সমগ্র বহিস্ত্বকে এই কোষ পরিব্যাপ্ত। এরা দেখতে লম্বা ন্যাসপাতির ন্যায়। প্রান্তীয় কর্ষিকায়, কণ্টকের গোড়ায়, নালিকাপদে এবং পেডিসিলেরিতে এদের প্রচুর পরিমানে দেখা যায়। এরা প্রধানতঃ রাসায়নিক উদ্দীপক (Chemo-receptor)।

13.5.13 জননতন্ত্র (Reproductive System) ঃ

অ্যাসটেরিয়াস প্রধানতঃ যৌন প্রক্রিয়ায় বংশবৃদ্ধি করে। কিন্তু কখনও কখনও দেহখণ্ডিত হয়ে অযৌন পদ্ধতিতে—অপত্য অ্যাসটেরিয়াস উৎপন্ন হয়। অ্যাসটেরিয়াস একলিঙ্গপ্রাণী, প্রজনন ঋতুতে বর্ণের সামান্য

বৈচিত্র্য ছাড়া এদের যৌন দ্বিরূপতা (Sexual dimorphism) দেখা যায় না। ডিম্বাশয় ও শুক্রাশয় আকারে একই প্রকার। এরা ইন্টারব্রেকিয়াল সেপ্টামের সন্নিকটে অ্যাবোরাল দেহ প্রাচীরের সাথে সংযুক্ত থাকে। প্রতিটি জননঅঙ্গ থেকে উত্থিত একটি সংক্ষিপ্ত রোমশ জননননালী বা গোনোডাক্ট (Gonoduct) জননছিদ্রের মাধ্যমে অ্যাবোরাল পৃষ্ঠে উন্মুক্ত হয়।

অ্যাসটেরিয়াস বৎসরে একবার মাত্র প্রজনন কার্য সম্পন্ন করে। জননকোষ (Gametes) সমুদ্রের জলে নিষ্কাশিত হয় এবং তথায় বহিঃনিষেক (external fertilization) সংঘটিত হয়।

জীবনচক্র (Life Cycle) ঃ

নিষিক্ত ডিম্বটি গোলাকার এবং সামান্য কুসুম যুক্ত। এই ডিম্ব বা জাইগোটটি হলোব্লাসটিক বিদারণ (Holoblastic Cleavage) পদ্ধতিতে বিদারিত হয়ে 32টি ব্লাসটোমিয়ার যুক্ত মোরুলায় (Morula) পরিণত হয়। এই অবস্থায় ব্লাসটোমিয়ারগুলি একটি কেন্দ্রীয় গহ্বরকে (Blastocoel) আবৃত করে থাকে। বিভাজন প্রক্রিয়া অব্যাহত থাকে এবং ক্রমে মোরুলা ব্ল্যাস্টুলায় (Blastula) পরিণত হয়। ব্লাস্টুলার বহিঃতল সঞ্চলনক্ষম রোমদ্বারা আবৃত থাকে এবং এর অভ্যন্তরীন গহ্বরটি ক্রমে বর্ধিত হয়।

একস্তর কোষযুক্ত ব্লাসটুলা গ্যাসট্রুলায় (Gastrula) পরিণত হয়। একসময় ব্লাসটুলার এক পার্শ্ব ভিতরে প্রবেশ করে (Invagiation) এবং এর মধ্যের গুহাকে আরকেন্টেরন (Archenteron) বলে। এটি একটি ছিদ্রপথে বাইরে উন্মুক্ত হয়। এই ছিদ্রটিকে ব্লাসটোপোর (Blastopore) বলে। ক্রমে গ্যাসট্রুলার দেহ প্রলম্বিত হয় এবং গ্যাস্ট্রুলা একটি সঞ্চরণশীল মুক্ত লার্ভায় (Larva) পরিণত হয়।

***লার্ভাদশা* (Larval stage) ঃ** বাইপিনেরিয়া ও ব্র্যাকিওলেরিয়া (Bipinnaria and Brachiolaria) লার্ভা দশার মাধ্যমে অ্যাসটেরিয়াসের রুপান্তর ঘটে।

***বাইপিনেরিয়া লার্ভা* (Bipinnaria larva) ঃ** প্রায় এক সপ্তাহের মধ্যেজাইগোট থেকে বাইপিনেরিয়া লার্ভা গঠিত হয়। এরা দ্বি-পার্শ্বভাবে প্রতিসম এবং একটি প্রওরাল ও একটি পোস্টওরাল সিলিয়া যুক্ত ব্যাণ্ড থাকে। অগ্রভাগে প্রিওরাল খণ্ডক থাকে এবং এতে সিলিয়াযুক্ত প্রিওরাল লুপ থাকে। দেহাভ্যন্তরে সিলোম ও পাচন নালি দেখা যায়। এরা খাদ্য হিসাবে ডায়াটম (Diatom) গ্রহণ করে এবং কিছুদিন পর ব্র্যাকিওলেরিয়া লার্ভায় পরিণত হয়।

***ব্র্যাকিওলেরিয়া লার্ভা* (Brachioiaria larva) ঃ** বাইপিনেরিয়ার দেহ-পার্শ্বস্থ খণ্ডকগুলি প্রবর্ধিত হয়ে সিলিয়াযুক্ত বাহুতে পরিণত হয়। এই বাহুর গোড়ায় অ্যাডহেসিভ কোষ থাকে যার সাহায্যে এই লার্ভা কোন সাবস্ট্রাটামের সহিত সংলগ্ন হয়।

***রূপান্তর* (Metamorphosis) ঃ** ব্যাকিওলেরিয়া লার্ভা কোন কিছুর সাথে সংলগ্ন হওয়ার 6-7 সপ্তাহের মধ্যে দ্বি-পার্শ্ব প্রতিসম লার্ভা অরীয়ভাবে প্রতিসম অ্যাসটেরিয়াসে পরিণত হয়। লার্ভার মুখছিদ্র বিলুপ্ত হয় এবং নতুন মুখছিদ্র উৎপন্ন হয়। দেহের পৃষ্ঠতলে স্থায়ী পায়ুছিদ্রের উৎপত্তি হয়। জটিল পদ্ধতির মাধ্যমে পাঁচটি ক্ষুদ্র বাহু গঠিত হয় এবং ক্রমে একটি ক্ষুদ্র অ্যাসটেরিয়াসে পরিণত হয়। (চিত্র ঃ 13.6 এবং 13.7)

অনুশীলনী—2

নিম্নলিখিত প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দিন ঃ

(i) মেড্রিপোরাইট কি?
(ii) স্টোন ক্যানাল দেখতে কিরকম?
(iii) অ্যাসটেরিয়াসের অন্তঃকঙ্কাল কি দিয়ে তৈয়ারী?
(iv) এদের পদগুলি কয় ভাগে বিভক্ত? নাম লিখুন।
(v) অ্যাসটেরিয়াসের কয়টি পাইলোরিক সিকা বা হেপাটিক সিকা আছে?
(vi) নালিকাপদের কয়টি অংশ এবং কি কি?
(vii) নালিকাপদের প্রধান কার্য কি কি?
(viii) অ্যাসটেরিয়াসের ওর‍্যাল স্নায়ুতন্ত্র কোথায় অবস্থিত?
(ix) এদের জ্ঞানেন্দ্রিয়গুলির নাম লিখুন।
(x) অ্যাসটেরিয়াস কিভাবে বংশবৃদ্ধি করে?
(xi) এদের ক্লিভেজ কি প্রকারের?
(xii) অ্যাসটেরিয়াসের লার্ভাদের কি বলে?

13.6 একাইনাস (সি-আরচিন)

সি-আরচিন বা সমুদ্র-সজারু একাইনোডার্মাটা বা কণ্টকত্বক পর্বভুক্ত সামুদ্রিক প্রাণী। এরা দেখতে গোলাকার, হৃদয়াকার বা কেকের মতো এবং এদের দেহের চারিপাশে অসংখ্য লম্বা, চলমান সজারুর কাঁটার মতো কাঁটা থাকে। এদের দেহের বর্ণ কালো, ধূসর, সবুজ, লাল, সাদা বা গোলাপী ইত্যাদি বিভিন্ন প্রকার হয়। দেহের ব্যাস 6-12 সেমি কিন্তু কিছু কিছু ভারতীয় বা প্রশান্ত মহাসাগরিয় প্রজাতির ব্যাস 36 সেমি পর্যন্ত হতে পারে। এপর্যন্ত প্রায় 950টি প্রজাতির একাইনাস বর্ণিত হইয়াছে।

13.6.1 বহিরাকৃতি (External features) ঃ

একাইনাস বা সি-আরচিন দেখতে মোটামুটি গোলাকার। এদের শরীরের চারিপার্শ্বে অসংখ্য লম্বাকৃতি কাঁটা আছে। এরা অরীয় ভাবে প্রতিসম হলেও কোন কোন প্রজাতি আবার দ্বিপার্শ্বভাবে প্রতিসম। দেহের আকৃতি অনুযায়ী এদের নিয়তকার (Regular) এবং অনিয়তাকার (Irregular) এই দুইভাগে ভাগ করা হয়। এদের দেহ দুইটি পৃষ্ঠ সমন্বিত, উপরের পৃষ্ঠটিকে অ্যাবোরাল পৃষ্ঠ (aboral surface) এবং নিম্নপৃষ্ঠটিকে ওর‍্যাল পৃষ্ঠ (oral surface) বলে। ওরালপৃষ্ঠদেশে মুখছিদ্রটি অবস্থিত একে বেষ্টন করে পেরিস্টোমাল পর্দাটি অবস্থিত। একে ঘিরে অরিয়ভাবে বিভিন্ন উপাঙ্গ অবস্থিত। এদের পাঁচজোড়া মোটা, ছোট মুখ উপাঙ্গ, বাক্কাল পোডিয়া (Buccal podia) এবং পাঁচ জোড়া ফুলকা দেখা যায়। বাক্কাল পোডিয়া এবং ফুলকা ছাড়াও পেরিস্টোমিয়ামকে বেষ্টন করে ক্ষুদ্র ক্ষুদ্র কণ্টক এবং পেডিসিলেরি অবস্থিত।

অ্যাবোরাল পৃষ্ঠে পায়ুছিদ্র অবস্থিত একে *পেরিপ্রক্ট* (Periproct) বলা হয়। পেরিপ্রক্ট একপ্রকার গোলাকার পর্দা যার মধ্যস্থলে এনাস (Anus) বা পায়ুছিদ্রটি অবস্থিত। গোলাকার দেহের উপরিতলে দশটি

অরীয় অংশে বিভক্ত যারা ওরাল এবং অ্যাবোরাল উভয় তলে মিলিত হয়। এদের পাঁচটি অংশে নালিকা পদ আছে এবং এই অংশকে অ্যাম্বুল্যাক্রাল খাঁজ বলে। দুইটি অ্যাম্বুলাক্রাল অংশের মধ্যবর্ত্তীস্থানকে ইন্টার-অ্যাম্বুলাক্রাল এরিয়া বলে।

13.6.2 কঙ্কালতন্ত্র (Skeletal System) ঃ

সি-আরচিনের কঙ্কালতন্ত্র সারি সারি অ্যাম্বুল্যাক্রাল প্লেট দিয়ে গঠিত। প্রতিটি অ্যাম্বুল্যাক্রাল এরিয়া আবার দুই সারি অ্যামবুলাক্রাল প্লেট দ্বারা বিভক্ত। এভাবে মোট 20 সারি প্লেট—(10) সারি অ্যাম্বুল্যাক্রাল এবং 10 সারি ইন্টারঅ্যাম্বুলাক্রাল) দেখা যায়। প্রতিটি অ্যাম্বূল্যাক্রাল প্লেট ছিদ্রপথে নালিকা দ্বারা আভ্যন্তরিন অ্যাম্পুলা এবং বাহ্যিক নালিকাপদকে মুক্ত করে।

পেরিপ্রক্ট্কে বেষ্টন করে অনেকগুলি প্লেট আছে। যাদের মধ্যে পাঁচটি বড় প্লেটকে জেনিটাল প্লেট (Genital plate) বলে। এদের একটি আবার ছিদ্রযুক্ত যাহাকে মেড্রিপোরাইট (Medreporite) বলে। অপর পাঁচটি ছোট প্লেটকে অকুলার প্লেট (ocular plate) বলে। প্রতিটি জেনিটাল প্লেটে একটি করে গোনোপোর (Gonopore) আছে। (চিত্রঃ 13.6.2 ও 13.6.3)

সি-আরচিনের চলন্ত কাঁটাগুলি এদের দেহের অ্যাম্বুলাক্রাল এবং অন্তর অ্যাম্বুল্যাক্রাল অংশে সুবিন্যস্ত থাকে। এদের দেহের নিরক্ষীয় তলে সর্বাপেক্ষা লম্বা কাঁটা এবং মেরুপ্রদেশে সর্বাপেক্ষা ছোট কাঁটা দেখা যায়। বেশির ভাগ সি-আরচিনের এই দুই ধরনের অর্থাৎ লম্বা (Primary) এবং ছোট (secondary) কাঁটা দেখা যায়।

কাঁটা ব্যতীত সি-আরচিনের দেহের উপরিতলে এবং পেরিস্টোমে অসংখ্য পেডিসিলেরি (Pedicellariae) থাকে। প্রতিটি পেডিসিলেরি একটি লম্বা বোঁটা বা স্টক এবং তাকে ঘিরে চোয়াল (jaw) নিয়ে গঠিত। বোঁটার ভেতরে শক্ত দণ্ড এবং পেশী থাকে। সি-আরচিনের একটি প্রজাতিতে বিভিন্ন প্রকারের পেডিসিলেরি দেখা যায়। কোথাও আবার এরা বিষাক্ত গ্রন্থি যুক্ত হয়। এরা আত্মরক্ষার্থে ব্যবহৃত হয় অথবা শরীর পরিষ্কার করতে ব্যবহৃত হয়। আবার কখনও কখনও কামড়াতে এবং ময়লাকে টুকরো টুকরো করতেও সাহায্য করে। পেডিসিলেরিগুলি রাসায়নিক সংবেদনে সাড়া দেয়।

13.6.3 দেহপ্রাচীর (Body Wall) ঃ একাইনয়েডদের দেহপ্রাচীরের গঠন অ্যাসটেরয়েড বা সমুদ্রতারাদের মত। দেহের বাইরে কাঁটাযুক্ত বহিঃত্বক বা এপিডার্মিস আছে। এর ঠিক নীচে একটি স্নায়ুতল এবং তার ঠিক নীচে ডার্মিস অবস্থিত। ডার্মিসে অসংখ্য চ্যাপ্টা খাঁজযুক্ত স্কেলিটাল প্লেট (Skeletal Plate) আছে। এদের কোন পেশীযুক্ত তল থাকে না কারণ অসিক্লস্গুলি নড়াচড়া করে না। খোলকের ভেতর দিকটা রোমশ স্তম্ভাকার এপিথেলিয় পর্দাযুক্ত পেরিটোনিয়াম দ্বারা ঢাকা থাকে।

13.6.4 চলন (Locomotion) ঃ সি-আরচিন তাদের শক্ত কাঁটা এবং নালিকাদের সাহায্যে শক্ত এবং নরম উভয় প্রকার সমুদ্র তলদেশে চলনে অভ্যস্ত। এদের নালিকাপদগুলি সমুদ্রতারাদের মতই কাজ করে এবং কাঁটাগুলি সমুদ্রপৃষ্ঠ থেকে ওরাল পৃষ্ঠকে ঠেলে তুলতে সাহায্য করে। এরা অ্যাম্বুল্যাক্রাল তন্ত্রের সাহায্যে যেকোনো দিকে চলতে সক্ষম। এদের চলন পদ্ধতি, খাদ্যগ্রহণের সাথে সরাসরি জড়িত। এদের কোন কোনা প্রজাতি (Sand dollars) আবার নালিকাপদ এবং কাঁটার সাহায্যে সমুদ্রপৃষ্ঠতলের বালির মধ্যে গর্ত খুঁড়ে বাস করে।

13.6.5 জলসংবহনতন্ত্র (Water-vascular System) ঃ সি-আরচিন অর্থাৎ ইকাইনাসদের জলসংবহনতন্ত্র সমুদ্রতারা বা সি-স্টারদের মত। পেরিপ্রক্টককে বেষ্টন করে যে জেনিটাল প্লেট আছে তাদের মধ্যে একটি অসংখ্য ছিদ্র ও নালিকা যুক্ত এবং মেড্রিপোরাইট (Madreporite) হিসাবে কাজ করে। এটি থেকে স্টোন ক্যানাল নির্গত হয়ে ওরাল পৃষ্ঠের রিং ক্যানালের সাথে যুক্ত হয়। রিং ক্যানালটি সাধারণ আরচিনে মুখছিদ্রের চর্বন যন্ত্রের উপরে অবস্থিত। রিং ক্যানাল থেকে রেডিয়াল ক্যানাল নির্গত হয়ে নীচের দিকে খোলকের অ্যাম্বুল্যাক্রাল অংশে বিস্তারিত হয়। প্রতিটি রেডিয়াল ক্যানাল একটি ছোট ফাঁপা প্রান্তিয় কর্ষিকাতে শেষ হয়। রেডিয়াল ক্যানাল থেকে ল্যাটারাল ক্যানাল বার হয় এবং অবশেষে এরা অ্যামপুল্লা ও নালিকাদের সাথে যুক্ত হয়। প্রতিটি অ্যাম্পুল্লা থেকে দুটি নালিকা বের হয়ে অ্যাম্বুল্যাক্রাল প্লেটে প্রবেশ করে একটি নালিকাপদের গর্তের সাথে যুক্ত হয়। নালিকাপদগুলি ফাঁপা এবং বিশেষ ভাবে উন্নত। এদের দেওয়ালে সংকোচন পেশী এবং অসিক্লস্ আছে।

13.6.6 পুষ্টি (Nutrition) ঃ সি-আরচিন কে বিশেষ ধরনের যন্ত্রের সাহায্যে খাদ্যগ্রহণ করে, যাকে অ্যারিস্টটলের লণ্ঠন (Aristotle's Lantern) বলে। এই যন্ত্রটি পাঁচটি বড় ক্যালকেরিয়াস প্লেট নিয়ে গঠিত যাদের পিরামিড (Pyramids) বলে। প্রতিটি পিরামিড বর্শার ফলকের মত এবং মুখছিদ্রের দিকে অরীয়ভাবে বিন্যস্ত। এরা পরস্পরের সাথে পেশীর দ্বারা যুক্ত। প্রতিটি পিরামিডের দৈর্ঘ বরাবর একটি লম্বা ক্যালকেরিয়াস ব্যান্ড আছে। এটি কিছুটা পিরামিডের থেকে বার হয়ে শক্ত সূচালো দাঁত তৈরী করে। এই দাঁত এবং পিরামিড ব্যতীত অ্যারিস্টটল লণ্ঠনে অনেক ছোট ছোট রডের মত অংশ আছে। বিশেষ ধরনের পেশীর সংকোচন প্রসারের ফলে এই লণ্ঠনটি মুখছিদ্রের ভিতরে ও বাইরে আসা যাওয়া করতে পারে। আরও কিছু পেশী দাঁতগুলি খোলা বন্ধ করতে পারে।

বেশীরভাগ সি-আরচিন তাদের দাঁতের সাহায্যে সমুদ্রপৃষ্ঠ থেকে খাদ্যদ্রব্য কামড়ে তুলে নেয়। এদের খাদ্যবস্তুর মধ্যে অ্যালগি বা শৈবাল এবং এছাড়াও বহু গাছ ও প্রাণীর অংশ বিশেষ দেখা যায়। বিভিন্ন প্রজাতির সি-আরচিনের খাদ্যবস্তু আবার বিভিন্ন প্রকারের হয়।

অ্যারিস্টটল লণ্ঠনের ভেতরে মুখবিবর এবং গলবিল অবস্থিত। গলবিল থেকে গ্রাসনালী বার হয়ে নীচের দিকে নলাকৃতি পাকস্থলী গঠন করে। গলবিল ও পাকস্থলীর সংযোগস্থলে একটি বন্ধ থলি বা সিকাম (caecum) থাকে। পাকস্থলীর নালিকা সি-আরচিনের আন্তঃকঙ্কালকে বেস্টন করে প্যাঁচানো অবস্থায় অন্ত্র গঠন করে। অন্ত্র আবার বিপরীত দিকে পুনরায় আর একবার প্যাঁচানো নালিকা তৈরী করে অবশেষে পায়ুতে শেষ হয়। পায়ু পেরিপ্রক্টের মাঝখানে অবস্থিত পায়ুছিদ্র পথে (Anus) বাইরে মুক্ত হয়। (চিত্রঃ 13.6.5 ও 13.6.6)

বেশীর ভাগ সি-আরচিনে পাকস্থলীর সমান্তরাল বরাবর একটি লম্বা সাইফন (Siphon) থাকে যা অন্ত্রের গর্তের সাথে যুক্ত। এই সাইফনের সাহায্যে এরা অতিরিক্ত জল বাইরে বের করে দেয়। এদের পাকস্থলীতে বহিঃকোষীয় পাচন শুরু হয় এবং অন্ত্রে তা সম্পূর্ণ হয়। অন্ত্রে পাচিত খাদ্যবস্তু শোষিত হয়। অপাচ্য খাদ্যবস্তু সাময়িকভাবে পায়ুতে জমা থাকে। এবং পরে পায়ুছিদ্র পথে বাইরে নিক্ষিপ্ত হয়।

13.6.7 আভ্যন্তরিন পরিবহন, গ্যাসের আদান-প্রদান ও রেচন (Internal transport, gas exchange & excretion) ঃ দেহগহ্বরে যে তরলপদার্থ থাকে তাই প্রধানতঃ পরিবহনের মাধ্যম। এছাড়া উক্ত তরলে অসংখ্য সিলোমোসাইট নামক কোষ ভাসমান অবস্থায় বর্তমান। এদের হিমালতন্ত্র সমুদ্রতারার

মতই তবে অপেক্ষাকৃত উন্নত। গ্যাসীয় আদানপ্রদানের জন্য পাঁচজোড়া পেরিস্টোমাল ফুলকা অবস্থিত। প্রতিটি ফুলকা অসংখ্য শাখা প্রশাখাযুক্ত। অ্যারিস্টটল লণ্ঠনে অবস্থিত পেশী এবং অসিক্‌ল্‌ এর সংকোচনের ফলে তাতে অবস্থিত তরল বস্তু (Coelomic fluid) ফুলকার উপরিভাগে জোরে প্রবাহিত হয়। যার ফলে গ্যাসের আদান-প্রদান ঘটে।

অন্যান্য একাইনোডার্মদের মত সি-আরচিনের নালিকা পদও গ্যাসের আদান প্রদানে সাহায্য করে। বেশীরভাগ সি-আরচিনে অ্যাবোরাল পৃষ্ঠের নালিকাপদগুলি বিশেষভাবে পরিবর্তিত হয়ে এই কার্য্য সম্পন্ন করে।

সিলোমোসাইট (Coelomocytes) গুলি সি-আরচিনের রেচনে বিশেষভাবে সাহায্য করে। এরা দানাকার বর্জ্যপদার্থগুলিকে বহন করে। ফুলকা, নালিকাপদ এবং অ্যাক্সিয়াল তন্ত্রে নিয়ে যায় এবং সেখান থেকে বর্জ্যপদার্থগুলি বাইরে নিক্ষিপ্ত হয়। এদের অ্যাক্সিয়াল তন্ত্র অ্যাসটেরয়েডদের মতই।

13.6.8 স্নায়ুতন্ত্র (Nervous System) ঃ সি-আরচিনের স্নায়ুতন্ত্রের প্রাথমিক গঠন অ্যাসটেরয়েড বা সমুদ্রতারাদের মতো। লণ্ঠনের ভিতর গলবিলকে বেষ্টন করে সারকাম ওরাল রিং (Circumoral ring) অবস্থিত। অরিয় স্নায়ু (radial nervs) গুলি পিরামিড ও লণ্ঠনের মধ্যদিয়ে খোলকের নীচ পর্যন্ত বিস্তৃত।

এদের অসংখ্য সংজ্ঞাবহকোষ কাঁটা, পেডিসিলেরি এবং পদের এপিথেলিয় পর্দাতে অবস্থিত। এদের স্ফেরিডিয়া (Spheridia) নামক একপ্রকার শক্ত গোলাকার স্টাটোসিস্ট আছে। এরা সংখ্যায় স্বল্প বা অসংখ্য এবং বোঁটা যুক্ত ; অ্যাম্বুল্যাক্রাল বরাবর অবস্থিত। এদের কাজ হ'ল অভিকর্ষজ টানের বিরুদ্ধে সি-আরচিনের অবস্থানকে ঠিক রাখা।

13.6.9 জনন (Reproduction) ঃ সমস্ত একাইনয়েডই একলিঙ্গ প্রাণী। নিয়তাকার একাইনাসের খোলকের ভিতরের দিকে অন্তঅ্যাম্বুল্যাক্রা বরাবর পাঁচটি গোনাডা বা জননঅঙ্গ ঝুলন্ত অবস্থায় থাকে। প্রতিটি গোনাড থেকে একটি ক্ষুদ্র গোনোডাক্ট বা জননননালী বার হয়ে এদের অ্যাবোরাল পৃষ্ঠে অবস্থিত পাঁচটি জেনিটাল প্লেটের যেকোনো একটির মধ্যে অবস্থিত জননছিদ্র বা গোনোপোর (Gonopore) মারফত বাইরে উন্মুক্ত হয়।

শক্রাণু এবং ডিম্বাণু উভয়েই সমুদ্রের জলে নিক্ষিপ্ত হয় এবং সেখানেই বহিঃনিষেক ঘটে। কিছু কিছু সি-আরচিন যথা হার্ট আরচিন, স্যান্ডডলার প্রভৃতিতে ব্রুডিং (Brooding) বা ভ্রূণের লালনপালন দেখা যায়। এক্ষেত্রে এরা ডিম্বাণুগুলিকে পেরিস্টোমের মধ্যে সাময়িক ভাবে রেখে দেয়।

13.6.10 পরিস্ফুরন (Development) ঃ সি-আরচিনের নিষিক্ত ডিম্বাণুটি সমবিভাজন দ্বারা (equal cleavage) বিভাজিতহয়ে আটটি ব্লাসস্টোমিয়ার উৎপন্ন করে। এরা পুনরায় বিভাজিত হয়ে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র মাইক্রোমিয়ার তৈয়ারী করে এবং ডিম্বাণু ভেডিটাল মেরুতে সজ্জিত হয়. এই ভাবে ব্লাসটুলা (Blastula) তৈয়ারী হয়। ব্লাসটুলার চারিপার্শ্বে অসংখ্য রোম থাকে এবং এরা নিষেকের প্রায় 12 ঘন্টা পরে সমুদ্রের জলে সাঁতার দিতে শুরু করে।

কিছুক্ষণ পরে এদের গ্যাসট্রুলেশন শুরু হয়। মাইক্রোমেয়ারগুলি পরিবর্তিত হয়ে মেসেনকাইম পর্দা তৈরী করে। দেহের মাঝখানে ধীরে ধীরে আর্কেন্টেরন তৈরী হয় এবং গ্যাস্ট্রুলা অবশেষে শঙ্কুর আকার ধারণ করে। শঙ্কুর মতো দেখতে লার্ভাটিকে একাইনোপ্লুটিয়াস (Echinopluteus) লার্ভা বলে। এদের ছয় জোড়া লম্বা বাহু থাকে এবং এদের সাহায্যে এরা সমুদ্রের জলে ভাসমান অবস্থায় ঘুরে বেড়ায়। এ অবস্থায়

কয়েকমাস থাকবার পর এদের দেহে অন্তঃকঙ্কাল, পাঁচটি জেনিটাল প্লেট ইত্যাদি তৈরী হয়। অবশেষে দেহ ভারী হয়ে এরা সমুদ্রের তলদেশে ডুবে যায় এবং প্রায় এক ঘণ্টার মধ্যে অপত্য আরচিনে রূপান্তরিত হয়। (চিত্রঃ 13.6.7)

অনুশীলনী—3

নিম্নলিখিত প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দিন।

(i) সি-আরচিনের মোট কয়জোড়া মুখউপাঙ্গ আছে?
(ii) পেরিপ্রক্ট কি? এটি কোথায় অবস্থিত?
(iii) এদের কত সারি অ্যাম্বুল্যাক্রাল প্লেট আছে?
(iv) এদের পেডিসিলারি কি কি কার্য করে?
(v) অ্যারিস্টটলের লণ্ঠন কি?
(vi) সি-আরচিনের চলন অঙ্গ কি?
(vii) এদের খাদ্য কি কি?
(viii) এদের রেচন অঙ্গ কি?
(ix) স্ফেরিডিয়া (Spheridia) কি ও কোথায় অবস্থিত?
(x) সি-আরচিনের লার্ভাকে কি বলে?

13.7 সারাংশ

এই এককটিতে আপনারা জেনেছেন যে ঃ

- একাইনোডার্মাটা প্রাণীরা সকলেই সামুদ্রিক এবং এদের দেহত্বক 'কন্টকময়' তাই এদের কণ্টকত্বক প্রাণী বলা হয়।
- একাইনোডার্মাটা পর্ব চারটি উপপর্বে এবং প্রতিটি উপপর্ব আবার বিভিন্ন শ্রেণি ও উপশ্রেণিতে বিভক্ত।
- পর্ব একাইনোডার্মাটার অন্তর্গত দুইটি প্রাণী যথাক্রমে অ্যাসটেরিয়াস বা সমুদ্রতারা এবং একাইনাস বা সি-আরচিন সম্বন্ধে বিশেষ ভাবে আলোচনা করা হয়েছে।
- অ্যাসটেরিয়াসদের বহিরাকৃতি এদের অন্তঃকঙ্কাল সম্বন্ধে আলোচনা করা হয়েছে। এদের দেহ দুইটি পৃষ্ঠতলে বিভাজিত। উপরের পৃষ্ঠ গাঢ় রং এর, একে অ্যাবোরাল পৃষ্ঠ এবং নীচের পৃষ্ঠ চ্যাপ্টা, ইহাকে ওর‍্যাল পৃষ্ঠ বলে। ওর‍্যাল পৃষ্ঠে মুখছিদ্র, অ্যাম্বুল্যাক্রাল খাঁজ, অ্যাম্বুল্যাক্রাল কন্টক এবং অ্যাম্বুল্যাক্রাল খাঁজের মধ্যে অসংখ্য চারসারিতে সজ্জিত নালিকাপদ আছে।
- অ্যাসটেরিয়াসের অ্যাবোরাল পৃষ্ঠে পায়ুছিদ্র, মেড্রিপোরাইট, অসংখ্য কণ্টক, প্যাপুলি বা ফুলকা এবং পেডিসিলেরি বর্তমান। এদের অন্তঃকঙ্কাল চূণনির্মিত অসংখ্য অসিক্‌ল্‌ দ্বারা গঠিত অসিক্‌ল্‌গুলি উল্টানো 'V' অক্ষরের ন্যায় সাজানো থাকে।
- এদের জলসংবহনতন্ত্র উন্নত ধরনের। জলসংবহনতন্ত্র মেড্রিপোরাইট, স্টোনক্যানাল, রিংক্যানাল,

রেডিয়াল ক্যানাল, ল্যাটারাল ক্যানাল, নালিকাপদ ও টাইডম্যানস্‌বডি নিয়ে গঠিত। এরা জলসংবহনতন্ত্রের সাহায্যে চলন বা গমন, শ্বসন, পুষ্টি ও রেচন কার্য্য সম্পন্ন করে।

- এদের প্রকৃতপক্ষে কোন সংবহনতন্ত্র নাই তবে পেরিহিমাল তন্ত্র এবং হিমাল তন্ত্র আছে।
- অ্যাসটেরিয়াসদের চক্ষু, প্রান্তীয় কর্ষিকা এবং নিউরোসেনসরি কোষ জ্ঞানেন্দ্রিয় হিসাবে কার্য করে।
- এরা সাধারণতঃ যৌন প্রক্রিয়ায় বংশবৃদ্ধি করে তবে কখনও অযৌনপদ্ধতিতে দেহখণ্ডিত হয়ে অপত্য অ্যাসটেরিয়াস উৎপন্ন করে। এরা একলিঙ্গ প্রাণী, সমুদ্রের জলে এদের বহিঃনিষেক ঘটে। এদের লার্ভাকে বাইপেনেরিয়া লার্ভ বলা হয়।
- এছাড়াও আপনারা একাইনাস বা সি-আরচিন সম্বন্ধে বিশদভাবে জ্ঞান লাভ করেছেন। সি-আরচিন দুই গোষ্ঠীর যথা—নিয়তাকার সি-আরচিন এবং অনিয়তাকার সি-আরচিন।
- এরা দেখতে গোলাকার অথবা হৃদয়াকার বা কেকের মতো। এদের দেহের চার পাশে অসংখ্য লম্বা লম্বা চলমান সজারুর কাঁটার মত কাঁটা আছে।
- সি-আরচিনের দেহ দুইটি পৃষ্ঠ সমন্বিত উপরের পৃষ্ঠটিকে অ্যাবোরাল এবং নীচের পৃষ্ঠটিকে ওরাল পৃষ্ঠ বলে। ওরালপৃষ্ঠে মুখছিদ্র, তাকে বেষ্টন করে পেরিস্টোমাল পর্দা, পাঁচজোড়া মুখ উপাঙ্গ, বাক্কাল পোডিয়া এবং পাঁচ জোড়া ফুলকা দেখা যায়।
- অ্যাবোরাল পৃষ্ঠে পায়ুছিদ্র অবস্থিত একে পেরিপ্রক্ট (Periproct) বলে।
- সি-আরচিনের কঙ্কালতন্ত্র সারি সারি অ্যাম্বুল্যাক্রাল প্লেট দিয়ে গঠিত। এদের মধ্যে 10 সারি অ্যাম্বুল্যাক্রাল এবং 10 সারি ইন্টার অ্যাম্বুল্যাক্রাল প্লেট থাকে। প্রতিটি প্লেট ছিদ্রপথে নালিকা দ্বারা ভেতরের দিকে অ্যাম্পুল্লা এবং বাহিরের দিকে নালিকাপদকে যুক্ত করে।
- সি-আরচিন এদের শক্ত কাঁটা এবং নালিকাপদের সাহায্যে সমুদ্রতলে চলন বা গমন এবং খাদ্যগ্রহণ করে। এদের জলসংবহনতন্ত্র স্টারফিস বা সমুদ্রতারাদের মত।
- এর অ্যারিস্টটল লণ্ঠন (Aristotle's Lantern) নামক একবিশেষ দেহ যন্ত্রের সাহায্যে খাদ্যগ্রহণ করে।

  অন্যান্য একাইনোডার্মদের মতো এদের নালিকাপদগুলি বিশেষভাবে পরিবর্তিত হয়ে গ্যাসের আদান-প্রদান করে। এদের দেহ-গহ্বরে অবস্থিত তরলে ভাসমান সিলোমাসাইট (Coelomocytes) গুলি রেচনে বিশেষভাবে সাহায্য করে।
- সি-আরচিন একলিঙ্গ প্রাণী। এদের অন্তঃঅ্যাম্বুল্যাক্রাল খাঁজ বরাবর পাঁচটি গোনাড বা জননঅঙ্গ অবস্থায় থাকে। গোনাডে শুক্রাণু উৎপন্ন হয়ে জননছিদ্র মারফত সমুদ্রের নিক্ষিপ্ত হয় এবং তথায় বহিঃ নিষেক ঘটে।
- এদের লার্ভাকে একাইনোপ্লুটিয়াস (Echinopluteus) লার্ভা বলে। এদের ছ'জোড়া লম্বা বাহু থাকে এবং এদের সাহায্যে এরা সমুদ্রের জলে ভাসমান অবস্থায় ঘুরে বেড়ায়।

13.8 সর্বশেষ প্রশ্নাবলী ঃ

1. একাইনোডার্মাটা পর্বের সাধারণ বৈশিষ্ট্যগুলি কী কী?
2. ছকের সাহায্যে একাইনোডার্মাটা পর্বের উপশ্রেণি পর্যন্ত শ্রেণিবিভাগ করুন এবং একটি করে উদাহরণ দিন।

3. নিম্নলিখিত প্রশ্নগুলির পাঁচ/ছয় ছত্রে উত্তর লিখুন।

(a) অ্যাসটেরিয়াসের আকার ও আকৃতি সম্বন্ধে যা জানেন লিখুন।

.....
.....
.....
.....
.....

(b) অ্যাসটেরিয়াসের বাহুর অনুপ্রস্থচ্ছেদ বর্ণনা করুন।

.....
.....
.....
.....
.....

(c) অ্যাসটেরিয়াসের জলসংবহনতন্ত্র কী কী অংশ নিয়ে গঠিত এবং তার কার্যগুলি সংক্ষেপে আলোচনা করুন।

.....
.....
.....
.....
.....

(d) পেরিহিলামতন্ত্র ও হিমালতন্ত্র কাকে বলে? উক্ততন্ত্র দুটিই কী কী অংশ নিয়ে গঠিত তা আলোচনা করুন।

.....
.....
.....
.....
.....

(e) অ্যাসটেরিয়াসের জীবনচক্র সংক্ষেপে আলোচনা করুন।

.....
.....
.....
.....
.....

(f) একাইনাস বা সি-আরচিনের বহিরাকৃতি সংক্ষেপে আলোচনা করুন।

.....
.....
.....
.....
.....

(g) সি-আরচিনের খাদ্যগ্রহণ ও পুষ্টি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।

.....
.....
.....
.....
.....

(h) সি-আরচিনের জনন ও পরিস্ফুরন ব্যাখ্যা করুন।

.....
.....
.....
.....
.....

4. নিম্নলিখিত প্রশ্নগুলির এককথায় বা দুই এক ছত্রে উত্তর দিন।

(a) অ্যাম্বুল্যাক্রাল খাঁজ কাকে বলে?

(b) মেড্রিপোরাইট কী এবং কোথায় অবস্থিত?

(c) পেডিসিলেরি কাকে বলে?

(d) স্টোন ক্যানাল কি? কোথায় অবস্থিত?

(e) জলসংবহন তন্ত্র কাকে বলে?

(f) টাইডম্যানস বডি কী এবং কোথায় অবস্থিত?

(g) নালিকাপদ (Tubefeet) কী? এর কাজ কী?

(h) অ্যাসটেরিয়াসের প্রধান জ্ঞানেন্দ্রিয়গুলি কী কী?

(i) এদের জীবনচক্রে কয়প্রকার লার্ভা দেখা যায়? নাম লিখুন।

(j) পেরিপ্রক্ট কী এবং কোথায় অবস্থিত?

(k) অ্যারিস্টটলের লণ্ঠন কী? এর কাজ কী?

(l) স্ফেরিডিয়া কি? এর কাজ কী?

(m) সিলোমোসাইট কী? এর কাজ কী?

(n) সি-আরচিনের লার্ভাকে কী বলে?

5. সঠিক শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ করুন।

(i) অ্যাসটেরিয়াস স্বভাবে —— এবং ——।
(ii) অ্যাসটেরিয়াসের প্রতিটি বাহুর —— চারসারি —— আছে।
(iii) এদের দেহ —— গঠিত।
(iv) অ্যাসটেরিয়াসের দেহতলে অসংখ্য ফাঁপা —— অবস্থিত এবং —— রূপে কাজ করে।
(v) এদের পাকস্থলি দুটি অংশে বিভক্ত যথা —— এবং ——।
(vi) অ্যাসটেরিয়াসের —— জোড়া —— অবস্থিত।
(vii) —— একটি গোলাকার পর্দা, যার মাঝখানে পায়ুছিদ্র অবস্থিত।
(viii) কাঁটা ব্যতীত সি-আরচিনের দেহের উপরিতলে অসংখ্য —— আছে।
(ix) সি-আরচিনের এক বিশেষ ধরনের যন্ত্রের সাহায্যে খাদ্যগ্রহণ করে, একে —— বলে।
(x) সি-আরচিন —— সাহায্যে দেহের অতিরিক্ত জল বাইরে নিক্ষিপ্ত করে।
(xi) সি-আরচিনের —— সমুদ্রের জলে ঘটে।
(xii) এদের লার্ভাকে ——— বলা হয়।

13.9 উত্তরমালা

অনুশীলনী—1

(i) একাইনস (Echinus) ও ডার্মাটস (Dermatos)।
(ii) সামুদ্রিক
(iii) কণ্টক
(iv) 4টি
(v) জল সংবহন
(vi) নালিকাপদ (Tubefeet)

অনুশীলনী—2

(i) অ্যাসটেরিয়াসের দেহের অ্যাবোরাল তলে অবস্থিত একটি চাকতির ন্যায় অংশকে মেড্রিপোরাইট বলে।
(ii) এটি একটি 'S' আকৃতি বিশিষ্ট বড় নালিকা।
(iii) অ্যাসটেরিয়াসের অন্তঃকঙ্কাল চূণনির্মিত অসংখ্য অসিক্‌ল্‌ (ossicle) দ্বারা গঠিত।
(iv) এদের পাকস্থলি দুভাগে বিভক্ত যথা কার্ডিয়াক ও পাইলোরিক পাকস্থলি।
(v) অ্যাসটেরিয়াসের মোট পাঁচ জোড়া বা 10 টি হেপাটিক সিকা আছে।
(vi) প্রতিটি নালিকাপদ তিনটি অংশ নিয়ে গঠিত যথা—অ্যাম্পুল্লা (Ampulla), পোডিয়াম (Podium) এবং চোষক (Sucker)
(vii) নালিকা পদের প্রধান কার্য্য-চলন বা গমন, শ্বসন, পুষ্টি এবং রেচনে সাহায্য করা।
(viii) অ্যাসটেরিয়াসের ওর‍্যাল স্নায়ুতন্ত্র মুখছিদ্রকে বেষ্টন করিয়া অবস্থিত।

(ix) এদের জ্ঞানেন্দ্রিয়গুলি হ'ল চক্ষু, প্রান্তীয় কর্ষিকা এবং নিউরোসেনসরি কোষ।
(x) অ্যাসটেরিয়াস প্রধানতঃ যৌন প্রক্রিয়ায় বংশবৃদ্ধি করে।
(xi) এদের ক্লিভেজ হলোব্লাসটিক।
(xii) অ্যাসটেরিয়াসের লার্ভাদের বাইপিনেরিয়া লার্ভা এবং ব্র্যাকিওলেরিয়া লার্ভা বলে।

অনুশীলনী—3

a) পাঁচজোড়া মুখ উপাঙ্গ আছে।
b) পেরিপ্রক্ট একপ্রকার গোলাকার পর্দা, যা সি-আরচিনের অ্যাবোরাল পৃষ্ঠে অবস্থিত।
c) এদের মোট 20 সারি অ্যাম্বুল্যাক্রাল প্লেট আছে।
d) পেডিসিলেরি আত্মরক্ষার্থে এবং শরীর পরিষ্কার করতে ব্যবহৃত হয়।
e) অ্যারিস্টটলের লণ্ঠন হ'ল সি-আরচিনের এক বিশেষ ধরনের খাদ্যগ্রহণকারী অঙ্গ।
f) শক্ত কাঁটা এবং নালিকাপদ।
g) শৈবাল এবং অন্যান্য প্রাণী ও উদ্ভিদের অংশবিশেষ।
h) সিলোমোসাইট
i) স্ফেরিডিয়া হ'ল একপ্রকার শক্ত গোলাকার স্ট্যাটোসিস্ট, যা সি-আরচিনের অ্যাম্বুল্যাক্রাল স্কাঁজ বরাবর অবস্থিত।
j) একাইনোপ্লুটিয়াস (Echinopluteus)।

সর্বশেষ প্রশ্নাবলীর উত্তর ঃ

1. এই প্রশ্নের জন্য আপনি এই এককটির 13.3 পয়েন্ট দেখুন।
2. এই প্রশ্নটির উত্তরের জন্য 13.4 পয়েন্ট দেখুন।
3. a) এর উত্তর আপনি 13.5.1 পয়েন্ট দেখুন।
   b) এই প্রশ্নের উত্তর আপনি 13.5.4 পয়েন্টে পাবেন।
   c) এই প্রশ্নের উত্তর আপনি 13.5.8 পয়েন্টে পাবেন।
   d) এর উত্তর আপনি এই এককের 13.5.10 পয়েন্টে দেখুন।
   e) এই প্রশ্নের উত্তর আপনি 13.5.13 পয়েন্টে দেখুন।
   f) এই প্রশ্নের উত্তর আপনি 13.6.1 পয়েন্টে পাবেন।
   g) এর উত্তর আপনি এই এককের 13.6.6 পয়েন্ট দেখুন।
   h) এই প্রশ্নের উত্তর আপনি 13.6.9 এবং 13.6.10 পয়েন্টে পাবেন।
4. a) অ্যাসটেরিয়াসের মুখছিদ্রের প্রতি কোন থেকে একটি খাঁজ অরীয়ভাবে প্রতিটি বাহুর ওর‍্যাল পৃষ্ঠের মাঝখান বাবর বাহুর শেষপ্রান্ত পর্যন্ত প্রসারিত। এই খাঁজকে অ্যাম্বুল্যাক্রাল খাঁজ বলে।
   b) মেড্রিপোরাইট হ'ল একটি চ্যাপ্টাকৃতি, অসংখ্য রস্ক্রযুক্ত প্লেট। অ্যাসটেরিয়াসের অ্যাবোরাল পৃষ্টে দুটি বাহুর মধ্যস্থলে অবস্থিত।
   c) অ্যাসটেরিয়াসের অ্যাবোরাল পৃষ্ঠে ক্ষুদ্র কাঁটার ন্যায় অসংখ্য চোয়াল সম্বলিত উপাঙ্গ দেখা যায়। এদের পেডিসিলেরি বলে।

d) এটি একটি ইংরাজী 'S' অক্ষরের আকৃতি বিশিষ্ট বড় নালিকা। এটি অ্যাসটেরিয়াসের ওর‍্যাল পৃষ্ঠ থেকে অ্যাবোরাল পৃষ্ঠ পর্যন্ত বিস্তৃত।

e) যে তন্ত্রে সিলোম রূপান্তরিত হয়ে কতকগুলি নালিকার সৃষ্টি করে এবং এই নালিকাগুলি কিছু কণিকাসহ সমুদ্রজলে পূর্ণ থাকিয়া বহুবিধ শারীবৃত্তীয় কার্য সমাধা করে, তাহাকে 'জলসংবহনতন্ত্র' বলে।

f) টাইডম্যানস বডি হ'ল একপ্রকার পীতাভ গোলাকার অথবা অনিয়তাকার গ্রন্থিযুক্ত বস্তু। এরা অ্যাসটেরিয়াসের রিং ক্যানালের অন্তর্গাত্র সংলগ্ন অন্তঃঅরীয় স্থানে অবস্থিত।

g) এটি একপ্রকার ফাঁপা, স্থিতিস্থাপক, পাতলা প্রাকার বিশিষ্ট দুই মুখ বন্ধ নালিকা। এর কাজ হ'ল অ্যাসটেরিয়াসের চলনে, শ্বসনে, পুষ্টি এবং রেচনে সাহায্য করা।

h) এদের সংবহনতন্ত্র দুইপ্রকারের যথা (1) পেরিহিমাল তন্ত্র ও (2) হিমালতন্ত্র

i) অ্যাসটেরিয়াসের প্রধান জ্ঞানেন্দ্রিয়গুলি হ'ল-চক্ষু, প্রান্তিয় কর্ষিকা এবং নিউরোসেনসরি কোষ।

j) অ্যাসটেরিয়াসের জীবনচক্রে দুই প্রকারের লার্ভা দশা দেখা যায় যথা-বাইপিনেরিয়া এবং ব্র্যাকিওলেরিয়া।

k) পেরিপ্রক্ট একপ্রকার গোলাকার পর্দা। এটি সি-আরচিনের অ্যাবোরাল পৃষ্ঠে অবস্থিত।

l) অ্যারিস্টটলের লণ্ঠন হ'ল সি-আরচিনের এক বিশেষ ধরনের খাদ্যগ্রহণকারী অঙ্গ।

m) স্ফেরিডিয়া হ'ল একপ্রকার শক্ত গোলাকার স্ট্যাটোসিস্ট। এর কাজ হ'ল অভিকর্ষজ টানের বিরুদ্ধে সি-আচিনের অবস্থানকে ঠিক রাখা।

n) সিলোমোসাইট হ'ল সিলোমিক তরলে অবস্থিত বিশেষ ধরনের কোষ। এরা সি-আরচিনের রেচনে সাহায্য করে।

o) একাইনোপ্লুটিয়াস (Echinopluteus) লার্ভা বলে।

5. a) নিশাচর, মাংসাশী
   b) অ্যাম্বুল্যাক্রাল খাঁজে, নালিকাপদ
   c) চূণদ্বারা
   d) নালিকাপদ, গমনঅঙ্গ
   e) কার্ডিয়াক এবং পাইলোরিক
   f) পাঁচজোড়া, পাইলোরিক সিকা
   g) পেরিপ্রক্ট
   h) পেডিসিলেরি
   i) অ্যাস্টিটলের লণ্ঠন
   j) সাইফনের
   k) বহিঃনিষেক
   l) একাইনোপ্লুটিয়াস



চিত্র নং 13.5.1 ঃ অ্যাস্টেরিয়াসের বহির্গঠন-পরাঙমুখ



চিত্র নং 13.5.2 ঃ অ্যাস্টেরিয়াসের দেহতলের কয়েকটি উপাঙ্গ-প্যাপুলি ও পেডিসিলেরি (A), পেডিসিলেরির গঠন [ক্রশড্ (1), ঋজু (2)], প্যাপুলা সংলগ্ন অঞ্চলের আণুবীক্ষণিক চিত্ররূপ (C)।



চিত্র নং 13.5.3 ঃ অ্যাস্টেরিয়াসের বাহুর প্রস্থচ্ছেদের চিত্ররূপ।



চিত্র নং 13.5.4 ঃ অ্যাস্টোরিয়াসের পৌষ্টিকতন্ত্র—পরান্মুখ দৃশ্য (A), পাইলোরি পাকস্থলী ও অন্ত্রের সিকাম (B), পাইলোরিক সিকামের অবস্থান (C)।



চিত্র নং 13.5.5 ঃ অ্যাস্টেরিয়াসের জল সংবহনতন্ত্র (A), ম্যাড্রিপোরাইট (B), টিউব ফুটের (C) গঠনের চিত্ররূপ।



চিত্র নং 13.5.6 ঃ অ্যাস্টেরিয়াসের পরিস্ফুরণ—জাইগোট (A), সেগমেন্টেসন (B-D), ব্লাস্টুলা (E), গ্যাসট্রুলা ডিস্ক (F), পূর্ণগঠিত গ্যাস্ট্রুলা (G), (E হইতে G ব্যবচ্ছেদিত চিত্ররূপ) বাইপিনেরিয়া লার্ভা দশা (H), ব্রাকিওলারিয়া লার্ভা দশা (I), পরান্মুখতল (J), মৌখিকতল (K)।



চিত্র নং 13.5.7 ঃ দ্বি-পার্শ্বীয় প্রতিসম লার্ভা হইতে অরীয় প্রতিসম লার্ভার উৎপত্তি।



চিত্র নং 13.6.1 ঃ একাইনাসের বর্হিগঠন।



চিত্র নং 13.6.2 ঃ একাইনাসের ওরাল পৃষ্ঠের (ক) এবং অ্যাবোরাল পৃষ্ঠের বহির্গঠন

চিত্র নং 13.6.3 ঃ পেরিপ্রষ্ট ও উহার চতুর্দিকে অবস্থিত অংশসমূহ।



চিত্র নং 13.6.4 ঃ একাইনাসের দেহত্বকের প্রস্থচ্ছেদ। এখানে নালিকাপদ, এবং মুখ্য ও গৌণ কণ্টক দেখানো হইয়াছে।



চিত্র নং 13.6.5 ঃ একাইনাসের অন্তর্গঠন

চিত্র নং 13.6.6 ঃ একাইনাসের অ্যারিস্টটলের লণ্ঠন



চিত্র নং 13.6.7 ঃ একাইনোপ্লুটিয়াস লার্ভা

একক 14 ❑ হেমিকর্ডাটা (Hemichordata) ঃ শ্রেণীবিন্যাস ব্যালানোগ্লসাসের শারীরিক গঠনতন্ত্র, সাদৃশ্য এবং রীতিবদ্ধ বিজ্ঞানগত অবস্থান

গঠন

14.1 প্রস্তাবনা
উদ্দেশ্য
14.2 হেমিকর্ডাটার সাধারণ বৈশিষ্ট্য
14.3 হেমিকর্ডাটার শ্রেণীবিন্যাস
14.4 ব্যালানোগ্লসাসের শারীরিক গঠনতন্ত্র
14.4.1 স্বভাব ও বাসস্থান
14.4.2 বহিরাকৃতি
14.4.3 দেহপ্রাচীর
14.4.4 দেহগহ্বর
14.4.5 অন্তঃকঙ্কাল
14.4.6 পৌষ্টিকতন্ত্র
14.4.7 শ্বসনতন্ত্র
14.4.8 সংবহনতন্ত্র
14.4.9 রেচনতন্ত্র
14.4.10 নার্ভতন্ত্র
14.4.11 জননতন্ত্র
14.4.12 বিকাশ
14.5 ব্যালানোগ্লসাসের সাদৃশ্য
14.5.1 অমেরুদণ্ডীদের সাথে সাদৃশ্য
14.5.2 কর্ডেট পর্বভুক্ত প্রাণীদের সঙ্গে সাদৃশ্য
14.6 ব্যালানোগ্লসাসের রীতিবদ্ধ বিজ্ঞানগত অবস্থান
14.7 সারাংশ
14.8 প্রশ্নাবলী
14.9 উত্তরসংকেত

14.1 প্রস্তাবনা

পৃথিবীতে প্রথম প্রাণের উদ্ভব ও তারপর বিবর্তনের সিঁড়ি বেয়ে ক্রমশঃ তার এগিয়ে চলা। এই বিবর্তনের

ধারার ফাঁকে ফাঁকে সৃষ্টি হয়েছে কত জানা অজানা প্রাণীর। এককোষী থেকে বহুকোষী। বহুকোষী প্রাণীদের আবাব উত্তরণ ঘটেছে অমেরুদণ্ডী অবস্থা থেকে একসময় মেরুদণ্ডী গোষ্ঠীতে। এই যে পরিবর্তন তা কিন্তু হতে সময় লেগেছে বহুকোটি বছর এবং বিবর্তনের সুদীর্ঘ সেই ইতিহাস লেখা হয়ে আছে পৃথিবীরই বুকে শিলালিপিতে জীবাশ্ম হিসাবে। আবার জীবিত প্রাণীরাও অনেকে বহন করছে এক গোষ্ঠী থেকে অন্য গোষ্ঠীতে উত্তরণের সাক্ষ্য। এমনই এক জীবিত প্রাণী গোষ্ঠীর নাম হেমিকর্ডাটা একবছর ধরে চলছে এই হেমিকর্ডেটদের নিয়ে গবেষণা। কারণ এদের রীতিগত বিজ্ঞানগত অবস্থান। এরা কোন ভাবেই অমেরুদণ্ডী নয়। আবার মেরুদণ্ডীদের অধিকাংশ চরিত্রই এদের মধ্যে অবর্তমান। তাহলে এদের অবস্থান কোথায়? কেমন দেখতে এই গোষ্ঠীভুক্ত প্রাণীদের? এই অধ্যায়ে আমরা তারই অনুসন্ধান করবো। কিছুদিন আগেও হেমিকর্ডাটাদের কর্ডাটা পর্বের অন্তর্গত একটি উপপর্ব হিসাবে গণ্য করা হত [উপপর্ব হেমিকর্ডাটা = এডেলোকর্ডাটা অথবা স্টোমোকর্ডাটা] এবং ধরা হত এই গোষ্ঠিভুক্ত প্রাণীরা মূলতঃ একধরণের অমেরুদণ্ডী কর্ডাটা (invertebrate chordatas)। পরবর্তী কালে এই হেমিকর্ডাটাদের কর্ডাটা পর্ব থেকে আলাদা করে একটি নতুন পর্বের অন্তর্ভুক্ত করা হয় এবং নামকরণ হয় পর্ব ঃ হেমিকর্ডাটা আসলে যে সকল *ডিউটেরোস্টোম (deuterostome) প্রাণীর ** এন্টেরোসিলাস সিলোম (Enterocoelous Coelom) ফ্যারিঞ্জিয়াল ফুলকা ছিদ্র (Pharyngeal gill elits), খাদ্যনালীর সামনের দিকে একটি বন্ধ উপনালী বা বাক্কাল ডাইভার্টিকুলাম বা ষ্টোমোকর্ড (stomocord) নামে এখন পরিচিত (আগে একে নোটোকর্ড বলে ভাবা হত এবং সেই কারণেই হেমিকর্ডাটাকে কর্ডাটা পর্বভুক্ত বলা হত) এবং প্রোবোসিস (Proboscis), কলার (collar) এবং দেহ বা ট্রাঙ্ক (trunk) এই তিনভাগে বিভক্ত কেঁচোর মত দেহ বিশিষ্ট, সেই প্রাণীরাই এই হেমিকর্ডাটা পর্বের সদস্য।

* বহুকোষী প্রাণীদের ভ্রূণের গঠনকালের (embryonic development) প্রকৃতি অনুযায়ী দুইভাগে ভাগ করা হয়। এরা হল (1) প্রোটোস্টোম প্রাণী বা প্রোটোস্টোমিয়া (Protostomia) গ্যাস্ট্রুলা দশায় ব্লাস্টোপোর থেকে মুখ ছিদ্র তৈরী হয়। উদাঃ চ্যাপ্টাকৃমি, গোলকৃমি, অ্যানিলিডা, মোলাস্কা ও সন্ধিপদ (Arthropoda) পর্বভুক্ত সকল প্রাণী এবং (2) ডিউটেরোস্টোম প্রাণী বা ডিউটোরোষ্টোমিয়া (deuterostomia) ঃ গ্যাস্ট্রুলা দশায় ব্লাষ্টোপোর থেকে পায়ুছিদ্র তৈরী হয়। উদাঃ একাইনোডার্মাটা, কর্ডাটা ও মাইনর ফাইলামভুক্ত কিছু প্রাণী।

** এন্টেরোসিলোম (Enterocoelom) সিলোম ও আদি পৌষ্টিক নালী বা আরকেন্টেরণের (archenteron) এর সঙ্গে যুক্ত থাকে এবং সেই নালি থেকেই বিযুক্ত হয়ে সৃষ্টি হয়। (General Zoology : Villee, Walker, barres)

উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি

- হেমিকর্ডাটা পর্বটির সাধারণ বৈশিষ্ট্যগুলি নির্দেশ করতে সক্ষম হবেন।
- হেমিকর্ডাটার শ্রেণীবিন্যাস উপস্থাপন করতে পারবেন।
- এই পর্বভুক্ত একটি প্রাণী ব্যালানোগ্লসাসের সম্বন্ধে বিস্তারিত তথ্য ও বিবরণ দিতে পারবেন।
- ব্যালানোগ্লসাসের সঙ্গে অন্যান্য প্রাণীদের সাদৃশ্য উল্লেখ করতে পারবেন।
- ব্যালানোগ্লসাসের রীতিবদ্ধ বিজ্ঞানগত অবস্থান বিষয়ে আলোচনা করতে পারবেন।

14.2 হেমিকর্ডাটার সাধারণ বৈশিষ্ট্য

1. পুরোপুরি সামুদ্রিক প্রাণী। হয় একা অথবা কলোনি তৈরী করে বালিতে গর্ত করে বাস করে।
2. কেঁচোর মত নরম ভঙ্গুর দেহ - প্রবোসিস, কলার এবং দেহকাণ্ডে (Trunk) এ বিভক্ত।
3. দেহগহ্বর এন্টেরোসিলাস (Enterocoelous) ধরনের এবং প্রোটোসিল, মেসোসিল ও মেটাসিল নামে তিনটি অংশে বিভক্ত।
4. প্রবোসিসে বাক্কাল ডাইভার্টিকুলাম (buccal diverticulum) বা স্টোমোকর্ড (stomochord) নামে একটি অংশ আছে। আগে একেই নোটোকর্ড বলা হত।
5. সোজা অথবা 'U' আকৃতির পৌষ্টিক নালি।
6. মুক্তসংবহনতন্ত্র।
7. রেচন প্রবোসিসে অবস্থিত একটিমাত্র গ্লোমারিউলাসের মাধ্যমে ঘটে।
8. নার্ভতন্ত্র খুবই অনুন্নত এবং একটি অন্ত বহিঃত্বকীয় নার্ভ প্লেক্সাস (intra epidermal nerve plexus) নিয়ে গঠিত।
9. জনন মুখ্যত যৌন জনন। নিষেক শরীরের বাইরে ঘটে (External fertilization)।

14.3 হেমিকর্ডাটার শ্রেণী বিন্যাস ঃ

মোটামুটি 70 টি প্রজাতি নিয়ে এই পর্বটি গঠিত হয়েছে। হেমিকর্ডাটা পর্বের অন্তর্গত দুইটি মূল শ্রেণী হল (1) এন্টেরোপনিউষ্টা (Enteropneusta) এবং (2) টেরোব্রাঙ্কিয়া (Pterobranchia)

এছাড়াও প্ল্যাঙ্কটোস্ফিরোইডিয়া (Planctosphaeroidea) নামে স্বল্প পরিচিত আরও একটি শ্রেণীকেও কোন কোন প্রাণীতত্ত্ববিদ হেমিকর্ডাটা পর্বভুক্ত বলে মনে করেন।

শ্রেণী 1 ঃ *এন্টেরোপনিউষ্টা* (Enteropneusta) :

চারিত্রিক বৈশিষ্ট্য

(1) একাকী (solitary), গর্তবাসী (burrowing) প্রাণী।
(2) কলারে টেন্টাকুলেটেড বাহু থাকে না।
(3) পৌষ্টিক নালী সোজা। মুখ ও পায়ুছিদ্র দুই বিপরীত মেরুতে অবস্থিত।
(4) বহুসংখ্যক U' আকৃতির ফুলকা ছিদ্র বর্তমান।
(5) স্ত্রী-পুরুষ ভেদ আছে। থলির মত বহুসংখ্যক জননগ্রন্থি।
(6) পরিস্ফুরণ (development) সচরাচর টরনারিয়া (Tornaria) নামে মুক্ত সঞ্চরণশীল (free swimming) লার্ভার দশার মাধ্যমে ঘটে।

উদাহরণ - ব্যালানোগ্লাসাস (*Balanoglossus* sp.) স্যাক্কোগ্লসাস অথবা ডলিকোগ্লাসাস (*Saccoglossus* or *Dolichoglossus*), টাইকোডেরা (*Ptychodera*) প্রভৃতি।

সবচাইতে পরিচিত হেমিকর্ডাটা হল সম্ভবতঃ ব্যালানোগ্লসাস এবং এর বিভিন্ন নিকটাত্মীয়রা যেমন স্যাকোগ্লসাস (= ডলিকোগ্লসাস), স্পেঞ্জেলিয়া, (*Spengelia* sp.) হ্যারিম্যানিয়া (*Harrimania* sp.)

গ্লসোব্যালানাস (Glossobalanus) টাইকোডেরা (*Ptychodera* sp.) ইত্যাদি। এই টাইকোডেরাই সর্বপ্রথম আবিষ্কৃত হেমিকর্ডেট। এসকোলট্জ (Eschscholtz) 1825 সালে মার্শাল দ্বীপপুঞ্জের ওডিয়া নামক স্থানে প্রথম টাইকোডেরা দেখাতে পারন। ব্যালনোগ্লসাস ক্ল্যাভিজেরাস (*Balanoglossus clavigerus*) দ্বিতীয় আবিষ্কৃত হেমিকর্ডেট। ব্যালানোগ্লসাস কথাটার প্রথম অংশ ব্যালানাস (Balanus) একটি গ্রীক্ শব্দ। এর অর্থ অ্যাকর্ন (Acorn = ওক গাছের ফল)। আসলে অ্যাকর্নের সাথে ব্যালানোগ্লসাসের প্রোবেসিসের মিল দেখে এবং সার্বিকভাবে প্রাণীটির আকৃতি জিহ্বার মত (গ্রীক ভাষায় glossa = gongue অর্থাৎ জিহ্বা) বলে নাম হয়ে ব্যালানোগ্লসাস্। বর্তমানে ব্যালনোগ্লসাস এবং এর নিকট প্রজাতিদের সাধারণ ভাবে একর্ন ওয়ার্ম (Acorn worm) বা টাঙ্গা ওয়ার্ম (Tongue worm) নামে অভিহিত করা হয়।

শ্রেণী 2 ঃ *টেরোব্র্যাঙ্কিয়া* (Pterobranchia) :

চারিত্রিক বৈশিষ্ট্য

(1) স্থবির (Sedentary), সংঘবদ্ধ কলোনিয়াল (Colonial) জীব, সাধারণতঃ টিউবের মধ্যে বসবাস করে (tubicolous)।
(2) কলারে ফাঁপা, টেন্টাক্লযুক্ত বাহু থাকে।
(3) ফুলকাছিদ্র কখনোই 'U' আকৃতির নয় এবং হয় সংখ্যায় একজোড়া অথবা আদৌ থাকে না।
(4) পৌষ্টিক নালী U' আকৃতির হওয়ায় মুখ ও পায়ুছিদ্র পাশাপাশি অবস্থান করে।
(5) কিছু কিছু প্রজাতির স্ত্রী-পুরুষ ভেদ আছে। আবার কিছু ক্ষেত্রে এরা উভলিঙ্গ। সচরাচর একটি অথবা একজোড়া জনন গ্রন্থি (gonad) থাকে।
(6) পরিস্ফুরন মুক্ত সঞ্চরণশীল লার্ভা দশার মাধ্যমে হতে পারে। অবশ্য অনেক সময় এই জাতীয় লার্ভা দশা জীবনচক্রে পাওয়া যায় না।

শ্রেণী টেরোব্র্যাঙ্কিয়ার অধিনে আপাততঃ তিনটি বর্গ জানা গেছে। এরা হোল (1) র‍্যাবডোপ্লুরিডা (Rhabdopleurida) (2) কেফালোডিসিডা (Cephalodiscida) এবং (3) অ্যাটুব্যারিডা (Atubarida)। পার্কার এবং হাসওয়েল (T.J. Parkar and W.A. Haswell) তাঁদের এ টেক্সট বুক ও জুলজি (A text book of Zoology) গ্রন্থে অবশ্য এদের বর্গের পরিবর্তে গণ (genus) হিসাবে দেখিয়েছেন। বর্তমান নিয়মে অ্যাটুব্যারিডা (Atubarida), উদাঃ অ্যাটুব্যারিয়া (Atubaria) কেফালোডিসিডার অন্তর্ভুক্ত)

বর্গ 1 ঃ র‍্যাবডোপ্লুরিডা
(i) কলারে দুইটি টেন্টাকল্ যুক্ত বাহু থাকে।
(ii) বহুপ্রাণী একসঙ্গে কলোনী তৈরী করে থাকে। এই কলোনীগুলি আবার পরস্পরের সঙ্গে ধাবকের মত বিশেষ অংশ দিয়ে যুক্ত থাকে। এদের বলে স্টোলন (Stolon)।
(iii) ফুলকাছিদ্র থাকে না।
(iv) জুওয়েড-এর (কলোনীর মধ্যে অবস্থিত একটি প্রাণী) স্ত্রী ও পুরুষ জননাঙ্গ পৃথক থাকে। কিন্তু কলোনী উভয়লিঙ্গ এবং সৃষ্টি ও পরিস্ফুরন ঘটে অঙ্কুরোদ্গমের (budding) এর মাধ্যমে।
(v) মুক্ত সঞ্চরণশীল লার্ভাদশা।
উদাঃ এর একটি মাত্র গণ র‍্যাবডোপ্লুরা (Rhaboplura)
বর্গ 2 ঃ সেফালোডিসিডা

(i) কলারে অনেকগুলি টেন্টাক্‌ল যুক্ত বাহু থাকে।

(ii) হয় একা থাকে নতুবা অনেক মিলে, পরস্পরের সঙ্গে যুক্ত না থেকে একটি কলোনি তৈরী করে। এই কলোনি আবার জেলির মত (Gelatinous) একটি আবরণের মধ্যে থাকে।

(iii) একজোড়া ফুলকাছিদ্র থাকে।

(iv) একজোড়া জননগ্রন্থি (gonad) থাকে।

উদা ঃ কেফালোডিসকাস (*Cephalodiscus*), অ্যাটুবারিয়া (*Atubaria*)।

Atubaria sp. ঃ সাটো (Sato) নামে এক জাপানী বৈজ্ঞানিক 1936 সালে টোকিওর সমুদ্রউপকূলে প্রায় 250 মিটার নিচে প্রথম এই অ্যাটুবারিয়ার কলোনি আবিষ্কার করেন। এর একটি মাত্র প্রজাতিই এখন পর্যন্ত পাওয়া গেছে। এর নাম অ্যাটুবারিয়া হেটেরোলোফা (Atubaria heterolopha) অ্যাটুবারিয়া সর্বাংশে সেফালোডিসকাসের মতই দেখতে। শুধু এদের যে কলোনী তৈরী হয় তাতে কোন জিলেটিনের আবরণ থাকে না এবং পূর্ণাঙ্গ অবস্থায় কলারে চারজোড়া টেন্টাকুলেটেড বাহু দেখা যায়।

শ্রেণী 3 ঃ প্ল্যাঙ্কটোস্ফিরোইডিয়া (Planctospheroidea) এই শ্রেণীর অন্তর্গত একটিই প্রজাতি প্ল্যাংক্টোস্ফির পেলাজিকা (Planctosphaera pelagica)। এটি আসলে একটি অর্ধস্বচ্ছ গোলাকার, বিশেষ ধরনের টরনারিয়া (Tornaria) লার্ভা এবং সম্ভঃবত কোন অজ্ঞাত হেমিকর্ডাটার লার্ভা দশা। এদের পৌষ্টিক নালিটি 'L' আকৃতির।

14.4 ব্যলানোগ্লসাসের শারীরিক গঠনতন্ত্র (Structural organisation of Balanoglossus)

14.4.1 স্বভাব ও বাসস্থান ঃ (Habit and Habitat)

অন্যান্য হেমিকর্ডেটদের মতই ব্যালানোগ্লসাস একান্তই একটি সামুদ্রিক প্রাণী. এরা সাধারণতঃ ইন্টার টাইডাল অঞ্চলে [inter tidal zone : অর্থাৎ সমুদ্রোপকূলে সর্বোচ্চ জোয়ারের (Highly high tide) জল সীমা ও সর্বনিম্ন ভাঁটার (lower low tide) জলসীমার অন্তর্বর্ত্তী অঞ্চল] 'U' আকৃতির টিউবের মত গর্ত করে তাতে বাস করে। ভাঁটায় জল সরে যেতে থাকলে, এরা মুখের অংশ (প্রবোসিস) গর্তের বাইরে নিয়ে আসে। এরা দেহ থেকে ক্রমাগত মিউকাস নিঃসরণ করে। এই মিউকাসের সঙ্গে বালি মিশে এদের দেহের চারপাশে একটি আবরণী তৈরী করে কোন কারণে ভয় পেলে বা উত্তক্ত হলে এরা মুখ দিয়ে এক ধরণের গন্ধ নির্গত করে যার সঙ্গে আয়োডোফর্মের গন্ধের মিল আছে। এদের খাদ্য হল বালিযুক্ত ডায়াটম এবং বিভিন্ন ধরনের এককোষী প্রাণী। এদের জীবনচক্র টরনারিয়া (Tornaria) নামে এক বিশেষ ধরণের মুক্ত সঞ্চরণশীল লার্ভা দশার মাধ্যমে সম্পন্ন হয়। এদের শরীর খুবই ক্ষণভঙ্গুর। কিন্তু পুনর্গঠন প্রক্রিয়ায় (regeneration) এরা দ্রুত সেই সব ভেঙ্গে যাওয়া অংশ মেরামত করে নিতে পারে।

14.4.2 বহিরাকৃতি ঃ (External morphology)

(1) লালচে ধূসর বর্ণের দেহ। কেঁচোর মত লম্বাটে এবং দ্বি-পার্শ্বিক ভাবে প্রতিসম (bilaterally symmetrical)।

(2) দৈর্ঘ্য 10 সে.মি. থেকে 15 সে.মি. পর্যন্ত হয়।
(3) দেহের সর্বত্র সরু সিলিয়াযুক্ত। বহিঃকঙ্কাল এবং উপাঙ্গ (appendages) নেই।
(4) দেহ তিনটি অংশে বিভক্ত ঃ
   (a) প্রবোসিস বা প্রটোসোম (Protosome)
   (b) কলার বা মেসোসোম (mesosme) এবং
   (c) ট্রাঙ্ক বা মেটাসোম (Metasome) ট্রাঙ্ক আবার অগ্র বা ব্রাঙ্কিওজেনিটাল অংশ (Brancheogenital region), মধ্য বা হেপাটিক অংশ (Hepatic region) এবং পশ্চাৎ বা কডাল বা পোষ্ট হেপাটিক অংশ (Caudal or Post hepatic region) এ বিভক্ত।
(5) প্রবোসিস দেহের সর্বাগ্রে অবস্থিত একটি কোণাকৃতি, ফাঁপা পেশী সমৃদ্ধ অংশ। এর ভেতরের ফাঁপা অংশটির নাম প্রবোসিস সিলোম (Proboscis coelom)। একটি ক্ষুদ্র ছিদ্রের মাধ্যমে প্রবোসিস সিলোম বাইরে উন্মুক্ত হয়। একে বলে প্রবোসিস ছিদ্র (Probascis pore)। পশ্চাৎ অংশে প্রবোসিস ক্রমশঃ সরু হয়ে একটি বৃন্তের মাধ্যমে কলারের অগ্রভাগের সঙ্গে যুক্ত থাকে। একে বলে প্রবোসিস বৃন্ত (Proboscis stalk)। প্রবোসিস অনেকটা জিহ্বার মত দেখতে বলে ব্যালসানোগ্লসাসকে সাধারণভাবে টাঙ্ ওয়ার্ম (Tongue worm) বলা হয়।
(6) কলার প্রবোসিসের ঠিক পরের অংশ। প্রবোসিস স্টকের চারপাশে কলারের অগ্রভাগের নাম কলারেট (collarette)। এর ঠিক অঙ্কীয় ভাগে (ventral) সবসময় খুলে থাকা অংশটি মুখছিদ্র। কলারে গহ্বরের (Collar cavity) সংখ্যা দুটি এবং তারা দুইটি ছিদ্রের মাধ্যমে বাইরে উন্মুক্ত হয়।
(7) শরীরের সর্ববৃহৎ অংশটি নিয়ে তৈরী হয়েছে দেহকাণ্ড বা ট্রাঙ্ক (Trunk)। ট্রাঙ্কের মধ্য অঙ্কীয় ও মধ্য তল জুড়ে লম্বালম্বিভাবে দুইটি খাঁজ দেখা যায়। এরা যথাক্রমে অনুদৈর্ঘ্য রক্তনালী (longitudinal blood vessels) এবং অনুদৈর্ঘ্য স্নায়ু (longitudinal nerve) স্থান নির্দেশ করে। ট্রাঙ্কের অগ্রভাগে অবস্থিত ব্র্যাঙ্কিও-জেনিটাল অংশে লম্বালম্বিভাবে সজ্জিত ফুলকা ছিদ্র (gill pores) এবং দুই সারি বিশিষ্ট জেনিটাল রিজ্ (gential ridge) দেখা যায়। ব্যালানোগ্লসাসের ক্ষেত্রে এই অংশটি পাতলা পাখনার মত দুইপাশে বার হয়ে থাকে। তাই এর নাম জেনিটাল পাখনা (genital wing)।

মধ্যাংশ বা হেপাটিক অংশের পৃষ্ঠীয় অঞ্চলে অনেকগুলি ছোট ছোট আঙ্গুরের মত ফোলা অংশ দেখা যায়। এদের বলে হেপাটিক সিকা (Hepatic caeca)।

পশ্চাদ অংশটি পোষ্ট হেপাটিক বা অ্যাবডোমিনাল বা কডাল অংশ নামে পরিচিত। এই অংশটি ক্রমশঃ সরু হয়েছে এবং এর শেষ ভাগে পায়ুছিদ্রটি অবস্থিত।

14.4.3 দেহ প্রাচীর ঃ (Body wall)

ব্যালানোগ্লসাসের দেহ প্রাচীর দুইস্তর বিশিষ্ট। বাইরের স্তরটি (a) এপিডার্মিস (Epidarmis) এবং ভিতরের স্তরটি (b) পেশী দিয়ে গঠিত।

(a) এপিডার্মিস ঃ এই অংশটি একস্তর বিশিষ্ট এপিথিলিয়াল কোষ দিয়ে গঠিত। কোষগুলি দীর্ঘ কলাম্নার ধরণের। নিউক্লিয়াস নীচের দিকে অবস্থান করে। এই কোষগুলি মূলতঃ দুই ধরণের হয় -

(i) সিলিয়াযুক্ত এপিডার্মাল কোষ (ciliated epidermal cells) ঃ এরা সংখ্যায় অনেক বেশি এবং সিলিয়া যুক্ত।

(b) **গ্ল্যান্ড কোষ (Gland cell) ঃ** সিলিয়াযুক্ত এপিডার্মাল কোষের ফাঁকে ফাঁকে এই জাতীয় গ্ল্যান্ড কোষগুলিকে দেখতে পাওয়া যায়। এরা আবার তিনপ্রকার -

(i) **গব্লেট কোষ (Goblet cells) ঃ** ফানেলাকৃতি কোষযুক্ত, মিউকাস ক্ষরণ এদের কাজ।

(ii) **রেটিকুলেট বা জালিকাকার কোষ (Reticulate cells) ঃ** দীর্ঘকায় এই কোষগুলিতে ভ্যাকুওলযুক্ত সাইটোপ্লাজম দেখা যায়। এরাও মিউকাস ক্ষরণ করে।

(iii) **মালবেরী কোষ (Mulberry cells) ঃ** এরাও দীর্ঘাকৃতি কোষ কিন্তু সাইটোপ্লাজমে মোটা দানাদার (Coarse granular) পদার্থ দেখা যায়। তাই এদের কেউ কেউ দানাদার গ্ল্যান্ড কোষ (granular grand cell) নামেও অভিহিত করেছেন। এরা অ্যামাইলেজ ক্ষরণ করে।

এই কোষগুলি ছাড়া - প্রবোসিস দেহপ্রাচীর ও কলারের অগ্রভাগে বিশেষ ধরণের নিউরোসিক্রিটারী কোষ দেখা যায়। এরা নিউরোহরমোন ক্ষরণ করে এবং বিভিন্ন ধরনের বিপাকীয় ক্রিয়াতে সাহায্য করে। এই কোষগুলি অন্যান্য কোষের তুলনায় বেশি গাঢ় রঙ (stain) দেয়।

বহুকোষী মেটাজোয়াতে কিছু কিছু নার্ভকোষ রূপান্তরিত হয়ে গ্ল্যান্ড কোষে উন্নিত হয়। এদের বলে নিরোসিক্রিটারী কোষ। এদের ডেনড্রাইট থাকে না এবং পরবর্তি নিউরোনের সঙ্গে এরা সাইনাপস্ এর মাধ্যমে সংযুক্ত হয় না। সন্ধিপদ প্রাণীতে বিশেষ করে পতঙ্গ শ্রেণীকে মস্তিষ্ক পারস ইন্টার সেবিব্রালিস (*Pars intercerebralis*) অঞ্চলে বা আমাদের পিটুইটারির পশ্চাৎ অংশে নিউরোহাইপোফাইসিসের পারস নার্ভোসা (Pars nervosa) অংশে অবস্থিত কোষগুলি নিউরোসিক্রিটারি কোষ।

এপিডার্মিসের নীচে স্নায়ুকোষের সমন্বয়ে তৈরী একটি পুরু স্তর দেখা যায়। এই স্তরের স্নায়ুকোষগুলি দুইমুখী অথবা চারমুখী স্নায়ুকোষ (bipolar / quadripolar) নিয়ে গঠিত। এর নিচের স্তরটি বেসমেন্ট পর্দা (Basement membrane)। বেসমেন্ট পর্দা উপরের এপিডার্মিসকে ধারণ করে এবং নিচের পেশীস্তরের সঙ্গে সংযোগ রক্ষা করে।

(b) পেশীস্তর - দেহগহ্বর এপিথিলিয়াম থেকেই এদের মূল পেশীস্তর গঠিত হয়। সাধারণতঃ মসৃণ ধরণের পেশীই এদের দেহে দেখা যায়। গঠন অনুযায়ী এরা মোটমুটি চক্রাকার (circular) লম্বাটে (longitudinal) এবং কোণাচে (diagonal) ধরনের হতে পারে। প্রবোসিস, কলার এবং দেহকাণ্ড এরাই নানাভাবে সজ্জিত হয়ে গঠন করে।

14.4.4 দেহ গহ্বর ঃ (Coelom)

অন্যান্য হেমিকর্ডেটদের মতই ব্যালানোগ্লাসাসরা সম্পূর্ণ সিলোমেট প্রাণী। কিন্তু এদের সিলোম খুবই সংক্ষিপ্ত আকার ধারণ করে পূর্ণাঙ্গ দশায় এবং পাঁচটি খণ্ডে বিভক্ত হয়। এরা হল যথাক্রমে -

(a) প্রবোসিস সিলোম - 1টি

(b) কলার সিলোম - 2 টি

(c) দেহকাণ্ড বা ট্রাঙ্ক সিলোম - 2 টি

সিলোমগুলির মধ্যে মূলত ট্রাঙ্কসিলোম সিলোমরসে (Coelomic fluid) এ পূর্ণ থাকে। এই রসের

মধ্যে সিলোমোসাইট নামে এক ধরণের ভ্রাম্যমাণ কোষ দেখা যায়। এরা অনেকটা শ্বেত রক্তকণিকার মত দেহে অনুপ্রবেশকারী জীবাণুর চারধারে একটি পর্দা সৃষ্টি করে ক্রমশঃ সেইটিকে ধ্বংস করে দেয়।

14.4.5 অন্তঃকঙ্কাল ঃ (Endoskeleton)

অস্থি বা তরুণাস্থি এদের দেহে দেখা যায় না। অন্তঃকঙ্কাল মোটমুটি নিচে উল্লিখিত অংশগুলি নিয়ে গঠিত

(a) বাক্কাল ডাইবার্টিকুলাম (Buccal diverticulum) ঃ কলার অংশের ভেতরে যে মুখগহ্বর থাকে তার পৃষ্ঠীয় অঞ্চলে একটি শক্ত, একমুখে বন্ধ নালীকাকার অংশ দেখা যায়। এই বন্ধ উপনালীটি প্রবোসিস সিলোম অবধি বিস্তৃত। এই বিশেষ অঙ্গটিকে বেটেসন্ (Bateson, 1885) নোটোকর্ড বলে উল্লেখ করেন। পরে উইলী (Willey, 1889) এর নাম বদলে রাখেন স্টোমোকর্ড (stomochord)। কিন্তু যেহেতু 'কর্ড' (chord) এই কথাটা কোন একটি নিরেট (solid) বস্তু বোঝাতে ব্যবহৃত হয়, তাই হাইম্যান (Hyman) পরবর্তীকালে এর নাম দেন বাক্কাল ডাইভার্টিকুলাম, (ডাইভার্টিকুলাম - বন্ধ উপনালী। একমুখ বন্ধ নলাকার অংশ)।

(b) প্রবোসিস স্কেলিটন (Proboscis Skeleton) বেসমেন্ট পর্দা থেকে গঠিত হয়। এর মধ্যাংশে একটি চওড়া চ্যাপ্টা অংশ দেখা যায়। তাকে বলে মিডিয়ান প্লেট (Median plate)। এর চারপাশে কনড্রয়েড কলা (Chondroid tissue) নামে বিশেষ ধরণের কলা দেখা যায়।

(c) ব্র্যাঙ্কিয়াল স্কেলিটন (Branchial skeleton) এই অংশটিও বেসমেন্ট পর্দা ক্রমশঃ পুরু হয়ে তৈরী হয়। এর মধ্যে বহুসংখ্যক 'M' আকৃতির দণ্ড দেখা যায়। এই দণ্ডগুলির মাঝে থাকে 'U' আকৃতির দণ্ড।

(d) পাইগোকর্ড (Pygochord) ট্রাঙ্কের পশ্চাৎ - যকৃৎ অংশে অন্ত্র ও দেহ প্রাচীরের মাঝে দণ্ডাকৃতি অংশকে বলে পাইগোকর্ড। এই পাইগোকর্ড সম্ভবতঃ পশ্চাৎ যকৃৎ অংশের (Post hepatic region) অন্তঃকঙ্কাল হিসাবে কাজ করে।

14.4.6 পৌষ্টিকতন্ত্র ঃ

পৌষ্টিক নালীটি মুখ থেকে পায়ুছিদ্র অবধি বিস্তৃত একটি লম্বা নলের মত এবং অদ্ভুত ধরনের কারণ এতে কোন পেশী থাকে না। পরিবর্তে এই পৌষ্টিক নালীর দেহ প্রাচীর সিলিয়াযুক্ত এপিথিলিয়াম দিয়ে আবৃত থাকে। সমস্ত নালীটি চারটি বিশেষ অংশে বিভক্ত থাকে ঃ

(a) মুখনালী বা বাক্কাল টিউব (Buccal tube)

(b) গলবিল বা ফ্যারিংক্স (Pharynx) এর আবার দুইটি অংশ

(i) ব্র্যাঙ্কিয়াল বা ফুলকা অঞ্চল (Branchial region)

(ii) গ্রন্থিযুক্ত পৌষ্টিক অংশ (Digestive region)

(c) গ্রাসনালী বা ইসোফেগাস (Oesophagus)

(d) অন্ত্র বা ইন্টেসটাইন (Intestine)।

খাদ্যগ্রহণ ও পরিপাক (Feeding and Digestion) ঃ ব্যালানোগ্লসাস সিলিয়ার মাধ্যমে খাবার সংগ্রহ করে। খাদ্যগ্রহণের সময় প্রবোসিসটি ব্যালানোগ্লসাসের বাড়ি তথাকথিত গৃহ অর্থাৎ টিউবের বাইরে বেড়িয়ে আসে। একই সঙ্গে এপিডার্মাল গ্রন্থি থেকে নিঃসৃত মিউকাসের পাতলা চাদরে জলে ভেসে থাকা খাদ্যকণাগুলি আটকে যায়। পৃষ্ঠদেশে যে সিলিয়াগুলি থাকে (dorsal cilia) তাদের ক্রমাগত আঘাতে

মিউকাসে আটকে থাকা খাদ্যকণাগুলি অঙ্কীয় দেশে অবস্থিত (ventrally placed mouth) মুখছিদ্র দিয়ে মুখ গহ্বরে প্রবেশ করে। খাদ্যের মূল অংশটি ফ্যারিংক্সের অঙ্কীয় দেশেই চালিত হয়। কারণ এই অংশটিতে কোন শ্বসন যন্ত্র (respiratory organ) নেই। কিন্তু কিছু খুবই ক্ষুদ্র খাদ্যকণা ও বালিকণা গলবিলের পৃষ্ঠীয় অঞ্চলে চলে যায়। এইগুলি সঙ্গে সঙ্গে সাইন্যাপ্টোকিউলির দ্বারা সংগৃহিত হয় এবং সিলিয়ার আঘাতের মাধ্যমে আবার অঙ্কীয় দেশে গলবিলে চালিত হয়। গলবিল থেকে খাদ্য এরপর গ্রাসনালীতে চালিত হয় পৌষ্টিকনালীর পেশী সংকোচনের ফলে। কিন্তু পৌষ্টিক নালীতে খাদ্যের চলন মূলত সিলিয়ার পশ্চাৎ চলন (backward movement) এর ফলেই ঘটে। পেরিস্টালসিস (আন্ত্রিক পেশীর সঞ্চালন) শুধুমাত্র পৌষ্টিকনালীর সম্মুখভাগেই দেখা যায়।

পরিপাকের সাহায্যকারী উৎসেচকগুলি মূলতঃ গ্রাসনালীতে অবস্থিত উৎসেচক গ্রন্থিগুলি থেকেই নিঃসৃত হয়। প্রবোসিসের মিউকাসে অ্যামাইলেজ্ নামক উৎসেচকের সন্ধান পাওয়া গেছে। পৌষ্টিক নালীর হেপাটিক অঞ্চলে প্রোটিয়েস, মালটেজ্ এবং লাইপেজের আধিক্য দেখা যায়। এই সমস্ত উৎসেচকগুলি ব্যালানোগ্লাসাসের পরিপাকে সাহায্য করে।

14.4.7 শ্বসনতন্ত্র ঃ

ফুলকা ও তৎসংলগ্ন অঙ্গ এবং গলবিলের অভ্যন্তরে যে সিলিয়াগুলি থাকে তাদের সাহায্যে সন্নিহিত জলের একটি শক্তিশালী তরঙ্গ সৃষ্টি করে এদের শ্বসনের প্রাথমিক প্রক্রিয়াটা সম্পন্ন করা হয়। জল মুখ দিয়ে প্রবেশ করে ফুলকা ছিদ্র দিয়ে নির্গত হয়। ভেতরে আসা জলের সঙ্গে খাদ্য বস্তু এবং দ্রবীভূত অক্সিজেন দেহে প্রবেশ করে। কার্বন-ডাই-অক্সাইড বহিস্কৃত জলের সঙ্গে বাইরে চলে যায়।

14.4.8 সংবহনতন্ত্র ঃ

ব্যালানোগ্লসাসের রক্ত সংবহনতন্ত্র সুগঠিত।

সংবহনতন্ত্রে যা যা থাকে ঃ-

(a) রক্ত - বর্ণহীন, এতে কতগুলি বিক্ষিপ্ত অ্যামিবার মত এণ্ডোথিলিয়াল রক্ত কণিকা দেখা যায়।

(b) হৃৎপিণ্ড থলি (Heart vesicle) ও কেন্দ্রীয় সাইনাস (central sinus) ঃ কেন্দ্রীয় সাইনাসটি একটি ছোট লম্বাটে ধরণের অসংকোচনক্ষম (non contractile) থলি বিশেষ। প্রবোসিসের বাক্কাল ডাইভার্টিকুলামের ঠিক ওপরে এর অবস্থান। বিভিন্ন সংগ্রাহক রক্তবহানালীর (collecting blood vessels) মাধ্যমে রক্ত এই কেন্দ্রীয় সাইনাসে এসে জমা হয়। কেন্দ্রীয় সাইনাসের ঠিক ওপরে অগ্রভাগে থাকে পেশীযুক্ত সঙ্কোচনক্ষম হৃৎপিণ্ডটি। এর সংঙ্কোচনশীলতা কেন্দ্রীয় সাইনাসে সঞ্চারিত হয় এবং ফলে কেন্দ্রীয় সাইনাস সঙ্কোচনক্ষম হয় এবং রক্তসংবহন করে মূলতঃ এর অগ্রভাগে অবস্থিত বহির্মুখী রক্ত বহিঃনালীগুলির মাধ্যমে (afferent blood vessels)। এই রক্তবাহি নালী প্রবোসিসে অবস্থিত প্রবোসিস গ্রন্থি (Proboscis gland) বা গ্লোমারুলাসের চারধারে একটি জালিকাকার বেষ্টনি (plexus) তৈরী করে। গ্লোমারুলাসের মাধ্যমেই রক্ত থেকে বিপাকীয় বর্জ্যপদার্থগুলি বিমুক্ত হয়ে রক্তকে পরিশুদ্ধ করে।

(c) ধমনী (সরবরাহ নালী) [arteries or distributing vessels] গ্লোমারুলাস থেকে পরিশুদ্ধ রক্ত চারটি মূল ধমনির সাহায্যে দেহে পরিবাহিত হয়। এরা হোল -

(i) ডরসাল প্রবোসিস ধমনি - 1টি

(ii) ভেন্ট্রাল প্রবোসিস ধমনি - 1টি
(iii) ইফারেন্ট গ্লোমারুলার ধমনি - 2টি
ইফারেন্ট গ্লোমারুলার ধমনি নানধরনের শাখা ধমনির মাধ্যমে দেহে রক্ত সঞ্চালন করে।

(d) সংগ্রাহক নালী বা শিরা (Collecting vessels or veins)

দেহপ্রাচীর, পৌষ্টিক নালী প্রাচীর এবং ফুলকা থেকে অশুদ্ধরক্ত একটি মাত্র পৃষ্ঠীয় নালীতে সংগৃহীত হয় (dorsal vessels)। এই নালীটি কলারের অগ্রভাগে স্ফীত হয়ে ভেনাস সাইনাস (venous sinus) গঠন করে। এর সঙ্গে আবার প্রবোসিসের দুইপাশ থেকে দুটো পার্শ্বীয় প্রবোসিস শিরা (lateral probosis veins) যুক্ত হয় এবং একসঙ্গে কেন্দ্রীয় সাইনাসে উন্মুক্ত হয়।

14.4.9 রেচনতন্ত্র (Excretory System) ঃ প্রবোসিস অবস্থিত প্রবোসিস গ্রন্থি বা গ্লোমারুলাস এদের মূল রেচন অঙ্গ। পেরিটোনিয়াম থেকে বেড়িয়ে আসা কতগুলি বন্ধনালী নিয়ে এই গ্লোমারুলাস গঠিত। গ্লোমারুলাস কেন্দ্রীয় সাইনাস, বাক্কাল ডাইভার্টিকুলাম এবং হৃদ্‌পিণ্ড থলির চারপাশে ঘিরে থাকে। গ্লোমারুলাস থেকে রেচনজাত বর্জ্যপদার্থ প্রবোসিস সিলোম হয়ে প্রবোসিস ছিদ্রের (Proboscis pore) মাধ্যমে বাইরে নির্গত হয়।



14.4.10 নার্ভতন্ত্র ঃ ব্যালানোগ্লসাসের নার্ভতন্ত্র খুবই সাধারণ এবং অনুন্নত। এই তন্ত্রের মূল অংশটি গঠিত হয়েছে অপ্ত এপিডার্মাল নার্ভ স্তর (intra epideermal nerve layer) নামে একটি প্লেক্সাস নিয়ে। এই প্লেক্সাসটি এপিডার্মিসের ঠিক নিচেই অবস্থান করে। এই নার্ভ প্লেক্সাস কিছু সুনির্দিষ্ট জায়গায় পুরু হয়ে নার্ভ কর্ড-এ রূপান্তরিত হয়েছে। এইরকমই দুইটি লার্ভ কর্ড লম্বালম্বিভাবে গোটা শরীরে ছড়িয়ে আছে। একটি মধ্য পৃষ্ঠিয় তল বরাবর ও অন্যটি মধ্য অঙ্কীয় তল বরাবর। মধ্যাঙ্কীয় নার্ভকর্ডটি সম্মুখে প্রসারিত হয়েছে কলার ট্রাঙ্ক খণ্ড অবধি এবং মধ্য পৃষ্ঠিয় নার্ভ কর্ডের সঙ্গে মিলিত হয়েছে একটি বৃত্তাকার বেষ্টনি সৃষ্টি করে। এই বেষ্টনিকে বলে সারকাম্ এন্টেরিক নার্ভ রিঙ্ (circum enteric nerve ring) পৃষ্টিয় নার্ভ কর্ডটি ও

সামনে প্রসারিত হয়ে প্রকোসিস অবধি এবং সেখানেও একটি অগ্র নার্ভ রিঙ বা অ্যান্টিরিয়ার গার্ড রিঙ্গ (antirior nerve ring) নামে নার্ভ বেষ্টনি গঠন করে। পৃষ্ঠিয় নার্ভ কর্ডটি এপিডার্মিস থেকে বিচ্যুত হয়ে কলার অংশে কলার কর্ড বা নিউরোকর্ড নামক নার্ভ কর্ড সৃষ্টি করে।

ব্যালানোগ্লসাসের কোন কেন্দ্রীয় নার্ভতন্ত্র নেই, নেই কোন বিশেষ সংবেদনঅঙ্গ (sense organ)। শুধু সমস্ত শরীর জুড়ে ছড়িয়ে থাকে সংবেদক কোষ (receptor cells) যারা মূলতঃ স্পর্শনেন্দ্রিয় (tactile sense organ) হিসাবে কাজ করে।

নার্ভতন্ত্রের নার্ভগুলি সাধারণভাবে দ্বিমেরু (bipolar) বা বহুমেরু (multipolar) বিশিষ্ট হয়।

14.4.11 জননতন্ত্র ঃ ব্যালানোগ্লসাসের দেহে স্ত্রী-পুরুষ ভেদ আছে। এদের জনন প্রক্রিয়া মূলত যৌন জনন পদ্দতি। অযৌন জনন সচরাচর দেখা যায় না। শুধুমাত্র Balanoglossus capensis (ব্যালানোগ্লসাস ক্যাপেনসিস) ও গরমকালে শরীরের পশ্চাদভাগের কিছু অংশ বিচ্ছিন্ন হয়ে নতুন প্রাণী সৃষ্টি হতে দেখা গেছে।

সাধারণ ভাবে শুধু বহিরাকৃতি দেখে এদের স্ত্রী-পুরুষ চেনা যায় না। বিভিন্ন যৌনাঙ্গগুলি কতগুলি সারিবদ্ধ থলির মধ্যে লম্বালম্বিভাবে ব্রাঙ্কিওজেনিটাল অংশের দুই পাশে সজ্জিত থাকে। এইগুলি গোনোপোর (gonopore) নামে কতগুলি ছিদ্রের মাধ্যমে বাইরে উন্মুক্ত হয়। স্ত্রী ও পুরুষ জননকোষ এই গোনোপোরের মাধ্যমে দেহের বাইরে আসে এবং বহিঃনিষেক ঘটে সচরাচর মে-জুন মাসে।

14.4.12 বিকাশ (development) ঃ

(a) প্রাক্‌লার্ভাদশার (Pre-larval development) ঃ এদের ক্লিভেজ হলোব্লাস্টিক ধরনের অর্থাৎ ক্লিভেজের ফলে গোটা নিষিক্ত ডিম্বাণুটাই সমানভাবে বিভক্ত হতে থাকে। এই বিভক্ত অংশগুলিকে বলে ব্লাস্টোমিয়ার (Blastomere)। খুব দ্রুত (5-16 ঘণ্টা) এই ব্লাস্টোমিয়ারগুলি একটি ফাঁপা গোলকাকার (spherical) ভ্রুণ তৈরী করে। একে বলে সিলোব্লাস্টুলা (coeloblastula)। এর রসপূর্ণ কেন্দ্রীয় গহ্বরটির নাম ব্লাস্টোসিল (Blastocoel)। ক্রমে এই ভ্রুণদেহে এন্টেরোসিলোম সৃষ্টি হয়। প্রায় 24–36 ঘণ্টার মধ্যে ভ্রুণ লার্ভায় উপনীত হয়। এই লার্ভা নিজের অক্ষের চারপাশে ঘুরপাক খায় বলে মূলার (Johannes Muller, 1850) এর নাম দিয়েছিলেন টরনারিয়া লার্ভা (Tonaria larva)।

(b) টরনারিয়া লার্ভা (Tornaria larva) ঃ

(i) দেখতে অনেকটা ডিম্বাকার ও দ্বিপার্শ্বীকভাবে প্রতিসম (Bilaterally symmetrical)।
(ii) 1-3 মি.মি বেশি দীর্ঘ হয় না।
(iii) মুখ অঙ্কীয় দিকে অবস্থিত।
(iv) মুখের আগের অংশটিকে বলে প্রি-ওরাল লোব (Pre oral lobe)।
(v) প্রি-ওরাল লোবের আগে একটি স্পষ্ট অংশ দেখা যায়। একে বলে এপিক্যাল প্লেট (apical plate)।
(vi) কতগুলি গ্যাঙ্গলিয়াযুক্ত নার্ভ কোষ, সিলিয়া ও দুটি অক্ষি বিন্দু (eye spot) এই এপিক্যাল প্লেটে থাকে।
(vii) দেহে অন্ততঃ তিনটি সিলিয়াযুক্ত বন্ধনী দেখা যায় (ciliated band)। অবস্থান অনুযায়ী এদের নাম যথাক্রমে -প্রিওরাল ও পোষ্টওরাল - (এপিক্যাল প্লেটে) ও পায়ুর চারধারে সারকাম এনাল (circumanal ciliated band) ব্যান্ড বা টেলোট্রক্ (telotroch)। এই পাটিতে সিলিয়াগুলি বেশ শক্তিশালী ও লম্বাটে গোছের এবং গমনে সহায়তাকারী।

(viii) পৌষ্টিক নালীটিতে সুস্পষ্ট গ্রাসনালী, পাকস্থলী এবং অন্ত্র দেখা যায়।

(ix) পাঁচটি সিলোম গহ্বর দেহের তিনটি খণ্ডে বিন্যস্ত থাকে।

টরনারিয়া লার্ভার ক্রমবৃদ্ধির ফলে দ্রুত দৈহিক পরিবর্তন ঘটে এবং পূর্ণাঙ্গ দশা প্রাপ্ত হয়।

(c) লার্ভার বৃদ্ধি ঃ

(i) প্ল্যাঙ্কটনের মত মুক্ত সঞ্চরণশীল এই লার্ভার দ্রুত দৈহিক পরিবর্তন হতে থাকে।

(ii) রূপান্তর কালে আকারে ছোট হতে থাকে এবং দেহ তিনটি খণ্ডে বিভক্ত হয় - প্রবোসিস, কলার এবং দেহ।

(iii) সিলিয়ারি ব্যাণ্ডগুলি অবলুপ্ত হয়।

(iv) দেহ অংশ (trunk region) ক্রমশঃ লম্বা হতে থাকে।

(v) প্রায় পূর্ণাঙ্গ দশায় প্রাণীটি জলের নিচের দিকে চলে আসে এবং তলদেশে পূর্ণাঙ্গ প্রাণী হিসাবে জীবনচক্র শুরু করে।

14.5 ব্যালানোগ্লসাসের সাদৃশ্য (affinities) এবং রীতিবদ্ধ বিজ্ঞানগত অবস্থান (Systematic position)

প্রাণীজগতে ব্যালানোগ্লসাসের অবস্থান সঠিক ভাবে নিরূপিত নয়। প্রায় সবকয়টি উচ্চ অমেরুদণ্ডী পর্বের প্রাণীদের সাথে এর সাদৃশ্য পাওয়া যায়। আবার কর্ডাটা পর্বের মূল চরিত্রগুলি খুবই সুস্পষ্টভাবে ব্যালানোগ্লসাসে বিদ্যমান। ফলে প্রাথমিকভাবে ব্যালানোগ্লাসসকে কর্ডাটা পর্বভুক্তই ধরা হয়েছিল। কিন্তু পরবর্তিকালে মার্কাস (Marcus, 1958) এবং হাইম্যান (Hyman, 1959) একে কর্ডাটা পর্ব থেকে বিচ্ছিন্ন করে একটি স্বতন্ত্র পর্বে অন্তর্ভুক্ত করেন এবং যেহেতু এই পর্বের আপাততঃ আবিষ্কৃত প্রজাতির সংখ্যা মাত্র 10টি তাই একে মাইনর পর্বের অন্তর্গত (Minor phylum) ভাবাও হয়েছে। এতসবকিছুর পরেও কিন্তু পর্বের নামটা হেমিকর্ডাটাই থেকে গেছে। কারণ হেমি অর্থাৎ অর্দ্ধ এবং কর্ডেট অর্থাৎ কর্ডেটা পর্বের সঙ্গে সাদৃশ্য এই নামকরণের উৎস।

হেমিকর্ডাটার অমেরুদণ্ডী পর্ব সকল ও কর্ডাটার সঙ্গে সাদৃশ্যগুলি আলোচনা করা যাক ঃ

14.5.1 অমেরুদণ্ডীদের সাথে সাদৃশ্য ঃ (Nonchordate affinity) ঃ

(a) অ্যানিলিডা পর্বের সঙ্গে

সাদৃশ্য ঃ

(i) কেঁচোর মত সিলোমযুক্ত দেহ।

(ii) রক্তবহা নালীগুলি একইরকমভাবে সজ্জিত।

(iii) ব্যালানোগ্লসাসের কলারকে কেঁচোর (অলিগোকিট্) ক্লাইটেলামের (Clitellum) সঙ্গে তুলনা করা যায়।

(iv) অ্যানিলিডার লার্ভা দশা - ট্রকোফোর প্রায় ব্যালানোগ্লসাসের টরনারিয়া লার্ভার মত।

বৈশাদৃশ্য ঃ

(i) অ্যানিলিডা পর্বের সঙ্গে ব্যালানোগ্লসাসের মৌলিক পার্থক্য আছে।

(ii) ট্রকোফোর লার্ভার রেচনঅঙ্গ নেফ্রিডিয়া যা টরনারিয়াতে পাওয়া যায় না।

মন্তব্য ঃ সাদৃশ্য কিছুটা ভাসা ভাসা এবং সঙ্গত কারণেই অর্থহীন. আপাত সাদৃশ্য যা দেখা যায় তা সম্ভবতঃ একই ধরনের স্বভাব (Habit) ও বাসস্থান (Habitat) এ থাকার পলে কোন এক অভিসারী বিবর্তনের প্রতিফলন (convergent evolution)।

(b) একাইনোডার্মাটা পর্বের সঙ্গে সাদৃশ্য ঃ যদিও পূর্ণাঙ্গ ব্যালানোগ্লসাস ও একাইনোডার্মাটা পর্বভুক্ত প্রাণীদের মধ্যে কোনও শারীরিক সাদৃশ্য নেই কিন্তু তাদের লার্ভা দশার মধ্যে প্রচুর মিল খুঁজে পাওয়া যায়। শুধু তাই নয় ভ্রূণের গঠন ও আকারেও এদের মধ্যে কিছু সাদৃশ্য আছে।

সাদৃশ্য ঃ

(i) উভয়েরই সিলোমের উৎপত্তি ও বিকাশ একই ধরণের।

(ii) পৌষ্টিকনালীর উপবিভাগগুলি একই প্রকার।

(iii) মুখছিদ্র ও পায়ু ভাবে পৌষ্টিকনালীর দুই প্রান্তে অবস্থিত।

(iv) সিলিয়াযুক্ত বন্ধনী (ciliated band) একই রকম।

(v) উভয়ক্ষেত্রেই লার্ভারা মুক্ত সঞ্চরণশীল।

বৈশাদৃশ্য ঃ

(i) টরনারিয়া লার্ভায় এপিক্যাল প্লেট এবং অক্ষিবিন্দু (Eye spot) আছে। যা কোন একাইনোডোর্ম লার্ভায় দেখা যায় না।

মন্তব্য ঃ ফেল্ (Fell, 1963) এবং পরবর্তী বৈজ্ঞানিকদের ব্যাখ্যা অনুযায়ী এই দুই গোষ্ঠী কোনভাবেই সম্পর্কিত নয়। যা কিছু সাদৃশ্য দেখা যায় তা আপাত সাদৃশ্য এবং সম্ভবতঃ একই রকম বাসস্থানে থাকার ফলে এই জাতীয় মিল দেখা যায়।

(c) ফোরোনিডার সঙ্গে সাদৃশ্য ঃ

[পর্ব ফোরোনিডা একটি ছোট পর্ব (minor phylum)। এর দুইটি গণ ও দশটি প্রজাতির অস্তিত্ব আপাততঃ জানা গেছে। সবাই সামুদ্রিক, উপাঙ্গবিহীন এবং কাইটিনে ঢাকা নলের মধ্যে বসবাস করে। এদের জীবনচক্র অ্যাক্টিনোট্রোকা লার্ভা দশা দেখা যায়।]

মাষ্টারম্যান (Masterman) প্রমুখ কয়েকজন বৈজ্ঞানিক পোরোনিডার সঙ্গে বিশেষ করে তার লার্ভা দশার সঙ্গে ব্যালানোগ্লসাসের লার্ভা দশার মিল দেখে এদের একই জায়গা থেকে উৎপত্তি ভেবেছিলেন। বস্তুতঃ এদের পরস্পরের লার্ভার সাদৃশ্য খুবই। যেমন ঃ

(i) একই ধরনের সিলোমের আকার

(ii) টরনারিয়ার প্রবোসিস ছিদ্র এবং অ্যাকটিনোট্রকার জলছিদ্র (water porr) কে একই ধরনের বলে মনে করেন অনেকে।

মন্তব্য ঃ যদিও মাষ্টারম্যান প্রমুখ বৈজ্ঞানিকরা পোরোনিডাকে হেমিকর্ডাটার একটি আলাদা বর্গ হিসাবে প্রমাণ করতে চেয়েছেন, কিন্তু বর্তমানে এই ধারণাকে খারিজ করে ফেরোনিডাকে মাইনর ফাইলাম রূপেই বর্ণনা করা হচ্ছে।

(d) পোগোনোফোরার (Pogonophora) সঙ্গে সাদৃশ্য ঃ

[**গ্রীক ঃ** Pagon (প্যাগোন) = Beard = দাড়ি, এই কথা থেকে এসেছে পোগোনোফোরা পর্বের নামটি। এই পর্বের সদস্যদের সাধারণভাবে বেয়ার্ড ওয়ার্ম (beard worm) বলা হয়। নয়টি গণ এবং বাইশটি প্রজাতি নিয়ে এর সংসার। সবাই সামুদ্রিক এবং টিউববাসী। এদের আকৃতিও প্রায় একধরনের। উদাঃ ল্যামেলিসাবেলা

(*Lamellisabella* sp.) 1958 সালে মার্কাস (Marcus) নামে এক জীববিজ্ঞাণী প্রথম দুই গোষ্ঠীর মধ্যে সাদৃশ্যগুলি নিয়ে আলোচনা করেন। তাঁর মতে ঃ

(i) উভয়েরই সিলোম একই ধরণের এবং এন্টেরোসিলাস।

(ii) অন্তঃ এপিডার্মাল নার্ভতন্ত্র।

(iii) উভয়ক্ষেত্রেই জননগ্রন্থি ট্রাঙ্ক অঞ্চলে অবস্থিত।

(iv) কোন কোন পোগোনোফোরার ক্ষেত্রে পেরিকার্ডিয়াল থলি দেখা যায়।

মন্তব্য ঃ ব্যালানোগ্লসাস ও পোগোনোফোরার মধ্যে আপাত কিছু সাদৃশ্য থাকলেও বৈসাদৃশ্যগুলিও যথেষ্ট গুরুত্বপূর্ণ।

(i) মূল নার্ভতন্ত্রটি পোগোনোফোরার ক্ষেত্রে প্রোটোস্টোমে অবস্থিত কিন্তু ব্যালানোগ্লসাসে তা মেসোস্টোমে অবস্থিত।

(ii) পোগোনোফোরার কোন পৌষ্টিক নালী নেই।

(iii) উভয়ের রেচন অঙ্গের মধ্যেও অমিল খুঁজে পাওয়া যায়।

এই সমস্ত চারিত্রিক বৈসাদৃশ্যের জন্যই পরবর্তীকালে আর এই দুই গোষ্ঠির মধ্যে বিশেষ কোন সম্পর্ক খোঁজা হয় নি।

14.5.2 কর্ডেট পর্বভুক্ত প্রাণীদের সঙ্গে সম্পর্ক ঃ

কর্ডাটাক পর্বে ব্যালানোগ্লসাসের অন্তর্ভুক্তি সর্বসম্মত নয়। কর্ডাটার মূল তিনটি চরিত্রের মধ্যে উল্লেখযোগ্য 'নোটোকর্ড এর উপস্থিতি' ব্যালানোগ্লসাসের ক্ষেত্রে সঠিকভাবে নিরুপিত নয়। স্টোমোকর্ড সত্যই নোটোকর্ডের আগের অবস্থা কিনা তা নিয়ে যথেষ্ট সন্দেহ আছে। একটু বিশেষভাবে পর্যালোচনা করা যাক -

কর্ডেটের সঙ্গে সাদৃশ্য

(i) কর্ডাটা পর্বভুক্ত প্রাণীদের দেহের পৃষ্ঠীয় অঞ্চলে রক্তবহানালীর ওপরে কার্টিলেজ নির্মিত একটি দণ্ডাকার নোটোকর্ড থাকে। এর কাজ দেহের ভারবহন করা। ভার্টিব্রেটদের অর্থাৎ যাদের মেরুদণ্ড থাকে তাদের ক্ষেত্রে এই নোটোকর্ডই পূর্ণাঙ্গ অবস্থায় পরিবর্তিত হয়ে মেরুদণ্ড রূপান্তরিত হয়। ব্যালানোগ্লসাসের দেহেও একই রকম কার্টিলেজ দণ্ড থাকে।

(ii) উভয়েরই পৃষ্ঠীয় নার্ভতন্ত্র দেখা যায়।

(iii) সবচাইতে উল্লেখযোগ্য সাদৃশ্য দেখা যায়. ফুলকাছিদ্রের আকৃতি ও অবস্থানের। উভয়েরই গলবিলীয় ফুলকাছিদ্র (ফ্যারিঙ্গোট্রেমি - Pharyngotereme) বর্তমান। এই চরিত্রের উপর নির্ভর করেই অধিকাংশ বৈজ্ঞানিকের অভিমত - ব্যালানোগ্লসাস তথা হেমিকর্ডাটা আসলে কর্ডাটা পর্বভুক্ত।

বৈসাদৃশ্য ঃ

(i) কর্ডাটার নোটোকর্ড একটি আবরণী দিয়ে ঢাকা থাকে (Notchord Sheath) এবং ভ্রূণাবস্থায় এই নোটোকর্ড ব্লাস্টোপোরের সঙ্গে সম্পর্কযুক্ত। ব্যালানোগ্লসাসের বাক্কাল ডাইভার্টিকুলামে এই সব চরিত্র অনুপস্থিত।

(ii) ব্যালানোগ্লসাসের নার্ভতন্ত্রে অঙ্কীয় নার্ভ কর্ড এবং সারকাম্ এন্টোরিক কালেক্টিভ থাকে যা কর্ডেটদের থাকে না।

(iii) দেহ খণ্ড এবং সিলোম কর্ডেটদের মত নয়।

মন্তব্য ঃ কর্ডাটা পর্বের সঙ্গে ব্যালানোগ্লসাসের কিছু আপাত সাদৃশ্য থাকায় আগে বৈজ্ঞানীকেরা ব্যালানোগ্লসাস তথা হেমিকর্ডাটাদের কর্ডাটাপর্বভুক্ত বলেই স্বীকৃতি দিয়েছিলেন। কিন্তু পরবর্তিকালে Dawydoff (1948), Marcus (1958), Hyman (1959) প্রমুখ বৈজ্ঞানীকেরা এই গোষ্ঠিটিকে কর্ডাটা থেকে বিচ্ছিন্ন করে একটি আলাদা পর্ব হিসাবে গণ্য করেন। তাঁদের মত অনুযায়ী হেমিকর্ডাটা আসলে একটি অমেরুদণ্ডী কর্ডাটা (invertebrate chordate) যা অংশতঃ কর্ডাটা এবং ওই পর্বভুক্ত প্রাণীদের পূর্বসুরী (Former) হিসাবে গণ্য হতে পারে।

14.6 ব্যালানোগ্লসাসের রীতিবদ্ধ বিজ্ঞানগত অবস্থানঃ (Systematic position of Balanoglossus)

বৈজ্ঞানীকদের নানাধরণের প্রচেষ্টা সত্ত্বেও ব্যালানোগ্লসাসের রীতিবদ্ধ বিজ্ঞানগত অবস্থান আজও সঠিকভাবে নির্ণয় সম্ভব হয় নি। প্রাথমিকভাবে গলবিলীয় ফুলকাছিদ্রের মিল দেখে ব্যালানোগ্লসাসকে কর্ডাটা পর্বভুক্ত করা হয়েছিল। কিন্তু পরবর্তীকালে আরও অনুসন্ধানের ফলে জানা গেছে যে ব্যালানোগ্লসাস কোনভাবেই সরাসরিকর্ডাটা বংশোদ্ভুত নয় বরং কর্ডাটার বিবর্তনের মূল উৎসের থেকে সরে আসা একটি অপসারী প্রশাখা (divergent offshoot) মাত্র। বর্তমানে হেমিকর্ডাটাকে একটি আলাদা পর্বের মর্যাদা দেওয়া হয়েছে এবং ব্যালাগ্লোসাস তার অন্তর্ভুক্ত একটি প্রতিভূ। ব্যারিংটন (Barrington, 1965) একটি রেখাচিত্রের মাধ্যমে এই প্রসঙ্গটি ব্যাখ্যা করেছেন।



14.7 সারাংশ

এই এককে আপনি পরিচিত হয়েছেন হেমিকর্ডাটা প্রাণীগোষ্ঠীর সঙ্গে। জেনেছেন যে এরা কোনভাবেই অমেরুদণ্ডী নয়, আবার মেরুদণ্ডীদের অধিকাংশ চরিত্রই এদের মধ্যে অনুপস্থিত। এরা পুরোপুরি সামুদ্রিক - নরম, ভঙ্গুরদেহ, এককভাবে কিংবা কলোনী তৈরী করে বালিতে গর্ত খুঁড়ে বাস করে। এদের সাধারণ বৈশিষ্ট্যগুলির উল্লেখ আপনি পেয়েছেন।

মোটামুটি 70টি প্রজাতি নিয়ে হেমিকর্ডাটা পর্বের শ্রেণীবিন্যাস এদের মূল শ্রেণী দুটি - এন্টেরোপনিউষ্টা এবং টেরোব্র্যাঙ্কিয়া। এন্টেরোপনিউষ্টা শ্রেণীভুক্তরা এককভাবে গর্তে বাস করে, এদের স্ত্রী-পুরুষ ভেদ আছে। ব্যালানোগ্লসাস (সর্বাধিক পরিচিত), স্যাক্কোগ্লসাস, টাইকোডেরা ইত্যাদি এদের উদাহরণ। টেরোব্রাঙ্কিয়া শ্রেণীভুক্তরা হলো স্থবির, সংঘবদ্ধভাবে কলোনী গড়ে তোলে এবং সাধারণত টিউবের মধ্যে বাস করে। এদের কিছু প্রজাতির স্ত্রী-পুরুষ ভেদ আছে, আবার কিছু ক্ষেত্রে এরা উভলিঙ্গ। র‍্যাবডোপ্লুরিডা (উদাহরণ ঃ র‍্যাবডোপ্লুরা) এবং কেফালোডিসিডা (উদাহরণ ঃ কেফালোডিস্কাস, অ্যাটুবারিয়া) এই শ্রেণীর অন্তর্গত। তৃতীয় একটি শ্রেণী হিসেবে কেউ কেউ 'প্লাঙ্কটোস্ফিরোইডিয়া'কে গণ্য করে থাকেন - যা গোলাকার অর্ধস্বচ্ছ এবং ইংরাজি L আকৃতি পৌষ্টিক নালিযুক্ত এরা হয়তো কোন অনাবিষ্কৃত হেমিকর্ডাটা লার্ভা দশা।

এই এককে আপনি ব্যালানোগ্লসাস সম্পর্কে বিস্তৃত তথ্যপরিচয় পেয়েছেন। বিশেষভাবে তুলে ধরা হয়েছে এদের স্বভাব ও বাসস্থান, বহিরাকৃতিগত বিবিধ বৈশিষ্ট্য, দেহপ্রাচীর, দেহগহ্বর, অন্তঃকঙ্কাল, পৌষ্টিকতন্ত্র, শ্বসনতন্ত্র, সংবহনতন্ত্র, রেচনতন্ত্র, নার্ভ বা স্নায়ুতন্ত্র এবং জননতন্ত্র-সম্পর্কিত তথ্যাবলী। তাছাড়া এদের বিকাশের বিভিন্ন পর্য্যায় প্রাক্‌লার্ভাদশার বৃদ্ধি এবং টরনারিয়া লার্ভা - সম্বন্ধেও উল্লেখ করা হয়েছে।

আপনি জেনেছেন যে প্রাণীজগতে ব্যালানোগ্লসাসের বিধিবদ্ধ অবস্থান তর্কাতীতভাবে নির্দিষ্ট নয়। প্রায় সব কয়টি উচ্চ অমেরুদণ্ডী পর্বের প্রাণীদের সাথে এদের লক্ষণীয় সাদৃশ্য রয়েছে, আবার কর্ডাটা পর্বের বেশ কিছু মূল চরিত্র এদের মধ্যে সুস্পষ্টভাবে বর্তমান। এই প্রসঙ্গে একাইনোডার্মাটা, ফোরেনিডা এবং পোগোনোফোর পর্বভুক্ত অমেরুদণ্ডীদের সাথে এদের সাদৃশ্য বা আপাত সাদৃশ্য বিষয়ে মন্তব্যসহ আলোকপাত করা হয়েছে। তেমনি দেখানো হয়েছে কর্ডেটভুক্ত প্রাণীদের সঙ্গে ব্যালানোগ্লসাসের সম্পর্ক এবং সাদৃশ্য - বৈসাদৃশ্যের দিকগুলি। প্রাথমিকভাবে গলবিলীয় ফুলকাছিদ্রের মিল দেখে ব্যালানোগ্লসাসকে কর্ডাটা পর্বভুক্ত করা হয়েছিল। কিন্তু পরবর্তীকালে অনুসন্ধানের ফলে জানা গেছে এরা কোনভাবেই কর্ডাটাবংশোদ্ভূতনয় - বরং কর্টর্ডাটারবিবর্তনের মূল উৎস থেকে বিচ্ছিন্ন একটি অপসারী প্রশাখামাত্র। বর্তমানে হেমিকর্ডাটাকে একটি, আলাদা পর্বের মর্যাদা দেওয়া হয়েছে ব্যালানোগ্লসাস যার অন্তর্ভুক্ত একটি প্রতিভূ।

14.8 প্রশ্নাবলী

1. হেমিকর্ডাটার চারিত্রিক বৈশিষ্ট্য এবং শ্রেণীবিন্যাস সংক্ষেপে বর্ণনা করুন।
2. চিত্র সহযোগে একটি ব্যালানোগ্লসাসের বহিরাকৃতি বর্ণনা করুন।
3. কি কি স্তর নিয়ে ব্যালানোগ্লসাসের দেহপ্রাচীর গঠিত? ব্যালানোগ্লসাসের এপিডার্মিসের বর্ণনা দিন।
4. ছবিসহ ব্যালানোগ্লসাসের পৌষ্টিকতন্ত্রের বিবরণ দিন। এদের খাদ্যগ্রহণ ও পরিপাক সম্বন্ধে সংক্ষিপ্ত বর্ণনা দিন।

5. 'ব্যালানোগ্লসাসের রক্তসংবহনতন্ত্র সুগঠিত'। উক্তিটির যথার্থতা সঠিকভাবে রূপায়ন করুন।
6. ব্যালানোগ্লসাসের নার্ভতন্ত্রের চিহ্নিত চিত্রসহ বর্ণনা দিন।
7. ব্যালানোগ্লসাসের জনন প্রক্রিয়া ও বিকাশের পূর্ণ বিবরণ দিন।
8. বিভিন্ন প্রাণীদের সঙ্গে সাদৃশ্য সম্বন্ধে প্রাপ্ত মতবাদগুলির ভিত্তিতে ব্যালানোগ্লসাসের রীতিবদ্ধ বিজ্ঞানগত অবস্থান বর্ণনা করুন।

9. শূন্যস্থান পূরণ করুন ঃ
   (a) ব্যালানোগ্লসাসের খাদ্যনালীর সামনের দিকে যে বদ্ধ উপনালীটি থাকে তার নাম —— বা ——
   (b) হেমিকর্ডাটা পর্বভুক্ত প্রাণীদের লার্ভাদশার নাম ——
   (c) ব্যালানোগ্লসাসের দেহ —— খণ্ডে বিভক্ত। এই খণ্ডগুলি হল যথাক্রমে ————
   (d) ব্যালনোগ্লসাসের —— অনেকটা —— মত দেখতে। তাই এর আরেকটা নাম ——।
   (e) ব্যালানোগ্লসাসের দেহপ্রাচীরের সিলিয়াযুক্ত এপিডার্মাল কোষের ফাঁকে ফাঁকে —— দেখা যায়।
   (f) ব্যালানোগ্লসাসের রক্তে বর্ণহীন অ্যামিবার মত রক্ত কোষগুলিকে বলে ——।
   (g) এদের নার্ভতন্ত্রের মূল অংশটি তৈরী হয়েছে —— নামে একটি —— নিয়ে।
   (h) ফোরোনিডার লার্ভাদশার নাম ——।

14.9 উত্তরসংকেত

1. 14.2 ও 14.3 দেখুন।
2. 14.4.2 দেখুন।
3. 14.4.3 দেখুন।
4. 14.4.6 দেখুন।
5. 14.4.8 দেখুন।
6. 14.4.10 দেখুন।
7. 14.4.11 ও 14.4.12 দেখুন।
8. 14.5, 14.5.1 ও 14.6 দেখুন।
9. (a) বাক্কাল ডাইভার্টিকুলাম বা স্টোমোকর্ড
   (b) টরনারিয়া লার্ভা
   (c) তিনটি, প্রবোসিস, কলার এবং ট্রাঙ্ক
   (d) প্রবোসিস, জিহ্বার, টাঙ্গাওয়ার্ম
   (e) গ্ল্যাণ্ড কোষ
   (f) এণ্ডোথিলিয়াল, রক্তকণিকা
   (g) অন্তঃএপিডার্মাল, প্রেকসাস
   (h) অ্যাক্টিনোট্রকা



চিত্র (14.1 ঃ ব্যালানোগ্লসাসের বহিরাকৃতি)



(a) র‍্যাবডোপ্লুরার কলোনি



(b) র‍্যাবডোপ্লুরা

সিনিসিয়াম

কেফালোডিসকাস

অ্যাটুবারিয়া

চিত্র নং (14.2)



চিত্র নং (14.3 লম্বচ্ছেদে ব্যালানোগ্লসাসের পৌষ্টিক নালী ও তৎসংলগ্ন অঞ্চল গুলি দেখানো হয়েছে (অক্ষীয় ও পার্শ্বীয় দিক বরাবর)



চিত্র নং (14.4 ঃ ব্যালানোগ্লসাসের খাদ্যগ্রহণ প্রণালী)



চিত্র নং (14.5 ঃ ব্যালানোগ্লসাসের সম্মুখভাগের নার্ভ কর্ড



চিত্র নং 14.6 ঃ টরনারিয়া লার্ভার বৃদ্ধির দশা - (a) লার্ভার প্রাথমিক দশা (b) লার্ভার শেষ দৃশ্য।